VOL. XLII
Part- III

ISSN: 0587-1646
February, 2021

# अन्वीक्षा

# ANVĪKṢĀ

RESEARCH JOURNAL OF THE DEPARTMENT OF SANSKRIT
(REFEREED JOURNAL)

General Editor
Dr. Ashok Kumar Mahata

JADAVPUR UNIVERSITY, KOLKATA- 700 032

ISSN : 0587-1646

# ANVĪKṢĀ

RESEARCH JOURNAL OF THE DEPARTMENT OF SANSKRIT

(REFEREED JOURNAL)

VOL. XLII

Part-III

*General Editor*

**Dr. Ashok Kumar Mahata**

JADAVPUR UNIVERSITY

KOLKATA - 700 032

February, 2021

# EDITORIAL BOARD

**Dr. Ashok Kumar Mahata (General Editor)**

**Prof. Tapati Mukherjee**

**Prof. Bijoya Goswami**

**Prof. Rita Chattopadhyay**

**Prof. Debarchana Sarkar**

**Prof. Tapan Sankar Bhattacharyya**

**Prof. Satyajit Layek**


---


Published by Registrar, Jadavpur University, Kolkata-700 032
Printed by Abhinaba Mudrani, 77/1 Simla Street, Kolkata-700 006,
with arrangement to Sanskrit Pustak Bhandar, 38, Bidhan Sarani, Kolkata-700 006

Price - Rs 400.00

যাদবপুর বিশ্ববিদ্যালয়
কলকাতা - ৭০০০৩২, ভারত
ফোন : ২৪১৪-৬১১৫

JADAVPUR UNIVERSITY
KOLKATA-700 032, INDIA
Telephone : 2414-6115

FACULTY OF ARTS DEPARTMENT OF SANSKRIT

# GENERAL EDITOR'S NOTE

The whole world at present is moving ahead through an unforeseen crisis caused by the COVID-19 pandemic. We, the stakeholders associated with education, are no exception to the circumstances. Yet, we do not indulge in negativity. Rather, we acknowledge the ups and downs of life and we believe that we will win over all the negativities in the long run.

Our austere endeavour for study is in vogue instead of any hostility due to the situation. Fortunately, we have a friend like modern technology with us for its support to undertake the process of teaching and learning, in spite of its various weaknesses. We are now ready to confront the unfamiliar opponent and we are confident that we will win the battle.

We are going to publish the 42nd volume of Anvīkṣā, the Research Journal of the Department of Sanskrit, Jadavpur University, in three parts as we did it in the previous years. Our planning for execution of the work is threefold. In the first part of this volume, the invited research articles from distinguished scholars and teachers of various universities and colleges are compiled. The second part comprises the reviewed articles of the teachers of different educational institutions of Sanskrit and allied subjects. The other reviewed articles written by the research scholars have been compiled in the third part of this volume.

The research articles regarding various subjects in three languages viz. Sanskrit, English and Bengali are compiled in all the parts of this volume. It was very difficult to edit them following a uniform method, because the soft copies we had received from the contributors were composed in different softwares. In spite of some problems, we tried to maintain a common methodology in publishing three parts of this volume. Yet, it is our experience that some faults are inevitable in the publication work, which request forgiveness from our erudite readers.

In our effort, we have tried our best to remove the errors and omissions through our learnings from the past. But rather than advertising for our endeavour, we leave the judgement of its quality to our readers.

I convey my sincere gratitude and heartiest thankfulness to the members of the Editorial Board, my colleagues, research scholars and the officials who were involved for preparing this volume of our own journal. The previous year was harsh to us. We hope the new year brings happiness and new hope in our life.

*Ashok Kr. Mahata*

**Dr. Ashok Kumar Mahata**
Head of the Department of Sanskrit
Jadavpur University, Kolkata-700 032

Date: January 1, 2021

# Contents
# Part - III


1. Socio-Cultural Scenario Depicted in the Uparūpakas of Harṣadeva — 5
   Arup Ghosh
2. ন্যায়দর্শনানুসারে অনুমিতিনিরূপণে হেতুর ভূমিকা : একটি সমীক্ষা — 12
   নীলাদ্রি ঘড়া
3. সৌন্দর্যবিশ্লেষণাবসরে পবনদূত — 19
   দেবর্ষি ভদ্র
4. आर्यासप्तशत्यां गोवर्धनाचार्यस्य काव्यतत्वविषयकं विमर्शणम् — 31
   आदित्य नारायन वर्मन:
5. আচার্য হলায়ুধসম্মত গার্হস্থ্য সংস্কার : একটি আধুনিক বীক্ষণ — 38
   মহাদেব দাস
6. ऋग्वेदस्य व्याख्यातृत्वेन पदपाठकारः शाकल्यः — 47
   देवाशिष-पात्रः
7. মনুসংহিতায় প্রোক্ত সামাজিক শিষ্টাচার ও বর্তমান সময়ে তার প্রাসঙ্গিকতা — 51
   দেবাশিস নস্কর
8. माण्डूकीशिक्षायां वैदिकस्वरालोचनम्श — 57
   मित-चन्द्र-चन्द:
9. ন্যায়-বৈশেষিকদর্শনে অভাবপদার্থ : একটি সমীক্ষাত্মক আলোচনা — 66
   জয় দাস
10. অগ্নিপুরাণোক্ত বৈদিক ছন্দঃশাস্ত্রের পর্যালোচনা — 73
    অনুরিমা গুপ্ত
11. ভরতের নাট্যশাস্ত্রেপ্রদর্শিত স্বর ও শ্রুতি : একটি বিশ্লেষণ — 83
    শ্রুতি সেন
12. वैयाकरणस्फोटसिद्धान्तः — 94
    शुभङ्करसामन्तः
13. वाल्मीकीयरामायण–तुलसीदासीयरामचरितमानसयोः तुलनात्मकम् अध्ययनम् — 101
    अर्घ्य-गुप्तः
14. कुमारसम्भवमिति महाकाव्ये रामायणस्य प्रभावः – एकं पर्यालोचनम् — 110
    अभिजित् रायः
15. পাণিনি ব্যাকরণে সমাসশক্তি নির্ণয় — 115
    শ্রাবন্তী হালদার
16. বৈশেষিক দর্শনে কণাদসূত্র থেকে বিংশ শতাব্দী পর্যন্ত সময়ে লিখিত টীকা ভাষ্য গ্রন্থসমূহের সংক্ষিপ্ত পর্যালোচনা — 122
    স্বাগত বিশ্বাস
17. আধুনিকসংস্কৃতগীতিকাব্যের ক্রমবিবর্তনে বঙ্গের অবদান — 130
    জয়শ্রী দে

# Socio-Cultural Scenario Depicted in the Uparūpakas of Harṣadeva

**Arup Ghosh**

**Abstract:**

Kāvya or creative literature in Sanskrit is of two types, namely, dṛśya and śravya. The dramas fall under the first section. However, the Indian dramaturgical texts had technically defined all the varieties of dramas primarily as rūpaka and again the minor dramas as uparūpakas. According to Sāhityadarpaṇa, uparūpakas are of eighteen types, among which one variety is nāṭikā. In uparūpakas poets have the scope to depict scenes disclosing the dramatic characters' skill in fine arts. It is noticed that painting portraits, decorating grounds with colourful floral designs for festivities, making flower garlands and other ornamental necklaces to decorate human bodies, idols and images, making flower ornaments for hair-do, ear, anklets etc. were not uncommon among not only men but more among women. Music, both vocal and instrumental, several musical instruments and various forms of dance are found in different scenes depicting joy and merriment of people. The items of entertainment are witnesses of the refinement in art and aesthetics.

The variety of Prakrit language in these plays also deserves our attention. Polygamy was an accepted social situation in family and society. However, the plots evolve mostly around royal and elite families.

Here a short attempt has been made to show the socio-cultural scenario depicted in Harṣadeva's two uparūpkas namely, th e Ratnāvalī and the Priyadarśikā.

**Keywords:**

Uparūpaka, Nāṭikā, Ratnāvalī, Priyadarśikā, Śṛṅgāraprakāśa, Vasantotsava, Kaumudī-mahotsava, Kuṇḍala, Kuṅkuma.

Kāvya or creative literature in Sanskrit is of two types, namely dṛśya, i.e. visual or exhibited on stage and śravya, i.e. audible or chanted type. The dramas fall under the first section. However, the Indian dramaturgical texts had technically defined all the varieties of dramas primarily as rūpaka and again the minor dramas as uparūpakas. According to Sāhityadarpaṇa, uparūpakas are of eighteen types,

among which one variety is nāṭikā. Based on matters and events of real life these are the mirrors of the contemporary social and cultural conditions. Considering the fact here in this paper we would like to have a glance on the social and cultural scenario reflected in the Ratnāvalī and the Priyadarśikā, two uparūpakas of Harṣadeva, an eminent poet belonging to 7th century CE.

The Ratnāvalī is a nāṭikā in four acts which deals with the story of the union king Udayana with Ratnāvalī, daughter of the king of Ceylon (Śrīlaṅkā). As per tradition the story of Ratnāvalī, is based on the story narrated in the Bṛhatkathā of Guṇāḍhya. The plot of the drama is as follows.

Ratnāvalī, a princess of Ceylon, after being shipwrecked on her way to Kauśāmbī in course of marrying Udayana, is eventually saved by Yaugandharāyaṇa, the chief-minister in the administration of Udayana. He, after saving the life of Ratnāvalī, introduced her to the chief queen Vāsavadattā under the pseudonym of Sāgarikā and as one of the maids of honour. Ratnāvalī fell in love with the king at the very first sight. After seeing Ratnāvalī, king Udayanạ felt the warmth of her affection towards him and reciprocated his attraction for Ratnāvalī also. King's personal companion Vidūṣaka Vasantaka and one of the royal maids knew about the love between Udayana and Ratnāvalī; out of compassion they both planned to fix a meeting between the love couplets. But the chief queen came to know about it, and became successful in preventing the meeting by imprisoning Sāgarikā. Subsequently, the queen learned that Sāgarikā is from a royal family and daughter of the king of Ceylon. Finally after a series of incidents Vāsavadattā helped them to unite.

The Priyadarśikā is also a nāṭikā in four acts and is named after the heroine who was the daughter of Dṛḍhavarman, king of Aṅga. Story of this drama is based on a historical or epic tradition which is narrated in the Bṛhatkathā of Guṇāḍhya. The drama deals with the story of the union king of Udayana and Priyadarśikā. The plot of the drama is as follows.

Dṛḍhavarman, king of Aṅga, having betrothed his daughter Priyadarśikā to king Udayana prepares to take her to him. Meanwhile the Kaliṅga king overcomes and imprisons him. Priyadarśikā after some vicissitudes is admitted to the royal indoors of Udayana by his commander, under the name of Āraṇyikā as maid-servant to the queen. The king falls in love with her and his secret intrigues are as usual detected by the queen. Āraṇyikā, is imprisoned by her, but not for long. Afterwards, she is recognized as the Aṅga princess Priyadarśikā, her own maternal cousin. Bitten by a serpent the heroine is in a swoon and the king revives her. The story ends with her happy marriage with the king with initiative of the queen herself.

As said earlier dramas which are based on matters and events of real life, reflect

the contemporary social and cultural conditions. Now the nāṭikā Ratnāvalī discloses information regarding the social and cultural environment also. We find that in those days to heighten their beauty women of affluent society used to apply kuṅkuma along with shiny ornaments. They also liked to use flower, sandal paste as cosmetics etc. Emerald anklets and earrings inlaid with jewels were ornaments for the then women. Information regarding manifold usage of lotus leaves and use of lotus in decorating the idols of deities are found in this literary creation. Practice of medicine was regular at that time. The text reveals that people were commercially dependent on water-trade through sea routes. The modes of amusement for the contemporary people were dance and song, accompanied by various musical instruments like flute, mṛdanga etc., and probably dvipadī song were popular at that time. We come to know from the text that the sectret formula of untimely blossoming of flowers had been obtained by king Udayana from a pious man, named Śrīkhaṇḍadāsa. At that time women sometimes expressed their own feelings through pictures drawn by them.

We get the scenes of the celebrating spring festival Vasantotsava, the most famous ceremony of that time, in the 1st act of Ratnāvalī. Here the text can be consulted together with translation.

> rājyaṃ nirjitaśatru yogyasacive nyastaḥ samasto bharaḥ /
> samyak pālanalālitāḥ prasamitāśeṣopasargāḥ prajāḥ //
> pradyotasya sutā vasantasamayas tvaṃ ceti nāmnā dhṛtiṃ /
> kāmaḥ kāmamupaitv ayaṃ mama punar manye mahānutsavaḥ //1.10//[1]

King – The kingdom has all its enemies entirely vanquished; the burden (of government) is placed on (entrusted to) a worthy (competent) minister; the people, with all their troubles warded off, are tended with proper protection; (and further —) Pradyota's daughter (for my wife), the Vernal season and yourself. – With all these (advantages to complete my happiness), let Kāma have ample satisfaction by its name; but I, on my part, regard the great festival as mine.[2]

In this festival various types of conventional customs were followed, which according to the drama are known from the incident of Kāñcanamālā and Vidūṣaka.

At that time they liked to decorate the idol of the deity Pradyumna with luxurious things like flower, saffron garments etc.

> Kāñcanamālā – bhaṭṭiṇi, sahatthadiṇehiṃ kusumakuṅkuma-candaṇavāsehiṃ sohidaṃ raktāsoapāavaṃ (? ve) accoadu bhaavaṃ pajjuṇṇā /
> (Kāñcanamālā – bharttri, svahastadattaiḥ kusumakuṅkuma-candanavāsobhiḥ śobhitaṃ kṛtvā raktāśokapādapaṃ (? pe) arcyatāṃ bhagavān pradyumnaḥ /)[3]

Kāñcanamālā – Mistress, here is the red Aśoka tree where your Majesty is to offer worship.[4]

Vidūṣakaḥ – ... prekṣasva tāvaḍ asya madhumattakāminījana-svayaṃ-grāhagṛhītaśṛṅgakajalaprahāranṛtyan nāgarajanajanitakautūhalasya samantataḥ śabdāyamānamardaloddāmacarcarīśbdamukhararathyāmukhaśobhino prakīrṇa-paṭavāsapuñjapiñjaritadaśadiśāmukhasya saśrīkatāṃ madanamahotsvavasya /[5]

Vidūṣaka – ... Just behold the beauty of this great Madana-festival, in which curiosity is excited by the citizens (or gallants), dancing as they are struck by the water from the syringes taken up, of their own accord, by the amorous women intoxicated with wine; which is attractive on account of the openings of the streets resounding with the sound of the charchari songs (or clappings of hands) deepened by the tabors beaten all round, and which has rendered the faces of the ten directions yellowish-red by means of the heaps of patavāsa scattered about.[6]

Vidūṣakaḥ – (vilokya) idam api tāvat suvidagdhajana-bharitaśṛṅga-kajalaprahāra-muktasītkāra-manoharaṃ vāravilāsinī-janavilasitamava lokayatu priyavayasyaḥ /[7]

Vidūṣaka – (Looking forth) Let my dear friend enjoy the sight of the sporting of the courtesans, charming on account of the hissing-sounds uttered, on their being struck by the (jets of) water from syringes discharged by the very expert gallants.[8]

Regarding the socio-cultural condition the nāṭikā Priyadarśikā also illuminates us with valuable information. Like the previously mentioned dramatic work this one too highlights the attire of females also. In this context a portion of the text can be consulted.

pādair nūpuribhir nitambaphalakaiḥ śiñjānakāñcīguṇair /
hārāpāditakāntibhiḥ stanataṭaiḥ keyūribhir bāhubhiḥ //
karṇaiḥ kuṇḍalibhīḥ karaiḥ savalayaiḥ sasvastikair mūrdhajair /
devīnāṃ paricārikāparijano 'py eteṣu saṃ dṛśyate //3.4//[9]

Kañcukī – Among these (inmates of the harem) even the servants of the maids-in-attendance of the queens are conspicuous with their feet adorned with anklets, with their broad hips having jingling girdle-bands, with their large breasts decked with pearl necklaces, with their arms having keyuras (armlets) on them, and with their ears furnished with kuṇḍalas, their hands with bracelets and their hair with swastikas.[10]

It seems that contemporary females loved to use garlands made of flowers

śephāli and blue lotus. From the text we come to know that in that time women often participated in singing, acting etc. and playing vīṇā, a string instrument for music. Here the text can be consulted together with translation.

Āraṇyikā — ghanabandhanasaṃruddhaṃ gaganaṃ dṛṣṭvā mānasametum/
abhilaṣati rājahaṃso dayitāṃ gṛhītvātmano vasatim //3.8//[11]

Āraṇyikā — Observing the sky densely crowded with chains of clouds the royal swan longs to go to the Mānasa lake, his residence, taking with him his mate. The swan, among kings — Vatsarāja, — seeing the prison vault closed up with thick chains, desires to repair to his own abode, taking his beloved with him in order to reach.[12]

Women were so qualified at that time that some of them had even expertise in dramatic compositions, e.g. Sāṅkṛtyāyanī, a female character, composed a drama entitled Udayanacarita depicting the life and acts of the legendary hero Udayana.

Vāsavadattā—bhagavati aho te kavitvam / yenaitadgūḍhavṛttāntaṃ nāṭakopanibaddhaṃ sānubhavamapy asmākamāryaputracaritam-adṛṣṭapūrvamiva dṛśyamānam adhikataraṃ kautūhalaṃ vardhayati /[13]

As for religious belief it is traced in the text that inhabitants of that period were worshippers of Devī Caṇḍī and Kāmadeva. As per the text Vasantotsava and Kaumudī-mahotsava were the two biggest festivals. Between these two the former one had been celebrated in the month of Caitra, and the other in Āśvina. It is known from the text that the drama entitled Udayanacarita, mentioned earlier, was performed in Kaumudī-mahotsava.

In uparūpakas poets have the scope to depict scenes disclosing the dramatic characters' skill in fine arts. Thus many of the sixty four arts enlisted by Vātsyāyana in his Kāmaśāstra or in Jayamaṅgalā, the commentary on it authored by Yaśodhara and the list available in Bhoja's monumental work on poetology entitled Śṛṅgāraprakāśa as well are found in the two uparūpakas here under consideration. It is noticed that painting portraits, decorating grounds with colourful floral designs for festivities, making flower garlands and other ornamental necklaces to decorate human bodies, idols and images, making flower ornaments for hair-do, ear, anklets etc., preparation of facial and body make-up with sandal paste and perfumed kuṅkuma etc., scented perfumes of flower, appropriate jingling metal ornaments, knowledge of proper costumes for wearing in festivals, in dramatic performance etc., composing letters and even dramas for enactment were not uncommon among not only men but more among women. Music, both vocal and instrumental, several

musical instruments and various forms of dance are presented in different scenes depicting joy and merriment of people. The items of entertainment are witnesses of the refinement in art and aesthetics.

On the other hand the variety of Prakrit language in these plays deserves our attention. Polygamy was an accepted social situation in family and society. However, the plots evolve mostly around royal and elite families.

**References**

1 M. R. Kale (ed.), The Ratnāvalī of Śrī Harṣadeva, p. 10.
2 Ibid., p. 121.
3 Saradaranjan Ray (ed.), Ratnāvalī, p. 80.
4 M. R. Kale (ed.), op. cit., p. 126.
5 Ibid., p. 11.
6 Ibid., p. 121.
7 Ibid., p. 13.
8 Ibid., p. 122.
9 M. R. Kale (ed.), The Priyadarśikā of Śrī Harṣadeva, p. 32.
10 Ibid., pp. 22-23.
11 Ibid., p. 37.
12 Ibid., p. 26.
13 Ibid., p. 30.

**Select Bibliography**

Banerji, S. C. A Companion to Sanskrit Literature. Delhi/Varanasi/Patna: MLBD, 1971.

Bharata. Nāṭyaśāstra. Ed. and Eng. trans. Manomohan Ghosh. The Nāṭyaśāstra. Vols. 1-2. Calcutta (now Kolkata): Manisha Granthalaya Pvt. Ltd., 1995. (2nd rev. ed.; 1st ed. 1961).

Dasgupta, S. N. / De, S. K. A History of Sanskrit Literature. Classical Period. Vol. 1. Calcutta (now Kolkata): University of Calcutta, 1977. (Rpt. of 1st ed. 1947).

Dey, S. K. History of Sanskrit Poetics. Calcutta (now Kolkata): Firma KLM, 1960. (Rev. 2nd ed.; 1st ed. 1956).

Ghosal, S. N. The Indian Drama. The Sanskrit Drama. Calcutta (now Kolkata): General Printers and Publishers, 1969.

Harṣadeva. Priyadarśikā. Ed. and Eng. trans. A. V. Williams Jackson / G. K. Nariman / Charles J. Ogden. Priyadarśikā A Sanskrit Drama by Harṣa. New York: Columbia University Press, 1923. (Columbia University Indo-Iranian Series).

——. Ed. and Eng. trans. M. R. Kale. The Priyadarśikā of Śrī Harṣadeva. Bombay (now Mumbai): Gopāl Nārāyan and Co., 1928.

——. Ratnāvalī. Ed. and Eng. trans. Saradaranjan Ray. Calcutta (now Kolkata): Manoranjan Ray, S. Ray and Co., 1922. (2nd ed.; 1st ed. 1919).

——. Ed. P. V. Ramanujaswami. Madras (now Chennai): Bābilla Rāmasvāmiśāstrulu and Sons, 1936.

——. Ed. M. R. Kale. With Eng. trans. and own Sans. comm. The Ratnāvalī of Śrī Harṣadeva. Delhi/Varanasi/Patna: MLBD, 2011. (4th rpt. of 1st ed. 1921).

Kane, P. V. History of Sanskrit Poetics. Delhi/Varanasi/ Patna: MLBD, 1961. (3rd rev. ed.).

Krishnamachariar, M. History of Classical Sanskrit Literature. Delhi/Varanasi/Patna: MLBD, 1974. (3rd ed.; 1st ed. Madras: Tirumalai-Tirupati Devasthanams Perss, 1937).

Macdonell, Arthur A. A History of Sanskrit Literature. New Delhi: Munshiram Mohanlal, 1972. (3rd ed.; 1st ed. 1899).

Viśvanātha. Sāhityadarpaṇa. Ed. E. Roer. The Mirror of Composition. With Eng. trans. Jemes R. Ballentyne / Pramadadasa Mitra. Calcutta (now Kolkata): Royal Asiatic Society of Bengal, 1851. (Bibliotheca Indica Series 9).

——. Ed. Haridāsasiddhāntavāgīśa-Bhaṭṭācārya. With Sans. comm. Kusumapratimā. Kolkata: Sanskrit Book Depot, 1875 ŚY. (5th ed.; rpt. of 1st ed. 1841 ŚY).

Warder, A. K. Indian Kāvya Literature. Vols. 1, 4. Delhi/Varanasi/Patna: MLBD, 1989. (Rev. ed.); 1983 (rev. ed., 1st ed. 1972).

Winternitz, M. History of Indian Literature. Ed. Subhadra Jha. Vol. 3, Part I. (Classical Sanskrit Literature). Delhi/Patna/Varanasi: MLBD, 1963. (1st ed. 1922).

# ন্যায়দর্শনানুসারে অনুমিতিনিরূপণে হেতুর ভূমিকা : একটি সমীক্ষা

নীলাদ্রি ঘড়া

**সারসংক্ষেপ :** প্রমাণের দ্বারা বিষয়বস্তুর পরীক্ষা করাকে ন্যায় বলে। বিষয়বস্তুর প্রামাণ্য নির্ধারিত না হওয়া পর্যন্ত তাকে যথাযথ বস্তু বলা যায় না । কোনো শাস্ত্র যদি ন্যায়ের আঙ্গিকে না পড়া হয় তাহলে যথার্থ জ্ঞান লাভ করা যায় না । সেজন্য বিভিন্ন শাস্ত্রে ন্যায়শাস্ত্রের প্রামাণ্য ও প্রাধান্য আলোচিত হয়েছে। বিষয়বস্তু প্রতিপাদনের জন্য দর্শনশাস্ত্রে কতগুলি প্রমাণ স্বীকার করা হয়েছে। কারণ কোনো বিষয়ের ব্যাখ্যা দেওয়ার জন্য প্রমাণ দেওয়া দরকার। যেমন আমরা বিচারালয়ে দেখতে পাই যে, বিচারক প্রমাণ দিয়ে পক্ষ ও প্রতিপক্ষের মধ্য থেকে দোষী প্রমাণিত করে শাস্তি দেন। আমাদের ব্যবহারিক জীবনেও প্রমাণের গুরুত্ব অপরিসীম। ন্যায়দর্শনস্বীকৃত চার প্রকার প্রমাণের মধ্যে এখানে অনুমানপ্রমাণ নিরূপণে অনুমিতিপ্রমা নিয়ে আলোচনা করছি। অনুমিতিজ্ঞানের করণ হল অনুমান। ন্যায়শাস্ত্রে কথিত প্রতিজ্ঞাদি পঞ্চাবয়ব ন্যায়বাক্যের মধ্যে হেতু হল অন্যতম। অনুমিতিনিরূপণে হেতুর ভূমিকা নিয়ে আলোচনা করতে হলে হেতুর সম্যক্ জ্ঞান দরকার। হেতুর ব্যুৎপত্তি, সদ্ধেতু, অসদ্ধেতু, ব্যাপ্তিভেদে হেতুর ভেদ প্রভৃতিবিষয়ক আলোচনা গবেষণানিবন্ধমধ্যে সহজ ভাষায় তুলে ধরার প্রয়াস করেছি। এছাড়াও পক্ষ, সাধ্য প্রভৃতির জ্ঞানও দরকার। হেতুর জ্ঞান থাকলে পর ন্যায়শাস্ত্র পড়তে খুব সুবিধা হবে বলে মনে হয় এবং যথার্থ জ্ঞান লাভ হলে মোক্ষপ্রাপ্তির পথও সুগম হবে।

**কুঞ্চিকাশব্দ :** হেতু, সাধ্য, পক্ষ, সদ্ধেতু, অসদ্ধেতু, ব্যাপ্তি, হেত্বাভাস।

ষড়-বিধ আস্তিক দর্শনের মধ্যে ন্যায়দর্শন হল অন্যতম। মহর্ষি গৌতম ন্যায়দর্শনের প্রণেতা । ন্যায়দর্শনে আলোচিত বহুবিষয়ের মধ্যে অনুমিতি অন্যতম। অনুমিতি হল যথার্থ জ্ঞান। আমরা জানি জ্ঞান দু'প্রকার - স্মৃতি ও অনুভব। অনুভব আবার দু'প্রকার- যথার্থ[1] ও অযথার্থ[2]। যথার্থজ্ঞান বা প্রমা আবার চার প্রকার। যথা- প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি ও শাব্দ। যথার্থজ্ঞানের উপায়ও চার প্রকার - প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ।[3] এখন অনুমিতি কাকে বলে তা আলোচনা করব। অনুমিতি কথার অর্থ হল- অনু = পশ্চাত্, মিতি = জ্ঞান। কোনো পদার্থবিষয়ক জ্ঞানের পর জায়মান যে জ্ঞান। প্রত্যক্ষ প্রমাণের দ্বারা কোনো পদার্থবিষয়ক জ্ঞান হওয়ার পর পরামর্শ থেকে উৎপন্ন জ্ঞানই অনুমিতি। পরামর্শও একপ্রকার জ্ঞান। তর্কসংগ্রহকার পরামর্শজন্য জ্ঞানকে অনুমিতি বলেছেন।[4] মুক্তাবলীতে বলা হয়েছে- 'ব্যাপ্তিজ্ঞানকরণকং জ্ঞানমনুমিতিঃ'।[5] অর্থাত্ যে জ্ঞানের ব্যাপ্তিজ্ঞান করণ হয় সেই জ্ঞানই অনুমিতি বলে অভিহিত। অনুমিতিতে ব্যাপ্তিজ্ঞান হল করণ[6] এবং পরামর্শ হল ব্যাপার।[7] ভাষাপরিচ্ছেদকার মতে - 'ব্যাপারস্তু পরামর্শঃ করণং ব্যাপ্তিধীর্ভবেত্।'[8] কোনো ব্যক্তি প্রথমে মহানস, চত্বর ও গোষ্ঠ প্রভৃতি স্থানে ধূম প্রত্যক্ষ করার পর পুনরায় পর্বতে ধূমপ্রত্যক্ষ দ্বারা তার 'ধূমো বহ্নিব্যাপ্য' ইত্যাকারবিশিষ্ট ব্যাপ্তির স্মরণাত্মক জ্ঞান হয়। তারপর 'বহ্নিব্যাপ্যধূমবান্ পর্বতঃ' ইত্যাকারবিশিষ্ট পরামর্শজ্ঞান উৎপন্ন হয়। তারপর 'পর্বতো বহ্নিমান্' ইত্যাকারবিশিষ্ট অনুমিতি হয়। অতএব দেখা যাচ্ছে প্রথমক্ষণে ব্যাপ্তিজ্ঞান, দ্বিতীয়ক্ষণে পরামর্শজ্ঞান এবং তৃতীয়ক্ষণে অনুমিতিজ্ঞান উৎপন্ন

হয় । অনুমিতির উৎপত্তিক্ষণে ব্যাপ্তিজ্ঞান বিনষ্ট হওয়ায় অনুমিতি উৎপত্তির পরক্ষণে আর অনুমিতি হয় না । অনুমিতি দুই প্রকার – স্বার্থানুমিতি ও পরার্থানুমিতি। যে অনুমিতির দ্বারা অনুমানকর্তার সাধ্যবিষয়ে অনুমিতি হয় তাকে স্বার্থানুমিতি বলে। আর যখন কোনো ব্যক্তি কোনো একটি অনুমিত পদার্থ বা বস্তুকে বোঝানোর জন্য অন্যের কাছে প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন এই পাঁচটি অবয়ববাক্য প্রয়োগ করেন, সেই পঞ্চাবয়ববাক্য[9] শ্রবণের পর অপর ব্যক্তির যে অনুমিতি হয় তাই হল পরার্থানুমিতি। ন্যায়দর্শনে পঞ্চাবয়ববাক্যের দ্বিতীয় অবয়ব হল হেতু । এখন আমরা অনুমিতিনিরূপণে হেতুর কি ভূমিকা আছে তা আলোচনা করব। নিরূপণের পূর্বে 'হেতু' কি তা জানা দরকার । 'হি' ধাতুর উত্তর 'তুন্' প্রত্যয় করে হেতুঃ শব্দ নিষ্পন্ন হয়েছে। 'হেতু' শব্দটি দর্শনশাস্ত্রে নানা অর্থে প্রয়োগ করা হয়েছে । মহর্ষি গৌতম বলেছেন - উদাহরণের যা সাধর্ম্য বা বৈধর্ম্যের দ্বারা যা সাধ্য অর্থাত্ অনুমেয় ধর্মের জ্ঞাপক তাই হেতু।[10] সাধর্ম্য হল অন্বয়, আর বৈধর্ম্য হল ব্যতিরেক। ন্যায়সূত্রবৃত্তিকার হেত্ববয়ব বিষয়ে বলেছেন, সাধ্যতাবচ্ছেদকাবচ্ছিন্ন সাধ্যান্বিতজ্ঞাপকত্ববোধক বা সাধ্যান্বিতস্বার্থবোধক অবয়ব হল হেতু।[11] হেতু শব্দের আর একটি অর্থ হল কারণ। এই দৃষ্টিতে হেতু দুই প্রকার – কারক ও জ্ঞাপক। যে হেতু কার্য উৎপাদন করে তাকে বলে কারকহেতু। যেমন – ঘটকার্যের প্রতি দণ্ড কারকহেতু। যা অন্যথাসিদ্ধ নয় ও কার্যের নিয়তপূর্ববর্তী তাই কারকহেতু। প্রত্যক্ষজ্ঞানের কারণ ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষ।[12] বাক্যার্থজ্ঞানের কারণ আকাঙ্ক্ষা, যোগ্যতা ও সন্নিধি।[13] আর যে হেতু অন্যজ্ঞানের জ্ঞাপক হয় তা জ্ঞাপকহেতু। যেমন – ধূমের জ্ঞান বহ্নিজ্ঞানের জনক হওয়ায় ধূম বহ্নির জ্ঞাপকহেতু । কিন্তু বহ্নি ধূমের কারকহেতু। জ্ঞাপকত্ব হল জ্ঞানজনকজ্ঞানবিষয়ত্ব। ন্যায়বাক্যের অন্তর্গত প্রতিজ্ঞাত অর্থের সাধকরূপে উপন্যস্ত পঞ্চম্যন্ত পদ হল হেতু। পদকৃত্যকার চন্দ্রজসিংহ বলেছেন–

পঞ্চম্যন্তং তৃতীয়ান্তং বা লিঙ্গবচনং হেতুঃ ।[14]

এছাড়াও অসাধারণ কারণ অর্থেও হেতুর প্রয়োগ হয় । যেমন – অতীতাদি ব্যবহারের হেতু কাল[15], প্রাচ্যাদি ব্যবহারের হেতু দিক্[16] ইত্যাদি।

অনুমানপ্রমাণ দ্বারা পক্ষে সাধ্যরূপধর্মের সাধনত্ব বা অনুমাপকতার প্রযোজকত্বই হেতুর সামান্যলক্ষণ।[17] অনুমানে প্রসিদ্ধপদার্থই হেতু। যে বস্তুটি সাধিত বা প্রতিপাদিত হয় সেই বস্তুটিই সাধ্য এবং যে বস্তুর দ্বারা সাধ্য বস্তুটি সাধিত হয় সেই বস্তুটি সাধন বা লিঙ্গ বা হেতু। অনুমিতি নিরূপণ করতে হলে পক্ষ, সাধ্য ও হেতুর জ্ঞান আবশ্যক। এবং সেই হেতু সত্ না অসত্ তা জানাও অত্যাবশ্যক। যেখানে সাধ্যের সংশয় হয় সেটাই পক্ষ।[18] নবীনদের মতে অনুমিতির উদ্দেশ্যই পক্ষ।[19] সাধ্য নিরূপণ করার উপায় কি? উত্তর হল যে পদের দ্বারা সাধ্যকে লক্ষ্য করা হয় তার উত্তর ভাববাচ্যে বিহিত 'ত্ব' বা 'তা' প্রত্যয় করলেই সাধ্যকে পাওয়া যায়। এবিষয়ে মনে রাখার সহজ কৌশল অধ্যাপকগণ বলেছেন–

মান্ বান্ বর্জিয়া
সাধ্য আন গর্জিয়া
যদি না থাকে মান্ বান্
ত্ব চড়াইয়া সাধ্য আন।[20]

'পর্বতো বহ্নিমান্' এই অনুমিতিতে কেউ যদি 'বহ্নিমান্' কে সাধ্য বলে তাহলে তা ভুল হবে । কেননা প্রতিজ্ঞাবাক্যের বিধেয়বোধক পদের মধ্যে যখন 'মতুপ্' বা 'বতুপ্' অর্থক প্রত্যয় থাকে তার উত্তর 'ত্ব' বা 'তা' যোগ করে সাধ্যের নির্দেশ করা হয় । 'বহ্নিমান্' এর সঙ্গে 'ত্ব' যোগ করলে হবে বহ্নিমত্ত্ব অর্থাত্ বহ্নি । অতএব বহ্নি এখানে সাধ্য । উপরিউক্ত নিয়ম অনুযায়ী যদি কোনো পদে 'মান্' বা 'বান্' থাকে

তাহলে সেই পদের 'মান্' বা 'বান্' বাদ দিলেই সাধ্য পদ পাওয়া যাবে । অনুমিতিতে পঞ্চম্যন্ত পদ দ্বারা হেতুকে বুঝতে হবে । অনুমিতির আকার কেমন হবে সে সম্পর্কেও মতভেদ বিদ্যমান । বিশ্বনাথের মতে অনুমিতির আকার হল –

তচ্চ পক্ষে ব্যাপ্য ইতি জ্ঞানং, পক্ষো ব্যাপ্যবানিতি জ্ঞানং বা।[21]

অর্থাত্ 'পর্বতো বহ্নিমান্' যেমন অনুমিতি হয় সেরকম 'পর্বতে বহ্নি' এই অনুমিতিও হয় । যে হেতুর মধ্যে ব্যাপ্তি ও পক্ষধর্মতা[22] থাকবে তাকেই সদ্ধেতু বলে গণ্য করা হবে । আর ব্যাপ্তি ও পক্ষধর্মতারহিত হেতুকে অসদ্ধেতু বলা হবে। অনুমিতিস্থল দিয়ে বিষয়টি বোঝানো হচ্ছে – 'পর্বতো বহ্নিমান্ ধূমাত্' এখানে 'পক্ষ' হল 'পর্বত', 'সাধ্য' হল 'বহ্নি' এবং 'হেতু' হল 'ধূম' । যেখানে যেখানে ধূম থাকে সেখানে সেখানে বহ্নি থাকে। এজন্য ধূম বহ্নির ব্যাপ্য । বহ্নির ব্যাপ্তি ধূমে থাকে । পক্ষধর্মতা অর্থাত্ পর্বতনিষ্ঠধর্মতাও ধূমে বিদ্যমান। হেতু যদি সাধ্যের তুলনায় ন্যূন স্থানে থাকে তাহলে তা সদ্ধেতু । এখানে হেতু ধূম থাকে চতুর্বিধ স্থানে- পর্বত, চত্বর, গোষ্ঠ ও মহানস । অপরদিকে সাধ্য বহ্নি থাকে পঞ্চবিধ স্থানে – পর্বত, চত্বর, গোষ্ঠ, মহানস ও অয়োগোলক । অতএব ধূমকে সদ্ধেতু বলতেই হবে । অপরদিকে 'পর্বতো ধূমবান্ বহ্নেঃ' এখানে পক্ষ পর্বত, সাধ্য ধূম, হেতু বহ্নি । 'যেখানে বহ্নি সেখানে ধূম' এরকম যদি সামানাধিকরণ্য স্বীকার করি তাহলে দেখতে পাব এমন কোনো স্থান আছে যেখানে বহ্নি আছে কিন্তু ধূম নেই । যেমন – অয়োগোলকে বহ্নি থাকলেও ধূম নেই । ধূমের ব্যাপ্তি বহ্নিতে নেই । আর পক্ষধর্মতা অর্থাত্ পর্বতনিষ্ঠধর্মতা হেতু বহ্নিতে নেই । অতএব 'পর্বতো ধূমবান্ বহ্নেঃ' এটি একটি অসদ্ধেতুকানুমিতি স্থল । সদ্ধেতুতে ব্যাপ্তিলক্ষণের সমন্বয় না হলে অব্যাপ্তি । আর অসদ্ধেতুতে ব্যাপ্তিলক্ষণের সমন্বয় না হলে অতিব্যাপ্তি । এছাড়াও 'ঘটঃ সত্তাবান্ দ্রব্যত্বাত্' এখানে পক্ষ হল 'ঘট', সাধ্য হল 'সত্তা', হেতু হল 'দ্রব্যত্ব'। যেখানে যেখানে দ্রব্যত্ব সেখানে সেখানে সত্তা থাকে । দ্রব্যত্ব সত্তার ব্যাপ্য । অতএব সত্তার ব্যাপ্তি দ্রব্যত্বে থাকে। এছাড়াও ঘটনিষ্ঠধর্মতা দ্রব্যত্বে বিদ্যমান । অতএব ব্যাপ্তি ও পক্ষধর্মতা সমন্বিত হওয়ার জন্য এটি একটি সদ্ধেতুকানুমিতি স্থল । 'দ্রব্যং সত্তাত্' এখানে সাধ্য 'দ্রব্যত্ব', হেতু 'সত্তা' । যেখানে সত্তা সেখানে দ্রব্যত্ব থাকে না। অতএব এটি একটি অসদ্ধেতুকামুনিতি স্থল । 'অয়ং কপিসংযোগী এতদ্বৃক্ষত্বাত্' এখানে সাধ্য 'কপিসংযোগ', হেতু 'এতদ্বৃক্ষত্ব'। যেখানে এতদ্বৃক্ষত্ব সেখানে কপিসংযোগ থাকে। অতএব এটি সদ্ধেতুকানুমিতিস্থল।

যা হেতু নয় অথচ হেতুর মত প্রতীতি হয় তা অসদ্ধেতু । যে সকল হেতু সাদৃশ্যবশত হেতুর মত প্রতীয়মান হয় সেই সকল হেতু হেত্বাভাস বলে অভিহিত হয় । হেত্বাভাস শব্দের সামান্য অর্থ হল অসদ্ধেতু। অনুমিতিতে সাধ্যবস্তু সাধনের জন্য যেমন সদ্ধেতুর প্রয়োজন হয় তেমনি অসদ্ধেতুর পরিত্যাগেরও প্রয়োজন হয়। যদি প্রতিবাদী অসদ্ধেতু প্রয়োগ করেন তাহলে সেই অসদ্ধেতুর অপকর্ষ প্রকাশ বা উদ্ঘাটন করা দরকার। এজন্য সদ্ধেতুর স্বরূপ জ্ঞান যেমন জানার প্রয়োজন আছে সেরকম অসদ্ধেতুর স্বরূপ জ্ঞানও জানতে হবে। সুতরাং ন্যায়শাস্ত্র জানতে হলে সদ্ধেতু ও অসদ্ধেতু এই দুইপ্রকার হেতুর জ্ঞান থাকা একান্ত প্রয়োজন। 'হেতুবদ্ আভাসন্তে' এই ব্যুৎপত্তি অনুসারে হেত্বাভাস শব্দের দ্বারা দুষ্ট হেতু বোধিত হয় । দোষযুক্ত হেতু দুষ্টহেতু বলে পরিগণিত হয় । আর 'হেতোরাভাসাঃ হেত্বাভাসাঃ' – এই ব্যুৎপত্তি অনুসারে হেত্বাভাস শব্দের দ্বারা হেতুর দোষ গৃহীত হয় । হেতুর দোষ পাঁচ প্রকার – অনৈকান্তিকত্ব বা ব্যভিচার, বিরোধ, অসিদ্ধি, সৎপ্রতিপক্ষ ও বাধ । হেতুর দোষ পাঁচ প্রকার বলে দুষ্টহেতুও পাঁচ প্রকার।[23] আবার কেউ কেউ বলেন- দুষ্টহেতু পাঁচ প্রকার বলে হেতুর আভাস অর্থাত্ দোষও পাঁচ প্রকার । হেতুর দোষ

অনুমিতির প্রতিবন্ধক। আর দুষ্টহেতু দ্বারা সাধ্যবস্তু সাধিত হয় না । অতএব দুষ্টহেতু সাধ্যের সাধক নয়। যেখানে যেরূপ অর্থ গৃহীত হবে সেখানে তদনুসারে হেত্বাভাসসমূহের নাম কথিত হবে । বিশ্বনাথ দুষ্টহেতুবোধক হেত্বাভাস শব্দ গ্রহণ করে কারিকাতে হেত্বাভাসগুলির নাম উল্লেখ করেছেন – অনৈকান্ত বা সব্যভিচার, বিরুদ্ধ, অসিদ্ধ, প্রতিপক্ষিত বা সৎপ্রতিপক্ষিত, কালাত্যয়াপদিষ্ট বা বাধিত । আচার্য বিশ্বনাথের মতে –

অনৈকান্তো বিরুদ্ধশ্চাপ্যসিদ্ধঃ প্রতিপক্ষিতঃ ।
কালাত্যয়াপদিষ্টশ্চ হেত্বাভাসাশ্চ পঞ্চধা ।।[24]

হেতুর অনুমাপকতা প্রযোজকরূপ ধর্ম হল পাঁচটি – পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতত্ত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব । এই পাঁচটি ধর্মই সদ্ধেতুর পরিচায়ক । এই পাঁচটি ধর্ম থাকলেই হেতু সাধ্যবস্তুর সাধক বা অনুমাপক হয় । ব্যাপ্তিভেদে হেতু তিন প্রকার– অন্বয়ব্যতিরেকী, কেবলান্বয়ী ও কেবলব্যতিরেকী।[25] অন্বয়ব্যতিরেকীতে হেতুর পাঁচটি ধর্ম থাকে– পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতত্ত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব।[26] কেবলান্বয়ীতে চারটি ধর্ম– পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, অবাধিতত্ত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব।[27] কেবলব্যতিরেকীতে চারটি ধর্ম – পক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতত্ত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব।[28] যেখানে সাধ্যের নিশ্চয়াত্মক জ্ঞান হয় তাকে সপক্ষ[29] বলে । যেখানে সাধ্যাভাবের নিশ্চয়াত্মক জ্ঞান হয় তাকে বিপক্ষ[30] বলে। যা বাধিত নয় তা অবাধিত । বাধিত কাকে বলে ? যেখানে সাধ্যাভাববিশিষ্ট পক্ষে সাধ্যসাধনের জন্য হেতু প্রয়োগ করা হয় সেখানে সেই হেতু বাধিত বলে পরিগণিত হয়।[31] সাধ্যাভাববান্ পক্ষঃ । অসৎপ্রতিপক্ষ হল যা সৎপ্রতিপক্ষ নয় । সৎপ্রতিপক্ষ কাকে বলে ? যেখানে কোনো হেতুর দ্বারা কোনো সাধ্যের অনুমান করতে গেলে উক্ত সাধ্যাভাবের অনুমানে আর একটি পৃথক্ হেতু উপস্থিত হয় এবং বাদী ও প্রতিবাদী উভয়পক্ষের উভয় হেতুই তুল্যবলশালী বলে কেউ কাউকে বাধা দিতে সমর্থ হয় না । সেখানে সাধ্য ও সাধ্যাভাব বিষয়ে একটি সংশয় উপস্থিত হয় এই নিমিত্ত উক্ত উভয় হেতুই সৎপ্রতিপক্ষ বলে কথিত হয়।[32] সাধ্যাভাবব্যাপ্যবান্ পক্ষঃ । বাদী তার সাধ্যবস্তু সাধনের জন্য যে হেতু প্রয়োগ করেছেন, প্রতিবাদী বাদীর সাধ্যাভাব সাধনের জন্য যদি অন্য কোনো হেতু প্রয়োগ করেন তাহলে উক্ত হেতুদুটিই পরস্পর পরস্পরের প্রতিপক্ষ হয়। এই কারণে উক্ত হেতু দুটিই সৎপ্রতিপক্ষ। দুটি হেতুর মধ্যে কোনো হেতুই স্বসাধ্য সাধন করতে পারে না বলে তারা অসদ্ধেতু । দার্শনিকেরা মনে করেন হেত্বাভাস হলে অনুমিতি হয় না, একথা ঠিক। কিন্তু অসদ্ধেতুকানুমিতিস্থলেও অনুমিতি হতে পারে, তবে সেখানে ব্যাপ্তিজ্ঞান ভ্রমাত্মক হয়, এটা বুঝতে হবে। যে হেতুতে এই পাঁচটি ধর্মের মধ্যে এক বা একাধিক ধর্মের অভাব থাকে সেই হেতু হেত্বাভাসের স্থল বলে পরিগণিত হয় । যে ধর্মীতে যে ধর্মের অনুমান করা হয় (বা যে ধর্মীতে যে ধর্ম অনুমিত হয়) সেই ধর্মীকে পক্ষ বলে এবং সেই ধর্ম সাধ্যবস্তু বলে কথিত হয় । তিনটি হেতু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করছি -

**অন্বয়ব্যতিরেকী :** যে হেতুতে অন্বয়ব্যাপ্তি ও ব্যতিরেকব্যাপ্তিজ্ঞান হতে অনুমিতি হয় সেই হেতু অন্বয়ব্যতিরেকী। লক্ষণ হল –

অন্বয়েন ব্যতিরেকেন চ ব্যাপ্তিমদন্বয়ব্যতিরেকী।[33]

উদাহরণ হল - 'পর্বতো বহ্নিমান্ ধূমাত্' – এখানে হেতুভূত পাঁচটি ধর্ম আছে । এখানে পক্ষসত্ত্বাদি ধর্ম কিভাবে আছে ? উত্তরে বলা যায় – হেতু ধূম পর্বতরূপ পক্ষে আছে তাই ধূমে পক্ষসত্ত্ব আছে । মহানসাদিতে সাধ্য(ভূত) বহ্নির নিশ্চয় আছে বলে মহানসাদি সপক্ষ বলে অভিহিত হয় । হেতু ধূম মহানসাদিতে থাকে

বলে ধূমে সপক্ষসত্ত্ব আছে । জলহ্রদাদিতে সাধ্য বহ্নির অভাব নিশ্চয় থাকায় জলহ্রদাদি বিপক্ষ বলে গণ্য হয় । হেতু ধূম জলহ্রদাদিতে অবিদ্যমান হওয়ায় ধূমে বিপক্ষাসত্ত্ব আছে । 'পক্ষ পর্বতে সাধ্য বহ্নি নেই' - এটা বলবান্ কোনো প্রমাণ দ্বারা নিশ্চিত না হওয়ায় হেতু ধূম অবাধিত হয়েছে । অথবা 'সাধ্য বহ্নি পক্ষ পর্বতাদিতে আছে' - এই নিশ্চয়াত্মক জ্ঞান কোনো বলবত্ প্রমাণের দ্বারা বাধিত হয় না বলে হেতু ধূমে অবাধিতত্ব আছে । পর্বতে বহ্নিসাধ্যক ধূমহেতুর তুল্যবলশালী প্রতিপক্ষ বা বিরোধী অন্য কোনো হেতু না থাকায় হেতু(ভূত) ধূমে অসৎপ্রতিপক্ষত্ব আছে ।

কেবলান্বয়ী (বিপক্ষাসত্ত্ব নেই): যে হেতুতে সাধ্যের অন্বয়ব্যাপ্তিজ্ঞান হতে অনুমিতি উৎপন্ন হয় সেই হেতু কেবলান্বয়ী । ন্যায়বোধিনীকার বলেছেন -

অভাবাপ্রতিযোগিসাধ্যকত্বং কেবলান্বয়িত্বম্ ।[34]

উদাহরণ হল -'ঘটোঽভিধেয়ঃ প্রমেয়ত্বাত্' - পক্ষ = ঘট, সাধ্য = অভিধেয়ত্ব (বলার বিষয় / বাচ্য), হেতু = প্রমেয়ত্ব (জানার বিষয়) । এখানে প্রমেয়ত্ব হেতুতে পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, অবাধিতত্ত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব এই ৪টি ধর্ম আছে । হেতু প্রমেয়ত্ব ঘটরূপ পক্ষে আছে তাই প্রমেয়ত্বে (প্রকৃষ্ট জানার বিষয়) পক্ষসত্ত্ব আছে। পর্বতাদি সমস্ত বস্তুতে (চত্বর, গোষ্ঠ, মহানসাদিতে) সাধ্য(ভূত) অভিধেয়ত্বের নিশ্চয় আছে বলে পর্বতাদি সমস্ত বস্তু সপক্ষ বলে অভিহিত হয় । হেতু প্রমেয়ত্ব পর্বতাদিতে থাকে বলে প্রমেয়ত্বে সপক্ষসত্ত্ব আছে। হেতু প্রমেয়ত্বে বিপক্ষাসত্ত্ব নেই, কারণ সাধ্যাভাব অভিধেয়ত্বাভাব কোথাও পাওয়া যাবে না । 'পক্ষ ঘটে সাধ্য অভিধেয়ত্ব নেই' - এটা বলবান্ কোনো প্রমাণ দ্বারা নিশ্চিত না হওয়ায় হেতু প্রমেয়ত্ব অবাধিত হয়েছে। অথবা 'সাধ্য অভিধেয়ত্ব পক্ষ ঘটাদিতে আছে' - এই নিশ্চয়াত্মক জ্ঞান কোনো বলবত্ প্রমাণের দ্বারা বাধিত হয় না বলে হেতু প্রমেয়ত্বে অবাধিতত্ত্ব আছে । ঘটে অভিধেয়ত্বসাধ্যক প্রমেয়ত্বহেতুর তুল্যবলশালী প্রতিপক্ষ বা বিরোধী অন্য কোনো হেতু না থাকায় হেতু(ভূত) প্রমেয়ত্বে অসৎপ্রতিপক্ষত্ব আছে।

কেবলব্যতিরেকী (সপক্ষসত্ত্ব নেই): যে হেতুতে সাধ্যের ব্যতিরেকব্যাপ্তিজ্ঞান হতে অনুমিতি হয় সেই হেতু কেবলব্যতিরেকী। ন্যায়বোধিনীকার গোবর্ধন মিশ্র বলেছেন -

অন্বয়ব্যাপ্তিশূন্যত্বে সতি ব্যতিরেকব্যাপ্তিমত্ত্বং কেবলব্যতিরেকিত্বম্ ।[35]

কেবলব্যতিরেকী হেতুর দ্বারা সাধ্যভূত যে বস্তু সাধিত হয়, অনুমানের পূর্বে সেই সাধ্যের নিশ্চয় কোথাও থাকে না, অতএব সপক্ষ না থাকায় সপক্ষসত্ত্বের কোনো প্রশ্নই উঠে না । যেমন - 'পৃথিবী তদিতরভেদবান্ গন্ধবত্ত্বাত্' - পক্ষ = পৃথিবী, সাধ্য = তদিতরভেদ (পৃথিবীভিন্নভেদ অর্থাত্ পৃথিবী থেকে ভিন্ন যে ভেদ), হেতু = গন্ধবত্ত্ব । হেতু গন্ধবত্ত্ব পৃথিবীরূপ পক্ষে আছে তাই গন্ধবত্ত্বে পক্ষসত্ত্ব আছে । যেহেতু গন্ধবতী পৃথিবী । পৃথিবী থেকে ভিন্ন কোনো স্থানেও তদিতরভেদাত্মকসাধ্যের নিশ্চয় না থাকায় সপক্ষ নেই । অতএব হেতু গন্ধবত্ত্বে সপক্ষসত্ত্ব থাকে না । জলাদিতে তদিতরভেদাত্মকসাধ্যের অভাব নিশ্চয় থাকায় জলাদি বিপক্ষ বলে গণ্য হয় । হেতু গন্ধবত্ত্ব জলাদিতে অবিদ্যমান হওয়ায় গন্ধবত্ত্বে বিপক্ষাসত্ত্ব আছে । 'পক্ষ পৃথিবীতে তদিতরভেদসাধ্য নেই' - এটা বলবান্ কোনো প্রমাণ দ্বারা নিশ্চিত না হওয়ায় হেতু গন্ধবত্ত্ব অবাধিত হয়েছে । অথবা 'তদিতরভেদসাধ্য পক্ষ পৃথিবীতে আছে' - এই নিশ্চয়াত্মক জ্ঞান কোনো বলবত্ প্রমাণের দ্বারা বাধিত হয় না বলে হেতু গন্ধবত্ত্বে অবাধিতত্ত্ব আছে। পৃথিবীতে তদিতরভেদসাধ্যক গন্ধবত্ত্বহেতুর তুল্যবলশালী প্রতিপক্ষ বা বিরোধী অন্য কোনো হেতু না থাকায় হেতু(ভূত) গন্ধবত্ত্বে অসৎপ্রতিপক্ষত্ব আছে।

মহর্ষি গৌতম বলেন - হেতুর এই ৫টি ধর্মের মধ্যে এক একটি ধর্মের অভাব হলেই এক একটি

হেত্বাভাস হয়। পক্ষসত্ত্ব এর অভাব হলে অসিদ্ধ হেত্বাভাস। সপক্ষসত্ত্ব এর অভাবে বিরুদ্ধ হেত্বাভাস। বিপক্ষাসত্ত্ব এর অভাবে অনৈকান্তিক বা সব্যভিচার হেত্বাভাস। অসৎপ্রতিপক্ষত্ব এর অভাব হলে সৎপ্রতিপক্ষ হেত্বাভাস। আর অবাধিতত্ত্ব এর অভাবে বাধিত হেত্বাভাস । ধর্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ চতুর্বিধ পুরুষার্থের মধ্যে অন্যতম পুরুষার্থ মোক্ষপ্রাপ্তির জন্য যে তত্ত্বজ্ঞানের প্রয়োজন, সেই তত্ত্বজ্ঞান অর্জনের জন্য অনুমিতির জ্ঞান অপরিহার্য । আর অনুমিতি নিরূপণ করতে হলে হেতুর জ্ঞান অবশ্যম্ভাবী ।

## উল্লেখসূচী :

[1] তদ্বতি তৎপ্রকারকোঽনুভবো যথার্থঃ । তর্কসংগ্রহ, পৃ. ৪২।

[2] তদভাববতি তৎপ্রকারকোঽনুভবোঽযথার্থঃ । তত্রৈব ।

[3] প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি । - ন্যায়সূত্র (১/১/৩)।

[4] পরামর্শজন্যং জ্ঞানমনুমিতি – তর্কসংগ্রহ ।

[5] সিদ্ধান্তমুক্তাবলী, পৃ. ১৭৪।

[6] ব্যাপারবদসাধারণং কারণং করণম্ । তর্কসংগ্রহ, পৃ. ৪৩।

[7] তজ্জন্যত্বে সতি তজ্জন্যজনকো ব্যাপারঃ । তদেব, পৃ. ৪২।

[8] ভাষাপরিচ্ছেদ, কারিকা - ৬৬।

[9] প্রতিজ্ঞাহেতূদাহরণোপনয়নিগমনানি অবয়বাঃ । - ন্যায়সূত্র (১/১/৩২)।

[10] উদাহরণসাধর্ম্যাত্ সাধ্যসাধনং হেতুঃ । - তদেব, (১/১/৩৪), তথা বৈধর্ম্যাত্ । - তদেব, (১/১/৩৫)।

[11] তথা চ সাধ্যতাবচ্ছেদকাবচ্ছিন্নসাধ্যান্বিতজ্ঞাপকত্ববোধকঃ সাধ্যান্বিতস্বার্থবোধকো বাঽবয়ব ইতি ফলিতার্থঃ । - ন্যায়সূত্রবৃত্তি, পৃ. ৫৩।

[12] প্রত্যক্ষজ্ঞানহেতুরিন্দ্রিয়ার্থসন্নিকর্ষঃ ষড়-বিধঃ । তর্কসংগ্রহ, পৃ. ৪৯।

[13] আকাঙ্ক্ষাযোগ্যতাসন্নিধিশ্চ বাক্যার্থজ্ঞানহেতুঃ । তদেব, পৃ. ৭৩।

[14] তদেব, পদকৃত্যটীকা, পৃ. ২৮।

[15] অতীতাদিব্যবহারহেতুর্কালঃ । - তদেব, পৃ. ২৬।

[16] প্রাচ্যাদিব্যবহারহেতুর্দিক্ । - তদেব, পৃ. ২৭।

[17] অত্র সাধ্যসাধনং হেতুরিতি সামান্যলক্ষণম্ । ন্যায়সূত্রবৃত্তি, পৃ. ৫৩।

[18] সন্দিগ্ধসাধ্যবান্ পক্ষঃ । তর্কসংগ্রহ, পৃ. ৩২।

[19] নবীনৈরনুমিত্যুদ্দেশ্যত্বং পক্ষত্বমিতি স্থিরীকৃতম্ । তদেব, ন্যায়বোধিনীটীকা, পৃ. ৩২।

[20] ব্যাপ্তিপঞ্চক, পৃ. ১৪৮।

[21] সিদ্ধান্তমুক্তাবলী, কারিকা -৬৮, পৃ. ২১৬।

[22] ব্যাপ্যস্য পর্বতাদিবৃত্তিত্বং পক্ষধর্মতা । তর্কসংগ্রহ, পৃ. ২৬।

[23] সব্যভিচারবিরুদ্ধপ্রকরণসমসাধ্যসমকালাতীতা হেত্বাভাসাঃ । ন্যায়সূত্র (১/২/৪৫)।

[24] ভাষাপরিচ্ছেদ, কারিকা-৭১।

[25] স ত্রিবিধঃ । অন্বয়ব্যতিরেকী কেবলান্বয়ী কেবলব্যতিরেকী চেতি ।। ন্যায়সার, পৃ. ২০।

[26] তত্র পঞ্চরূপোঽন্বয়ব্যতিরেকী । রূপাণি তু প্রদর্শ্যন্তে । পক্ষধর্মত্বং সপক্ষে সত্ত্বং বিপক্ষাদ্ ব্যাবৃত্তিরবাধিতবিষয়ত্বমসৎপ্রতিপক্ষত্বং চেতি ।। তত্রৈব।

27 পক্ষব্যাপকঃ সপক্ষবৃত্তিরবিদ্যমানবিপক্ষঃ কেবলান্বয়ী । তদেব, পৃ. ২৩।

28 পক্ষব্যাপকোঽবিদ্যমানসপক্ষো বিপক্ষাদ্ব্যাবৃত্তঃ কেবলব্যতিরেকী । তত্রৈব ।

29 নিশ্চিতসাধ্যবান্ সপক্ষঃ । তর্কসংগ্রহ, পৃ. ৬১।

30 নিশ্চিতসাধ্যাভাববান্ বিপক্ষঃ । তদেব, পৃ. ৬২

31 সাধ্যশূন্যো যত্র পক্ষস্ত্বসৌ বাধঃ উদাহৃতঃ । ভাষাপরিচ্ছেদ, কারিকা -৭৮।

32 বিরুদ্ধয়োঃ পরামর্শে হেত্বোঃ সৎপ্রতিপক্ষতা ।। তদেব, কারিকা – ৭৭।

33 তর্কসংগ্রহ, পৃ. ২৯।

34 তদেব, ন্যায়বোধিনীটীকা, পৃ. ২৯।

35 তদেব, পৃ. ৩১।

## নির্বাচিত গ্রন্থসূচী :

অন্নংভট্ট । *তর্কসংগ্রহ* । সম্পা. মহাদেবশর্মা । ন্যায়বোধিনী-পদকৃত্য ব্যাখ্যা সংবলিত । মুম্বই: নির্ণয় সাগর প্রেস, ১৯১৯।

আপটে, বিনায়কগণেশ (সম্পা.)। *গৌতমমুনিপ্রণীতম্ ন্যায়সূত্রম্* । বাৎস্যায়নমুনিকৃত ভাষ্য সহ বিশ্বনাথভট্টাচার্যকৃত বৃত্তি সংবলিত। আনন্দাশ্রম, ১৯২২ । (আনন্দাশ্রমসংস্কৃতগ্রন্থাবলি, গ্রন্থাঙ্ক ৯১)।

উদ্দ্যোতকর । *ন্যায়বার্ত্তিক* । সম্পা. বিন্ধেশ্বরীপ্রসাদ । বারাণসী: চৌখম্বা সংস্কৃত সিরিজ, ১৯১৩ ।

গঙ্গেশোপাধ্যায় । *ব্যাপ্তিপঞ্চক* । সম্পা. রাজেন্দ্রনাথ ঘোষ । কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্,

২০১১ (দ্বিতীয় মুদ্রণ) । (প্রথম প্রকাশ ১৯৮২) ।

গৌতম । *ন্যায়দর্শন* । প্রথম খণ্ড । সম্পা. ফণিভূষণ তর্কবাগীশ । কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্, ২০১১ (চতুর্থ সংস্করণ)। (১৯৮১ প্রথম সংস্করণ) ।

ভাসর্বজ্ঞ । *ন্যায়সার* । সম্পা. বাসুদেবশাস্ত্রী, সি. আর. দেবধর । ন্যায়সারপদপঞ্জিকা টীকা সংবলিত । পুনে: আর. এস. গোন্ধালেকরস্ বুক ডিপো, ১৯২২ ।

বিশ্বনাথ । *ভাষাপরিচ্ছেদ* । সম্পা. পঞ্চানন ভট্টাচার্য । কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৭৭ বঙ্গাব্দ ।

—— । সম্পা. গোপালচন্দ্র মুখোপাধ্যায় । বর্ধমান: বর্ধমান বিশ্ববিদ্যালয়, ২০০৮ (তৃতীয় পুনর্মুদ্রণ) । (১৯৮০ প্রথম প্রকাশ) ।

ভট্টাচার্য, সমরেন্দ্র । *ভারতীয় দর্শন* । কলকাতা: বুক সিণ্ডিকেট প্রাইভেট লিমিটেড, ২০১০ (তৃতীয় সংস্করণ) । (১৯৯৬ প্রথম সংস্করণ) ।

Dasgupta, Surendranath. *A History of Indian Philosophy.* Vol. I. London: Cambridge University Press, 1922.

# সৌন্দর্যবিশ্লেষণাবসরে পবনদূত

দেবর্ষি ভদ্র

**সারসংক্ষেপ :** বঙ্গদেশের সেন রাজসভার সভাকবিদের মধ্যে অন্যতম ছিলেন ধোয়ী। রাজস্তুতি উপলক্ষ্যে রচিত পবনদূত কাব্য প্রকৃতপক্ষে শতাধিক শ্লোকের সমষ্টি। পৃষ্ঠপোষক রাজার প্রতি আনুগত্য প্রকাশ পায় পবনদূত কাব্যটি থেকে। এই কাব্যের নায়ক স্বয়ং রাজা লক্ষ্মণসেন। নায়ক লক্ষ্মণসেন মলয় পর্বত পর্যন্ত বিজয় যাত্রা করেন এবং সেখান থেকে ফিরে আসেন। সেইসময় মলয় পর্বতে বসবাসকারী গন্ধর্ব কন্যা(কুবলয়বতী) লক্ষ্মণসেনকে দেখেন এবং তার প্রেমে আকৃষ্ট হয়ে পড়েন। বিরহে আচ্ছন্ন হয়ে মলয় পর্বতে বসন্তকালীন মেঘ দেখতে পেয়ে দূতরূপে রাজার কাছে প্রেরণ করেন। সন্দেশমূলক গীতিকাব্য বা দূতকাব্য বিরহ বা বিপ্রলম্ভ শৃঙ্গার রসের উপর আশ্রিত হয়ে থাকে। পূর্ববর্তীকালে দূত প্রেরণের কথা উল্লেখ থাকলেও মহাকবি কালিদাসের মেঘদূত'ই দূতকাব্যের এক অনন্য উদাহরণ। মহাকবি কালিদাস মেঘদূত রচনা করে যে নূতন কাব্যধারা সন্দেশকাব্য বা দূতকাব্য সংস্কৃতসাহিত্যে জন্ম দিয়েছেন পরবর্তীকালে বহু কবি তাঁকে অনুসরণ করে দূতকাব্যের পরম্পরাকে বজায় রেখেছেন। তাদের মধ্যে ধোয়ী অন্যতম। পবনদূতে কবি তার কল্পনা শক্তির দ্বারা সৌন্দর্যের রসোৎপাদক এবং মনোহর বর্ণনা করেছেন। দূতকাব্যের ইতিহাসে পবনদূতের স্থান ও কাব্যে বর্ণিত সৌন্দর্য বিশ্লেষণই আমার আলোচনার বিষয়বস্তু।

**সূচকশব্দ :** দূতকাব্য, পবনদূত, মেঘদূত, ধোয়ী, সন্দেশবাহক, বিরহ, পৃষ্ঠভূমি।

**ভূমিকা :** দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য ভেদে সংস্কৃতসাহিত্যে কাব্য দুটি শ্রেণীতে বিভক্ত। সাহিত্যদর্পণকার বিশ্বনাথ-কবিরাজের মতে শ্রব্যকাব্য দুই ভাগে বিভক্ত, যথা- গদ্য ও পদ্য[১]। সংস্কৃত আলংকারিকদের মতানুসারে আবার পদ্যকাব্য তিনভাগে বিভক্ত -- মহাকাব্য, খণ্ডকাব্য ও কোষকাব্য। খণ্ডকাব্যের লক্ষণ করতে গিয়ে বিশ্বনাথ কবিরাজ বলেছেন — "খণ্ডকাব্যং ভবেত্ কাব্যস্যৈকদেশানুসারি চ"[২] । অর্থাৎ মহাকাব্যের লক্ষণগুলো যদি অংশত অনুসরণ করে কাব্য নির্মিত হয়, তা হলে তাকে খণ্ডকাব্য বলে। খণ্ডকাব্যকে গীতিকাব্যও বলা হয়ে থাকে। সংস্কৃতসাহিত্যের রচনার দিকে লক্ষ্য রেখে খণ্ডকাব্য বা গীতিকাব্যকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যেতে পারে —

১। স্তোত্র গীতিকাব্য
২। শৃঙ্গার গীতিকাব্য
৩। শুদ্ধ গীতিকাব্য
৪। সন্দেশ গীতিকাব্য
৫। উপদেশাত্মক গীতিকাব্য
৬। সূক্তি গীতিকাব্য

সন্দেশমূলক গীতিকাব্য বা দূতকাব্য বিরহ বা বিপ্রলম্ভ শৃঙ্গার রসের উপর আশ্রিত হয়ে থাকে। পূর্ববর্তীকালে দূত প্রেরণের কথা উল্লেখ থাকলেও মহাকবি কালিদাসের মেঘদূতই দুতকাব্যের এক অনন্য উদাহরণ। মহাকবি কালিদাস মেঘদূত রচনা করে যে নূতন কাব্যধারা সন্দেশকাব্য বা দূতকাব্য

সংস্কৃতসাহিত্যে জন্ম দিয়েছেন পরবর্তীকালে বহু কবি তাঁকে অনুসরণ করে দূতকাব্যের পরম্পরাকে বজায় রেখেছেন। একই নামে একাধিক দূতকাব্য রচিত হয়েছে, যেমন মেঘদূত পাওয়া যায় সাতটি, পবনদূতের সংখ্যা চারটি, চন্দ্রদূতের সংখ্যা চার, মনোদূত ছয়টি এবং হংসসন্দেশ নাম দিয়ে দুইটি দূতকাব্যের উল্লেখ পাওয়া যায়। এই দূতকাব্যের পরম্পরাকে বজায় রেখে এখন পর্যন্ত বহু গ্রন্থ রচনা হয়েছে, তাদের মধ্যে ধোয়ী বিরচিত পবনদূত অন্যতম।

**কবি-পরিচিতি :** পবনদূতের রচয়িতা কবি ধোয়ীর নাম বহু জায়গায় ভিন্ন ভিন্ন রূপে পাওয়া যায়। চিন্তাহরণ চক্রবর্তী সম্পাদিত ধোয়ীর পবনদূতের ভূমিকায় কোথাও ধূয়ী, কোথাও ধোঈ, কোথাও বা ধোয়ীক উল্লেখ পাওয়া যায়। কবি দ্বারা বিরচিত পবনদূতের পুষ্পিকাতে দেখা যায় — "ইতি শ্রীধোয়ী কবিরাজ বিরচিতং পবনদূতাখ্যাং কাব্যম্"। এই বাক্য থেকেই নাম সম্পর্কিত সমস্যার সমাধান হয় বলে মনে করি। মহাকবি ধোয়ীর আবির্ভাব সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায় না, কবি স্বয়ং তার কাব্যে ব্যক্তিগত পরিচয় দিয়েছেন —

দতিব্যূহং কনকলতিকাং চামরং হৈমদণ্ডং
যো গৌড়েন্দ্রা দলভত্ কবিক্ষ্মাভৃতাং চক্রবর্তী।
শ্রীধোয়ীকঃ সকলরসিকপ্রীতিহেতোর্মনস্বী
কাব্যং সারস্বতমিব মহামন্ত্রমেতজ্জগাদ।।১০১।।[৩]

চিন্তাহরণ চক্রবর্তী সম্পাদিত ধোয়ীর পবনদূতের ভূমিকা থেকে জানা যায় যে মহাকবি ধোয়ী কবিদের মধ্যে চক্রবর্তী তুল্য উন্নত স্থান ছিল। গৌড়দেশের (পশ্চিমবঙ্গ) কোন রাজার থেকে অনেক চামর, দণ্ডাদি বহুমূল্য বস্তু প্রাপ্ত করেছিলেন। পবনদূতের প্রারম্ভে ক্ষৌণিপাল লক্ষ্মণের নাম পাওয়া যায়[৪] তা থেকে স্পষ্ট অনুমান করা যায় মহাকবি ধোয়ী বাংলার শেষ বিদ্যাপ্রেমী নরেশ সেনবংশীয় রাজা লক্ষ্মণ সেনের সভায় ছিলেন। বিভিন্ন রচনায় বিভিন্ন ব্যক্তি তাঁকে ব্রাহ্মণ, বৈদ্য এবং তন্তুবায় সম্প্রদায়ভুক্ত বলে উল্লেখ করেছেন। যেহেতু লক্ষ্মণসেনের সভাপতি ছিলেন সেহেতু ধোয়ীর আবির্ভাব আনুমানিক ১১১৯ খ্রিস্টাব্দে এবং মৃত্যু ১২০৫ খ্রিস্টাব্দে (৮৬ বছর বয়সে)। সংস্কৃতজগতে এখন পর্যন্ত ধোয়ীর একটি মাত্র রচনা পাওয়া যায় সেটি হল পবনদূত। কিন্তু পবনদূতের অন্তিম শ্লোকে[৫] থেকে অনুমান করা যায় কবি আরও অনেক রচনা করেছেন যা থেকে পণ্ডিতের সভা থেকে যশ প্রাপ্ত করে ছিলেন।

**পবনদূতের বিষয়বস্তু :** বঙ্গদেশের সেন রাজসভার সভাকবিদের মধ্যে অন্যতম ছিলেন ধোয়ী। রাজস্তুতি উপলক্ষ্যে রচিত পবনদূত কাব্য প্রকৃতপক্ষে শতাধিক শ্লোকের সমষ্টি। পৃষ্ঠপোষক রাজার প্রতি আনুগত্য প্রকাশ পায় পবনদূত কাব্যটি থেকে। এই কাব্যের নায়ক স্বয়ং রাজা লক্ষ্মণসেন। নায়ক লক্ষ্মণসেন মলয় পর্বত পর্যন্ত বিজয় যাত্রা করেন এবং সেখান থেকে ফিরে আসেন। সেইসময় মলয় পর্বতে বসবাসকারী গন্ধর্ব কন্যা কুবলয়বতী লক্ষ্মণসেনকে দেখেন এবং তার প্রেমে আকৃষ্ট হয়ে পড়েন। বিরহে আচ্ছন্ন হয়ে মলয় পর্বতে বসন্তকালীন মেঘ দেখতে পেয়ে দূতরূপে রাজার কাছে প্রেরণ করেন। এই ঘটনাই কাব্যের মূল উপজীব্য বিষয়বস্তু। একশো চারটি শ্লোকে সমাপ্ত এই কাব্যের একষট্টি শ্লোক পর্যন্ত রাজানুরাগিণী কুবলয়বতী নামে যক্ষ কন্যার কথায় দক্ষিণ ভারত থেকে বাংলা (পশ্চিমবঙ্গ) পর্যন্ত পবনের যাত্রা পথের বিবরণ আছে। বাষট্টি শ্লোক থেকে একশো শ্লোক পর্যন্ত রাজার প্রতি কুবলয়বতীর বিরহ বেদনা নিবেদন বর্ণিত হয়েছে এবং কাব্যের উপসংহারে চারটি শ্লোকে ধোয়ীর আত্মবিবরণী রয়েছে। রতি ক্রীড়ার সাথে প্রাকৃতিক ঘটনার সামঞ্জস্যপূর্ণ বর্ণনা কাব্যটিকে অদ্বিতীয় করে তুলেছে।

**পবনদূতের নামকরণ :**

বার্তা বহনকারী ও প্রেরণকারীকে দূত বলা হয়ে থাকে। প্রাচীন কাল থেকে পৃথিবীর বিভিন্ন প্রান্তে মানুষের ইচ্ছার বাহন হয়েছে দূত। আমাদের সংকীর্ণ গণ্ডীর মধ্যে গুটিয়ে থাকা আশা-আকাঙ্ক্ষাগুলিকে ছাড়পত্র দেওয়ার মাধ্যম হল দূত। পত্র যেমন দুটি মানুষের মধ্যেকার ব্যবধান কথা দিয়ে ভরিয়ে তোলে দূতের ভূমিকাও ঠিক সেইরকম। দূত কখনো হয় মৌখিক সংবাদ বাহক আবার কখনো হয় পত্র বাহক। এই দূতের ভেদ সম্বন্ধে বিশ্বনাথ তাঁর 'সাহিত্যদর্পণ' গ্রন্থে বলেছেন –

নিসৃষ্টার্থো মিতার্থশ্চ তথা সন্দেশহারকঃ
কার্য্যপ্রেষ্যস্ত্রিধা দূতো দূত্যশ্চাপি তথাবিধাঃ।।৩/৫৮।।[৬]

অর্থাৎ, নিসৃষ্টার্থ, মিতার্থ এবং সন্দেশহারকভেদে দূত তিনপ্রকার হয়ে থাকে। উভয়পক্ষে আলোচ্য কথার অতিরিক্ত কোন কথা উঠলে, যিনি উভয়ের অভিপ্রায় অনুমান করে স্বয়ং উত্তর প্রদানে সমর্থ হন তিনি নিসৃষ্টার্থ –

উভয়োর্ভাবমুন্নীয় স্বয়ং বদতি চোত্তরম্
সুশ্লিষ্টং কুরুতে কার্য্যং নিসৃষ্টার্থস্তু স স্মৃতঃ।।৩/৬০।।[৭]

যিনি মিতভাষী এবং প্রকৃত কার্যসাধনে সক্ষম তিনি মিতার্থক এবং যিনি কেবলমাত্র প্রেরকের বার্তাবাহী তিনি সন্দেশহারক –

মিতার্থভাষী কার্যস্য সিদ্ধিকারী মিতার্থকঃ
যাবদ্ভাষিতসন্দেশহারঃ সন্দেশহারকঃ।।৩/৬১।।[৮]

এখন এমন প্রশ্ন উঠতে পারে 'পবন' এর মধ্যে কোন শ্রেণীতে রাখা যায়। উত্তর খুব স্পষ্ট কোন শ্রেণীতেই না, কারণ অচেতন পদার্থ বক্তার কোন কথা না শুনতে পারে, না বক্তার কোন কথা বলতে পারে। অচেতন হয়েও 'পবনে'র এই পার্থিব জগতে মহত্বপূর্ণ স্থান আছে।

মেঘদূতকে অবলম্বন করে লিখিত দূতকাব্যগুলির মধ্যে পবনদূত অন্যতম। কালিদাসের মেঘদূতের পরে অন্য কবিরা হংস, চাতক ইত্যাদির দ্বারা বার্তা প্রেরণ করে নিজ নিজ দূতকাব্য রচনা করেন কিন্তু অনেক সময় পর ধোয়ী অচেতনকে দূত করে মহাকবি কালিদাসের স্মৃতিকে নবীনতা প্রদান করে যে কাজ করেছেন তা সংস্কৃত জগতে অবিস্মরণীয় হয়ে আছে। বায়ু কোন জীবনধারীর প্রয়োজনীয়তা নেই বা কোন জীবনধারী বায়ুকে না জানে। জীবনধারণে প্রয়োজনীয় তো বটেই, সাথে সাথে বায়ু সংস্কৃতসাহিত্যে মহত্বপূর্ণ স্থানের অধিকারী। বায়ুপুরাণের প্রত্যেক অধ্যায়ের শেষে "ইতি শ্রী মহাপুরাণে বায়ু প্রোক্তে" ইত্যাদি বাক্য বায়ুর প্রাচীনতা ব্যক্ত করে। মহাকবি বাণভট্ট তার হর্ষচরিতে "পবমানপ্রোক্তং পুরাণং পপাঠ"[৯] ইত্যাদি বাক্যের প্রয়োগ করেছেন। এই বায়ুপুরাণ বাণভট্টের হর্ষচরিতের আগে প্রকাশিত এবং বায়ুর দৌত্য কর্ম করার প্রতি সংকেত প্রদানও করে। কালিদাস কৃত মেঘদুতের পূর্বমেঘে বর্ণিত মেঘেও বায়ুর সত্তা বিদ্যমান – "ধূমজ্যোতিঃ সলিল মরূতাং সন্নিপাতঃ ক্ব মেঘঃ ।৫।"[১০]

এছাড়াও বায়ু পুত্র হনুমান বাল্মীকি প্রণীত রামায়ণে রামের সন্দেশ বাহক হয়েছিলেন। এর থেকে এটাই বোঝা যায় যে, কবিরাজ ধোয়ী পবনকে সন্দেশবাহক করে এক নূতন পরম্পরার নির্মাণ করার সাথে সাথে পবনকে জীবন্ত করে সাহিত্যে স্থাপনও করেছেন।

**পবনদূত ও তার সৌন্দর্য্য ভাবনা :**

ধোয়ী বিরচিত পবনদূতে কবি তার কল্পনা শক্তির দ্বারা সৌন্দর্য্যের রসোৎপাদক এবং মনোহর বর্ণনা

করেছেন। ধোয়ীও কালিদাসের ন্যায় প্রকৃতি বর্ণনায় নিজের দক্ষতার পরিচয় দিয়েছেন। কবি পবনদূতের প্রারম্ভেই প্রকৃতির সুন্দর তথা মনোহর উদ্দাম মলয় পর্বতের বর্ণনা করেছেন। মলয় নামক পর্বতে অবস্থিত কনকনগরীর বর্ণনা করতে গিয়ে কবি বলেছেন —

অস্তি শ্রীমত্যখিলবসুধাসুন্দরে চন্দনাদ্রৌ
গন্ধর্বাণাং কনকনগরী নাম রম্যো নিবাসঃ।
হৈমৈর্লীলাভবনশিখরৈরম্বরং ব্যালিখন্তি
ধত্তে শাখানগরগণানাং যঃ সুরাণাং পুরস্য।।১।।[১১]

গন্ধর্ব নগরীতে বসবাসকারী কুবলয়বতী দিগ্বিজয়ে আসা রাজা লক্ষ্মণসেনকে দেখে তাঁর প্রতি আকৃষ্ট হন এবং তার প্রেমে পড়েন। কিছু সময় পর বসন্তকালীন পবনকে দেখে গৌড়দেশে অবস্থিত রাজার কাছে বিরহ সন্দেশ প্রেরণের জন্য পবনকে দেখে প্রশংসাবাচক বাক্য বলতে লাগলেন —

ত্বত্তঃ প্রাণাঃ সকলজগতাং দক্ষিণস্তং প্রকৃত্যা
জজ্ঘানং ত্বাং পবন মনসোঽনন্তরং ব্যাহরন্তি।
তস্মাদেব ত্বয়ি খলু ময়া সংপ্রণীতোঽর্থিভাবঃ
প্রায়ো ভিক্ষা ভবতি বিফলা নৈব যুষ্মদ্বিধেষু।।৪।।[১২]

অর্থাৎ, তোমার থেকে সকল জগতের লোক প্রাণ পায়, তুমি দ্রুতগতি, পদার্থসমূহের মধ্যে মনের পরই তোমার নাম, এই জন্যই আমি তোমার নিকট অর্থিভাবে উপস্থিত হয়েছি। প্রায় তোমাদের মতো লোকের নিকট ভিক্ষা করলে তা বিফল হয় না। সাথে আরও বলেন —

তত্রাবশ্যং কুসুমসময়ে স ত্বয়া শীলনীয়ঃ
সান্দ্রোদ্যানস্থগিতগগনপ্রাঙ্গণো গৌড়দেশঃ।
তন্মেঽবস্থাং কথয় নৃপতের্জীবনত্রাণাহেতোঃ
প্রাদুর্ভাবস্ত্রিজগতি খলু ত্বাদৃশানাং পরার্থঃ।।৬।।[১৩]

অনুরূপভাবে কালিদাসের মেঘদূতেও প্রিয় মানুষের কাছে বার্তা বহনের জন্য প্রশংসাবাচক বাক্য দেখতে পাওয়া যায় পূর্বমেঘে —

জাতং বংশে ভুবনবিদিতে পুষ্করাবর্তকানাং
জানামি ত্বাং প্রকৃতিপুরুষং কামরূপং মঘোনঃ।
তেনার্থিত্বং ত্বয়ি বিধিবশাদ্দূরবন্ধুর্গতোঽহং
যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা।।৬।।[১৪] (মেঘদূত, পূ.মে.)

দূতকাব্যের একটি মহত্বপূর্ণ অঙ্গ হল ভৌগোলিক বর্ণনা। ভৌগোলিক বর্ণনায় কালিদাস ধোয়ীর পথপ্রদর্শক ছিলেন। পবনদূতে ভৌগোলিক বর্ণনা এক থেকে ছত্রিশ শ্লোক পর্যন্ত বর্ণিত আছে। পবনদূতে ধোয়ী দূতকে যে পথে পাঠিয়েছেন তা কবি কল্পিত। কুবলয়বতী পবনকে বলে, এখান থেকে দুই ক্রোশ গেলেই পাণ্ড্যদেশ —

শ্রীখণ্ডাদ্রেঃ পরিসরমতিক্রম্য গব্যূতিমাত্রং
গন্তব্যস্তে কিমপি জগতীমণ্ডনং পাণ্ড্যদেশঃ।
তত্রাখ্যাতং পুরমুরগমিত্যাখ্যয়া তাম্রপর্ণ্যা-
স্তীরে মুগ্ধক্রকতরুভির্বদ্ধরেখৈর্ভজেথাঃ।।৮।।"[১৫]

এই শ্রীখণ্ডপর্বতের পাদদেশ পরিত্যাগ করে দুই ক্রোশ গেলেই জগতের অলঙ্কার পাণ্ড্যদেশ। তাম্রপর্ণী নদীর তীরে উহার রাজধানী, নাম উরগপুরী। এর চারিদিকে সারিবন্দী সুপারি গাছ। তার নিকটে শ্রীরামচন্দ্রের সেতু —

ক্রীড়াশৈলং ভুজগনগরীযোষিতাং কৌতুকঞ্চেৎ
সেতুং যায়া জলধিকারিণঃ শৃঙ্খলাদামদীর্ঘম।
ভাতি স্নেহাদবনিতনয়া জীবনাশ্বাসহেতো
র্লঙ্কাদ্বীপং প্রহিত ইব যো বাহুরেকঃ পৃথিব্যাঃ।।১০।।[১৬]

উরগনগরবিলাসিনী বারাঙ্গনাদিগের ক্রীড়াশৈলী দেখবার জন্য মন চায় তাহলে রামচন্দ্রের সেতু দেখো। সমুদ্র হস্তীর ন্যায় সদাই চঞ্চল ও সদাই উদ্দাম সেতুটি দেখলে মনে হবে যেন এই উদ্দাম হস্তীকে বন্ধন করে রাখবার জন্য দীর্ঘ শৃঙ্খলা বিস্তার করা হয়েছে। এটি দেখলে আবার মনে হয় সীতাকন্যা কি না! তার ঘোর দুঃখের সময় অপত্যস্নেহে পীড়িতা পৃথ্বীদেবী তাকে আশ্বাস দেবার জন্য যেন একটি হাত লঙ্কাদ্বীপে পাঠিয়েছেন।

সেখানে রামেশ্বর শিবের মন্দির দর্শন করে অনেক পুণ্যলাভ হবে। সেখান থেকে কাঞ্চী নামক পুরীতে গমন করে পবন সেখানে পঞ্চাসার তীর্থের দর্শন করে অন্তরতে গোদাবরী নদী পার করে উড়িষ্যায় স্থিত কলিঙ্গনগরে উপস্থিত হয়। সেখান থেকে যযাতিনগর হয়ে সুহ্মদেশ গমন করে কারণ সেখানে বিষ্ণু ও অৰ্দ্ধ-নারীশ্বর শিবের মন্দির অবস্থিত। সুহ্মদেশ থেকে হুগলী স্থিত ত্রিবেণীর দিকে যাত্রা করে কিছুটা এগিয়ে পবন লক্ষ্মণসেনের রাজধানী বিজয়পুরে পৌঁছায়।

কবি কাবেরী নদীর বর্ণনা করতে গিয়ে বলছেন — কাবেরী নদীর জল খুবই স্বচ্ছ এবং পবিত্র কারণ কেরল প্রদেশের সুন্দরীরা কাবেরী নদীতে স্নান করায় তাদের গায়ে লেগে থাকা চন্দন জলে ধুয়ে যায়। এই কারণে কাবেরী নদীর জল স্বচ্ছ বলে কবি কল্পনা করেছেন —

যা গঙ্গেব প্রকৃতিমুভগা জায়তে কেরলীনাং
কেলিস্নানে কুচমলয়জৈঃ পাণ্ডিমানং দধনা।
শখদগোত্রসবলনজনিতত্রাসলীলস্য স্নিগ্ধো-
ন্নদ্বীচিভ্রুশ্চরণপতনপ্রেমবাচাংরসজ্ঞা।।১৬।।[১৭]

পবনদূতে বর্ণিত মলয় পর্বত বর্তমানে নীলগিরি নামে জানা যায়। নীলগিরি পর্বতে আজও চন্দন বৃক্ষ পাওয়া যায়। কবি দ্বারা কল্পিত কনকনগরী এখানেই অবস্থিত এবং কাব্যের নায়িকা কুবলয়বতী এখান থেকেই পবনকে লক্ষ্মণসেনের কাছে বিজয়পুরে বার্তা পাঠিয়েছিলেন। এই পর্বত থেকে নিঃসৃত ঝরনার সাথে রামের অশ্রুর কল্পনা করে কবি বলেছেন —

স্নিগ্ধশ্যামং গুরুভিরূপলৈঃ পব্বতং মাল্যবন্তং
পশ্যেরুত্তম্ভিতমিব পুরঃ কেশপাশং পৃথিব্যাঃ।
তত্রাদ্যাপি প্রতিঝরজলৈর্জর্জরাঃ প্রস্থভাগাঃ
সীতাভর্তুঃ প্রভুতরশুচঃ সূচয়ন্ত্যশ্রুপাতাত্।।১৮।।[১৮]

পবনদূতে কবি গঙ্গার প্রবাহের সাথে নারীর আচরণ বিধির তুলনা করতে গিয়ে বলেছেন — যেমন ভাবে স্ত্রীরা হাতে দর্পণ নিয়ে বিভিন্ন দিক থেকে নিজের রূপ অবলোকন করে, কানে অলংকার ধারণ করে প্রিয়কে দেখায়, অত্যধিক প্রেম বশত চলে যাওয়া প্রিয়কে ধরে রাখার চেষ্টা করে সেরকম তীব্র প্রবাহের

দ্বারা ফেনা রূপ কাঁচ, তরঙ্গ রূপ হাত, হংসরূপ অলঙ্কারের কল্পনা করেছেন কবি। গঙ্গা অনবরত সমুদ্রের দিকে ছুটে চলেছে, যেন মনে হচ্ছে প্রিয় সমুদ্রের কেশ ধরে তাকে ধরে রাখার চেষ্টা করছে –

গঙ্গা ফেনস্তবকমুকুরং বীচিহস্তে বহন্তীং
সেবেথাস্তামথ পরিসরপ্রৌঢ়হংসাবতংসাম্।
প্রত্যাহত্য ব্রজতি জলধৌ প্রেয়সি প্রেমলীলা
কর্ত্তুং কেশগ্রহমিব ক্রিমপ্যুদ্বতা যা বিভাতি।।৩২।।[১৯]

প্রকৃতি বর্ণনার সাথে সাথে ধোয়ী বিরহ বর্ণনাও সুন্দর ভাবে ফুটিয়ে তুলেছেন। দূতকাব্যের উৎপত্তি বিরহ জনিত পৃষ্ঠভূমি থেকেই হয়েছে। কবি ধোয়ী এই বিরহকে পবনদূতে যথেষ্ট রূপে বর্ণিত করেছেন। এখানে স্বপ্নদর্শন, চিত্রদর্শনাদির বর্ণনা কবি করেছেন। কামের দশ অবস্থার বর্ণনাও কবি ফুটিয়ে তুলেছেন। ধোয়ীর বিবিধ অনুমানের দ্বারা নায়িকা কুবলয়বতীর বিরহ হৃদয়স্পর্শী হয়ে উঠেছে। কুবলয়বতীর বিরহ দশা বর্ণনা করতে গিয়ে কবি বলেছেন বিরহের কারণে কুবলয়বতী কামদেবের ধনুষ রেখা সদৃশ হয়ে গিয়েছেন অর্থাৎ তার শরীর অতিক্ষীণ হয়ে পড়েছে –

মুষ্টিগ্রাহ্যং কিমপি বিধিনা কুর্বতা মধ্যভাগং
মন্যে ৰালা কুসুমধনুষ নির্মিতা কার্মুকায়।
রাজন্নুচ্চৈর্বিরহজনিতক্ষামভাবং ৰহন্তী
জাতা সম্প্রত্যহহ সুতনু সা চ মৌর্বী লতেব।।৬৬।।[২০]

মেঘদূতে (উত্তরমেঘ) যক্ষ পত্নীর বর্ণনাতেও এমন দৃশ্য ফুটে উঠেছে –

আধিক্ষামাং বিরহশয়নে সন্নিষণ্ণৈকপার্শ্বাং
প্রাচীমূলে তনুমিব কলামাত্রশেষাং হিমাংশোঃ।
নীতা রাত্রিঃ ক্ষণ ইব ময়া সার্ধমিচ্ছারতৈর্যা
তামেবোষ্ণৈর্বিরহমহতীমশ্রুভির্যাপয়ন্তীম্।।৮৭।।[২১]

কবি ধোয়ী বিরহ অশ্রু প্রবাহের বর্ণনা করে পাঠকগণের হৃদয়স্পর্শী করে তুলেছেন "ভূয়োভূয়ঃ প্রবিশতি মনো দারুণে মন্মথাগ্নৌ"[২২](৮৩) ইত্যাদি শ্লোকের দ্বারা। বিরহে পীড়িত কুবলয়বতীর বিরহ দশা এমন হয়েছিল যে দিবসে যার সাথে দেখা হত না সেই প্রিয় রাত্রিবেলা স্বপ্নে দেখা দিত, আলিঙ্গন হত কিন্তু তার প্রিয় সেখানে উপস্থিত নেই ভেবে পরে লজ্জা অনুভব করত –

শান্তপ্রায়ে রজনিসময়ে কিঞ্চিদামীলিতাক্ষী
প্রাপ্য স্বপ্নে কথমপি পুরস্ত্বামতিপ্রৌঢ়রাগা
শ্লিষ্যন্তশ স্বাং তনুমনুপদং বিপ্রৰুদ্ধাথ ৰালা
লজ্জালোলং ৰলয়তি মুখং সা সখীনাং মুখেষু।।৭৬।।[২৩]

অনুরূপ ভাবে মেঘদূতের উত্তরমেঘে দেখা যায়,

শেষান্ মাসান্ বিরহদিবসস্থাপিতস্যাবধের্বা
বিন্যস্যন্তী ভুবি গণনয়া দেহলীদত্তপুষ্পৈঃ।
মৎসঙ্গং বা হৃদয়নিহিতারম্ভমাস্বাদয়ন্তী
প্রায়েণৈতে রমণবিরহেষ্বঙ্গনানাং বিনোদঃ।।৮৪।।[২৪]

মেঘদূত অবলম্বনে পবনদূত রচনা হলেও ধোয়ী স্বকীয়তা বজায় রেখেছেন যা রচনাটিকে অভিনবত্ব

প্রদান করে। ধোয়ী কৃত পবনদূতের নায়ক মানব জাতি, গৌড়দেশের ঐতিহাসিক রাজা এবং নায়িকা মলয় পর্বত থেকে বার্তা প্রেরণ করছেন, কিন্তু কালিদাস কৃত মেঘদূতের নায়ক যক্ষ জাতির, নিজ কর্তব্য পালন না করায় নিজ পত্নী থেকে বিযুক্ত হয়ে রামগিরি পর্বত থেকে বার্তা প্রেরণ করেছেন। কালিদাসের দূত উচ্চকুলের মেঘ (পূ.মে. ৬)[২৫] এবং তার সখা তথা পত্নী বিদ্যুত্ কিন্তু ধোয়ীর দূত মলয় পবন, যিনি "প্রাণা সকলজগতাং"[২৬] (প.দূ. ৪)। মেঘদূতে নায়ক নায়িকা উভয়ই বিরহে পীড়িত কিন্তু পবনদূতে নায়িকা কেবল বিরহে পীড়িত। মেঘদূতে মেঘ আষাঢ় মাস থেকে দূত কার্য শুরু করে, কিন্তু পবনদূতে পবন বসন্ত ঋতু থেকে দূত কার্য শুরু করে। পবনদূতে ধোয়ী শিব তথা পার্বতীর সাথে লক্ষ্মী ও বিষ্ণুর আরাধনা করেছেন, কিন্তু কালিদাস মেঘদূতে কেবল শিব ও পার্বতীর আরাধনা করেছেন। ধোয়ী পবনদূত গ্রন্থের অমরত্ব কামনা করেছেন কিন্তু কালিদাস তা করেন নি।

**আলঙ্কারিক বিশ্লেষণ :**

**রস :** মেঘদূতের ন্যায় পবনদূতেরও প্রধান রস শৃঙ্গার-রস। এখানে নায়ক-নায়িকাদি আলম্বন বিভাব, উপবন-মালা-বসন্ত ঋতু প্রভৃতি উদ্দীপন বিভাব, কটাক্ষাদি অনুভাব এবং লজ্জা-উৎসুক্যাদি ব্যভিচারী ভাব। স্থায়িভাব রতি। পবনদূতে আদ্যোপ্রান্ত শৃঙ্গার রসের প্রয়োগ পাওয়া যায়। কাব্যের প্রারম্ভেই সম্ভোগ শৃঙ্গারের প্রয়োগ দেখতে পাওয়া যায়। পবনদূতের দ্বিতীয় শ্লোকেই দেখা যাচ্ছে কোমলাঙ্গী গন্ধর্ব কন্যা কুবলয়বতী লক্ষ্মণসেনকে অর্থাৎ নায়ককে দেখা মাত্রই কামদেবে বশীভূত হয়েছেন –

তাস্মিন্নেকা কুবলয়বতী নাম গন্ধর্বকন্যা
মন্যে জৈত্রং মৃদু কুসুমতোঽপ্যায়ুধং যা স্মরস্য।
দৃষ্টা দেবং ভুবন বিজবে লক্ষ্মণং ক্ষৌণিপালম্
বালা সদ্যঃ কুসুমধনুষঃ সংবিধেয়ীবভূব।।২।।[২৭]

বিজয়পুরের স্ত্রীদের বর্ণনাকালে কবি পবনদূতে খুব সূক্ষ্মরূপে সম্ভোগ শৃঙ্গারের চিত্র উপস্থাপন করেছেন–

ক্রীড়ন্তীনাং পয়সি রভসাতত্র লীলাবতীনাং
বীচিহস্তৈ রচয় কুবয়ীরংশুকস্রংসনানি।
সদ্যস্তাসামপি চ রমণালোকনব্যাকুলানাং
যান্তু ক্রীড়ামসণাহসিতান্যুত্তরীয়াঞ্চলত্বম্।।৩৫।।[২৮]

সম্ভোগ শৃঙ্গারের থেকে বিপ্রলম্ভ শৃঙ্গারের বর্ণনা পবনদূতে বেশি চিত্রিত হয়েছে। মাল্যবান পর্বতের ঝরনার জলে জর্জরিত স্থান সীতাপতির শোকের সাথে যুক্ত অশ্রুপাতের সূচনা করে –

স্নিগ্ধশ্যামং গুরূভিরূপলৈঃ পব্বতং মাল্যবন্তং
পশ্যেরূত্তম্ভিতমিব পুরঃ কেশপাশং পৃথিব্যাঃ।
তত্রাদ্যাপি প্রতিঝরজলৈর্জর্জরাঃ প্রস্থভাগাঃ
সীতাভর্ত্তুঃ প্রভুতরশুচঃ সূচয়ন্ত্যশ্রুপাতাত্।।১৮।।[২৯]

বিরহে পীড়িত সুন্দরীদের তার প্রিয়জনের প্রতি প্রেমপত্র লেখার জন্য কোথাও যাবার দরকার হতো না। বিরহে উৎপন্ন কাজল যুক্ত অশ্রুজল দিয়ে তারা পত্র লিখতো। কর্ণের ভূষণ কমলতন্তু দিয়ে পত্র বাঁধতো এবং সিঁদুর দিয়ে মুদ্রা অঙ্কন করতো –

আত্তং কর্ণাত্ প্রণিহিতপদং সাঞ্জনৈরশ্রুলেশৈ
র্বদ্ধং তাপগ্লাপিতবিসিনীতন্তুনা বন্ধনেন।

যত্র স্ত্রীণামধররুচকন্যস্তসিন্দূর মুদ্রং
তালীপত্রং প্রণয়নী জনে প্রেমলেখত্বমেতি।।৪০।।[৩০] (প.দূ.)

পবনদূতে মূলত বিপ্রলম্ভ শৃঙ্গারের বর্ণনা বেশি পাওয়া গেলেও অন্যান্য রসের অর্থাত্ করুণ, বীর, শান্তাদি রসের প্রয়োগও দেখতে পাওয়া যায়। যেমন করুণ রসের প্রয়োগ দেখা যায় শত্রুনগরীর দৃশ্য বর্ণনাকালে —

বদ্ধাক্রন্দা বিহগরুদিতৈর্বিভ্রতী চৈতসীব
ক্রীড়াগারে সুচিরলিখিতামাকৃর্তিং বল্লভস্য।
প্রৌড়াগারে যদরিনগরী সৌধসঞ্জাতদূর্বা-
জালব্যাজাদলকপদলীং দুরনম্রাং বিভর্ত্তি।।৫৮।।[৩১]

পবনদূতের শেষে কবি বৈরাগ্যের মাধ্যমে শান্ত রসের প্রয়োগ করতে গিয়ে বলেছেন —

কীর্ত্তির্লব্ধা সদসি বিদুষাং শীতলক্ষৌণিপালা
বাক্সন্দর্ভাঃ কতিচিদমৃতস্যন্দিনো নির্মিতাশ্চ।
তীরে সম্প্রত্যমরসরিতঃ ক্বাপি শৈলোপকণ্ঠে
ব্রহ্মাভ্যাসে প্রয়তমনসা নেতুমীহে দিনানি।।১০৪।।[৩২]

অলঙ্কার :

ধোয়ীকৃত পবনদূতের অনুশীলন করলে দেখা যাবে উক্ত গ্রন্থে রূপক, উপমা, উৎপ্রেক্ষা, নিদর্শনা ইত্যাদি অলঙ্কারের প্রয়োগ হয়েছে। কিন্তু কবি উৎপ্রেক্ষা অলঙ্কারের প্রয়োগ সর্বাধিক করেছেন। কবিরাজ আচার্য বিশ্বনাথ তার সাহিত্যদর্পণ গ্রন্থে দশম পরিচ্ছেদে উৎপ্রেক্ষা অলঙ্কারের লক্ষণ নির্ণয় করতে গিয়ে বলেছেন—

ভবেত্ সম্ভাবনোৎপেক্ষা প্রকৃতস্য পরাত্মনা ।৫৭।

অর্থাৎ, প্রবল সাদৃশ্যবশতঃ যদি উপমেয়ের উপমানরূপে প্রায় নিশ্চিত ধারণা হয়, তাহলে তা উৎপ্রেক্ষা অলঙ্কাররূপে পরিগণিত হয়।

ক্রীড়াশৈলং ভুজগনগরীযোষিতাং কৌতুকশ্চেৎ
সেতুঃ যাযা জলধিকারিণ শৃঙ্খলাদাম দীর্ঘম্।
ভাতি স্নেহাদবনিতনয়া জীবনা শ্বাসহেতো
র্লঙ্কাদ্বীপং প্রহিত ইব যো বাহুরেকঃ পৃথিব্যাঃ।।১০।।[৩৩]

নায়িকা পবনকে বলেছে যদি দৃশ্য দেখতে চাও সেতুবন্ধ চলে যেও। ঐ সেতু দেখে মনে হবে যেন কন্যা সীতা। যাকে রাবণ অপহরণ করেছেন, পতিহীন, শোকাকুল জেনে মা পৃথিবী ধৈর্য্য রাখার জন্য হাত বাড়িত দিয়েছেন। মেয়ের জন্য মায়ের ব্যাকুলতা এখানে সুন্দর ভাবে ফুটে উঠেছে। এখানে 'প্রহিত' অর্থাৎ ধারণ হল উপমান এবং বাহু হল উপমেয়। সীতা লঙ্কাদ্বীপকে ধরে নেই, কিন্তু পৃথিবীর কন্যা হওয়ার জন্য তিনি যেন লঙ্কাদ্বীপকে ধরে আছেন। তাই সাদৃশ্যবশতঃ উপমেয়ের উপমানরূপে ধারণা হওয়ায় এখানে উৎপ্রেক্ষা অলঙ্কার হয়েছে।

কবি ধোয়ী অলঙ্কারের প্রয়োগে কুশলতার পরিচয় দিয়েছেন এবং কাব্যের প্রবাহে কোনরকম বাধা উৎপন্ন হয়নি। এছাড়াও উপমা (প.দূ. ১৬), অর্থান্তরন্যাস (প.দূ. ৪), অপহ্নুতি (প.দূ. ২৯) ইত্যাদি অলঙ্কারেরও সংক্ষিপ্ত ব্যবহার করে কাব্যের শ্রীবৃদ্ধি করেছেন।

**ছন্দ :** মেঘদূতের ন্যায় ধোয়ী তার কাব্যও মন্দাক্রান্তা ছন্দেই রচনা করেছেন। কারণ বিরহের বর্ণনা

মন্দাক্রান্তা ছন্দেই সুন্দর রূপে ফুটিয়ে তোলা যায় —

চেতোবৃত্তিঃ স্ফুরিত করুণা বিপ্রযোগে বিরাগঃ
কোপাবেশঃ কুসুমবিশিখে নিত্যমাত্মন্যবজ্ঞা।
ইত্থং স্বাঙ্কে স্থিতমিব সমালম্ব্য চিত্তা বরাকো
ত্বয্যে কান্তাস্থিরবিরচিতং ভাবমাবিষ্করোতি।।৭৯।।[৩৪]

উপরি উক্ত শ্লোকে ১৭টি অক্ষর আছে এবং তার গণ যথাক্রমে ম, ভ, ন, ত, ত, গ, গ হয়েছে। যতি ৪, ৬, ৭ অক্ষরের পর হয়েছে। গঙ্গাদাস ছন্দোমঞ্জরী গ্রন্থে মন্দাক্রান্তা ছন্দের লক্ষণ করতে গিয়ে বলেছেন —

মন্দাক্রান্তাম্বুধিরসনগৈর্মো ভনৌ তৌ গ যুগ্মম্।

অর্থাৎ, ম, ভ, ন, ত, ত, গ, গ এই সাতটি গণ এবং অম্বুধি অর্থাৎ ৪, রস অর্থাৎ ৬, নগ অর্থাৎ ৭ অক্ষরের পর যতি হবে। লক্ষণানুসারে উপরি উক্ত শ্লোকটি মন্দাক্রান্তা ছন্দ হয়েছে।

**উপসংহার :**

মেঘদূত রচনার পর দূতকাব্যের ইতিহাসে যে পরম্পরার জন্ম হয়েছে ধোয়ী বিরচিত পবনদূত তাতে আরও একমাত্রা যোগ করেছেন তাতে কোন সন্দেহ নেই। মেঘদূত অবলম্বনে রচিত হলেও ধোয়ী পবনদূতে স্বকীয়তা বজায় রেখেছেন। কবি পবনদূতে একপক্ষীয় বিয়োগের সুন্দর এবং হৃদয়গ্রাহী বর্ণনা করেছেন। পবনদূতে প্রকৃতি ও বিয়োগ বর্ণনায় এক অপূর্ব প্রতিভার পরিচয় দিয়ে কবিরাজ উপাধিকে সার্থক করেছেন এবং কবি কল্পনা দিয়ে রচিত পবনদূতকে সাহিত্যজগতে অমর করেছেন। মেঘদূতের ন্যায় ধোয়ী দূতের যাত্রাপথের বর্ণনা করলেও তা কবির মৌলিক কল্পনা। পবনদূতে বর্ণিত অন্ধ্রদেশ, উরগপুর, কলিঙ্গনগর, কাঞ্চী, পাণ্ড্যদেশ প্রমুখ স্থলের এবং কাবেরী, গঙ্গা, গোদাবরী, তাম্রপর্ণী, রেবা প্রমুখ নদীর বর্ণনায় পবনদুতকে চিত্তাকর্ষক করে তুলেছে। দূতকাব্যে বিরহ বর্ণনা যেন কাব্যের মেরুদণ্ড কিন্তু তার সাথে সাথে পবনদূতের মহত্ত্ব সৃষ্টি করেছেন কবি প্রকৃতি বর্ণনায় এবং গঙ্গার প্রবাহের সাথে নারীর আচরণের তুলনা করে ও নায়িকার তনুর কৃশত্ব বর্ণনার জন্য মদনদেবের ধনুষের ব্যবহার করে সৌন্দর্যকে এক অন্য মাত্রা দিয়েছেন। উপমার জন্য কালিদাসের খ্যাতি সর্বজনবিদিত কিন্তু কবি ধোয়ী যেন উপমাকে ভিন্ন মাত্রা দিয়ে তাঁর কাব্যকে মহনীয় করে তুলেছেন। প্রাঞ্জল ভাষা, রস ও অলঙ্কারের প্রয়োগে কবি কাব্যটিকে দর্শকের কাছে মনোহারী করে তুলেছেন, সেইজন্য মেঘদূত অবলম্বনে রচিত দূতকাব্যগুলির মধ্যে পবনদূতকে সর্বশ্রেষ্ঠ বলে মনে করা হয়।

**উল্লেখপঞ্জি :**


১ গুরুনাথ বিদ্যানিধি (সম্পা.), সাহিত্যদর্পণ, পৃ. ৩৬১।
২ তদেব, পৃ. ৩৬৪।
৩ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পবনদূত, পৃ. ৮০।
৪ তদেব, শ্লোক ২।
৫ তদেব, শ্লোক ১০৪।
৬ গুরুনাথ বিদ্যানিধি (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ১০২ ।
৭ তদেব, পৃ. ১০৩।

৮ তত্রৈব।

৯ হর্ষচরিত, তৃতীয় উচ্ছ্বাস।

১০ সুশীল কুমার দে (সম্পা.), দি মেঘদূত অফ কালিদাস, পৃ. ৮১।

১১ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা), পূর্বোক্ত, পৃ. ৪৭।

১২ তদেব, পৃ. ৪৮ ।

১৩ তত্রৈব।

১৪ সুশীল কুমার দে (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ৮১।

১৫ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ৪৯।

১৬ তত্রৈব।

১৭ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ৫২।

১৮ তদেব, পৃ. ৫২।

১৯ তদেব, পৃ. ৫৭।

২০ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ৬৯।

২১ সুশীল কুমার দে (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ১০৮।

২২ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ৭৪।

২৩ তদেব, পৃ. ৭১।

২৪ সুশীল কুমার দে (সম্পা.), পূর্বোক্ত, পৃ. ১০৭।

২৫ তদেব, পৃ. ৮১।

২৬ চিন্তাহরণ চক্রবর্তী (সম্পা.), পূর্বোক্ত, পৃ ৪৮।

২৭ তদেব, পৃ. ৪৭।

২৮ তদেব, পৃ. ৫৮।

২৯ তদেব, পৃ. ৫২।

৩০ তদেব, পৃ. ৬০।

৩১ তদেব, পৃ. ৬৬।

৩২ তদেব, পৃ. ৮১।

৩৩ তদেব, পৃ. ৪৯।

৩৪ তদেব, পৃ. ৭৩।

## Select Bibliography

Banerji, S. C. A Companion to Sanskrit Literature. Delhi/Varanasi/Patna: MLBD, 1971.

Bharata. Nāṭyaśāstra. Ed. M. Ramakrishna Kavi. With Abhinavagupta's comm. Vols. 1, 2. Baroda (now Vadodara): ORI, 1926,1928 (GOS 36,38).

___. Ed. with Eng. trans. Manomohan Ghosh. The Nāṭyaśāstra. Vols. 1-2. Calcutta (now Kolkata): Manisha Granthalaya Pvt. Ltd., 1995. (2nd rev. ed.; 1st ed. 1961).

___. Ed. and Beng. trans. Suresh Chandra Banerji and Chanda Chakraborty. Bharata Nāṭyaśāstra. 4 vols. Kolkata: Navapatra Prakasan, 2014 (6th rpt. of 1st ed. 1980) (vol. 1); 2015 (4th rpt. of 1st ed. 1982) (vol. 2); 2015 (5th rpt. of 1st ed. 1982) (vol. 3); 2014 (5th rpt. of 1st ed. 1995) (vol.4).

Chaudhuri, J. B. Baṅgīya Dūtakāvyasāhityasya Itihāsa. Calcutta (now Kolkata): Prācyavānī, 1953.

Dasgupta, S. N. / De, S. K. A History of Sanskrit Literature. Classical Period. Vol. 1. Calcutta (now Kolkata): University of Calcutta, 1977. (Rpt. of 1st ed. 1947).

Dey, S. K. History of Sanskrit Poetics. Calcutta (now Kolkata): Firma KLM, 1960. (Rev. 2nd ed.; 1st ed. 1956).

Dhanañjaya. Daśarūpaka. Ed. with Eng. trans. and intro. George C. O. Hass. The Daśarūpa A Treatise on Hindu Dramaturgy. Gen. ed. A. V. Williams Jackson. New York: Columbia University Press, 1912. (Columbia University Indo-Iranian Series 7).

Dhoyī. Pavanadūta. Ed. Cintāharaṇa Cakravartī. Calcutta (now Kolkata): Sanskrit Sahitya Parishad, 1926.

Encyclopaedia of Indian Literature. Chief. ed. Amaresh Datta. Vols. 2, 3. Delhi: Sahitya Akademi, 2005. (4th rpt. of vol. 2; 1st ed. 1988), 2003 (3rd rpt. of vol. 3; 1st ed. 1989).

Kālidāsa. Meghadūta. Ed. Sushil Kumar De. The Megha-Dūta. New Delhi: Sahitya Akademi, 1937.

—. Ed. Parvaticharan Bhattacharyya with Beng. trans. and Sans. comm. Sañjīvanī. Meghadūta Paricaya. Kolkata: Sanskrit Puṣtak Bhandar, 1418 BY.

Keith, A. B. Classical Sanskrit Literature. Calcutta (now Kolkata): Association Press, 1923.

—. The Sanskrit Drama. London: Oxford at the Clarendon Press, 1924.

Krishnamachariar, M. History of Classical Sanskrit Literature. Delhi/Varanasi/Patna: MLBD, 1974. (3rd ed.; 1st ed. Madras: Tirumalai-Tirupati Devasthanams Perss, 1937).

Macdonell, Arthur A. A History of Sanskrit Literature. New Delhi: Munshiram Mohanlal, 1972. (3rd ed.; 1st ed. 1899).

Viśvanātha. Sāhityadarpaṇa. Ed. E. Roer. The Mirror of Composition. With Eng. trans. Jemes

R. Ballentyne / Pramadadasa Mitra. Calcutta (now Kolkata): Royal Asiatic Society of Bengal, 1851. (Bibliotheca Indica Series no. 9).

—. Ed. Haridāsasiddhāntavāgīśa-Bhaṭṭācārya, with the Sans. comm. kusumapratimā. Kolkata: Sanskrit Book Depot, 1875 ŚY. (5th ed.; rpt. of 1st ed. 1841 ŚY).

—. Ed. Gurunāthavidyānidhi with Sans. comm. Sāhityadarpaṇa-vivṛti of Rāmacaraṇa-Tarka-vāgīśa. Kolkata: Sanskrit Book Depot, 1371 BY. (1st ed. 1838 ŚY).

# आर्यासप्तशत्यां गोवर्धनाचार्यस्य काव्यतत्वविषयकं विमर्शणम्

आदित्य नारायन वर्मन

**विषयसारः-** गोवर्धनाचार्येण विरचितं आर्यासप्तशती इति मुक्तककाव्यं सामान्यतः शृंगारकाव्यरूपेणैव प्रसिद्धमिति। यद्यपि काव्येऽस्मिन् अधिकांशे नरनार्योः मिलन-विरहजनितदुःखं, परकीया, पुरुषानां लाम्पट्यं, वारवनितानां प्रति आसक्तिः, सपत्नीं प्रति ईर्षा प्रभृतयः वर्णितोऽस्ति किन्तु आरम्भव्रज्यायां कतिपयेषु मुक्तकेषु प्रमुखानां देवानां काव्यकर्तृनाञ्च प्रशस्तिः, अपि च काव्यतत्वविषयकं आलोचनमपि अस्ति। तत्र उत्कृष्टकाव्यकरणाय शब्दार्थानां, शब्दालंकारानां, रसगुणव्यञ्जनायाः च माहात्म्यं किम्प्रकारकमिति विषये अस्ति चर्च्चनम्। आरम्भव्रज्यायां काव्यतत्वविषये गोवर्धनाचार्यस्य विचारस्य मूल्यायणमेव लघुशोधपत्रस्यास्य सारः।

**सूचक-शब्दः-** आर्यासप्तशती, गोवर्धनाचार्यः, काव्यतत्वम्, वर्णसंघटना, शब्दालंकारः, रसः, गुणः व्यञ्जना।

काव्ये शब्दप्रयोगविषये गोवर्धनेन उक्तं बन्धविशेषशाली वर्णसंघटना वा भवेन्न कर्कशा न वा ग्राम्याः

काव्यस्याक्षरमैत्रीभाजो न च कर्कशा न च ग्राम्याः।
शब्दा अपि पुरुषा अपि साधव एवार्थबोधाय॥[1]

यतो हि अर्थबोधाय प्रतिबन्धकतावशात्प्रायशः असौकुमार्यः काठिन्यं वा रसापकर्षकत्वं भजते, अतः काव्ये शब्दगतकाठिन्यं परिहारयेदिति वक्तव्यम् अपि च जनपदसुखबोध्यौ शब्दार्थौ एव काव्यविद्भिः अधिकं रोचेते। भामहः काव्यस्य षड् दोषेषु क्लिष्टत्वं गूढशब्दाभिधानञ्च स्वीकरोति।[2] तत्र साधुशब्दानां प्रयोगोऽपि अपेक्षते असाधुज्ञानेन अर्थबोधप्रतिबन्धकत्वात्। काव्यप्रयोजनेषु चतुर्वर्गफलप्राप्तेरपि (धर्मार्थकामकोक्षानां) अन्तर्भावोऽस्ति। अपरपक्षतः महर्षिना पतञ्जलिना उक्तं — 'एको शब्दः सम्यग्ज्ञातः सुप्रयुक्तः स्वर्गे लोके च कामधुग् भवति।, शास्त्रपूर्वकं यः शब्दान् प्रजुंक्ते सोऽभ्युदयेन युज्यते।'[3] किन्तु असाधुशब्दप्रयोगात् श्रवणाद्वा कथं नरः स्वर्गत्वमाप्नोति? इति हेतोः काव्ये शब्दस्य साधुत्वमपि अपेक्षते। सुकुमारतावशाज्जथा रसोद्बोधाय अनुकूलत्वात् काव्यमनायासेनैव ब्राह्मास्वादसहोदरानन्दं ददाति तथैव साधुशब्दप्रयोगात् श्रवणाद्वा परमाराध्यं मोक्षमपि लभन्ते नरः। काव्ये शब्दयोजनाप्रसंगेन आचार्येण भामहेनोक्तं — 'मालाकारो यथा सुरभि कुसुमान् उचितस्थानसन्निवेशात् स्रजं कमनीयरूपं ददाति तथैव कवयोऽपि प्रयोगयोग्यान् शब्दान् विनिविश्य काव्यमास्वादयोग्यं कुर्वन्ति।'[4] एतत्प्रसंगेन ध्वनिकारेण आनन्दवर्धेनेनोक्तं—

वाच्यानां वाचकानां च यदौचित्येन योजनम्।
रसादिविषयेणैतत्कर्म मुख्यं महाकवेः॥[5]

'अयमेव हि महाकवेर्मुख्यो व्यापारो यद्रसादीनेव मुख्यतया काव्यार्थीकृत्य तद्व्यक्त्यनुगुणत्वेन शब्दानामर्थानां चोपनिबन्धनम्।'[6]

रसप्रदीपिका-टीकायामपि उक्तं ... 'नच कर्कशाः रसापकर्षका यथा शृंगाररसे टवर्गादयः वीररसे तद्भिन्नाः शब्दाः कर्कशादुर्योज्यास्तद्भिन्नाः।'[7]

काव्ये रसप्रसंगेन भरतेनोक्तं — 'न हि रसादृते कश्चिदर्थः प्रवर्तते।[8] किन्तु कस्तावत् काव्यस्य मुख्यः रसः एतत्प्रसंगेन संस्कृतालंकारिकेषु मतवैचित्र्यं प्रायशः दृश्यते। रसप्रस्थानस्य प्राचीनाचार्येन भरतेन रसचतुष्टयं (शृंगारो, रौद्रः, वीरो

वीभत्सश्च) स्वीकृतम्।'[9] अभिनवगुप्तमते — 'तेन रस एव वस्तुत आत्मा, वस्त्वलंकारध्वनी तु सर्वथा रसं प्रति पर्यवस्येते...।'[10] तस्य मते शान्तः एव मुख्यः सकलरसस्य शान्ते पर्यावसानत्वात्। अपरपक्षतः नारायणपण्डितस्य (विश्वनाथकविराजस्य प्रपितामहः) मते अद्भुतो, भवभूतिमते करुणो, वैष्णवसम्प्रदायमते तु भक्तिरसो एव प्रधानो। तथैव शृंगारप्रकाश-कारस्य भोजराजस्य मतानुसारं शृंगारो एव मुख्यः।[11]

संस्कृतालंकारिकैः अङ्गीकृतेषु विविधकाव्यरसेषु कविः गोवर्धनाचार्योऽपि शृंगारमधिकगुरुत्वं दत्तवान् । काव्ये रसस्य उपयोगिता प्रसंगेन गोवर्धनेनोक्तं —

रतरीतिवीतवसना प्रियेव शुद्धापि वाङ्मुदे सरसा।
अरसालंकृतिरपि न रोचते शालभञ्जीव।।[12]

अत्र 'वीतवसना' इत्यनेन उत्कृष्टवस्त्रहीना इति बोध्यते। कामक्रीडायां नायिकायाः कामभावः एव मूख्यः तत्र वस्त्रसौन्दर्यं गौणः। एवमेव काव्ये रसो एव मूख्यविषयः तत्र शब्दालंकारः गौणः। अतः कविः रसं प्रति यत्नवान् भवेत्। तस्य मते कटककुण्डलनूपुररहिता, अनुज्ज्वलवस्त्रा, पदविन्यासे (मिलनोद्वेगवशात्) स्खलिताऽपि नायकं प्रति रतिभावसम्पन्ना अभिसारिकायाः मधुरकोमला उक्तिर्यथा नायकस्य मनो हरति तथैव अनुप्रासादि शब्दालंकारशून्या, अनुज्ज्वला (औज्ज्वल्यं नाम काव्यगुणास्तद्रहिता), व्याकरणासिद्धपदैर्निवेशोऽपि उत्कृष्टशृंगाररसात्मिका सूक्तिः अभिसारिकेव पाठकान् सुखयति।[13]

आनन्दवर्धनस्य मतेऽपि सर्वरसेभ्यः शृंगारो एव कमनीयः 'शृंगाररसो हि सांसारिकानां नियमेनानुभवविषयत्वात् सर्वरसेभ्यः कमनीयतया प्रधानभूतः।'[14]

गोवर्धनो गुणेषु प्रसादं स्वीकरोति। काव्यस्य गुणप्रसंगेन गोवर्धनस्य वक्तव्यं खलु —

अन्तर्गुढानर्थानव्यञ्जयतः प्रसादरहितस्य।
सन्दर्भस्य नदस्य च न रसः प्रीत्यै रसज्ञानाम्।।[15]

प्रसादप्रसंगेन आचार्येण वामणेनोक्तं — 'अर्थवैमल्यं प्रसादः। अर्थस्य वैमल्यं प्रयोजकमात्रपरिग्रहः प्रसादः'[16] इति। प्रसादगुणेन शब्दस्य अर्थबोधः झटित्येव जायते। अतः मम्मटेनोक्तं —

श्रुतिमात्रेण शब्दानां येनार्थप्रत्ययो भवेत्।
साधारणः समग्रानां स प्रसादो गुणः स्मृतः।।[17]

विश्वनाथोऽपि मम्मटस्य मतं स्वीकृतवान्। तस्य मते प्रसादो सर्वरसाश्रयः।[18] काव्ये ओजप्रभृतिभिः गुणैः रसभंगस्य आशंका अस्ति। यतो हि काव्यरसो देवलोकादारभ्यः मनुष्यलोकेष्वपि व्यवस्थितः, स्वल्पबुद्धिभिर्नैर्यतो अनायासेनैव काव्यरसमास्वाद्यन्ते अतः प्रसादो एव युक्तिनिष्ठः इति गोवर्धनकवेराशयः। किन्तु आनन्दवर्धनादिनां आलंकारिकानां मते शृंगारे सुकुमारता प्रयोगार्हा। आनन्दवर्धनेन ध्वन्यालोके वैशद्येन व्याख्यातमिदम्। तेनोक्तं —

विरोधमविरोधं च सर्वत्रैत्थं निरुपयत्।
विशेषतस्तु शृंगारे सुकुमारतमा ह्यसौ।।[19]

तत्र कारणप्रसंगेनोक्तं — ... 'विशेषतस्तु शृंगारे। स हि रतिपरिपोषात्मकत्वाद् रतेश्च स्वल्पेनापि निमित्तेन भंगसम्भवात्सुकुमारतमः सर्वेभ्यो रसेभ्यो मनागपि विरोधिसमावेशं न सहते।'[20]

शृंगारे पुनः माधुर्यमेव इति केषुचित्। तत्र काव्यपठनात् सहृदयचित्ते द्रवीभावमयो ह्लादः एव माधुर्यम्। अयं भावः सम्भोगविप्रलम्भयोरेव प्रकाश्येते। अतः शृंगारे स्वाभाविकतया माधुर्यगुणम्।

वस्तुतस्तु विगुणोऽपि काव्यं सहृदयं नन्दयति किन्तु काव्यकर्तृभिर्यदि एतत्प्रतीयते यत् काव्ये गुणस्य प्रयोगमपेक्षते तर्हि (विशेषतया शृंगारकाव्ये) प्रसादं माधुर्यं वा प्रयुज्येत् नचेत् गुणमवलम्ब्य बहुदोषाः उत्पद्यन्ते इति गोवर्धनस्य वक्तव्यम्।[21]

आर्यासप्तशत्यां (आरम्भव्रज्यायामेव) बहुभिः आर्याभिः गोवर्धनेन अंगीकृतं यद्गुणरीत्यलंकारानां प्रयोगैर्यदि काव्यस्य उपादेयत्वं वर्धते तर्हि ते ग्राह्यत्वमाप्नुवन्ति किन्तु अन्तःसारशून्यैः वहिःमण्डनैः केवलं काठिन्यमुत्पद्यते बुधैरपि हास्यास्पदं स्यादीदृशं काव्यम्। व्यंगार्थविषयेऽपि गोवर्धनो तदुक्तवान्। कृत्रिमबन्धैः, क्रुरशब्दैः, शब्दालंकारैश्च वाच्ये चमत्कारित्वमपि यत्काव्यं प्रतीयमानार्थं व्यंगं वा न प्रकाशयति तत्काव्यं विद्वज्जनमानन्दं दातुं नार्हति। एतत्प्रसंगेन तेन मञ्जीरमुदाहृतम्। पदग्रहपरमपि शिञ्जितशून्यः मञ्जीरः यथा केवलं हृदयं क्लेशयति, न तु श्रुतिं नन्दयति तथैव अनुप्रासादिभिरलंकारैः मण्डितोऽपि व्यंगार्थशून्यत्वात् काव्यं सहृदयहृदयं मदयति किन्तु आनन्दं न दातुमर्हति।[22] सुरतवेलायां शिञ्जितं काममुद्दिपयति किन्तु शिञ्जितविहीनो मञ्जीरो अत्यन्तसंकुलतया हृदयं मथ्नाति। अनुप्रासादयो काव्यस्य चमत्कारित्वं वर्धयतीति ध्रुवं किन्तु तत्र व्यंगार्थः प्रतीयमानार्थोऽपि वा अपेक्षते नचेत् अहेतुककाठिन्येन रसापकर्षकत्वं भवति। वस्तुतस्तु शिञ्जितविहीनो मञ्जीरो यथा सुरतवेलायां परिहार्यः तथैव कावेऽपि व्यंगार्थशून्यः शब्दालंकृतिः परिहारयेदित्याशयः कवेः। अत्र श्लोके आनन्दवर्धनस्य ध्वनिवादस्य आभासो अस्ति। आनन्दवर्धनस्य मते नारीनां प्रसिद्धावयवसंस्थान-कटककुण्डलादिर्व्यतिरिक्तं लावण्यमिव काव्येष्वपि प्रतीयमानार्थः।[23] तत्रभवता आनन्दवर्धनेन ध्वनिलक्षणं कृतं —

यत्रार्थः शब्दो वा तमर्थमुपसर्जनीकृतस्वार्थौ।
व्यंक्तः काव्यविशेषः स ध्वनिरिति सूरिभिः कथितः।। [24]

कविः पाठकश्च युगपदेव सहृदयः भवेदिति आलंकारिकैः स्वीकृतम्। लोचनकारः सहृदयलक्षणं कृतवान् — 'येषां काव्यानुशीलनाभ्यासवशाद्विशदीभूते मनोमुकुरे वर्णनीयतन्मयीभवनयोग्यता ते स्वहृदयसंवादभाजः सहृदयाः'[25] इति। कविर्यथा सहृदयभावेन वर्ण्यविषयं शब्दार्थाभ्यां सुचारुरूपेन वर्णयति तथा सहृदयपाठकाश्चैव काव्यरसं आस्वादयन्ति। एतत्प्रसंगेन भट्टनायकेनोक्तं — 'नायकस्य कवेः श्रोतुः समानोऽनुभवस्ततः।'[26] अतः क्रौञ्चमिथुनस्य वियोगजनितदुःखात् आदिकवेर्मुखात् पद्यात्मकश्लोकः निर्गतः

काव्यस्यात्मा स एवार्थस्तथा चादिकवेः पुरा।
क्रौञ्चद्वन्द्ववियोगोत्थः शोकः श्लोकत्वमागतः ।।[27]

रामायण-काव्यं पठित्वा श्रुत्वा वा राम-सीतायाः विरहेन वयमपि तथैव दुःखम् (काव्यरसास्वादने तु आनन्दमेव) अनुभवामः। कवित्ववीजरूपो संस्कारो, लोकशास्त्रानां ज्ञानं, पुनः पुनः अभ्यासश्चेति विषयानां समवेतत्वे सति काव्यं प्रसरति।[28] पण्डितराजजगन्नाथस्य मते काव्यस्य हेतुस्तु केवला प्रतिभा। अत्रापि अध्याहारादिक्रमेण प्राक्तनजन्मसिद्धा प्रतिभायाः अभ्याससिद्धा प्रतिभायाश्च अन्तर्भावो दृश्यते। राजशेखरः प्रतिभायाः लक्षणप्रसंगेन उक्तवान् — 'या शब्दग्राममर्थसार्थमलंकारतन्त्रमुक्तिमार्गमन्यदपि तथाविधमधिहृदयं प्रतिभासयति सा प्रतिभा। अप्रतिभस्य पदार्थसार्थः परोक्ष इव। प्रतिभावतः पुनरपश्यतोऽपि प्रत्यक्ष इव।'[29] अतः अस्मिञ्जन्मनि जन्मान्तरेऽपि वा लब्धप्रतिभा अदृष्टमपि दृष्टवद्वर्णयितुं पारयति।

गोवर्धनाचार्योऽपि श्लेषेनोक्तवान् अस्मिन्काव्ये विषयमिदम्। यो खलु कोकिलः आम्ररसं नास्वादयति तस्य मुखाज्जथा मधुरो ध्वनिः न निर्गच्छति तथैव यो कविः प्रियायाः नायिकायाः वा मुखामृतं न पिवति तस्य काव्यं कथं उत्कृष्टशृंगारकाव्यं भवितुमर्हति।[30] अत्रोदाहरणमुखेन कविना प्रतिभा निर्देशिता। आचार्यो शंकरोऽपि कामशास्त्रज्ञानं

लाभाय मृतामरुकराजस्य अमरुराजस्य वा शरीरमवलम्ब्य वारांगनानां सह कामक्रीडां चकार इति किंवदन्ति अस्ति (यद्यपि अस्मिन् विषये मतवैषम्यमस्ति)। किन्तु गोवर्धनस्य जीवनपञ्जिकायां कामिनीकाञ्चनादिविशयकं तथ्यं नास्ति। वंशपरिचयप्रसंगेन तस्य पितुर्नामो एव प्राप्यते। तर्हि व्यवहारिकज्ञानं विहाय कथं तेन इदृशं शृंगारकाव्यं विरचितम्? संशयस्यास्य निरसनाय राजशेखरस्य प्रतिभालक्षणमपेक्षते (प्रागेव उल्लिखितम्)। अतः गोवर्धनो प्रतिभया दयिताशरीरमनास्वादितोऽपि आस्वादितवद्वर्णनक्षमः आसीदिति वक्तुं शक्नुमः। अधरसुधा अमृतापेक्षया गरीयसीति कथ्यते। देवताऽपि स्वर्गात्मर्तलोकमागत्य दयिताधरं पीत्वा तदधरसुधमादकत्वं काव्ये वर्ण्ययति कविरूपेण इत्यपि कस्यचिन्मतम्।[31] इति हेतो शृंगाररसः अधिकरमणीयः।

**उपसंहृतिः** किं तावत् काव्यसौन्दर्यं नितरां वर्धयति केन प्रभावेन वा काव्यं सहृदयजनमानसे लोकोत्तरमानन्दं निष्पादयति — एतत्प्रसङ्गेन संस्कृतालंकारशास्त्रसिन्धौ वादविवादस्य धारा अद्यापि प्रवहमाना। अलंकारवादीनां मते यथा अलंकारो एव प्रधानो, रसवादीनां मते यथा रसः रीतिध्वन्यादिवादीनां मतेऽपि तथैव च। गोवर्धनस्य मते यद्यपि काव्ये रस-अलंकार-शब्दार्थानां प्रयोजमस्ति किन्तु औचित्यबोधोऽपि तत्रापेक्षते। एषां विषयानां सहयोगित्वेन काव्यमुपादेयत्वमाप्नोति। गोवर्धनः विशेषतया किमपि प्रस्थानं न समर्थयति। अर्थालंकारप्रसंगेन तेन किमपि नोक्तम्। शब्द-अर्थ-गुण-शब्दालंकारादिनां प्रयोगपरः कविः काव्यसौकुमार्यं रक्षणाय यत्नवान् भवेदिति तस्याशयः। अतः गोवर्धनो स्वस्य काव्यमुद्दिश्य कथयति —

मसृणपदरीतिगतयः सज्जनहृदयाभिसारिकाः सुरसाः।
मदनाद्वयोपनिषदो विशदा गोवर्धनस्यार्याः॥

गोवर्धनेन हालविरचितां प्राकृतमयीं गाहासत्तसई-माश्रित्य आर्यामयो मुक्तकरूपः ग्रन्थः आर्यासप्तशती इति वर्णनावसरे सीमावद्धतां विरचितमिति विद्वत्समाजे सुप्रसिद्धः। हालगोवर्धनयोर्मुक्तकयोर्मध्ये श्लोकसंख्या, विवक्षादिविषयेषु सादृश्यौ अपि वैसादृश्यौ सुतरां परिलक्ष्येते। उभयत्रैव नरनार्योः प्रणयस्य विचित्ररुपं वर्णितोऽस्ति किन्तु हालशतके यथा सम्भोगशृंगारस्य अनावृतवर्णनं दृश्यते तथा न दृश्यते गोवर्धनशतके। गोवर्धनः काव्यरसेषु शृंगारम् अधिकगुरुत्वं ददातिऽपि सम्भोगविप्रलम्भयोः सीमावद्धतां रक्षितवान्। उभयशतकयोः पार्वतीपरमेश्वरयोः एकैव लीला भिन्नदृष्टिभंग्याः वर्णिताऽस्ति। हालेन उक्तं —

पशुपते रोषारुणप्रतिमासंक्रान्तगौरीमुखचन्द्रम्।
गृहीतार्घ्यपंकजमिव सन्ध्यासलिलाञ्जलिं नमतः॥ [33]

तथैव गोवर्धनो आर्यासप्तशत्यां वर्णयति —

प्रतिविम्बितगौरीमुखविलोकनोत्कम्पशिथिलकरगलितः
स्वेदभरपूर्यमाणः शम्भोः सलिलाञ्जलिर्जयति॥ [34]

हालशतकस्य श्लोकेऽस्मिन् दृश्यते सन्ध्यावन्दनाकाले शिवः हस्तधृतायां गंगायां प्रति प्रणयासक्तः इति विचिन्त्य पार्वती आरक्तलोचनाभ्यां महादेवस्य कराञ्जलिं ददर्श। वस्तुतस्तु हालः अत्रापि नरनार्यो परकीयाजनिता ईर्षा अदर्शयत्। किन्तु गोवर्धनशतके विषयेऽस्मिन् सात्विकभावम् अंगीकृतम्। एतत्प्रसंगेन रसप्रदीपिकाटीकायामुक्तं — 'गौरीमुखप्रतिविम्बस्य विलोकनेन य उत्कम्पः सात्विकभावरूपः तेन शिथिलाभ्यां कराभ्यां गलितं पतितं यस्मात् सशिथिलकरगलितोऽञ्जलिरित्यर्थः। स्वेदसमूहेन सात्विकान्तरेन पुनः पूर्य्यमानः सात्विकविकारस्यैव विरुद्धकार्य्यकर्तृत्वात्।'[35] वैष्णवकुलतिलकेन जयदेवकविना गोवर्धनस्य आर्यासप्तशती इदृशी प्रशंसिता — 'शृंगारोत्तरसत्प्रमेयरचनैराचार्यगोवर्धनः।'[36]

**उल्लेखपञ्जिः**

1. आर्यासप्तशती (आरम्भव्रज्या) ४०।
2. नेयार्थं क्लिष्टमन्यार्थमवाचकमयुक्तिमत्।
   गूढशब्दाभिधानं च कवयो न प्रयुञ्जते।। भामह — काव्यालंकारः, १.३७।
3. महाभाष्यम् (प्रथमाह्निकम्)।
4. एतद् ग्राह्यं सुरभि कुसुमं ग्राम्यमेतन्निधेयं
   धत्ते शोभां विरचितमिदं स्थानमस्यैतदस्य।
   मालाकारो रचयति यथा साधु विज्ञाय मालां
   योज्यं काव्येष्ववहितधिया तद्वदेवाभिधानम्।। तदेव, १.५९।
5. ध्वन्यालोकः, ३.३२।
6. तदेव।
7. आर्यासप्तशत्यां, ४० नं श्लोके रसप्रदीपिका टीका।
8. नाट्यशास्त्रम्, ६.३१।
9. शृंगाराद्धि भवेद्धास्यो रौद्रात्तु करुणो रसः।
   वीराच्चैवाद्भुतोत्पत्तिर्वीभत्साच्च भयानकः।। नाट्यशास्त्रम्, ६.३९।
10. ध्वन्यालोकः, १.५।
11. शृंगारवीर करुणाद्भुत रौद्रहास्यवीभत्सवत्सलभयानकशान्तनाम्नः।
    आम्नासिषुर्दशरसान् सुधियो वयं तु शृंगारमेव रसनाद्रसमामनामः।। शृंगारप्रकाशः, १.६।
    रसोऽभिमानोऽहंकारः शृंगारः इति गीयते।
    योऽर्थस्तस्यान्वयात् काव्यं कमनीयत्वमश्नुते।। तदेव, ५.१।
12. आर्यासप्तशती (आरम्भव्रज्या) ५४।
13. अकलितशब्दालंकृतिरनुज्ज्वला* स्खलितपदनिवेशापि।
    अभिसारिकेव रमयति सूक्तिः सोत्कर्षशृंगारा।। — तदेव, ४७।
    *पाठान्तर-अनुकूला)
14. ध्वन्यालोकः, ३.२९।
15. आर्यासप्तशती (आरम्भव्रज्या), ४४।
16. काव्यालंकारसूत्रवृत्तिः, ३.२.३।

17. काव्यप्रकाशः, ८.७६।

18. चित्तं व्याप्नोति यः क्षिप्रं शुष्केन्धनमिवानलः।
स प्रसादः समस्तेषु रसेषु रचनासु च॥
शब्दास्तद् व्यञ्जका अर्थबोधकाः श्रुतिमात्रतः। साहित्यदर्पणः, ८.८-९।

19. ध्वन्यालोकः, ३.२८।

20. तदेव।

21. विगुणोऽपिकाव्यबन्धः साधूनामाननंगतः स्वदते।
फूत्कारोऽपि सुवंशैरनुद्यमानः श्रुतिं हरति॥
विगुणोऽपिकाव्यबन्धः साधूनामाननंगतः स्वदते।
फूत्कारोऽपि सुवंशैरनुद्यमानः श्रुतिं हरति॥ — आर्यासप्तशती (आरम्भव्रज्या), ४२,४३।

22. अध्वनि पदग्रहपरं मदयति हृदयं न वा न वा श्रवणम्।
काव्यमभिज्ञसभायां मञ्जीरं केलिवेलायाम ॥— तदेव, ४८।

23. प्रतीयमानं पुनरन्यदेव वस्त्वस्ति वाणीषु महाकवीनाम्।
यत्तत् प्रसिद्धावयवातिरिक्तं विभाति लावण्यनमिवांगनासु॥ ध्वन्यालोकः, १.४।

24. तदेव, १.१३।

25. ध्वन्यालोकः लोचन।

26. ऋता चट्टोपाध्यायकृता काव्य-मीमांसा, पृष्ठांक- ३४।

27. ध्वन्यालोकः, १.५।

28. शक्तिर्निपुणता लोकशास्त्रकाव्यादवेक्षणात्।
काव्यज्ञशिक्षयाऽभ्यासो इति हेतुस्तदुद्भवे॥ काव्यप्रकाशः,१.३।

29. काव्यमीमांसा, ४.३।

30. आस्वादितदयिताधर सुधारसस्यैव सूक्तयो मधुराः।
अकलितरसालमुकुलो न कोकिलः कलमुदञ्चयति॥ आर्यासप्तशती (आरम्भव्रज्या), ४९।

31. तथाच प्रथमं मनुष्यदेहेन दयिताधरपानं कृत्वा देवदेहेनामृतरसपानं करोति ततः दयिताधररससुधारसयोरधिकं किञ्चिन्निर्मातव्यमित्याशयेन मर्त्तमण्डलमागत्य महाकवयो ब्रह्मानन्द तुल्यानन्दजनकोत्तमकाव्यं कुर्वन्तीति कवयः काव्यञ्च सर्वाधिक प्रितिध्वनिः। आर्यासप्तशती (आरम्भव्रज्या) ५१, रसप्रदीपिका-टीका।

32. आर्यासप्तशती (आरम्भव्रज्या), ५१।

33. गाहासत्तसई (मंगलाचरणश्लोकः)।

34. आर्यासप्तशती (आरम्भव्रज्या), ७।

35. आर्यास्पशत्यां ६ नं श्लोके रसप्रदीपिका टीका।

36. गीतगोविन्दम्, १.४।

**निर्वाचितग्रन्थपञ्जिः**

आनन्दवर्धनः। *ध्वन्यालोकः*। संपा. पट्टाभिरामशास्त्री। महादेवशास्त्रिविरचिताभ्यां बालप्रियादिव्याञ्जनाभ्यां समुपेतेन अभिनवगुप्तविरचितेन लोचनेन सहितः। वाराणसीः चौखम्बा-संस्कृत-सीरिज-अफिस, १९४०।

——। संपा. चट्टोपाध्यायः ऋता। काव्यमीमांसा। कलकाताः संस्कृत-वुक्-डिपो, २०१०।

गोवर्धनः। आर्यासप्तशती। संपा. सचलमिश्रः। रसप्रदीपिका टीकया सहिता। दारभांगा (विहार): विद्यापति-प्रेस, लहेरियासराइ, १९३१।

जयदेवः। गीतगोविन्दम्। संपा. नारायणरामो आचार्यः। कुम्भनृपतिप्रणीत-रसिकप्रियाव्याख्यया, श्रीशंकरमिश्रनिर्मित-रसमञ्जरीव्याख्यया, दीपिका-पदद्योतनिका-सञ्जीविनी-बालबोधिनीव्याख्या-विशिष्टांशैः, तत्पाठान्तरैः परिशिष्टैश्च समन्वितम्। मुम्वाइः निर्णयसागर-प्रेस, १९४९। (नवम- संस्करणम्)।

पतञ्जलिः। महाभाष्यम्। सम्पा. एफ्. किलहर्न। वोम्वाइ (मुम्वाइ) : गभर्नमेन्ट-सेन्ट्राल-वुक-डिपो, १८९२ (द्वितीय-संस्करणम्)

विश्वनाथः। साहित्यदर्पणः। संपा. करुणाकरकरः। श्रीमदनन्तदासेन विरचितया लोचनाख्यया भट्टाचार्यश्रीमहेश्वरतर्कालंकारप्रणीतया विज्ञप्रियाव्याख्यया समलंकृतः। मुम्वाइः मोतिलाल-वनारसीदास, १९३८।

भरतः। नाट्यशास्त्रम्। संपा. सुधा रस्तोगी (प्रथमो भागः)। सटिप्पननाट्यचन्द्रिका हिन्दीव्याख्यासहितम्। वाराणसीः कृष्णदास-अकादेमी, १९८९। (सिरिज १०५)।

भामहः। काव्यालंकारः। संपा. सि. शंकररामः शास्त्री। माद्राजः श्रीबालमनोरमा-प्रेस, १९५६।

भोजराजः। शृंगारप्रकाशः। संपा. पि. पि. सुब्राह्मण्यशास्त्री। वाणी-विलास-प्रेस, १९३९।

मम्मटः। काव्यप्रकाशः। संपा. भट्टवामणाचार्य, बालवोधिन्याख्यटीकया समन्वितः। मुम्वाइः निर्णयसागर-प्रेस, १८८९।

राजशेखरः। काव्यमीमांसा। प्रथमो भागः। संपा. नारायणशास्त्री खिस्ते, चन्द्रिकाटीकया सहिता। वाराणसीः चौखम्बा-संस्कृत-सीरिज, १९८७।

हालः। गाहासत्तसई। संपा. जगन्नाथः पाठकः, प्रकाश हिन्दीव्याख्यापेता। वाराणसीः चौखम्बा-संस्कृत-सीरिज, १९६९।

# আচার্য হলায়ুধসম্মত গার্হস্থ্য সংস্কার : একটি আধুনিক বীক্ষণ

মহাদেব দাস

ভারতীয় সাহিত্যের প্রাচীনতম গ্রন্থবিশেষ হল বেদ, যা ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির ধারক ও বাহক। বেদের অঙ্গবিশেষকে বলা হয় বেদাঙ্গ। বেদাঙ্গগুলি হল - শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ ও জ্যোতিষ।মন্ত্রকে ঘিরেই রয়েছে বেদাঙ্গগুলির উপযোগিতা।শিক্ষা-বেদাঙ্গের দ্বারা মন্ত্রের যথার্থ উচ্চারণ, ব্যাকরণের দ্বারা শব্দের ব্যুৎপত্তি, নিরুক্তের দ্বারা অর্থজ্ঞান, ছন্দের দ্বারা শ্রুতিমধুর মন্ত্রপাঠ এবং জ্যোতিষ বেদাঙ্গের দ্বারা মন্ত্রপাঠের সঠিক সময় নির্ণয় করা হয়। তবে কল্প বেদাঙ্গের জন্যই অন্যান্য সমস্ত বেদাঙ্গগুলি প্রয়োজন। কারণ, এতসব প্রক্রিয়া যজ্ঞপ্রণালী প্রয়োগের নিমিত্তই। তাই বৈদিকসাহিত্যে কল্পশাস্ত্রের গুরুত্ব অপরিসীম। বিষয়গত দিক থেকে কল্পশাস্ত্রের আবার তিনটি ভাগ রয়েছে — শ্রৌতসূত্র, ধর্মসূত্র ও গৃহ্যসূত্র।এছাড়া অপর একটি ভাগ রয়েছে তা হল — শুল্বসূত্র। শ্রৌতসূত্রে শ্রুতিবিহিত যাগযজ্ঞের বিধান, ধর্মসূত্রে সামাজিক কর্তব্য-কর্মের বিধান, গৃহ্যসূত্রে গৃহস্থ্যের আচার-আচরণ সম্পর্কিত যাবতীয় কর্মের বিধান ও শুল্বসূত্রে যজ্ঞবেদি নির্মাণ পদ্ধতি বর্ণিত হয়েছে।প্রত্যেক বেদেরই রয়েছে এরকম অনেক সূত্রগ্রন্থ, যেখানে রয়েছে সংস্কারসমূহের আলোচনা। তবে শুধু সূত্রগ্রন্থেই নয়, ভাষ্যকারদের ভাষ্যের মধ্যেও রয়েছে এই সমস্ত সংস্কারমূলক ক্রিয়াকাণ্ডের বর্ণনা। আচার্য হলায়ুধ রচিত ব্রাহ্মণসর্বস্ব শুক্লযজুর্বেদের কাণ্ব শাখার সাথে সম্পর্কযুক্ত।আচার্য হলায়ুধ ছিলেন দক্ষিণ ভারতীয় ১। তাঁর পিতার নাম ছিল বিশ্বরূপ। আচার্য বিশ্বরূপ মীমাংসাশাস্ত্রের একজন প্রসিদ্ধ পণ্ডিত ছিলেন ২। পিতার নিকট মীমাংসাশাস্ত্রের জ্ঞান লাভ করেছিলেন বলেই হয়তো আচার্য হলায়ুধ মীমাংসাশাস্ত্রসর্বস্ব নামে একখানি গ্রন্থ প্রণয়ন করেছিলেন। বল্লালসেনের পুত্র লক্ষ্মণসেনের রাজসভার প্রধানমন্ত্রীরূপে নিযুক্ত ছিলেন আচার্য হলযুধই।লক্ষ্মণসেন ছিলেন বাংলার সেনবংশের রাজা। আর বাংলায় সেনবংশের শাসনকাল ছিল খ্রিস্টপূর্ব একাদশ শতক। ১১৬৫-১১৮৫ খ্রিস্টাব্দ পর্যন্ত ছিল বল্লালসেনের রাজত্বকাল।তাঁর পিতা বিজয়সেনের সময় ছিল ১১০০- ১১৬৫ খ্রিস্টাব্দ আর লক্ষ্মণসেনের ১১৮৫-১১৯৯ খ্রিস্টাব্দ।তাই নিঃসন্দেহেই বলা যেতে পারে যে, আচার্য হলায়ুধ খ্রিস্টীয় একাদশ শতকের শেষার্ধ এবং দ্বাদশ শতকের পূর্বার্ধে বর্তমান ছিলেন।

বর্তমান নিবন্ধে আচার্য হলায়ুধসম্মত সংস্কারসমূহের আলোচনাই মুখ্য প্রতিপাদ্য বিষয়। তবে মনু যাজ্ঞবল্ক্য গৌতম প্রভৃতি প্রাচীন ধর্মশাস্ত্রকারেরা যেসব সংস্কারের কথা বলেছেন তার তুলনায় ব্রাহ্মণসর্বস্ব গ্রন্থে সংস্কারসমূহের নাম ও ক্রিয়াকাণ্ডের কিছু ভিন্নতা দেখা যায়, যা সমকালীন সামাজিক কর্তব্যকর্মের পরিচয়বাহী।

**সংস্কার :** সম্ পূর্বক কৃ ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয়ে সংস্কার শব্দটি নিষ্পন্ন হয়েছে। সংস্কার শব্দের অর্থ হল- শুদ্ধি, শোধন, শাস্ত্রীয় অনুষ্ঠানাদির দ্বারা পতিত অবস্থা থেকে উদ্ধার ইত্যাদি। যে ক্রিয়া সম্পাদনের মাধ্যমে মানুষ শুদ্ধ হয় তাকে বলা হয় সংস্কার।তাই শবরস্বামী বলেছেন, সংস্কার হল এমন একটি ক্রিয়া, যা কোন বস্তু বা ব্যাক্তিকে যোগ্য করে তোলে ৩।শাস্ত্রে বলা হয়েছে — পিতার বীজজনিত ও মাতার গর্ভজনিত হওয়ার কারণে আমাদের এই শরীর পাপসম্ভূত; সংস্কারের দ্বারা শরীরের পবিত্রতা সিদ্ধ হয় ৪।শ্রীভাষ্যকার

বলেছেন — "সংস্কারো নাম কার্যান্তরকরণযোগ্যা"[৫]। আচার্য মনুর মতে সংস্কারের দ্বারাই সাধারণ এই দেহ ব্রহ্মলাভের যোগ্য হয়ে ওঠে[৬]। আর এই সংস্কারের দ্বারাই ব্রাহ্মণ প্রভৃত বর্ণ 'দ্বিজ' নামে অভিহিত হয়। শঙ্করাচার্যের মতে — সংস্কারের দ্বারা দোষাপনয়ন ও গুণোৎপাদন হয়।[৭] এককথায়, সংস্কারের দ্বারা কোনও ব্যক্তি বা বস্তুর বিশুদ্ধতা সম্পাদনের মাধ্যমে তা জাগতিক ব্যবহারের উপযোগী হয়ে ওঠে। তাই সুস্থভাবে বাঁচতে গেলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য, বাসস্থান প্রভৃতির পরিশুদ্ধির মত আমাদের শরীরের তথা মনেরও পরিশুদ্ধি বা সংস্কার প্রয়োজন। সংস্কারমুক্ত নির্মল মনের প্রার্থনা রজনীকান্তের গানেও প্রকাশ পেয়েছে- "তুমি নির্মল করো মঙ্গল করে মলিন-মর্ম-মুছায়ে। তব পুণ্য-কিরণ দিয়ে যাক মোরে মোহ-কালিমা ঘুচায়ে।"

**আধুনিককালে সংস্কারের উপযোগিতা :** আধুনিককালেও এই সংস্কারগুলির উপযোগিতা অপ্রাসঙ্গিক হয়ে পড়েনি।সুপ্রাচীনকাল থেকে প্রাচীনশাস্ত্রসম্মত সংস্কারসমূহ কোন আইন ছাড়াই কিছু না কিছু যে এখনও পর্যন্ত সমাজে টিকে আছে তাও বা কম কিসের।রেজিস্ট্রি বিবাহ কিংবা বিভিন্ন দেবদেবীর মন্দিরে গিয়ে বিবাহ আধুনিককালে হলেও এখনও শাস্ত্রীয় বিধি মেনে গৃহে আনুষ্ঠানিক বিবাহকে অতি পবিত্র বলে মানা হয়। কেশান্তসংস্কার, অন্নপ্রাশন, উপনয়ন এখনও নিষ্ঠাবান ব্যক্তির গৃহে অত্যন্ত সাদরে পালিত হয়। তবে সময় সুযোগের অভাবে গর্ভাধান, সীমন্তোন্নয়ন, চূড়াকর্ম প্রভৃতি সংস্কারগুলি আলাদাভাবে করা হয়ে ওঠে না ঠিকই তবুও কোথাও কোথাও এগুলিও যথানিয়মে পালিত হয় কিংবা কয়েকটি সংস্কার এককভাবে পালন করা হয়ে থাকে। এর থেকে বোঝা যায় যে, সংস্কারসমূহ পর্যালোচনার উপযোগিতা আধুনিক সময়েও একেবারে অপ্রাসঙ্গিক হয়ে যায় নি।

**সময়ভেদে সংস্কারের সংখ্যাতত্ত্বের ভিন্নতা :** সময় ও শাস্ত্রভে দে সংখ্যাতত্ত্বের দিক থেকে সংস্কারের বিভিন্নরকম পার্থক্য পরিলক্ষিত হয়। গৌতমের ধর্মসূত্রে চল্লিশ ধরণের সংস্কারের উল্লেখ পাওয়া যায়[৮]। স্মৃতিশাস্ত্রকার আচার্য মনু একাদশ ধরণের সংস্কারের কথা বলেছেন। আচার্য মনু নিষেক থেকে শ্মশান পর্যন্ত সমস্ত ক্রিয়াকলাপকেই সংস্কারের অন্তর্ভুক্ত করেছেন [৯]। যাজ্ঞবল্ক্যসংহিতায়ও এই সমস্ত সংস্কারগুলির উল্লেখ পাওয়া যায়।তবে কেশান্তসংস্কার ও সীমন্তোন্নয়ন সংস্কারের উল্লেখ মনুসংহিতায় পাওয়া যায় না।পরবর্তী কালের ধর্মশাস্ত্রকারগণ অবশ্য অন্ত্যেষ্টিকে সংস্কারের পর্যায়ভুক্ত বলে মনে করেণ না।রঘুনন্দনের অষ্টাবিংশতিতত্ত্বেও দশবিধ সংস্কারের উল্লেখ পাওয়া যায়।[১০] ভাষ্যকার আচার্য হলায়ুধের মতে – গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম, নিষ্ক্রমণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্তন ও বিবাহ – এই দশবিধ হল সংস্কার [১১]।

বর্তমানকালের সমাজব্যবস্থায় অনেক পরিবর্তন ঘটেছে।বর্তমানে যন্ত্রচালিত, ভোগসর্বস্ব ও ব্যস্ততম জীবনে সমস্ত সংস্কার পালন করা সম্ভব না হলেও এখনও কিছু সংস্কারমনস্ক নিষ্ঠাবান মানুষের কৌতূহল নিরসনের জন্যে ব্রাহ্মণসর্বস্ব গ্রন্থে প্রাপ্ত সংস্কারগুলির গুরুত্ব ও প্রক্রিয়া সংক্ষেপে তুলে ধরা হল।

**বেদভাষ্যকার হলায়ুধ ও সংস্কারসমূহ :** বেদভাষ্যকার আচার্য হলায়ুধ সায়ণাচার্যের পূর্ববর্তী বেদভাষ্যকারদের মধ্যে অন্যতম। তিনিই প্রথম শুক্লযজুর্বেদের কাণ্ব শাখার ওপর ভাষ্য রচনা করেন। তাঁর রচিত ভাষ্যের নাম 'ব্রাহ্মণসর্বস্বম্'। সায়ণাচার্যের পরবর্তী কালেও এই শাখার ওপর ভাষ্য রচনা করেছিলেন অনন্তাচার্য ও আনন্দবোধ। কিন্তু হলায়ুধভট্টই এই শাখার ভাষ্যকারদের মধ্যে প্রাচীনতম। শুধু বেদভাষ্যকাররূপেই নন, তিনি জ্যোতিষবিদ্, গণিতজ্ঞ ও বৈজ্ঞানিক হিসেবেও সমধিক প্রসিদ্ধ।

হলায়ুধ তাঁর ব্রাহ্মণসর্বস্ব নামে বেদভাষ্য গ্রন্থে সংস্কারের কথা বলেছেন যেগুলি ধর্মের ভিত্তিস্বরূপ বলে অভিহিত হয়েছে।বেদের মধ্যে এই সংস্কারগুলি সম্পর্কে নানানরকম তথ্য পাওয়া যায় যা থেকে

বোঝা যায় যে প্রাচীনকাল থেকেই সংস্কারগুলোর প্রচলন হয়ে আসছে এবং অদ্যাবধি পর্যন্ত তার ধারা বয়ে চলেছে। হয়তো আগামী দিনেও তা থাকবে। তবে বেদের যুগে যে সংস্কারগুলোর প্রচলন ছিল পরবর্তী সময়ে তার অনেকটাই পরিবর্তন ঘটেছে। বেদের সময়ে যেখানে ৬৪ রকমের সংস্কারের প্রচলন ছিল, সূত্রসাহিত্যের যুগ ছাড়িয়ে ধর্মশাস্ত্রের যুগে সেইসব সংস্কারের অনেকগুলোই লুপ্ত হয়েছে, আবার সংস্কার পালনের ক্ষেত্রেও ঘটেছে নানান রকমের কাটছাঁট।তবে ধর্মশাস্ত্রের সময়ে সংস্কারের যে কঠোরতা ছিল তা পরিবর্তিত হয়ে পুরাণের কাল থেকে তার অনেক সরলীকরণ হয়েছে।বর্তমান সময়ে এই সংস্কারগুলো সম্প্রদায় ভেদে বিভিন্ন স্থানে বিভিন্ন ভাবে পালিত হয়।মানবজীবনে জন্মের পূর্ব থেকে অন্ত্যেষ্টিক্রিয়া পর্যন্ত এইসব সংস্কারমূলক ক্রিয়াকলাপ চলতে থাক।

**গর্ভাধান :** প্রথম সংস্কার হল গর্ভাধান।এর অর্থ হল জরায়ুতে শুক্র স্থাপন।গর্ভাধান বলতে বোঝায় গর্ভোৎপাদন; এটি স্ত্রীর দ্বিতীয় বিবাহরূপ সংস্কার বিশেষ।আচার্য মনু এই সংস্কারকে নিষেক নামে অভিহিত করেছেন।গর্ভাধান সংস্কারে স্ত্রীর প্রথম রজোদর্শনের ১৬ দিনের মধ্যে স্বামী পবিত্র হয়ে সন্ধ্যায় সূর্যার্ঘ প্রদান করে যথাবিধি বহ্নিস্থাপনের পর পঞ্চগব্য দ্বারা স্ত্রীকে শোধন করে সন্তান উৎপাদনার্থ গ্রহণ করেন। এই সংস্কারের সূচনায় স্ত্রী যথাবিধি সুসজ্জিত হন এবং স্বামী সৃষ্টিসংক্রান্ত বৈদিক স্তোত্র উচ্চারণ করতে করতে দেবগণকে আহ্বান জানান, যাতে তাঁরা তাঁর স্ত্রীকে গর্ভধারণে সহায়তা করেন। অতঃপর নারী-পুরুষের যৌনক্রিয়া-সংক্রান্ত স্তোত্রগুলি উচ্চারণ করতে করতে তাঁরা গর্ভোৎপাদন কার্য করেন। স্বামী পুরুষের উৎপাদন-ক্ষমতা সংক্রান্ত স্তোত্র উচ্চারণ করতে করতে স্ত্রীর দেহে নিজের শরীর ঘর্ষণ করেন। আলিঙ্গনের পর পূষণের নিকট প্রার্থনার মাধ্যমে গর্ভস্থাপনের কাজ শুরু হয়।হলায়ুধ ব্রাহ্মণসর্বস্বে গর্ভাধানের পূর্বে বিবাহের চতুর্থ রাত্রিতে চতুর্থীকর্ম করার বিধান দিয়েছেন। আবার বলেছেন যে, যদি নিষেকের সময়ে গর্ভাধান না হয় তবে পুনর্বসুনক্ষত্রের দিনে গর্ভোৎপাদন কার্য নিষ্পন্ন করতে হয়[১২]। তবে কোনও কোনও আচার্য চতুর্থীকর্ম সম্পাদনের শেষে তিনরাত্রির পর সহবাসের বিধান দেন। চতুর্থীকর্মকে অনেকে আলাদা সংস্কার বললেও আচার্য হলায়ুধ কিন্তু চতুর্থীকর্মকে স্বতন্ত্র সংস্কার না বলে অঙ্গসংস্কার বলেছেন। যজ্ঞকর্মের পূর্বে যজ্ঞীয় কাষ্ঠ সমিধের শুদ্ধীকরণের মতো গর্ভাধানের পূর্বে পতি-পত্নীর শুদ্ধির জন্য এই কর্ম করা হয়ে থাকে। গর্ভাধান সংস্কার আসলে গর্ভপূজার নামান্তর। আচার্য মনু এই সংস্কার সম্পর্কে বলেছেন — ঈশ্বরের প্রার্থনা না করে যে শিশুকে জগতে নিয়ে আসা হয় সেই শিশুটি সমাজের পক্ষে একটি অভিশাপ। আমাদের কাছে এখন যে স্মৃতিশাস্ত্রগুলো এসেছে সেগুলো এমনিতেই কত প্রাচীন, পণ্ডিতেরা বলেছেন — এগুলি প্রায় আড়াই হাজার বছর পুরনো। তার মানে এই সংস্কারগুলো যিশু খ্রিষ্টের জন্মেরও পাঁচশ বছর আগে ভারতে রীতিমতো অনুশীলন করা হচ্ছিল। গর্ভাধান সংস্কারে বিশেষ পূজোর পরেই স্বামী-স্ত্রী দুজনের মিলিত হওয়ার নিয়ম ছিল। সেখানে হিরণ্যগর্ভ বা ব্রহ্মার উদ্দেশ্যে আহুতি প্রদানের মধ্য দিয়ে স্তব-স্তুতি করা হত। তবে এই সংস্কারের প্রচলন বর্তমানকালে না থাকলেও এখনও অনেক ক্ষেত্রে পুনর্বিবাহে তা পালন করা হয়ে থাকে। অথর্ববেদে গর্ভাধান সংস্কার বিষয়ে বলা হয়েছে —

পরিহস্ত বিধারয় যোনিং গর্ভায় ধাতবে।
মর্যাদে পুত্রমা ধেহি তম্ ত্বমা গমযাগমে॥[১৩]

**পুংসবন :** পুংসবন হল দ্বিতীয় সংস্কার। গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে কর্তব্য সংস্কার-বিশেষ হল পুংসবন। গর্ভের তৃতীয় মাসে রবি, মঙ্গল ও বৃহস্পতিবারে নন্দ ও ভদ্রা তিথিতে পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ,

পুর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, হস্তা, মূলা, শ্রবণা, পুনর্বসু, মৃগশিরা, পুষ্যা ও আর্দ্রা নক্ষত্রে পূর্ণচন্দ্র থাকলে এবং যুতযামিত্রবেধ ও দশযোগভঙ্গ না হলে লগ্নের নবমে ও পঞ্চমে এবং লগ্ন চতুর্থ, সপ্তম ও দশমে শুভগ্রহ ও তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশে পাপগ্রহ অবস্থান করলে গর্ভিণীর চন্দ্র ও তারাশুদ্ধি হলে কুম্ভ, মিথুন, সিংহ, ধনুঃ ও মিন লগ্নে পুংসবন সংস্কার কর্তব্য। পুত্রসন্তান লাভের ইচ্ছায় এই সংস্কার করা হয়। বিবাহের পরবর্তীকালে কন্যা শ্বশুরবাড়ি চলে যান, পিতৃতর্পণাদি ক্রিয়া সম্পাদনের মাধ্যমে পুত্ নামক নরক থেকে পুত্র পিতাকে উদ্ধার করেন বলে পুত্রসন্তান সকলেরই আকাঙ্ক্ষিত। বর্তমানে শিক্ষিত সমাজে যদিও ছেলে মেয়ে সমান বলে দাবি করা হয়, তা সত্ত্বেও এখনও প্রায়শঃ পরিবারের সকলেই মনে মনে পুত্রসন্তান কামনা করে থাকেন। এক্ষেত্রে প্রশ্ন উঠতেই পারে যে, পুংসবন সংস্কার করলেই কি পুত্রসন্তান উৎপন্ন হত? তাহলে তো সকলে পুত্রসন্তানই কামনা করত, আর সকলেই পুত্রসন্তান লাভ করত। কিন্তু তাহলে কি কোনও এক সময় জৈবিকপ্রক্রিয়ার ভারসাম্য বজায় রাখা কঠিন হয়ে পড়ত না? আচার্য রঘুনন্দন গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন প্রভৃতি সংস্কারগুলি সকল গর্ভের ক্ষেত্রে পালনের বিধান দেননি, তিনি এই সংস্কারগুলি শুধু একবার পালনেরই বিধান দিয়েছেন। তবে কি এই পুংসবন সংস্কার সাধনের মধ্য দিয়ে পুত্রসন্তান নিশ্চিত ছিল ? যদি এই পুংসবন সংস্কার করার পরেও কারও পুত্রসন্তান না হত, তাহলে সেইসব পিতামাতার কী করণীয় ? সে বিষয়েও শাস্ত্রে কোন স্পষ্ট নির্দেশ দেওয়া হয়নি। তবে কি এই সংস্কারটি ছিল নিছক আনুষ্ঠানিক ? এবিষয়ে নানা রকমের প্রশ্ন উঠতেই পারে। আলোচ্য সংস্কারে প্রযুক্ত বিধিবিধান ও ক্রিয়াকর্মাদির দ্বারা পুত্রসন্তান লাভের বৈজ্ঞানিক যুক্তি কতটা আছে তা নিশ্চিতভাবে কিছু বোঝা যায় না।

তখনকার দিনে স্বামী-স্ত্রী ও পরিবারের সবারই দুশ্চিন্তা ছিল, গর্ভ ঠিক ঠিক সুরক্ষিত থাকবে তো।গর্ভের সুরক্ষার জন্য গর্ভের তৃতীয় কি চতুর্থ মাসে বিশেষ পূজা দেওয়া হত। বর্তমান কালেও ডাক্তাররা অনেক ঔষধপত্র দিয়ে রক্ষা করার চেষ্টা করা সত্ত্বেও গর্ভকে নষ্ট হয়ে যেতে দেখা যায়। কেন নষ্ট হয়ে যায় ডাক্তারদের কাছেও এর কোন সদুত্তর পাওয়া যায় না, এটা একটা রহস্য। আগেকার দিনে জনসংখ্যা অনেক কম ছিল। বিশেষ করে শিক্ষিত সংস্কৃতি-সম্পন্ন ব্রাহ্মণদের মধ্যে জনসংখ্যার বৃদ্ধিও অত্যন্ত কম ছিল। এটা অবশ্য দেখা যায় যে, কোনও উচ্চ সংস্কৃতিসম্পন্ন জাতির লক্ষণ হল তাদের জনসংখ্যার হার খুব কম থাকে। এককথায়, পুত্র সন্তান যে সংস্কারে কামনা করা হয় ও গর্ভের শিশুকে রক্ষা করার জন্য যে সংস্কার পালন করতে হয় তা হলো পুংসবন সংস্কার। এই সংস্কার সম্পর্কে বেদেও বলা হয়েছে --

যাসাং দ্যৌঃ পিতা পৃথিবী মাতা সমুদ্র মূলং বীরুধা বভুব।

তাস্তা পুত্র বিদ্যায দৈবীঃ প্রাবস্তোষধয।।[১৪]

**সীমন্তোন্নয়ন :**

তৃতীয় সংস্কার হল সীমন্তোন্নয়ন। সীমন্ত শব্দের অর্থ হল কেশরচনাবিশেষ। গর্ভিণীর বিশেষ প্রকার কেশবন্ধন-বিষয়ক সংস্কার হল সীমন্তোন্নয়ন। এই সংস্কারের মূলে রয়েছে গর্ভিণীর মনে আনন্দ উৎপাদন।সীমন্তোন্নয়ন সংস্কার বর্তমানে গর্ভিণীর সাধভক্ষণ অনুষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করা হয়। পুংসবন করা হয় প্রথম পাঁচ মাসের মধ্যে আর সীমন্তোন্নয়ন পরের পাঁচ মাস থেকে আট মাসের মধ্যে। যাজ্ঞবল্ক্যসংহিতায় ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন সংস্কারের বিধান দেওয়া হয়েছে।[১৫] পারস্করগৃহ্যসূত্রেও গর্ভের ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন সংস্কার করার নির্দেশ দেওয়া হয়েছে। আচার্য হলায়ুধও পারস্করগৃহ্যসূত্রের মত অনুসরণ করেছেন।১৬ এই সংস্কারের আলোচনায় প্রথম গর্ভের উল্লেখ থাকায় মনে হয় প্রতি গর্ভের

प्रचयस्यास्य उच्चारणम् उदात्तवत् भवति। तेन उदात्तप्रचययोः भेदः क्व इत्युच्यमाने सति एवं वक्तुं शक्यते यत् उदात्तः कदापि अनुदात्तत्वं न लभते। परन्तु उदात्तपरकः स्वरितपरको वा प्रचयः अनुदात्तत्वं लभते। यद्यपि सामान्यदृष्ट्या उदात्तप्रचयौ उभावपि चिह्नरहितौ तथापि तयोर्भेदस्तु अस्त्येव।

वेदाध्ययनकाले उदात्तादिस्वराः हस्तसंचालनेन अवश्यमेव प्रदर्शनीयाः। विषयोऽयं बहुषु शिक्षाग्रन्थेषु आलोचितः, तथैव माण्डुकीशिक्षायामपि स्वरोच्चारणकाले हस्तसंचालनविधिरुक्तो दृश्यते। एवञ्चात्रैव विधिरहिततया हस्तसंचालनेन स्वरभ्रष्टेन वा विरुद्धप्रतिक्रिया अपि उल्लिखिता वर्तते। स्वरहीनं हस्तसंचालनहीनं च अध्यापनमध्ययनञ्चेत्युभयमपि निन्दितम्।

स्वरश्चैव तु हस्तश्च द्वावेतौ युगपद्भवेत्।
हस्ताद्भ्रष्टः स्वराद्भ्रष्टो न वेदफलमश्नुते।
हस्तहीनं तु योऽधीते स्वरवर्णविवर्जितम्
ऋग्यजुःसामनिर्दग्धो वियोनिमनुगच्छति[21] ॥

अपरं च हस्तस्वरेण याथाथ्येन वेदपाठे कृते सति उत्तमफलप्राप्तिरपि संभवतीत्युक्तं वर्तते-

हस्तेनाधीयमानो यः स्वरवर्णान्प्रयोजयेत्।
ऋग्यजुःसामभिः पूतो ब्रह्मलोकं स गच्छति[22] ॥

अतएव हस्तेन अङ्गुलीस्थापनेन वा सस्वरे वेदाध्ययने उदात्तादिस्वरनिर्देशः करणीय इत्यर्थः।

ऊर्द्धवक्षेपापि या मात्रा अधः क्षेपापि या भवेत्।
एकैकामुत्सृजेद्धीरः प्रचिते तृभयं तथा।
ह्रस्वानुस्वारकरणे त्वङ्गुष्ठाग्रप्रकुञ्चनम्।
दीर्घे तु सूरयः प्राहुः प्रादेशिन्याः प्रसारणम्"[23] ॥

हस्तस्वरस्य निर्देशोयद्यप्यस्यां दर्शितः तथापि शिक्षायामस्यां वेदाध्ययनकाले हस्तचालनविधौ केचन निषेधाः अवधेयांशाः वा उक्ताः।

स्वरे ज्ञात्वा यथास्थानं हस्तस्य स्यन्दनं स्मृतम्।
निष्कृष्य हस्तं विन्यस्तं पाणौ दृष्टिं निवेशयेत्।।
किञ्चिद्यो नभसः स्वाँसाद्बाहौ दृष्टिं निपातयेत्।
प्रसार्य चाङ्गुलीः सर्वारोपयेत्करमण्डलम्।।
न चाङ्गुलीभिरङ्गुष्ठमुपेयाद्दोषवित्ततः।
ऊर्द्धवमायुस्तमाकुञ्चमङ्गुष्ठं स्थापयेद्बुधः ॥
नाधः शिरा नावनता नाङ्गुल्यः प्रतराः स्मृताः।
उत्तानं सोन्नतं किञ्चित्सुव्यक्ताङ्गुलिरञ्जितम्।।

स्वरविद्धं करं कुर्यात्प्रादेशोद्देशगामिनम्।

अङ्गुष्ठस्योत्तरे पर्वे यवस्योपरियद्भवेत् [24] ॥

अत्र षड्जादीनां सप्तप्रकारकाणां गान्धर्वस्वराणाम् उल्लेखो यद्यपि वर्तते तथापि छन्दोविषयं मनसि निधाय केवलं चत्वार एव स्वराः प्राधान्येन उक्ताः, अवशिष्टाः त्रयः स्वराः तथा न व्यवहृताः इत्यपि स्पष्टीकृताः।

सप्तस्वरास्तु गीयन्ते सामभिः सामगैर्बुधैः।

चत्वार एव छन्दोभ्यस्त्रयस्तत्र विवर्जिताः[25] ॥

छन्दसा अत्र वेद एव गृहीत इति बोध्यम्। तस्मात्मण्डूक्यृषेर्मतानुसारं सप्तसु स्वरेषु षड्ज-ऋषभ-धैवत-निषादानामित्येतेषां चतुर्णामेव प्रयोगो वेदे दरीदृश्यते।

प्रथमावन्तिमौ चैव वर्तन्ते छन्दसि स्वराः।

त्रयो मध्या निवर्त्तन्ते मण्डूकस्य मतं यथा[26] ॥

एतेषां चतुर्णां स्वराणां प्राधान्यतायामुक्तायां सत्यां मयूर-गाभीत्यादिपशुविहगानांरवेण सह सप्तानां स्वराणामेव सायुज्यं, कण्ठ्याद्युच्चारणस्थानानि, सप्तवर्णानां निर्देशः इत्यादयः विषया उक्ताः। अपि च शिक्षायामस्यां सप्तप्रकारकाणां स्वराणाम् अङ्गुलीनिर्देशः विधिरपि प्रदर्शितः।

वाह्याङ्गुष्ठं तु क्रुष्टं स्यादङ्गुष्ठे मध्यमः स्वरः।

प्रादेशिन्यां तु गान्धारो मध्यमायां तु पञ्चमः।।

अनामिकायां षड्जस्तु कनिष्ठायां तु धैवतः।

तस्याधस्तात्तु योऽन्यः स्यान्निषाद इति तं विदुः[27]।।

शिक्षायामस्यां उदात्तादिस्वररूपेण कम्पस्वरस्य च उल्लेखः प्राप्यते –

प्राक्श्लिष्ट जात्यक्षैप्राणान् यच्चाभिनिहितश्चयः।

उदात्तोपस्थिते तेषामेकदेशं प्रकम्पयेत् [28]।।

एवं रूपेण माण्डूकीयशिक्षायां स्वरविषये विचारोऽत्र प्रतिपादितः।

**उल्लेखपञ्जिः**

1 मुण्डकोपनिषद्, १.५।

2 वीरेन्द्र कुमार वर्मा (सम्पा.), ऋग्वेदभाष्यभूमिका, पृ. ११७।

3 तैत्तिरीयोपनिषद्, १.२।

4 माण्डूकीशिक्षा, २.४।

5 तदेव, २.५।

6 तदेव, ५.११।

7 तदेव, ६.१।

8 तदेव, ७.१-२।

9 तदेव, ७.१०।

10 तदेव, ७.३।

11 तदेव, ७.४।

12 तदेव, ७.६।

13 तदेव, ७.५।

14 तदेव, ७.७।

15 तदेव, ७.८।

16 तदेव, ७.९।

17 तदेव, ७.१०।

18 तदेव, ८.२-३।

19 तदेव, ५.६।

20 तदेव, ५.७।

21 तदेव, ३.२-३।

22 तदेव, ३.५।

23 तदेव, ४.१२-१३।

24 तदेव, २.६-१०।

25 तदेव, १.७।

26 तदेव, २.३।

27 तदेव, २.१-२।

28 तदेव, ८.५।

**निर्वाचित ग्रन्थपञ्जिः**


अनिर्वाणः । वेदमीमांसा (प्रथम खण्ड)। कलकाता : संस्कृत-कलेज, १९६१ । (कलकाता-संस्कृत-कलेज-रिसार्च-सिरीज नं १३)

अमरनाथः । वैदिक-स्वर-समीक्षा। होशियारपुर : वैदिक-शोध-संस्थान, १९६४ ।

उपाध्यायः, बलदेवः । संस्कृत-शास्त्रो का इतिहास। वाराणसी : शारदा-मन्दिर, १९६९ ।

——(संपा.)। उपनिषद् । गोरक्षपुर: गीता-प्रेस, २०१२ ।

चतुर्वेदी, राममूर्तिः । वैदिकशिक्षास्वरूपविमर्शः । वाराणसी : सम्पूर्णानन्द-संस्कृत-विश्वविद्यालय, २००३ ।

चौवे, व्रजबिहारी । वैदिक-स्वर-बोध । होशियारपुर : कात्यायन-वैदिक-साहित्य-प्रकाशन, २००४ ।

——। वैदिक-स्वरित-मीमांसा। होशियारपुर : वैदिक-साहित्य-सदन, १९७२ ।

जावजी, तुकारामः । शिक्षादिवेदषडङ्ग प्रारम्भ। बम्बई : निर्णय-सागर-प्रेस, १९१५ ।

झा, बालगोविन्दः । स्वरवैदिकी-प्रकाश। वाराणसी : चौखम्वा-सुरभारती-प्रकाशन, २००३ ।

त्रिपाठी, रामप्रसादः (संपा.)। शिक्षासंग्रहः। वाराणसी : सम्पूर्णानन्द-संस्कृत-विश्वविद्यालय, १९८९ ।

दत्तः, भागवद् (संपा.)। अथर्ववेदीया माण्डूकी शिक्षा। लाहोर : दयानन्द-महाविद्यालय-संस्कृत-ग्रन्थमाला, १९२१।

धर्मपालः, गौरी । वेद-आवहमाना वर्धमान : वर्धमान-विश्वविद्यालय, २०१५ ।

भट्टाचार्यः, विश्ववन्धुः । वेदाङ्ग-परिचय। 24 परगणा : श्रीवलराम-धर्मसोपान, १३८२ वङ्गाब्द ।

मिश्रः, वामदेवः । स्वर प्रक्रिया प्रकाश। वाराणसी : गीता-संस्कृत-प्रकाशन, १९७५ ।

मीमांसकः, युधिष्ठिरः । वैदिक-स्वर-मीमांसा। अमृतसर : श्री-रामलाल-कपूर-ट्रास्ट, २०१५ ।

वन्द्योपाध्यायः, शान्तिः। वैदिक साहित्येर रूपरेखा। कोलकाता : संस्कृत-पुस्तक-भाण्डार, २००३।

वसुः, योगिराजः। वेदेर परिचय। कोलकाता : फार्मा-के.-एल.-एम.-प्राइभे- लिमिटेड, २०१५ ।

वैद्यः, पी. एल. (संपा.)। शिक्षा समुच्चय। दरभंगा : मिथिला-विद्यापीठ, १९६० ।

शर्मा, कुन्दनलालः। वेदाङ्ग (वैदिक वाङ्मय का विवेचनात्मक बृहद् इतिहास)। पंजाब : विश्वेश्वरानन्द-वैदिक-शौध-संस्थानम्, १९८३ ।

सरस्वती, जगदीश्वरानन्दः (संपा.) । चतुर्वेद संहिता। दिल्ली : विजयकुमार-गोविन्दराम-हासानन्द, १९९६ ।

सान्यालः, अयोध्यानाथः । वैदिक स्वररहस्य। वर्धमान : वर्धमान-विश्वविद्यालय, २००९ ।

# ন্যায়-বৈশেষিকদর্শনে অভাবপদার্থ : একটি সমীক্ষাত্মক আলোচনা

জয় দাস

**সংক্ষিপ্তসার :** ন্যায় ও বৈশেষিক দর্শন মুখ্যতঃ মোক্ষদর্শন। মোক্ষলাভের সহায়ক হিসাবে ন্যায় ও বৈশেষিকদর্শনে পদার্থসমূহ নিরূপিত হয়েছে। উভয় সম্প্রদায় পরবর্তীকালে একটি মিলিত ধারার (ন্যায়-বৈশেষিক) জন্ম নেয়। ন্যায়-বৈশেষিক সম্প্রদায়সম্মত সপ্তম ও অন্তিম পদার্থ হলো অভাব। অভাব একটি নঞর্থক পদার্থ। ভাব ও অভাব ভেদে পদার্থ দ্বিবিধ। এদের মধ্যে দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ ও সমবায় এই ছটি হলো ভাবপদার্থ। সপ্তম পদার্থ হলো অভাব। 'টেবিলে কলম আছে' এভাবে যেমন ভাব বস্তুর জ্ঞান হয়, তেমনি 'টেবিলে বই নেই' এর দ্বারা অভাব পদার্থের জ্ঞান হয়। রঘুনাথ শিরোমণি'র মতে, 'নঞ্' আদি শব্দের দ্বারা নিষেধবোধক জ্ঞানের বিষয়কে বলা হয় অভাব। কণাদ বৈশেষিকসূত্রে এবং গৌতম ন্যায়সূত্রে স্বতন্ত্র পদার্থরূপে অভাবের উল্লেখ করেননি। উদয়ন বলেন অভাব পদার্থ তার অনুমোদিতই ছিল, কারণ 'অভাব'-এর উল্লেখ তাঁর সূত্রে বারবার দৃষ্টিগোচর হয়। যথা - 'কারণাভাবাৎ কার্যাভাবঃ', 'ক্রিয়াগুণব্যপদেশাভাবাৎ প্রাগসৎ'। বৈশেষিকসূত্রে তিনি অভাব পদার্থের সমর্থন করেছেন। অভাবের জ্ঞান প্রতিযোগিজ্ঞানাধীন। প্রতিযোগী ভাব পদার্থ ব্যতিরেকে অভাব পদার্থের জ্ঞান সম্ভব নয়। ভারতীয় দর্শনে লক্ষণ এবং প্রমাণের দ্বারা পদার্থ সিদ্ধ হয়। অভাবের লক্ষণ থেকে বোঝা যায়, অভাবনিরূপণ ভাবনিরূপণসাপেক্ষ। এই কারণে বৈশেষিকসূত্রে ও প্রশস্তপাদভাষ্যে অভাবকে পদার্থরূপে উল্লেখ করা হয়নি। পরবর্তী ভাষ্যকারেরা সকলেই সপ্তপদার্থ স্বীকার করেছেন। বাৎস্যায়ন ন্যায়সূত্রভাষ্যে অভাবকে প্রমেয় বলে স্বীকার করেছেন। অন্নংভট্ট, বিশ্বনাথ, উদয়ন, উদ্দ্যোতকর, জয়ন্তভট্ট, গঙ্গেশ উপাধ্যায়, শঙ্কর মিশ্র, শিবাদিত্য প্রমুখ দার্শনিকেরা সপ্তপদার্থ সমর্থন করেছেন। আমার প্রস্তাবিত শোধপত্রে ন্যায়-বৈশেষিক দর্শনের বিভিন্ন গ্রন্থে অভাব পদার্থের উল্লেখ, অভাবের লক্ষণ, দোষ নিরূপণ, অভাবের প্রকারভেদ এবং সর্বোপরি অভাবকে পদার্থরূপে স্বীকারের যৌক্তিকতা সংক্ষেপে ব্যক্ত হয়েছে।

**শব্দসংকেত :** ন্যায়-বৈশেষিক, অভাব, পদার্থ, তর্কসংগ্রহ, ভাষাপরিচ্ছেদ, লক্ষণ, দোষ, অনুপলব্ধি, প্রতিযোগী, সম্বন্ধ ইত্যাদি।

ন্যায় ও বৈশেষিক দর্শন মুখ্যত ঃ মোক্ষদর্শন। মোক্ষলাভের সহায়ক হিসাবে ন্যায় ও বৈশেষিকদর্শনে পদার্থসমূহ নিরূপিত হয়েছে। উভয় সম্প্রদায় পরবর্তীকালে একটি মিলিত ধারার (ন্যায়-বৈশেষিক) জন্ম নেয়। ন্যায়-বৈশেষিক সম্প্রদায়সম্মত সপ্তম ও অন্তিম পদার্থ হলো অভাব। অভাব একটি নঞর্থক পদার্থ। ভাব ও অভাব ভেদে পদার্থ দ্বিবিধ। এদের মধ্যে দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ ও সমবায় এই ছটি হলো ভাবপদার্থ। সপ্তম পদার্থ হলো অভাব। 'টেবিলে কলম আছে' এভাবে যেমন ভাব বস্তুর জ্ঞান হয়, তেমনি 'টেবিলে বই নেই' এর দ্বারা অভাব পদার্থের জ্ঞান হয়। রঘুনাথ শিরোমণি'র মতে, 'নঞ্' আদি শব্দের দ্বারা নিষেধবোধক জ্ঞানের বিষয়কে বলা হয় অভাব। কণাদ বৈশেষিকসূত্রে এবং গৌতম ন্যায়সূত্রে স্বতন্ত্র পদার্থরূপে অভাবের উল্লেখ করেননি। উদয়ন বলেন অভাব পদার্থ তার অনুমোদিতই ছিল, কারণ 'অভাব'-এর উল্লেখ তাঁর সূত্রে বারবার দৃষ্টিগোচর হয়। যথা — 'কারণাভাবাৎ কার্যাভাবঃ' , 'ক্রিয়াগুণব্যপদেশাভাবাৎ প্রাগসৎ' । বৈশেষিকসূত্রে তিনি অভাব পদার্থের সমর্থন করেছেন। অভাবের জ্ঞান প্রতিযোগিজ্ঞানাধীন। প্রতিযোগী ভাব পদার্থ ব্যতিরেকে অভাব পদার্থের জ্ঞান সম্ভব নয়। ভারতীয় দর্শনে লক্ষণ এবং প্রমাণের

দ্বারা পদার্থ সিদ্ধ হয়। অভাবের লক্ষণ থেকে বোঝা যায়, অভাবনিরূপণ ভাবনিরূপণসাপেক্ষ। এই কারণে বৈশেষিকসূত্রে ও প্রশস্তপাদভাষ্যে অভাবকে পদার্থরূপে উল্লেখ করা হয়নি। পরবর্তী ভাষ্যকারেরা সকলেই সপ্তপদার্থ স্বীকার করেছেন। বাৎস্যায়ন ন্যায়সূত্রভাষ্যে অভাবকে প্রমেয় বলে স্বীকার করেছেন। অন্নংভট্ট, বিশ্বনাথ, উদয়ন, উদ্দ্যোতকর, জয়ন্তভট্ট, গঙ্গেশ উপাধ্যায়, শঙ্কর মিশ্র, শিবাদিত্য প্রমুখ দার্শনিকেরা সপ্তপদার্থ সমর্থন করেছেন। বিশ্বনাথ ভাষাপরিচ্ছেদ গ্রন্থে বলেছেন —

দ্রব্যং গুণস্তথা কর্ম সামান্যং সবিশেষকম্।
সমবায়স্তথাঽভাবঃ পদার্থাঃ সপ্ত কীর্তিতাঃ।

সিদ্ধান্তমুক্তাবলীতে বলেছেন — 'এতে চ পদার্থা বৈশেষিকপ্রসিদ্ধাঃ, নৈয়ায়িকানামপ্যবিরুদ্ধাঃ' ।

**অভাবের লক্ষণ ও দোষনিরূপণ :**

অন্নংভট্ট তর্কসংগ্রহে অভাবের কোনরূপ লক্ষণ করেননি। ভাষাপরিচ্ছেদের মুক্তাবলীটীকায় বিশ্বনাথ বলেছেন — 'অভাবত্বং দ্রব্যাদিষট্কান্যোন্যাভাবত্বম্' । দ্রব্যাদি ছয়টি ভাবপদার্থের (নিজ নিজ ভেদ ভিন্ন) অন্যোন্যাভাব (পারস্পরিক অভাব) যাতে থাকে তা হল অভাব। অন্যোন্যাভাব একপ্রকার অভাব, তাই অভাবের দ্বারা অভাবের লক্ষণ হওয়ায় তা আত্মাশ্রয় দোষদুষ্ট। মহাদেবভট্ট দিনকরী টীকায় অভাবের লক্ষণ বলেছেন — 'ভাবভিন্নত্বম্ অভাবত্বম্'। ভিন্ন পদের দ্বারা অভাবের বোধ হওয়ায় লক্ষণটি আত্মাশ্রয় দোষদুষ্ট। আবার অভাবভিন্নত্বম্ ভাবত্বম্ এরকম বললে অন্যোন্যাশ্রয় দোষ হয়। আচার্য রঘুনাথ শিরোমণি আত্মতত্ত্ববিবেক গ্রন্থে অভাবের নির্দিষ্ট লক্ষণ বলেছেন — 'অভাবত্বম্ অখণ্ডোপাধিঃ'। অভাবের স্বরূপ খণ্ডিত করে নির্বচন করা সম্ভব নয় তাই তা অখণ্ডোপাধি। সিদ্ধান্তলক্ষণদীধিতি গ্রন্থে তিনি আরও বলেছেন — 'অভাবত্বং চ ইহ ইদং নাস্তি, ইহ ইদং ন ভবতি ইতি প্রতীতিনিয়ামকো ভাবাভাবসাধারণঃ স্বরূপসম্বন্ধবিশেষঃ'। অভাবত্ব হল স্বরূপসম্বন্ধ যা ভাব ও অভাব পদার্থ উভয়েই থাকে। আচার্য নারায়ণ চন্দ্র গোস্বামী তাঁর অধ্যাপনায় বলেন — 'নিষেধাভিলাপকপ্রত্যয়গম্যত্বম্ অভাবত্বম্'। বাচস্পতিমিশ্র তাৎপর্যটীকায় বলেছেন — 'অভাবপদার্থো নাস্তি ইতি প্রতীতিবিষয়ো ভবতি'। জয়ন্তভট্ট বলেছেন — 'নাস্তীতি প্রতীতিগম্যত্বম্ অভাবত্বম্'। মাধবাচার্য সর্বদর্শনসংগ্রহ গ্রন্থে বলেন — 'অসমবায়ত্বে সতি অসমবায়িত্বম্ অভাবত্বম্'। যা সমবায় হয় না এবং সমবায়ীও হয় না সে হল অভাব। সমবায়ী নিজ আশ্রয়ে সমবায় সম্বন্ধে থাকে। অভাব কখনও সমবায় সম্বন্ধে কোথাও থাকে না।

**অভাব বিষয়ে দার্শনিক মতান্তর:**

প্রাভাকর মীমাংসকরা অভাবনামক অতিরিক্ত পদার্থ স্বীকার করেন না। তাদের মতে অভাবের জ্ঞান যে অধিকরণে হয়, অভাব সেই অধিকরণ-স্বরূপ। ভূতলে ঘট নেই — এখানে ঘটাভাব হল ভূতলস্বরূপ। ন্যায়-বৈশেষিকরা প্রাভাকর মত খণ্ডন করে বলেছেন — অভাব অধিকরণস্বরূপ হতে পারে না। কেবলত্ব বা কৈবল্যস্বরূপ জানতে পারলে অভাবকে অধিকরণস্বরূপ বলা যায়। কিন্তু কৈবল্যের নির্বচন হয় না বলে অভাব অধিকরণস্বরূপ নয় । অভাবকে অধিকরণস্বরূপ বললে তিনটি দোষ হয়। প্রথমতঃ, ভূতলে ঘটাভাব — এরূপ প্রতীতিস্থলে ভূতল আধার, ঘটাভাব আধেয়। আধার-আধেয় সর্বদা পৃথক্ বস্তু হয়ে থাকে। কিন্তু অভাবকে ভূতলস্বরূপ বললে আধার-আধেয়ভাব কল্পনা ব্যাহত হয়। দ্বিতীয়তঃ, ভূতলে ঘটাভাব 'ভূতলস্বরূপ', টেবিলে ঘটাভাব 'টেবিলস্বরূপ', মস্তকে ঘটাভাব 'মস্তকস্বরূপ' এভাবে অভাব অনন্ত অধিকরণস্বরূপ হওয়ায়

মহাগৌরব দোষ ঘটে। তৃতীয়তঃ,অভাবকে অধিকরণস্বরূপ বললে একটি প্রত্যক্ষসিদ্ধ নিয়ম ব্যাহত হয়। যে বস্তু যে ইন্দ্রিয়গ্রাহ্য তার অভাবও সেই ইন্দ্রিয়গ্রাহ্য। অভাব সর্বেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। যেমন পৃথিবীতে রূপের প্রত্যক্ষ হয় চক্ষুরিন্দ্রিয়ের দ্বারা। বায়ুতে রূপাভাবের প্রত্যক্ষ হয় ঐ চক্ষুরিন্দ্রিয়ের দ্বারাই। অভাবকে অধিকরণস্বরূপ বললে রূপাঁভাব বায়ুস্বরূপ হয় এবং বায়ুর চাক্ষুষ প্রত্যক্ষও স্বীকার করতে হয়। কিন্তু তা কখনো স্বীকার করা যায় না, তাই অভাবকে অধিকরণস্বরূপ না বলে অতিরিক্ত পদার্থ বলা যুক্তিযুক্ত ।

অভাবের অভাবকে প্রাচীন নৈয়ায়িকরা ভাবস্বরূপ বলেছেন। ঘটাভাবের অভাব ঘটস্বরূপ, অতিরিক্ত বললে অনবস্থা হয়। নব্য নৈয়ায়িকগণ অভাবের অভাবকে অতিরিক্ত বলেন। তাদের মতে তৃতীয় অভাবটি প্রথম অভাবের স্বরূপ হয় বলে অনবস্থা হয় না । আবার বৌদ্ধ দার্শনিকেরা বলেন — সকল পদার্থই অভাবস্বরূপ। অভাব বলে কোন পৃথক্ পদার্থ নেই। তাঁরা ভাবপদার্থসমূহে যে পরস্পরের অভাব থাকে তাকে হেতু করেছেন। কিন্তু হেতু দ্বারাই বোঝা যায় যে ভাবপদার্থ আছে। গৌতম ন্যায়সূত্রে ঐ মতের উল্লেখ করে বলেছেন — 'সর্বমভাবো ভাবেষু ইতরেতরাভাবসিদ্ধেঃ' ।

**অভাবের জ্ঞান :**

এখন প্রশ্ন হলো, অভাবের জ্ঞান কিভাবে হয় ? ন্যায়-বৈশেষিকমতে প্রত্যক্ষই অভাবগ্রাহক প্রমাণ। অভাবের জ্ঞান হয় ইন্দ্রিয়ের দ্বারা। অভাবের প্রত্যক্ষ হয় বিশেষণ-বিশেষ্যভাব সন্নিকর্ষের দ্বারা। ভাট্ট মীমাংসক ও অদ্বৈতবেদান্ত সম্প্রদায় অভাবপদার্থের জ্ঞানের জন্য 'অনুপলব্ধি' নামক একটি স্বতন্ত্র প্রমাণ স্বীকার করেছেন। এইমতে ঘটাদি বস্তুর উপস্থিতি যেমন প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ, তেমনি ঐ সকল বিষয়ের অনুপস্থিতি অনুপলব্ধি প্রমাণসিদ্ধ।

ন্যায়-বৈশেষিক সম্প্রদায় অভাবকে প্রত্যক্ষসিদ্ধ বলেছেন। অভাবের প্রতিযোগী যদি লৌকিক প্রত্যক্ষের যোগ্য হয়, তাহলে তাদের অভাবও লৌকিক প্রত্যক্ষের যোগ্য। তবে ন্যায়-বৈশেষিক মতে, যে প্রতিযোগীর প্রত্যক্ষ যে ইন্দ্রিয়ের দ্বারা হয়, তার অভাবও সেই ইন্দ্রিয়ের দ্বারা হয়ে থাকে, অন্য ইন্দ্রিয়ের দ্বারা হয় না। যেমন, রূপ চক্ষুরিন্দ্রিয়ের বিষয়। এইজন্য রূপাভাব চক্ষু দ্বারাই প্রত্যক্ষ হয়, ত্বক্ বা কর্ণের দ্বারা নয়। অভাবের প্রত্যক্ষে ইন্দ্রিয় করণ এবং অনুপলব্ধি কারণ হয়। কিন্তু যে প্রতিযোগী প্রত্যক্ষের অযোগ্য, তার অস্তিত্ব অনুমান দ্বারা সিদ্ধ হয়। এই কারণে তার অভাবও অনুমানযোগ্য।

**অভাবের শ্রেণীবিভাগ :**

ন্যায়-বৈশেষিকমতে অভাব দুপ্রকার- (ক) অন্যোন্যাভাব ও (খ) সংসর্গাভাব।

**(ক) অন্যোন্যাভাব :** অন্যোন্যাভাব হল দুটি বস্তুর পারস্পরিক ভেদ। অন্য, ভিন্ন, অপর, পৃথক্, নয় ইত্যাদি শব্দ দ্বারা অন্যোন্যাভাবের প্রতীতি হয়। 'অন্যোন্য' শব্দের অর্থ পরস্পর। এক্ষেত্রে পরস্পর অর্থ প্রতিযোগী ও অনুযোগী। অন্যোন্যের অভাব অন্যোন্যাভাব। দুটি ভিন্ন জিনিসের মধ্যে পারস্পরিক যে অভাব, তাকে বলে অন্যোন্যাভাব। যেমন, গরু ও অশ্বের পারস্পরিক অভাব। নব্য নৈয়ায়িক বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন মুক্তাবলীতে অন্যোন্যাভাবের লক্ষণে বলেছেন — 'অন্যোন্যাভাবত্বং তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্নপ্রতিযোগিতাকাভাবত্বম্' । অর্থাৎ যে অভাবের প্রতিযোগিতা তাদাত্ম্য (অবিচ্ছেদ্য) সম্বন্ধের দ্বারা অবচ্ছিন্ন (পৃথক্), তা অন্যোন্যাভাব।

এই লক্ষণ অনুসারে, 'ঘট পট নয়' বা 'গরু অশ্ব নয়' ইত্যাদি বাক্যে যে অভাবের কথা বলা হয় তাই অন্যোন্যাভাব। প্রশ্ন হলো, এরূপ আকারের অভাবসূচক বাক্যে কাকে নিষেধ করা হয় ? 'ঘট পট নয়'

এরূপ প্রতীতির বিষয়রূপে যে অভাব তা ঘট-অনুযোগিক ও পট-প্রতিযোগিক। ঘটে পট নিষিদ্ধ হয় তাদাত্ম্য সম্বন্ধে। তাই তাদাত্ম্য সম্বন্ধটি প্রতিযোগিতার অবচ্ছেদক বা প্রতিযোগিতাবচ্ছেদক সম্বন্ধ। এক্ষেত্রে ঘটাধিকরণে পটরূপ প্রতিযোগীকে তাদাত্ম্য সম্বন্ধে নিষেধ করা হয়। অন্যোন্যাভাব সম্পর্কে এটিই নব্যমত।

অন্যদিকে প্রাচীনমতে অন্যোন্যাভাবে যা নিষিদ্ধ হয় তা হলো দুটি পদার্থের তাদাত্ম্য সম্বন্ধ, তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগী নয়। 'ঘট পট নয়' এরূপ অভাবপ্রতীতির বিষয় হলো পট-তাদাত্ম্য। এক্ষেত্রে প্রাচীন মতানুসারী নৈয়ায়িক আচার্য উদয়ন বলেন- 'এই বাক্যের দ্বারা যার নিষেধ হয়, তা হচ্ছে ঘটের সঙ্গে পটের তাদাত্ম্য। কাজেই অন্যোন্যাভাবের প্রতিযোগী হচ্ছে এই তাদাত্ম্য সম্বন্ধ। তবে এই তাদাত্ম্য বাস্তবিক তাদাত্ম্য নয়। ঘটের সঙ্গে পটের বাস্তবিক তাদাত্ম্য থাকে না। যখন 'ঘট পট নয়' এই জ্ঞান হয়, তখন ঘটে আরোপিত পট-তাদাত্ম্যের নিষেধ বিষয় হয়। এখানে নিষেধ করা হচ্ছে পট-তাদাত্ম্যের। কাজেই ঘট হচ্ছে এই নিষেধের অধিকরণ বা অনুযোগী এবং পট-তাদাত্ম্য হচ্ছে প্রতিযোগী।

নব্যন্যায়মতে নিষেধের বিষয় পট-তাদাত্ম্য নয়, পট। তবে পট ঘটে নিষিদ্ধ হচ্ছে তাদাত্ম্য সম্বন্ধে। সুতরাং তাদাত্ম্য সম্বন্ধটি প্রতিযোগী নয়, প্রতিযোগিতার অবচ্ছেদক সম্বন্ধ। অর্থাৎ, যে প্রতিযোগীটি তাদাত্ম্য সম্বন্ধে নিষিদ্ধ হয়, তাকে বলে অন্যোন্যাভাব। নব্যনৈয়ায়িক অন্নংভট্টও তর্কসংগ্রহে অন্যোন্যাভাবের লক্ষণ দিয়েছেন এভাবে — 'তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্নপ্রতিযোগিতাকোঽন্যোন্যাভাবঃ' । অর্থাৎ অন্যোন্যাভাব হল সেই অভাব যার প্রতিযোগিতা তাদাত্ম্য সম্বন্ধের দ্বারা অবচ্ছিন্ন। অন্যোন্যাভাব এক, অনাদি ও অনন্ত। 'ঘট পট নয়', 'গরু অশ্ব নয়', 'রাম শ্যাম নয়' প্রভৃতি অভাবপ্রতীতিতে একই নিত্য অন্যোন্যাভাব প্রতীত হয়। এই অভাব বা পারস্পরিক ভেদ চিরকালীন, তাই অন্যোন্যাভাব নিত্য।

**(খ) সংসর্গাভাব** : অন্যোন্যাভাব ভিন্ন অভাবকে বলা হয় সংসর্গাভাব। যার দ্বারা একটি পদার্থ অন্য একটি পদার্থের আশ্রয় হয় তাকে সংসর্গ বলে। সংযোগ, সমবায় প্রভৃতি সম্বন্ধের দ্বারা একটি পদার্থ অন্য একটি পদার্থের আশ্রয় হয় বলে সংযোগাদিকে সংসর্গ বলে। তাদাত্ম্য (অবিচ্ছেদ্যতা) এই অর্থে সংসর্গ নয়। যে অভাব স্বপ্রতিযোগী সংসর্গবিরোধী তাই সংসর্গাভাব। সংসর্গাভাবমাত্রই তাই কোন অনুযোগীতে কোন প্রতিযোগীর সংসর্গের অভাব। যেমন, টেবিলে ঘটের অভাব। এখানে অনুযোগী টেবিলে প্রতিযোগী ঘটের সংসর্গের অভাব প্রতীতি হয়। এভাবে সংসর্গাভাবকে অন্যোন্যাভাবভিন্ন অভাব বলা যায়। তাই সংসর্গাভাবের লক্ষণে বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন মুক্তাবলীতে বলেছেন — 'সংসর্গাভাবত্বম্ অন্যোন্যাভাবভিন্নাভাবত্বম্' । অর্থাৎ অন্যোন্যাভাব ভিন্ন অভাবই হল সংসর্গাভাব।

ন্যায়-বৈশেষিকমতে অন্যোন্যাভাবের প্রতিযোগী কেবল তাদাত্ম্য সম্বন্ধের দ্বারাই অবচ্ছিন্ন হয়, কিন্তু সংসর্গাভাবের প্রতিযোগী সংযোগ, সমবায়, স্বরূপ প্রভৃতি সম্বন্ধের দ্বারা অবচ্ছিন্ন হতে পারে।

**সংসর্গাভাব ত্রিবিধ- (১) প্রাগভাব, (২) ধ্বংসাভাব ও (৩) অত্যন্তাভাব।**

**(১) প্রাগভাব** : কোন একটি বস্তু উৎপন্ন হওয়ার পূর্ব পর্যন্ত তার যে অভাব, তাকে প্রাগভাব বলে। প্রাক্+অভাব — এইরূপ ব্যুৎপত্তি অনুসারে কোন কার্যের উৎপত্তির পূর্বে তার সমবায়িকারণে ঐ কার্যের যে অভাব, তাই ঐ কার্যের প্রাগভাব। যেমন, পট উৎপত্তির পূর্বে তন্তুতে ঐ পটের অভাব হল প্রাগভাব। বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন মুক্তাবলীতে প্রাগভাবের লক্ষণে বলেছেন — 'বিনাশ্যভাবত্বং প্রাগভাবত্বম্'। অর্থাৎ যে অভাবের বিনাশ আছে, তাই প্রাগভাব। এখানে 'যে অভাবের বিনাশ আছে' বলতে বোঝায়, যে অভাবের বিনাশ আছে কিন্তু উৎপত্তি নেই। কেননা, যে ঘটটি এখনও উৎপন্ন হয়নি, জগতে সেই ঘটের অভাব আছে। এই অভাব কখন শুরু হয়েছে কেউ জানে না। উৎপত্তির পূর্বে একটি পদার্থ কোন কালেই থাকতে পারে না,

তাই তার প্রাগভাব অনাদি। তবে যে মুহূর্তে ঘটটি উৎপন্ন হবে, সেই মুহূর্তেই ঐ ঘটের অভাব বিনষ্ট হবে। অর্থাৎ প্রাগভাব সান্ত, তার অন্ত বা শেষ আছে। তাই তর্কসংগ্রহে অন্নংভট্ট আরো স্পষ্টভাবে প্রাগভাবের লক্ষণ দিয়েছেন — 'অনাদিঃ সান্তঃ প্রাগভাবঃ'। অর্থাৎ যে অভাব অনাদি ও সান্ত, তাই প্রাগভাব।

ন্যায়-বৈশেষিকমতে যে প্রতিযোগীর প্রাগভাব থাকে, তারই উৎপত্তি হয়, আবার প্রতিযোগীর উৎপত্তিতে প্রাগভাব বিনষ্ট হয়। তাই প্রাগভাব একাধারে প্রতিযোগীর জনক এবং প্রতিযোগীর দ্বারা বিনাশ্য। ন্যায়-বৈশেষিক দার্শনিকেরা কোন কার্যের প্রাগভাবকে সেই কার্যের কারণ বলে স্বীকার করেছেন। যেহেতু প্রাগভাবকে কারণ বলে না মানলে একই ঘটের বারবার উৎপত্তির সম্ভাবনা স্বীকার করতে হবে। কারণ কুম্ভকার, ঘট-কপাল, কপালদ্বয়ের সংযোগ, কুম্ভকারের চক্র, লাঠি ইত্যাদি, দিক্, কাল, অদৃষ্ট প্রভৃতি ঘট উৎপত্তির কারণ। এই কারণগুলির কোনটিই পরক্ষণে বিনষ্ট হয় না। সুতরাং ঘটটি উৎপন্ন হওয়ার পরক্ষণেও এই কারণগুলি থাকবে। সেক্ষেত্রে দ্বিতীয়ক্ষণে আবার ঘটটির উৎপত্তি স্বীকার করতে হবে। কিন্তু একই ঘটের বারবার উৎপত্তি কেউ স্বীকার করেন না। যদি প্রাগভাবকে কারণ বলে স্বীকার করা হয় তাহলে এই সমস্যার সহজেই সমাধান করা যায়। কুম্ভকার, কপাল ইত্যাদির মতো ঘটের প্রাগভাবও ঘট উৎপত্তির কারণ। ঘটটি উৎপন্ন হওয়ার সঙ্গে সঙ্গে এই কারণ বিনষ্ট হয়ে যায়।

**(২) ধ্বংসাভাব :** কোন কার্য বিনষ্ট হলে তার যে অভাব তাই ধ্বংসাভাব। যেমন একটি ঘট ভেঙে গেলে, তার সমবায়িকারণে ঐ ঘটটির যে অভাব, তাই ঐ ঘটের ধ্বংসাভাব। মুক্তাবলীতে বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন ধ্বংসাভাবের লক্ষণে বলেছেন — 'জন্যাভাবত্বং ধ্বংসত্বম্'। অর্থাৎ যে অভাব জন্য, যার উৎপত্তি আছে কিন্তু বিনাশ নেই, তাই ধ্বংসাভাব। ধ্বংসাভাবের আদি আছে, যেহেতু একটি বস্তুর বিশেষ বিশেষ সময়ে ধ্বংস হয়। কিন্তু এই অভাবের অন্ত বা শেষ নেই, যেহেতু ঐ বিনষ্ট ঘটটি আর কোনদিনই ফিরে আসবে না। তাই অন্নংভট্ট তর্কসংগ্রহে ধ্বংসাভাবের লক্ষণে আরো স্পষ্টভাবে বলেন — 'সাদিরনন্তঃ প্রধ্বংসঃ'। অর্থাৎ যে অভাব সাদি ও অনন্ত, তাই ধ্বংসাভাব। প্রাগভাবের ন্যায় ধ্বংসাভাবও নিজ প্রতিযোগীর সমবায়িকারণে অবস্থিত হয় এবং ঐ সমবায়িকারণ নষ্ট হলে কালিক সম্বন্ধে থাকে। প্রাগভাবের সঙ্গে ধ্বংসাভাবের পার্থক্য হলো, প্রাগভাব তার প্রতিযোগীর জনক, কিন্তু ধ্বংসাভাব তার প্রতিযোগীর দ্বারা জন্য বা উৎপন্ন। অর্থাৎ ঘট ধ্বংসের একটি কারণ হলো ঘট নিজে। উৎপত্তিযোগ্য দ্রব্য, গুণসমূহ, যাবতীয় কর্ম এবং প্রাগভাব - এরা ধ্বংসের প্রতিযোগী। কিন্তু ধ্বংস স্বয়ং কোন ধ্বংসের প্রতিযোগী নয়, যেহেতু ধ্বংসের ধ্বংস স্বীকৃত নয়।

ন্যায়-বৈশেষিকমতে ধ্বংসাভাব উৎপন্ন হয় অথচ বিনষ্ট হয় না। ঘট, পট, টেবিল, চেয়ার ইত্যাদি ভাবপদার্থ বিশেষ সময়ে উৎপন্ন হয়ে আবার তা একসময়ে বিনষ্ট হলেও, অভাবপদার্থের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য নয়। কারণ ধ্বংসাভাবের অভাবপদার্থ বিনাশ হতে হলে যার দ্বারা ঐ অভাব উৎপন্ন হয়েছে সেই পদার্থেরই পুনরাবির্ভাব দরকার। কিন্তু বিনষ্ট পদার্থের পুনরাবির্ভাব কখনোই সম্ভব নয়, তাই ধ্বংসাভাব অনন্ত বা অবিনাশী।

**(৩) অত্যন্তাভাব :** বিশ্বনাথ নিত্য সংসর্গাভাবকে অত্যন্তাভাব বলেছেন। যেমন, বায়ুতে রূপের অভাব বা জলে গন্ধের অভাব প্রভৃতি অত্যন্তাভাবের দৃষ্টান্ত। বায়ুতে রূপ বা জলে গন্ধ কখনো ছিল না, আবার কখনো থাকবেও না। এই অভাব নিত্য অর্থাৎ অনাদি ও অনন্ত। মুক্তাবলীতে অত্যন্তাভাবের লক্ষণে বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন বলেছেন — 'নিত্যসংসর্গাভাবত্বম্ অত্যন্তাভাবত্বম্'। অর্থাৎ নিত্য সংসর্গের অভাবই হল অত্যন্তাভাব। ধ্বংসাভাবের আদি আছে, অন্ত নেই। প্রাগভাবের অন্ত আছে, আদি নেই। কিন্তু অত্যন্তাভাবের আদিও নেই, অন্তও নেই। এই নিত্য সংসর্গের অভাব ত্রৈকালিক অর্থাৎ অতীতে যে অভাব ছিল, বর্তমানে

সে অভাব আছে এবং ভবিষ্যতেও এই অভাব থাকবে। তাই অন্নংভট্ট তর্কসংগ্রহে অত্যন্তাভাবের লক্ষণে বলেন – 'ত্রৈকালিকসংসর্গাবচ্ছিন্নপ্রতিযোগিতাকোঽত্যন্তাভাবঃ' । অর্থাৎ যে অভাব ত্রৈকালিক (নিত্য) এবং যার প্রতিযোগিতা কোন সংসর্গ বা সম্বন্ধের দ্বারা অবচ্ছিন্ন, তাই অত্যন্তাভাব। প্রাচীন নৈয়ায়িকেরা আকাশে কুসুমের অভাবের ন্যায় অলীকের অভাবকে অত্যন্তাভাব বলে উল্লেখ করলেও নব্য নৈয়ায়িকেরা অবশ্য অলীকের অভাব স্বীকার করেন না।

ভারতীয় দর্শনে লক্ষণ এবং প্রমাণের দ্বারা পদার্থ সিদ্ধ হয়। অভাবের লক্ষণ থেকে বোঝা যায়, অভাবনিরূপণ ভাবনিরূপণসাপেক্ষ। সেই কারণে ন্যায়-বৈশেষিক দর্শনে অভাব পদার্থ নিরূপণের আগে ছ'টি ভাব পদার্থ (দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ ও সমবায়) নিরূপিত হয়েছে। অভাব ভাবপরতন্ত্র। আবার ভাবপদার্থকে সঠিকভাবে জানতে গেলে অভাবের জ্ঞানও আবশ্যক। ন্যায়-বৈশেষিক মতে অভাব বলতে শূন্য বা নাস্তিত্বকে বোঝায় না। অভাব বলতে 'কোন কিছুতে কোন কিছুর না থাকা' বোঝায়। ন্যায়-বৈশেষিক দার্শনিকেরা বস্তুস্বাতন্ত্র্যবাদী দৃষ্টিভঙ্গি থেকে অভাব পদার্থ স্বীকার করেছেন। তাদের মতে জ্ঞানমাত্রই সবিষয়ক। জ্ঞানের বিষয়টি হল জ্ঞানাতিরিক্ত সত্তাবিশিষ্ট। অভাবজ্ঞানে বিষয় হয় অভাব নিজেই, তাই অভাব স্বতন্ত্র পদার্থ। ন্যায়-বৈশেষিক দর্শনে অন্যোন্যাভাব, প্রাগভাব, ধ্বংসাভাব ও অত্যন্তাভাব এই চতুর্বিধ অভাব সাধারণভাবে প্রচলিত। কিন্তু এই চতুর্বিধ বিভাগ ছাড়াও অন্নংভট্ট তাঁর টীকা তর্কদীপিকায় এ ধরনের কয়েকটি অভাবের আলোচনা করেছেন, যেমন – সাময়িক অভাব, অভাবের অভাব, ব্যধিকরণ-ধর্মাবচ্ছিন্ন অভাব, কেবলাভাব, বিশিষ্টাভাব, সামান্যাভাব, বিশেষাভাব, অন্যতরাভাব, উভয়াভাব প্রভৃতি। ভিন্ন ভিন্ন নামে উল্লিখিত হলেও এই অভাবগুলি পূর্বে বর্ণিত চতুর্বিধ বিভাগের কোন না কোনটির অন্তর্গত হতে পারে বলে মনে করা হয়, যেমন সাময়িক অভাবকে অন্নংভট্ট অত্যন্তাভাবের অন্তর্ভুক্ত করেছেন । অভাব পদার্থ স্বীকারের মাধ্যমে ন্যায়-বৈশেষিক সাংখ্য সৎকার্যবাদ খণ্ডন করে স্বকীয় অসৎকার্যবাদ প্রতিষ্ঠা করেছে। জ্ঞেয়ত্ব, প্রমেয়ত্ব, অভিধেয়ত্ব, বাচ্যত্ব প্রভৃতি ধর্মবিশিষ্ট অভাব অধিকরণাতিরিক্ত স্বতন্ত্র সপ্তম পদার্থ। তাছাড়াও ন্যায়-বৈশেষিক বস্তুবাদসম্মত অনুরূপতাবাদকে ত্রুটিমুক্ত করার জন্য নিষেধমূলক জ্ঞানের (এই ঘরে হাতি নেই) সত্যতাকে ব্যাখ্যা করার ক্ষেত্রে অভাবকে স্বতন্ত্র পদার্থরূপে স্বীকার আবশ্যক।

### উল্লেখপঞ্জি :

1 বৈশেষিকসূত্র, ১/২/১।

2 তদেব, ৯/১/১।

3 পঞ্চানন ভট্টাচার্য (সম্পা.), ভাষাপরিচ্ছেদ, পৃ. ১৬।

4 তদেব, পৃ. ১৭।

5 তদেব, পৃ. ৭৮।

6 'অভাবানঙ্গীকারে কৈবল্যস্য নির্বক্তুমশক্যত্বাৎ'। – নারায়ণ গোস্বামী (সম্পা.), তর্কসংগ্রহ, পৃ. ৬০১।

7 'অনন্তাধিকরণাত্মকত্ব-কল্পনাপেক্ষয়াঽতিরিক্ত-কল্পনায়া এব লঘীয়স্ত্বাৎ'। – পঞ্চানন ভট্টাচার্য (সম্পা.),পূর্বোক্ত, পৃ. ৮৫।

8 'অভাবাভাবো ভাব এব। নাতিরিক্তঃ। অনবস্থাপ্রসঙ্গাৎ।...তৃতীয়াভাবস্য প্রথমাভাবরূপত্বাৎ নানবস্থেতি নবীনাঃ'। – নারায়ণ গোস্বামী (সম্পা,),পূর্বোক্ত, পৃ. ৬০১।

9 ন্যায়সূত্র, ৪/১/৩৭।

10 পঞ্চানন ভট্টাচার্য (সম্পা.),পূর্বোক্ত, পৃ. ৭৯-৮০।

11 নারায়ণ গোস্বামী (সম্পা.),পূর্বোক্ত, পৃ. ৬০১।

12 পঞ্চানন ভট্টাচার্য (সম্পা.),পূর্বোক্ত, পৃ. ৭৯।

13 নারায়ণ গোস্বামী (সম্পা.),পূর্বোক্ত, পৃ. ৬০০।

14 'সাময়িকাভাবোঽপ্যত্যন্তাভাব এব সময়বিশেষে প্রতীয়মানঃ'। — তদেব, ৬০১।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি :


অন্নংভট্ট। তর্কসংগ্রহ । সম্পা. নারায়ণচন্দ্র গোস্বামী । কলকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪২৩ বঙ্গাব্দ।

——। সম্পা. যুধিষ্ঠির গোপ । কলকাতাঃ সংস্কৃত বুক ডিপো, ২০১৩।

——। সম্পা. শর্বাণী গাঙ্গুলী । কলকাতাঃ সংস্কৃত বুক ডিপো, ২০১৩।

ঘোষ, দীপক। ভাষাপরিচ্ছেদসমীক্ষা । কলকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৩।

নারায়ণ-ভট্ট । মানমেয়োদয় । সম্পা. দীননাথ ত্রিপাঠী । কলকাতাঃ সংস্কৃত কলেজ, ১৯৯০।

বাগচী, দীপক কুমার। ভারতীয় দর্শন । কলকাতাঃ প্রগতিশীল প্রকাশক, ২০১৮।

বিশ্বনাথ। ভাষাপরিচ্ছেদ । সম্পা. অনামিকা রায় চৌধুরী । কলকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৫।

——। সম্পা. পঞ্চানন ভট্টাচার্য । কলকাতাঃ মহাবোধি বুক এজেন্সি, ১৪২৩ বঙ্গাব্দ।

ভট্টাচার্য, সমরেন্দ্র। ভারতীয় দর্শন । কলকাতাঃ বুক সিণ্ডিকেট প্রা. লি., ২০১৭।

শালিকনাথ। প্রকরণপঞ্চিকা । সম্পা. তপনশঙ্কর ভট্টাচার্য । কলকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১১।

# অগ্নিপুরাণোক্ত বৈদিক ছন্দঃশাস্ত্রের পর্যালোচনা

অনুরিমা গুপ্ত

**সারসংক্ষেপ :** বেদমন্ত্র ছন্দোবদ্ধ। তাই যথাযথ বেদজ্ঞানের নিমিত্ত বৈদিক ছন্দঃশাস্ত্রের অধ্যয়ন অপরিহার্য। প্রাচীনকালে বহু গ্রন্থে বৈদিক ছন্দের বিষয় আলোচিত হয়েছে। তবে, কেবল প্রাচীনকালেই নয় পরবর্তী পুরাণযুগেও বৈদিক ছন্দঃশাস্ত্রের বিস্তারিত আলোচনা পাওয়া যায় যার উজ্জ্বল উদাহরণ হল অগ্নিপুরাণ নামক পুরাণগ্রন্থ। অগ্নিপুরাণ গ্রন্থে পাঠকের সুবিধার্থে সূত্রের জটিলতা এড়িয়ে শ্লোকাকারে বৈদিক ছন্দের বিষয়টি আলোচনা করা হয়েছে। অগ্নিপুরাণে উল্লিখিত সেই বিস্তারিত আলোচনার দ্বারা বৈদিক ছন্দঃশাস্ত্রের ধারণাটি স্পষ্টতর হতে পারে।

**পারিভাষিক শব্দসমূহ :** গায়ত্রী পাদ, জগতী পাদ, বিরাট্ পাদ, ত্রিষ্টুপ্ পাদ, শঙ্কুমতী, ককুম্মতী, পিপীলিকমধ্যা, যবমধ্যা, নিচৃৎ, ভূরিক্, বিরাট্, স্বরাট্, দেবতাদি।

আমাদের অতিপরিচিত শাস্ত্র যে বেদ, তার আধিকাংশ মন্ত্রই পদ্যাত্মক অর্থাৎ ছন্দে নিবদ্ধ। কেবল যজুর্বেদের মন্ত্র ব্যতীত বাকী সকল সংহিতার প্রায় অধিকাংশ মন্ত্রই ছন্দোবদ্ধ। অতএব, এই বেদমন্ত্র যথাযথ পাঠের জন্য ছন্দোজ্ঞান অপরিহার্য। বিশুদ্ধ উচ্চারণের মাধ্যমে বেদমন্ত্র পাঠ করে তার যথাযথ অর্থবোধের নিমিত্তই এই ছন্দঃশাস্ত্রের জ্ঞান প্রয়োজনীয়। এখন প্রশ্ন হল, এই ছন্দস্ কি? ষড়্‌বেদাঙ্গের মধ্যে অন্যতম হল ছন্দঃ। পাণিনীয় শিক্ষা গ্রন্থে বলা হয়েছে – 'ছন্দঃ পাদৌ তু বেদস্য'[1]। অর্থাৎ, বেদপুরুষের পাদদ্বয় হল এই ছন্দস্, যা বেদপুরুষকে সচল রাখে। তাই ছন্দোজ্ঞান ব্যতীত বেদের অর্থবোধ অসম্ভব। 'ছন্দস্' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নিয়ে নানা মতপার্থক্য রয়েছে। অনেকের মতে, ছদ্ বা ছন্দ্ ধাতু থেকে ছন্দস্ শব্দটি নিষ্পন্ন এবং শব্দটি আবরণার্থক। তবে, চন্দ্ ধাতু হতেও শব্দটির উদ্ভব কল্পিত হয়েছে, যার ব্যুৎপত্তিগত অর্থ দাঁড়ায় 'আহ্লাদিত করা'। উক্ত অর্থ দুটি ছাড়াও নানা অর্থে ছন্দস্ শব্দ বেদে প্রযুক্ত হয়ে থাকে। যেমন – বেদ, মন্ত্র, পূজা, অম্বিষ্ট বস্তু প্রভৃতি। নিরুক্তকার যাস্কের 'ছন্দাংসি ছাদনাত্'[2]–এই উক্তিতে ছন্দস্ শব্দের অর্থ 'বন্ধন'। আবার অনুক্রমণিকায় বলা হয়েছে – 'যদক্ষরপরিমাণং তচ্ছন্দঃ'[3]।

প্রাচীন ভারতীয় সাহিত্যে দুই প্রকারের ছন্দের নিদর্শন মেলে – বৈদিক ও লৌকিক। প্রাচীন বৈদিক ছন্দের রীতি ছিল অক্ষরভিত্তিক। তাই অনেকে এই ছন্দকে অক্ষরছন্দও বলে থাকেন। সবমিলিয়ে বৈদিক ছন্দের সংখ্যা ২১ টি [4]। ঋগ্বেদ প্রাতিশাখ্যে আরও ৫টি[5] বৈদিক ছন্দের উল্লেখ করা হয়েছে। তবে, গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্ ও জগতী এই সাতটি ছন্দের বিস্তারিত আলোচনাই বিবিধ শাস্ত্রে বেশী চোখে পড়ে। অগ্নিপুরাণেও উক্ত সাতটি ছন্দেরই বিস্তারিত আলোচনা করা হয়েছে এবং বাকী ছন্দগুলির কেবল অক্ষরসংখ্যার উল্লেখ করা হয়েছে, যা এই পত্রের মূল আলোচ্য বিষয়।

বিবিধ বিদ্যার বিশ্বকোষস্বরূপ অগ্নিপুরাণ গ্রন্থের ৩৮৩টি অধ্যায়ের মধ্যে ৩২৯ ও ৩৩০নং অধ্যায়ে এবং ৩৩১নং অধ্যায়ের প্রথম ২টি কারিকায় বৈদিক ছন্দ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। অগ্নিপুরাণে গায়ত্র্যাদি সাতটি বৈদিক ছন্দের ৮টি ভেদের কথা উল্লেখ করা হয়েছে। সেগুলি হল — আর্ষী, দৈবী, আসুরী, প্রাজাপত্য, যাজুষী, সাম্নী, আর্চী ও ব্রাহ্মী।[6] তবে, কেবল আর্ষী গায়ত্রী হতে জগতী পর্যন্ত সাতটি ছন্দেরই সবিস্তারে আলোচনা করা হয়েছে অগ্নিপুরাণে।

বৈদিকছন্দ আলোচনার প্রারম্ভেই অগ্নিপুরাণকার 'পাদ'[7] বিষয়ে আলোচনা করেছেন। সেখানে বলা হয়েছে — যদি কোনো স্থানে গায়ত্রী পাদের কথা বলা হয় তবে সেখানে আট অক্ষরের গ্রহণ করতে হবে। একইভাবে জগতী পাদের ক্ষেত্রে দ্বাদশ অক্ষর, বিরাট পাদের ক্ষেত্রে দশ অক্ষর এবং ত্রিষ্টুপ্ পাদের ক্ষেত্রে এগারো অক্ষরের গ্রহণ করতে হবে। ছন্দ যে একাধিকপাদযুক্ত হতে পারে সেই বিষয়টি উল্লেখ করে অগ্নিপুরাণকার বলেছেন — 'ছন্দ একাদিপাদজম্'[8]। পাদবিষয়ে উল্লেখের পরই অগ্নিপুরাণকার গায়ত্র্যাদি ছন্দ ও তাদের ভেদসম্পর্কে আলোচনা করেছেন। নিম্নে তা আলোচনা করা হল —

গায়ত্রী — গায়ত্রী ছন্দের লক্ষণ প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে — 'আদ্যং চতুষ্পাচ্চতুর্ভিঃ'[9] অর্থাৎ, 'আদি ছন্দ' অর্থাৎ গায়ত্রীর ছয় অক্ষরের চারপাদ হয়ে থাকে। যেমন-

'ইন্দ্রঃ শচীপতিঃ(৬)বলেন বীড়িতঃ।(৬)

দুশ্চ্যবনো বৃষা(৬)সমৎসু সাসহিঃ।।'[10] (৬)

তবে, তিনপাদবিশিষ্ট গায়ত্রীর উল্লেখও পাওয়া যায়। পাদসংখ্যা ও অক্ষরসংখ্যা অনুসারে গায়ত্রীকে কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে অগ্নিপুরাণে। যথা-

১. পাদনিচৃৎ গায়ত্রী — সাত অক্ষরের ত্রিপাদ গায়ত্রীকে পাদনিচৃৎ গায়ত্রী বলে। এই সম্পর্কে অগ্নিপুরাণে বলা হয়েছে — 'ত্রিপাত্ সপ্তাক্ষরৈঃ কচিৎ। সা গায়ত্রী পাদনিচৃৎ'[11] । যেমন— 'যুবাকু হি শচীনাম্।(৭)

যুবাকু সুমতীনাম্। (৭) ভূয়াম্ বাজদাব্নাম্।।'[12] (৭)

২.বর্দ্ধমানা গায়ত্রী — প্রথমপাদে ছয় অক্ষর, দ্বিতীয়পাদে সাত অক্ষর এবং তৃতীয়পাদে আট অক্ষর থাকলে, তাকে বর্দ্ধমানা গায়ত্রী বলে — 'বর্দ্ধমান ষট্সপ্তাষ্টা'[13]। যেমন — 'তমগ্নে যজ্ঞানাম্। (৬) হোতা বিশ্বেষাং হিতঃ। (৭) দেবেভির্মানুষে জনে।।'[14] (৮)

৩. নাগী গায়ত্রী — যদি দুই চরণে নয় নয় অক্ষর ও তৃতীয় চরণে ছয় অক্ষর হয় তবে, তাকে নাগী গায়ত্রী বলা হয়। অগ্নিপুরাণে বলা হয়েছে — 'নাগী নবনবর্তুভিঃ'[15] । যেমন — 'অগ্নে তমদ্যাশ্বং ন স্তোমৈঃ (৯) ক্রতুং ন ভদ্রং হৃদিস্পৃশম্। (৯) ঋধ্যামা ত ওহৈঃ।।'[16](৬)

৪. বারাহী গায়ত্রী — যদি প্রথম চরণে ছয় অক্ষর এবং দ্বিতীয় ও তৃতীয় চরণে নয় অক্ষর হয়, তবে বারাহী গায়ত্রী নামক ছন্দ হয় — 'বারাহী রসর্ষিরম্রাচ্ছন্দঃ'[17]। যেমন — 'অগ্নে মৃড় মহাঁ (৬) অস্যয আ দেবযুং জনম্। (৯) ইয়েথ বর্হিরাসদম্।।[18] '(৯)

৫. দ্বিপাদ বিরাট্ গায়ত্রী – দুটি চরণের প্রথমটিতে বারো ও দ্বিতীয়টিতে আট অক্ষর থাকলে, তাকে দ্বিপাদ বিরাট্ নামক গায়ত্রী ছন্দ বলা হয়। এই ছন্দের লক্ষণ প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে – 'দ্বিপাদ্বাদশবস্বন্তৈঃ'[19]। যেমন – 'নৃভির্যেমানো হর্ষতো বিচক্ষণো। (১২) রাজা দেবঃ সমুদ্রিয়ঃ।।'[20] (৮)

৬. ত্রিপাদ বিরাট্ গায়ত্রী – যদি ত্রিষ্টুভ্ সম্বন্ধীয় পাদ হয় অর্থাৎ এগারো অক্ষরের তিনটি পাদ হয়, তাহলে ত্রিপাদ্ বিরাট্ নামক গায়ত্রী ছন্দ হয় – 'ত্রিপাত্ তু ত্রৈষ্টুভৈঃ স্মৃতম্'[21]। যেমন – 'দুহীযন্মিত্রধিতয়ে যুবাকু (১১) রায়ে চ নো মিমীতং বাজবত্যৈ। (১১) ইষে চ নো মিমীতং ধৈনুমত্যৈ।।[22] '(১১)

**উষ্ণিক্ :** যে ছন্দের দুই চরণে আট আট অক্ষর ও তৃতীয় চরণে বারো অক্ষর থাকে, তাকে উষ্ণিক্ ছন্দ বলে। এই ছন্দের লক্ষণ প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে – 'উষ্ণিক্ ছন্দোঽষ্টবস্বর্কৈঃ পাদৈর্বেদে প্রকীর্ত্তিতম্'[23] । এই ছন্দের বিভাগগুলি হল –

১. ককুপ্ উষ্ণিক্– প্রথম ও তৃতীয় চরণে আট অক্ষর এবং দ্বিতীয় চরণে বারো অক্ষর হলে, ককুপ্ উষ্ণিক্ হয় – 'ককুবুষ্ণিগষ্টসূর্য্যবস্বর্ণৈশ্চ ত্রিপাদ্ভবেৎ'[24] । যেমন– 'সুদেবঃ সমহাসতি (৮) সুবীরো নরো মরুতঃ স মর্ত্যঃ। (১২) যং ত্রাযধ্বে স্যাম তে।।'[25] (৮)

২. পুরউষ্ণিক্– যদি প্রথম চরণে বারো অক্ষর এবং দ্বিতীয় ও তৃতীয় চরণে আট আট অক্ষর হয়, তবে পুরউষ্ণিক্ নামক ছন্দ হয়। অগ্নিপুরাণে বলা হয়েছে – 'পুরউষ্ণিক্ পুরতশ্চেজ্জাগতঃ পাদ ঈরিতঃ'[26]। যেমন – 'তচ্চক্ষু র্দেবহিতং শুক্রমুচ্চরৎ। (১২) পশ্যেম শরদঃ শতং। (৮) জীবেম শরদঃ শতম্।।'[27] (৮)

৩. পরোষ্ণিক্ – যে ছন্দের প্রথম ও দ্বিতীয় চরণে আট আট অক্ষর এবং তৃতীয় চরণে বারো অক্ষর হয়, তাকে পরোষ্ণিক্ ছন্দ বলে – 'পরোষ্ণিক্ পরতঃ'[28]। যেমন– 'অগ্নে বাজস্য গোমত (৮) ঈশানঃ সহসো যহো। (৮) অস্মে ধেহি জাতবেদো মহি শ্রবঃ।।'[29] (১২)

৪. উষ্ণিক্ – সাত সাত অক্ষরের চার চরণ হলেও উষ্ণিক্ নামক ছন্দ হয়। এই প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে – 'তস্মাচ্চতুষ্পাদৃষিভির্ভবেৎ'[30]। যেমন– 'নদং ব ওদতীনাং (৭) নদং যো যুবতীনাম্। (৭) পতিং বো অঘ্ন্যানাং (৭) ধেনূনামিষুধ্যসি।।'[31] (৭)

**অনুষ্টুপ্ :** আট অক্ষরের চার চরণ হলে অনুষ্টুপ্ নামক ছন্দ হয়। অগ্নিপুরাণে বলা হয়েছে – 'সাষ্টাক্ষরৈরনুষ্টুপ্ স্যাৎ চতুষ্পাচ্চ'[32]। যেমন– 'সহস্রশীর্ষা পুরুষঃ (৮) সহস্রাক্ষঃ সহস্রপাত্। (৮) স ভূমিং সর্বতঃ স্পৃত্বা (৮) অত্যতিষ্ঠদশাঙ্গুলম্।।'[33] (৮)

অনুষ্টুপ্ ছন্দ কোথাও কোথাও তিন চরণেরও হয়। এই ত্রিপাদ্ অনুষ্টুপ্ দুই ধরণের হয়। যথা –

১. কোথাও প্রথম চরণে আট অক্ষর এবং দ্বিতীয় ও তৃতীয় চরণে বারো অক্ষর থাকে। অগ্নিপুরাণে বলা হয়েছে – 'ত্রিপাত্ ক্বচিৎ অষ্টার্কসূর্য্যবর্ণৈঃ স্যাত্'[34]।

২. আবার, কোথাও মধ্যম অথবা অন্তিম পাদে আট অক্ষর ও বাকী দুই পাদে বারো অক্ষর থাকে – 'মধ্যেঽন্তে চ ক্বচিদ্ভবেত্'[35] । মধ্যমপাদে আট অক্ষরযুক্ত ত্রিপাদ্ অনুষ্টুপ্, যেমন – 'পর্যূ ষু প্র ধন্ব বাজসাতয়ে (১২) পরি বৃত্রাণি সক্ষণিঃ। (৮) দ্বিষস্তরধ্যা ঋণযা ন ঈযসে।।'[36](১২)

অন্তিমপাদে আট অক্ষরযুক্ত ত্রিপাদ্ অনুষ্টুপ্, যেমন – 'মা কস্মৈ ধাতমভ্যমিত্রিণে নো (১২) মা কুত্রা নো গৃহেভ্যো ধেনবো গুঃ। (১২) স্তনাভুজো অশিশ্বীঃ।।'[37] (৮)

**বৃহতী :** যদি কোন ছন্দের এক চরণ জগতী অর্থাৎ বারো অক্ষরের হয় এবং শেষ তিন চরণ গায়ত্রী অর্থাৎ আট আট অক্ষরের হয়, তবে সেই চার চরণ যুক্ত ছন্দকে বৃহতী ছন্দ বলে। অগ্নিপুরাণে বলা হয়েছে –'বৃহতীজাগতস্ত্রয়োগায়ত্র্যাঃপূর্ব্বকোযদি'[38]। অগ্নিপুরাণে বৃহতী ছন্দকে কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে –

১. পথ্যা বৃহতী – যদি জগতী পাদ তৃতীয় চরণে হয় এবং বাকী তিনটি চরণে গায়ত্রী পাদ হয়, তাহলে তাকে পথ্যা বৃহতী বলা হয় – 'তৃতীযঃ পথ্যা ভবতি'[39]। যেমন-'মা চিদন্যদ্ বি শংসত (৮) সখাযো মা রিষণ্যত। (৮) ইন্দ্রমিত্ স্তোতা বৃষণং স চাসু তে (১২) মুহুরুক্থা চ শংসত।।'[40](৮)

২. ন্যঙ্কুসারিণী বৃহতী – জগতী পাদ যদি দ্বিতীয় পাদে থাকে এবং বাকী পাদগুলি যদি গায়ত্রী পাদ হয়, তবে তার নাম হবে ন্যঙ্কুসারিণী বৃহতী। অগ্নিপুরাণে বলা হয়েছে – 'দ্বিতীযো ন্যঙ্কুসারিণী'[41]। যেমন– 'মত্স্যপাযি তে মহঃ (৮) পাত্রস্যেব হরিবো মত্সরো মদঃ। (১২) বৃষা তে বৃষ্ণ ইন্দু (৮) র্বাজীসহস্রমাতমঃ।।'[42] (৮)

আচার্য ক্রৌষ্টুকি একে 'স্কন্ধোগ্রীবী' বলেছেন এবং যাস্ক এই ছন্দের নাম দিয়েছেন 'উরোবৃহতী'। এই প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে– 'স্কন্ধোগ্রীবী ক্রৌষ্টুকৈঃ স্যাদ্ যাস্কস্যোরোবৃহত্যপি' ।

৩. উপরিষ্টাদ্ বৃহতী– অন্তিম বা চতুর্থ চরণে জগতী পাদ এবং প্রথম তিন চরণে গায়ত্রী পাদ হলে, তাকে উপরিষ্টাদ্ বৃহতী ছন্দ বলে– 'উপরিষ্টাদ্বৃহত্যন্তে'[44]। যেমন– 'অগ্নে জরিতর্বিশ্পতি (৮) স্তপানো দেবরক্ষসঃ। (৮) অপ্রোষিবান্ গৃহপতে (৮) মহাঁ অসি দিবস্পাযর্দুরোণযুঃ।।'[45](১২)

৪. পুরস্তাদ্ বৃহতী – যদি জগতী পাদ প্রথম চরণে হয় এবং শেষ তিন চরণে গায়ত্রী পাদ হয়, তবে তাকে পুরস্তাদ্ বৃহতী ছন্দ বলে – 'পুরস্তাদ্বৃহতী পুরঃ'[46]। যেমন – 'মহো যস্পতিঃ শবসো অসাম্যা (১২) মহো নৃম্ণস্য তূতুজিঃ। (৮) ভর্তা বজ্রস্য ধৃষ্ণোঃ (৮) পিতা পুত্রমিব প্রিযম্।।[47]'(৮)

৫. বৃহতী – বেদে কোথাও কোথাও নয় অক্ষরের চার চরণ দেখা যায়, তাকেও বৃহতী ছন্দ বলে –'ক্বচিন্নবকাশ্চত্বারো[48]। যেমন– 'তাং ত্বা বযং পিতো বচোভিঃ (৯) গাবো ন হব্যা সুষূদিমঃ। (৯) দেবেভ্যস্ত্বা সধমাদ (৯) মস্মভ্যং ত্বা সধমাদম্।।'[49](৯)

প্রথম দুই চরণে দশটি করে এবং শেষ দুই চরণে আটটি করে অক্ষর থাকলেও, তাকে বৃহতী ছন্দ বলা হয়। অগ্নিপুরাণে বলা হয়েছে – 'দিগ্দিগ্বস্বষ্টবর্ণিকা'[50]। যেমন– 'অগ্নে বিবস্বদুষসশ্চিত্রং (১০) রাধো অমর্ত্য আ দাশুষে। (১০) জাতবেদো বহা ত্ব (৮) মদ্যা দেবাঁ উষর্বুধঃ।।[51] '(৮)

৬. মহাবৃহতী– জগতীর তিন চরণ থাকলে, তাকে মহাবৃহতী বলে – 'মহাবৃহতী জাগতৈঃ স্যাত্ ত্রিভিঃ'[52]। যেমন– 'অজীজনো অমৃত মর্ত্যেষ্বাঁ (১২) ঋতস্য ধর্মন্নমৃতস্য চারুণঃ। (১২) সদাসরো বাজমচ্ছাস নিষ্যদত্।।'[53] (১২) আচার্য তাণ্ডী একে 'সতোবৃহতী' ছন্দ নামে অভিহিত করেছেন।

পংক্তি : যদি দুটি পাদ বারো বারো অক্ষরের এবং বাকী দুটি পাদ আট আট অক্ষরের হয়, তবে তাকে পঙ্ক্তি নামক ছন্দ বলে। অগ্নিপুরাণে বলা হয়েছে– 'পঙ্ক্তিচ্ছন্দঃ স্যাত্ সূর্য্যার্কাষ্টাষ্টবর্ণকৈঃ'[54]। অগ্নিপুরাণে উক্ত পঙ্ক্তির ভেদগুলি যথা —

১. সতঃপঙ্ক্তি — প্রথম ও তৃতীয় চরণ বারো বারো অক্ষর হয় এবং বাকী দুই পাদ আট আট অক্ষর হয়, তবে সতঃপঙ্ক্তি ছন্দ হয় — 'পূর্ব্বৌ চেদযুজৌ সতঃ পঙ্ক্তিঃ'[55]। যেমন– 'যং ত্বা দেবাসো মনবে দধুরিহ (১২) যজিষ্ঠং হব্যবাহন। (৮) যং কণ্বো মেধ্যাতিথির্ধনস্পৃতং (১২) যং বৃষা যমুপস্তুতঃ।।'[56](৮)

আবার, বিপরীত অবস্থা, অর্থাৎ প্রথম ও তৃতীয় চরণে আট আট অক্ষর এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে বারো বারো অক্ষর হলেও সতঃপঙ্ক্তি হয়– 'বিপরীতকৌ'[57]। যেমন– 'য ঋস্বঃ শ্রাবযত্ সখা (৮) বিশ্বেত্ স বেদ জনিমা পুরুষ্টুতঃ। (১২) তং বিশ্বে মানুষা যুগে (৮) ইন্দ্রং হবন্তে তবিষং যতস্রুচঃ।।'[58](১২)

২. প্রস্তারপঙ্ক্তি— প্রথম দুটি চরণ বারো বারো অক্ষরের এবং শেষ দুটি চরণ আট আট অক্ষরের হলে, তাকে প্রস্তারপঙ্ক্তি বলে। অগ্নিপুরাণে বলা হয়েছে — 'প্রস্তারপঙ্ক্তিঃ পুরতঃ'[59] । যেমন– 'মহি দ্যাবাপৃথিবী ভূতমুর্বী (১২) নারী যহ্বী ন রোদসী সদং নঃ। (১২) তেভির্নঃ পাতং সহ্যস (৮) এভির্নঃ পাতং শূষণি।।'[60](৮)

৩. আস্তারপঙ্ক্তি — অন্তিম দুটি চরণ বারো বারো অক্ষরের এবং পূর্বের দুটি চরণ আট আট অক্ষরের হলে, তাকে আস্তারপঙ্ক্তি বলা হয় — 'পরাদাস্তারপঙ্ক্তিকা'[61]। যেমন — 'ভদ্রং নো অপি বাতয় (৮) সনো দক্ষমুত ক্রতুম্। (৮) অধা তে সখ্যে অন্ধসো বিবো মদে (১২) রণন্ গাবো ন যবসে বিবক্ষসে।।'[62] (১২)

৪. বিস্তারপঙ্ক্তি — বারো অক্ষরযুক্ত দুই চরণ মধ্যে হলে এবং প্রথম ও চতুর্থ চরণ আট আট অক্ষরবিশিষ্ট হলে, তাকে বিস্তারপঙ্ক্তি বলে — 'বিষ্টারপঙ্ক্তিরন্তঃ'[63]। যেমন — 'অগ্নে তব শ্রবো বযো (৮) মহি ভ্রাজন্তে অর্চ্চযো বিভাবসো। (১২) বৃহদ্ভানো শবসা বাজমুক্থ্যং (১২) দধাসি দাশুষে কবে।।'[64](৮)

৫. সংস্তারপঙ্ক্তি — প্রথম ও চতুর্থ চরণ বারো অক্ষরবিশিষ্ট এবং মাঝের দুটি চরণ আট অক্ষরবিশিষ্ট হলে, তাকে সংস্তারপঙ্ক্তি বলে — 'বহিঃ সংস্তারপঙ্ক্তিকা'[65]। যেমন — 'পিতুভৃতো ন তন্তুমিত্ সুদানবঃ (১২) প্রতি দধ্মো যজামসি। (৮) উষা অপ স্বসুস্তমঃ (৮) সংবর্তযতি বর্তনিং সুজাততা।।'[66](১২)

৬. অক্ষরপঙ্ক্তি — পাঁচ অক্ষরের চারপাদ হলে অক্ষরপঙ্ক্তি নামক ছন্দ হয় — 'অক্ষরপঙ্ক্তিঃ পঞ্চকাশ্চত্বারঃ'[67]। যেমন– 'প্রশুক্রৈতু (৫) দেবী মনীষা। (৫) অস্মৎসুতষ্টো (৫) রথো ন বাজী।।'[68] (৫)

৭. অল্পশঃপঙ্ক্তি — পাঁচ অক্ষরের দুই চরণ হলে, অল্পশঃপঙ্ক্তি ছন্দ হয় — 'অল্পশো দ্বযম্'[69]।

৮. পদপঙ্ক্তি— পাঁচ অক্ষরের পাঁচটি চরণ হলে, পদপঙ্ক্তি ছন্দ হয়। এই ছন্দের লক্ষণ প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে — 'পদপঙ্ক্তিঃ পঞ্চ ভবেৎ'[70]। যেমন — 'ঘৃতং ন পূতং (৫) তনূররেপাঃ (৫) শুচি হিরণ্যম্। (৫) তত্তে রুক্মো ন (৫) রোচত স্বধাবঃ (৫)।।'[71] প্রথম চরণে চার অক্ষর, দ্বিতীয় চরণে ছয় অক্ষর এবং বাকী তিন চরণে পাঁচ পাঁচ অক্ষর হলেও পদপঙ্ক্তি ছন্দ হয় — 'চতুষ্কং ষট্ককং ত্রযম্'[72]।

৯. পথ্যাপঙ্ক্তি— আট অক্ষরের পাঁচ পাদ হলে, পথ্যাপঙ্ক্তি ছন্দ হয় — 'পথ্যা পঞ্চভির্গাযত্রৈঃ'[73]। যেমন— 'অক্ষন্নমীমদন্তহি (৮) অবপ্রিযা অধূষত। (৮) অস্তোষত স্বভানবো (৮) বিপ্রানবিষ্টযা মতী (৮) যোজান্বিন্দ্র তে হরী।।'[74] (৮)

১০. জগতী পঙ্ক্তি — আট আট অক্ষরের ছয় চরণ হলে, জগতী নামক পঙ্ক্তি ছন্দ হয়। অগ্নিপুরাণে বলা হয়েছে — 'ষড়্ভিশ্চ জগতী ভবেৎ'[75]। যেমন — 'মহি বো মহতামবো (৮) বরুণ মিত্র দাশুষে। (৮) যমাদিত্যা অভি দ্রুহো (৮) রক্ষথা নেমঘং নশ। (৮) দনেহসো ব ঊতযঃ (৮) সুঊতযো ব ঊতযঃ।।'[76] (৮)

**ত্রিষ্টুপ্ ও জগতী :** ত্রিষ্টুপ্ ছন্দের লক্ষণ উল্লেখ না করেই অগ্নিপুরাণকার একসাথে ত্রিষ্টুপ্ ও জগতী ছন্দের বিভাগগুলি আলোচনা করেছেন। বিভাগগুলি হল —

১. ত্রিষ্টুজ্জ্যোতিষ্মতী ও জগতীজ্যোতিষ্মতী — যে ত্রিষ্টুপ্ ছন্দের এগারো অক্ষরের একপাদ এবং আট আট অক্ষরের চারপাদ, এই পাঁচ পাদ হয় তাকে ত্রিষ্টুজ্জ্যোতিষ্মতী নামক ছন্দ বলে।

তবে একচরণ জগতী পাদ হলে অর্থাৎ বারো অক্ষর হলে এবং বাকী চার চরণ গায়ত্রী পাদ অর্থাৎ আট আট অক্ষর হলে তাকে জগতীজ্যোতিষ্মতী ছন্দ বলে। অগ্নিপুরাণে বলা হয়েছে — 'একেন ত্রিষ্টুজ্জ্যোতিষ্মতী তথৈব জগতীরিতা'[77]।

২. পুরস্তাজ্জ্যোতি ত্রিষ্টুপ্ ও পুরস্তাজ্জ্যোতি জগতী — যদি প্রথম চরণ এগারো অক্ষরের হয় এবং শেষ চার চরণ আট আট অক্ষরের হয়, তবে তাকে পুরস্তাজ্জ্যোতি নামক ত্রিষ্টুপ্ ছন্দ বলে।

আবার, প্রথম চরণে বারো অক্ষর এবং শেষ চার চরণে আট আট অক্ষর হলে, পুরস্তাজ্জ্যোতি নামক জগতী ছন্দ হয়। এই প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে — 'পুরস্তাজ্জ্যোতিঃ প্রথমে'।

পুরস্তাজ্জ্যোতি নামক ত্রিষ্টুপ্ ছন্দের উদাহরণ — 'তমুষ্টুহীন্দ্রং যো হ সত্বা যঃ শূরো (১১) মঘবা যো রথেষ্ঠাঃ। (৮) প্রতীচশ্চিদ্যোধীযান্ (৮) বৃষণ্বান্ ববব্রুষঃ (৮) চিত্তমসো বিহন্তা।।' (৮)

পুরস্তাজ্জ্যোতি নামক জগতী ছন্দের উদাহরণ — 'অবোধ্যগ্নিজ্জর্ম উদেতি সূর্যো ব্যুষা (১২) শ্চন্দ্রা মহ্যা বো অর্চিষা। (৮) আয়ুক্ষাতামশ্বিনাযা (৮) তবে রথং প্রাসাবীদ্দেবঃ (৮) সবিতা জগত্ পৃথক্।।' (৮)

৩. মধ্যেজ্যোতি ত্রিষ্টুপ্ ও মধ্যেজ্যোতি জগতী — মধ্যম চরণে এগারো অক্ষর এবং প্রথম ও শেষ দুই দুই চরণে আট আট অক্ষর থাকলে, তাকে 'মধ্যেজ্যোতি' নামক ত্রিষ্টুপ্ ছন্দ বলে।

একইরকমভাবে, মধ্যম চরণে বারো অক্ষর এবং আদি ও অন্তিম দুই দুই চরণে আট আট অক্ষর হলে, তাকে 'মধ্যেজ্যোতি' নামক জগতী ছন্দ বলে — 'মধ্যে জ্যোতিস্ত্ব মধ্যতঃ'।

মধ্যেজ্যোতি নামক ত্রিষ্টুপ্ ছন্দ যেমন — 'বৃহদ্ভিরগ্নে অর্চিভিঃ (৮) শুক্রেণ দেব শোচিষা। (৮) ভরদ্বাজে সমিধানো যবিষ্ঠ্য (১১) রেবন্নঃ শুক্র দীদিহি (৮) দ্যুমত্পাবক দীদিহি।।' (৮)

মধ্যেজ্যোতি নামক জগতী ছন্দ যেমন — 'যন্মে নোক্তং তদ্রবতাং (৮) শকেয়ং যদনুব্রুবে। (৮) নিশামতং নিশামহৈ ময়ি ব্রতং (১২) সহ ব্রতেষু ভূযাসং (৮) ব্রহ্মণা সঙ্গেমেমহি ।।' (৮)

৪. উপরিষ্টাজ্জ্যোতি ত্রিষ্টুপ্ ও উপরিষ্টাজ্জ্যোতি জগতী — প্রথম চার চরণ আট আট অক্ষরের এবং অন্তিম চরণ এগারো অক্ষরের হলে, তাকে 'উপরিষ্টাজ্জ্যোতি' নামক ত্রিষ্টুপ্ ছন্দ বলে।

একইভাবে, আদি চার চরণে আট আট অক্ষর এবং অন্তিম চরণে বারো অক্ষর থাকলে, তাকে 'উপরিষ্টাজ্জ্যোতি' নামক জগতী ছন্দ বলে। অগ্নিপুরাণ এই ছন্দের সংজ্ঞা দিয়ে বলেছেন —'উপরিষ্টাজ্জ্যোতিরন্ত্যাদ্'।

উপরিষ্টাজ্জ্যোতি নামক ত্রিষ্টুপ্ ছন্দ যেমন — 'সংবেশিনীং সংযমিনীং (৮) গ্রহনক্ষত্রমালিনীম্। (৮) প্রপন্নোঽহং শিবাং রাত্রীং (৮) ভদ্রে পারমশীমহি (৮) ভদ্রে পারমশীমর্হ্যো নমঃ।।' (১১)

'উপরিষ্টাজ্জ্যোতি' নামক জগতী ছন্দ যেমন — 'নবানাং ভবতীনাং (৮) বিষস্য রোপুষীণাম্ (৮) সর্ব্বাসামগ্রভন্নামা (৮) অরে অস্য যোজনং (৮) হরিষ্ঠা মধু ত্বা মধুলা চকার।।' (১২)

গায়ত্র্যাদি সাতটি ছন্দ ও তাদের ভেদসমূহ আলোচনার পর অগ্নিপুরাণকার আরও কয়েক প্রকার ছন্দের উল্লেখ করেছেন। সেখানে বলা হয়েছে — যদি কোনো ছন্দের একপাদে পাঁচটি করে অক্ষর থাকে, তবে তাকে শঙ্কুমতী ছন্দ বলে। যেমন — প্রথমপাদে পাঁচ অক্ষর ও বাকী পাদগুলিতে ছয় অক্ষর হলে, তাকে শঙ্কুমতী গায়ত্রী ছন্দ বলে। অগ্নিপুরাণে বলা হয়েছে— 'একস্মিন্ পঞ্চমে তথা ভবেচ্ছন্দঃ শঙ্কুমতী'[87]। আবার যদি একপাদে ছয় অক্ষর থাকে,তবে তাকে 'ককুম্মতী' ছন্দ বলে — 'ষট্কে চ্ছন্দঃ ককুম্মতী'[88]। তিনপাদযুক্ত ছন্দের প্রথম ও শেষ পাদে বেশী এবং মাঝের পাদে কম অক্ষর থাকলে, তাকে 'পিপীলিকমধ্যা' ছন্দ বলে। এই ছন্দের লক্ষণ প্রসঙ্গে অগ্নিপুরাণে বলা হয়েছে — 'ত্রিপাদনিষ্ঠমধ্য স্যাত্ সা পিপীলিকমধ্যমা'[89]। এর বিপরীত হলে অর্থাৎ প্রথম ও শেষ পাদে অক্ষরসংখ্যা কম এবং মধ্যের পাদে অক্ষরসংখ্যা বেশী হলে, তাকে যবমধ্যা ছন্দ বলে — 'বিপরীতা যবমধ্যা'[90]। আবার গায়ত্রী বা উষ্ণিকাদি ছন্দের এক অক্ষর কম হলে, তাকে নিচৃত্ এবং এক অক্ষর বেশী হলে, তাকে ভূরিক্ নামক ছন্দ বলে। একইভাবে, যদি দুই অক্ষর কম হয় ,তবে তার নাম হয় বিরাট্ এবং যদি দুই অক্ষর বেশী হয়, তবে তার নাম হয় স্বরাট্। অগ্নিপুরাণে এই প্রসঙ্গে বলা হয়েছে-'নিচৃদেকেন বর্জ্জিতা। ভূরিগেকেনাধিকেন দ্বিহীনা চ বিরাড় ভবেত্। স্বরাট্ স্যাদ্দ্বাভ্যামধিকং'[91]। তবে সন্দেহ উপস্থিত হলে অর্থাৎ, যদি ছাব্বিশ অক্ষরবিশিষ্ট একটি মন্ত্র থাকে, তবে সেখানে স্বরাড় গায়ত্রী হবে নাকি বিরাড় উষ্ণিক্ হবে? এই ক্ষেত্রে সন্দেহের নিরসন করে বলা হয়েছে যে, এই স্থলে মন্ত্রের দেবতাদির দ্বারা ছন্দ নির্ণয় করতে হবে— 'সন্দিগ্ধে দেবতাদিতঃ'[92]। তবে প্রথমপাদ অনুসারেও এই সন্দেহের নিরসন করা সম্ভব অর্থাৎ প্রথমপাদ গায়ত্রী হলে স্বরাড় গায়ত্রী এবং প্রথমপাদ উষ্ণিক্ হলে বিরাড় উষ্ণিক্ হবে— 'আদিপাদান্নিশ্চযঃ স্যাত্'[93]। উপরি উক্ত দেবতাদি পদের দ্বারা গায়ত্র্যাদি সাতটি ছন্দের দেবতা, স্বর,বর্ণ ও গোত্রকে বোঝানো হয়েছে।

গায়ত্র্যাদি ছন্দসমূহের আলোচনার শেষপর্যায়ে অগ্নিপুরাণকার গায়ত্রী হতে জগতী পর্যন্ত সাতটি ছন্দের দেবতা, স্বর,বর্ণ[94] ও গোত্রের[95] উল্লেখ করেছেন। নিম্নে ছকের মাধ্যমে তা দেখান হল —

| ছন্দ | দেবতা | স্বর | বর্ণ | গোত্র |
|---|---|---|---|---|
| গায়ত্রী | অগ্নি | ষড়জ | শ্বেত | অগ্নিবেশ্য |
| উষ্ণিক্ | সূর্য | ঋষভ | সারঙ্গ | কাশ্যপ |
| অনুষ্টুপ্ | চন্দ্রমা | গান্ধার | পিশঙ্গ | গৌতম |
| বৃহতী | বৃহস্পতি | মধ্যম | কৃষ্ণ | আঙ্গিরস |
| পঙ্ক্তি | মিত্রাবরুণ | পঞ্চম | নীল | ভার্গব |
| ত্রিষ্টুপ্ | ইন্দ্র | ধৈবত | লোহিত | কৌশিক |
| জগতী | বিশ্বদেব | নিষাদ | গৌর | বশিষ্ঠ |

গায়ত্রী হতে জগতী পর্যন্ত সাতটি ছন্দের ভেদ, দেবতা, স্বর, বর্ণ ও গোত্র বর্ণনার পর অগ্নিপুরাণকার ৩৩১ নং অধ্যায়ের প্রথম ২টি কারিকায় উৎকৃত্যাদি ১৪টি ছন্দের অক্ষরসংখ্যার[96] উল্লেখ করে বৈদিক ছন্দঃশাস্ত্রের আলোচনা সমাপ্ত করেছেন।

**উপসংহার :** বেদভাষ্যভূমিকার প্রারম্ভিক অংশে সায়ণ বলেছেন যে— বেদশব্দরাশি মহেশ্বরের নিঃশ্বাস-প্রশ্বাস স্বরূপ। শ্বাসগ্রহণরূপ ক্রিয়াটির মধ্যে যেমন ছন্দ পরিলক্ষিত হয় তেমনি বেদমন্ত্রগুলিও ছন্দোবদ্ধ। তাই সুপ্রাচীন বেদশাস্ত্রের উচ্চারণ ও অর্থাববোধের নিমিত্ত বৈদিক ছন্দঃশাস্ত্রের জ্ঞান অপরিহার্য হয়ে পড়ে। বৈদিক ছন্দঃশাস্ত্র বিষয়ে জ্ঞান আহরণের জন্য একাধিক গ্রন্থের উল্লেখ রয়েছে প্রাচীনকালে। তবে, বেদকে সঠিকভাবে জানার জন্য বৈদিক ছন্দঃশাস্ত্র ও তদ্বিষয়ক তথ্যাবলী তৎকালীন বেদশাস্ত্রবিদ তথা শাস্ত্রজ্ঞাতাদের কাছে এতটাই জনপ্রিয় ছিল যে সেই বিষয়ে বিস্তারিত আলোচনা শাস্ত্রান্তরেও দৃষ্ট হয়। তারই ফলশ্রুতি হল অগ্নিপুরাণের মত একটি সর্বজনগ্রাহ্য এবং বহুশাস্ত্রসারসঙ্কলিত আকরগ্রন্থ, যেখানে সূত্রের জটিলতা থেকে বেরিয়ে এসে, জ্ঞানপিপাসু পাঠকদের সুলভ জ্ঞানার্জনের নিমিত্ত কারিকাকারে বৈদিক ছন্দঃশাস্ত্রবিষয়ে আলোচনা করা হয়েছে।

## সংকেতসূচি :

১. পা. শি. — পাণিনীয় শিক্ষা। ২. নি. — নিরুক্ত। ৩. অনু. — অনুক্রমণী। ৪. ঋ. প্রা. — ঋগ্বেদ প্রাতিশাখ্য।

৫. অগ্নি. — অগ্নিপুরাণ। ৬. ঋ. — ঋগ্বেদ। ৭. যজু. — যজুর্বেদ। ৮. সাম. — সামবেদ।

## উল্লেখপঞ্জি :

1. পা. শি.- ৪১। 2. নি.- ৭/১২/২। 3. অনু.- ২/৬। 4. ঋ. প্রা.- ১৬/১৪। 5. তদেব- ১৭/১৯। 6. অগ্নি.- ৩২৯/১-২।

7. তদেব- ৩৩০/১-২। 8. তদেব- ৩৩০/২। 9. তদেব- ৩৩০/২। 10. ঋ. প্রা.- ১৬/১৭। 11. অগ্নি.- ৩৩০/২-৩।

12 ঋ. প্রা.- ১৭/৪। 13. অগ্নি.- ৩৩০/৩। 14. ঋ.- ৬/১৬/১। 15. অগ্নি.- ৩৩০/৩। 16. ঋ.- ৪/১০/১।

17. অগ্নি.- ৩৩০/৪। 18. সাম.- ২৩। 19. অগ্নি.- ৩৩০/৪। 20. ঋ.- ৯/১০৭/১৬। 21. অগ্নি.- ৩৩০/৪।

22. ঋ.- ১/১২০/৯। 23. অগ্নি.- ৩৩০/৫। 24. তদেব। 25 ঋ.- ৫/৫৩/১৫। 26 অগ্নি.- ৩৩০/৬।27 ঋ.- ৭/৬৬/১৬

28 অগ্নি.- ৩৩০/৬। 29 ঋ.- ১/৭৯/৪। 30 অগ্নি.- ৩৩০/৬। 31 ঋ.- ৮/৬৯/২। 32 অগ্নি.- ৩৩০/৭। 33 যজু.- ৩১/১

34 অগ্নি.- ৩৩০/৭। 35 তদেব। 36 ঋ.- ৯/১১০/১। 37 তদেব- ১/১২০/৮। 38 অগ্নি.- ৩৩০/৭। 39 তদেব-৩৩০/৮

40 সাম.- ২৪২। 41 অগ্নি.- ৩৩০/৮। 42 ঋ.- ১/১৭৫/১। 43 অগ্নি.- ৩৩০/৮। 44 তদেব- ৩৩০/৯। 45 সাম.-৩৯।

46 অগ্নি.- ৩৩০/৯। 47 ঋ.- ১০/২২/৩। 48 অগ্নি.- ৩৩০/৯। 49 ঋ.- ১/১৮৭/১১। 50 অগ্নি.- ৩৩০/৯।

51 সাম.- ৪০। 52 অগ্নি.- ৩৩০/১০। 53 ঋ.- ৯/১১০/৪। 54 অগ্নি.- ৩৩০/১০। 55 তদেব- ৩৩০/১১।

56 ঋ.- ১/৩৬/১০। 57 অগ্নি.- ৩৩০/১১। 58 ঋ.- ৮/৪৬/১২। 59 অগ্নি.- ৩৩০/১১। 60 ঋ.- ১০/৯৩/১।

61 অগ্নি.- ৩৩০/১১। 62 ঋ.- ১০/২৫/১। 63 অগ্নি.-৩৩০/১২। 64 ঋ.- ১০/১৪০/১। 65 অগ্নি.- ৩৩০/১২।

66 ঋ.- ১০/১৭২/৩। 67 অগ্নি.- ৩৩০/১২। 68 ঋ.- ৭/৩৪/১। 69 অগ্নি.- ৩৩০/১২। 70 তদেব। 71 ঋ.- ৪/১০/৬।

72 অগ্নি.- ৩৩০/১২। 73 তদেব- ৩৩০/১৩। 74 ঋ.- ১/৮২/২। 75 অগ্নি.- ৩৩০/১৩। 76 ঋ.- ৬/৪/৭/১।

77 অগ্নি.- ৩৩০/১৩। 78 তদেব- ৩৩০/১৪ । 79 ঋ.- ১/১৭৩/৫ । 80 তদেব- ১/১৫৭/১ । 81 অগ্নি.- ৩৩০/১৪।

82 ঋ.- ৬/৪৮/৭। 83 তদেব- ১০/১৫১/ পরিশিষ্ট ৪ । 84 অগ্নি.- ৩৩০/১৪ । 85 ঋ.- ৮/৭/১৪/পরিশিষ্ট ৪ ।

86 তদেব- ১/১৯১/১৩। 87 অগ্নি.- ৩৩০/১৫। 87 তদেব। 88 তদেব। 90 তদেব- ৩৩০/১৬ । 91 তদেব- ৩৩০/১৬-১৭

92 তদেব- ৩৩০/১৭। 93 তদেব।

94 'অগ্নিঃ সূর্য্যঃ শশী জীবো বরুণশ্চেন্দ্র এব চ।

বিশ্বদেবাশ্চ ষড়জাদ্যাঃ স্বরাঃ ষড়জোবৃষঃ ক্রমাৎ।।

গান্ধারো মধ্যমশ্চৈব পঞ্চমো ধৈবতস্তথা।

নিষাদো বর্ণাঃ শ্বেতশ্চ সারঙ্গশ্চ পিশঙ্গকঃ।।

কৃষ্ণো নীলো লোহিতশ্চ গৌরো গায়ত্রী মুখ্যকে। অগ্নি.- ৩৩০/১৮-২০

95 'অগ্নিবেশ্যঃ কাশ্যপশ্চ গৌতমাঙ্গিরসৌ ক্রমাৎ।

ভার্গবঃ কৌশিকশ্চৈব বাশিষ্ঠো গোত্রমীরিতম্।।' অগ্নি.- ৩৩০/২১

'চতুঃশতমুৎকৃতিঃ স্যাদুৎকৃতেশ্চতুরন্ত্যজেৎ।

অভিসংখ্যা প্রতিকৃতিস্তানি ছন্দাংসি বৈ পৃথক্।।

কৃতিশ্চাতিধৃতিধৃতী অত্যষ্টিশ্চাষ্টিরিত্যতঃ।

অতিশক্করী শক্কর্য্যতিজগতী জগত্যপি।।' অগ্নি.- ৩৩১/১-২

অর্থাৎ, উৎকৃতি ছন্দ ১০৪ অক্ষরবিশিষ্ট।উৎকৃতি ছন্দ হতে চার চার অক্ষর কম করলে বাকী ছন্দগুলি হয়।যেমন- ১০০ অক্ষরবিশিষ্ট অভিকৃতি, ৯৬ অক্ষরবিশিষ্ট সংস্কৃতি, ৯২ অক্ষরবিশিষ্ট বিকৃতি, ৮৮ অক্ষরবিশিষ্ট আকৃতি, ৮৪ অক্ষরবিশিষ্ট প্রকৃতি, ৮০ অক্ষরবিশিষ্ট কৃতি, ৭৬ অক্ষরবিশিষ্ট অভিকৃতি, ৭২ অক্ষরবিশিষ্ট ধৃতি, ৬৮ অক্ষরবিশিষ্ট অত্যষ্টি, ৬৪ অক্ষরবিশিষ্ট অষ্টি, ৬০ অক্ষরবিশিষ্ট অতিশক্করী, ৫৬ অক্ষরবিশিষ্ট শক্করী, ৫২ অক্ষরবিশিষ্ট অতিজগতী এবং ৪৮ অক্ষরবিশিষ্ট জগতী।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি :

सीतावल्लभस्य एतादृशम् आचरणं परमं विस्मयावहम्। तुलसीदासः भक्तशिरोमणिः। श्रीरामः तस्य आराध्यदेवः। अतः तुलसीदासेन सीतामुद्दिश्य रामचन्द्रस्य परुषवचनं स्पष्टतया नोल्लिखितम्। उक्तञ्च तुलसीदासेन –

तेहिकारन करुनानिधि कहे कछुक दुर्बाद।

सुनतजातुधानीं सबलागीं करैबिषाद॥[28] इति।

श्रीरामचरितमानसस्य उत्तरकाण्डे दृश्यते श्रीरामः सर्वान्पौरजनान् उद्दिश्य मनुष्यजीवनस्य माहात्म्यं समुद्घोषितवान्। प्रसङ्गेऽस्मिन् श्रीरामस्योक्तिः स्मरणीया –

बड़ें भाग मानुषतनु पावा। सुर दुर्लभ सबग्रंथन्हि गावा॥[29] इति।

तुलसीदासमहाभागो रामचन्द्रं परमब्रह्मस्वरूपमिति वर्णयन्नपि श्रीरामस्य पूर्वोद्धृतेन वचनद्वारेणैव श्रीरामचरितमानसमिति ग्रन्थे मानवतायाः एवजयः समुद्गीतः।

**उपसंहृतिः–**

मुनिनावाल्मीकिनाप्रणीतंआदिकाव्यंरामायणंखलुकवीनांसकाशेकाव्यरचनायाःआधारस्वरूपम्।परवर्तिनिकाले वाल्मीकिरामायणम् अवलम्ब्य विविधानि काव्यनाटकानि रचितानि। सर्वासामेव प्रादेशिकभारतीयभाषायां रामायणस्यानुवादः जातः। प्रादेशिकभारतीयभाषाविरचितानां रामचरितविषयकाणां ग्रन्थानां मध्ये तुलसीदासविरचितं

श्रीरामचरितमानसमिति ग्रन्थरत्नं प्रसिद्धम्। भारतवर्षस्य उत्तरांशे अस्य ग्रन्थस्य सुमहान् आदरः परिलक्ष्यते। श्रीवाल्मीकिविरचितम् आदिकाव्यं रामायणमेव श्रीरामचरितमानसस्य वीजभूतम्। एतयोः ग्रन्थयोः तुलनात्मकेन आलोचनद्वारेणैव अस्माभिः ज्ञायते यत् चिरनवीना रामगाथा कालेकाले कल्लोलिनी भागीरथीव मानवानां हृदये प्रवहति इति शिवम्।

**उल्लेखपञ्जिः–**

1 रामायणतात्पर्यसंग्रहः, पृ. १।
2 श्रीनिवासशास्त्री / सातकडिमुखोपाध्याय (संपा.), वाल्मीकिरामायणम्, १।२।१५।
3 तदेव, १।२।१८।
4 सुवोधचन्द्रसेनगुप्तः (संपा.), ध्वन्यालोकः, १५।
5 तदेव, पृ. २४।
6 श्रीनिवासशास्त्री / सातकडिमुखोपाध्याय (संपा.), पूर्वोक्तम्, १/२/३६ – ६७।
7 Sri Aurobindo, The Foundations of Indian Culture, pp. 290 – 291.
8 श्रीरामचरितमानसम्, १/१२/५।
9 तदेव, ७।१२९।१।
10 तदेव, १/३२ (ख)/ ३ -४।
11 श्रीनिवासशास्त्री / सातकडिमुखोपाध्याय (संपा.), पूर्वोक्तम्, १२/२८/४।
12 तदेव (४/२८/२७)।
13 श्रीरामचरितमानसम्, ४/१३/१। ( श्रीरामचरितमानसम्, गीताप्रेस् – Romanized Edition )
14 तदेव, ४।१३।२।
15 वाल्मीकिरामायणम्, ४।३०।२३।
16 श्रीरामचरितमानसम्, ४।१५।१।
17 वाल्मीकिरामायणम्, ४।३०।५६।
18 श्रीरामचरितमानसम्, ४।१६।२।
19 वाल्मीकिरामायणम्, ४।३०।३२।
20 श्रीरामचरितमानसम्, ४।१५।२।
21 वाल्मीकिरामायणम्, १।१।४–५।
22 तदेव, १।१।६–८।
23 वाल्मीकिरामायणम्, ५२/१२५/६।
24 श्रीरामचरितमानसम्, ६।१२०।
25 वाल्मीकिरामायणम्, ३।६१।२९।
26 श्रीरामचरितमानसम्, ३।२९, ख।९।
27 वाल्मीकिरामायणम्, ६।११८।२३।
28 श्रीरामचरितमानसम्, ६।१०८।
29 तदेव, ७।४२।४।

## निर्वाचितग्रन्थपञ्जिः

### संस्कृतभाषायाम्

अप्पयदीक्षितः । रामायणतात्पर्यसंग्रहः । श्रीरामायणसारसंग्रहस्तोत्रविवरणम्-व्याख्यासहितः । श्रीरङ्गम् : श्रीवाणीविलासप्रेस, १९२९।

वाल्मीकिः। वाल्मीकिरामायणम्। सम्पा. काशीनाथपाण्डुरङ्गपरवः। रामकृतया तिलकव्याख्यया समेतम्। मुम्बाइ : निर्णयसागरप्रेस, १९०२ ( द्वितीयसंस्करणम् )।

——। संपा. टी. आर. कृष्णाचार्यः, टी. आर. व्यासाचार्यः। श्रीमद्गोविन्दराजीयव्याख्यानसमलंकृतम्। मुम्बाइ : निर्णयसागरप्रेस, १८३२ शकाब्दः।

——। संपा. श्रीनिवासशास्त्री, सातकडिमुखोपाध्यायः। रामायणतिलकं, रामायणशिरोमणिः, रामायणभूषणंचेतिटीकात्रयोपेतम्। दिल्लि : परिमलपब्लिकेशन्, १९८३।

——। संपा. क्षेमराजश्रीकृष्णदासः। तिलकादिव्याख्याचतुष्टयोपेता। नइदिल्लि : राष्ट्रियसंस्कृतसंस्थानम्, २००५।

### हिन्दीभाषायाम्

तुलसीदास । श्रीरामचरितमानस। टीकाकार – हनुमानप्रसादपोद्दार। गोरक्षपुर : गीताप्रेस्, २०७३ सम्बत।

——। संपा. श्रीनाथमिश्र, सहजानन्दत्रिपाठी। विजयानन्दत्रिपाठीकृता विजया टीकायुक्ता। ३भ्यलुम्। वाराणसी : चौखम्बाविद्याभवन, २००४।

### बङ्गभाषायाम्

कर,परिमल। रामायण आदि परिणति प्रसार। कोलकाता : संस्कृत पुस्तक भाण्डार, १४१६ बङ्गाब्द।

घोष, वारिदवरण। रामायण प्रसङ्गे रवीन्द्रनाथ। कोलकाता : करुणा प्रकाशनी, २००८।

तुलसीदास। श्रीरामचरितमानस। बङ्गानुवाद सह सम्पा. सतीशचन्द्रदाशगुप्त। कलकाता : खादिप्रतिष्ठान, १९३४।

दास, करुणासिन्धु। संस्कृतविद्यार नाना प्रसङ्ग। कोलकाता : संस्कृत पुस्तक भाण्डार, २००४।

वाल्मीकि। वाल्मीकिरामायण। सम्पा. पञ्चानन-तर्करत्न। कलकाता: वेणीमाधव शीलस् लाइब्रेरी, २०१४ (पुनर्मुद्रण)।

——। खण्डद्वय। सम्पा. ध्यानेशनारायणचक्रवर्त्ती। कलकाता: निउ लाइट्, १९९६ (प्रथमसंस्करण)।

——। सम्पा. राजशेखर वसु। कलिकाता : एम. सि. सरकारअयाण्डसन्स, १३५७ बङ्गाब्द।

माजी, विप्लव। वाल्मीकि रामायणे राम आदिवासी रामायणे राम। कोलकाता : कोडेस्क, २०१२।

### आङ्गलभाषायाम्

Atkins, A. G. The Ramayana of Tulsidas. Mathura: Shri Krishna Janmasthan Seva Sansthan, 1997.

Narayan, R. K. The Ramayana. New Delhi: Vision Books, 2014 (18th rpt.).

Sarma, D. S. The Pride of Ayodhya. Madras: Sri Ramakrishna Math, 1946.

Sitesh, Aruna. The Spirit of Ramcharitmanas (Preface by Sitesh Aloke). New Delhi: Akshaya Prakashan, 2009.

### पत्रिकायाम्

उद्बोधन (१०२ तम वर्ष,१० संख्या, कार्तिक, १४०७) सम्पादकः स्वामी पूर्णात्मानन्द। कलकाता, २००० ( अक्तोवर)।

उद्बोधन (१०५ तम वर्ष, ५ संख्या, ज्यैष्ठ, १४१०) सम्पादकः स्वामी सर्वगानन्द। कलकाता, २००३ ( मे )।

# कुमारसम्भवमिति महाकाव्ये रामायणस्य प्रभावः – एकं पर्यालोचनम्

अभिजित् रायः

**सारसंक्षेपः**— कुमारसम्भवे प्राप्तेषुविविधेषु वर्णनेषु यत्र तत्र रामायणस्य प्रभावोऽपि परिलक्ष्यते। इमानि वर्णनानि विस्तृतरूपेण कर्तुं शक्यन्ते। दृष्टान्तरूपेण वक्तुं शक्यते यत् अयोध्याकाण्डे रामः सीतां प्रति चित्रकूटपर्वतस्य वर्णनं करोति, तस्यैववर्णनस्य दृश्यं तु कालिदासेन कुमारसम्भवस्य प्रारम्भे चक्रे, अपि च हिमालयस्य वर्णने मूर्तिमान् भवति। कालिदासस्य काव्यानुशीलनेन इदमेव प्रतीयते यत् स तु सर्वत्रैव महर्षिणा वाल्मीकिना प्रभावितः।

यदा कोऽपि उत्कृष्टः कविः काव्यरचनायां प्रवृत्तो भवति तदा स तस्य पूर्ववर्तिनां कवीनां रचनया प्रभावितो भवति एवञ्च परवर्तिनां कवीनां कृते प्रेरणां प्रददाति। समीक्षकवरेण्यस्य राजशेखरस्य नये कवेः अनुकरणप्रवृत्तिः परिलक्ष्यते। यद्यपि अनुकरणस्य प्रवृत्तिः निन्दनीया नास्ति परन्तु उत्कृष्टः कविरेव अनुकरणे तस्य मौलिकतां धत्ते। गोस्वामिना तुलसीदासेन ऊचे – 'नानापुराणनिगमागमसम्मतं यद् रामायणे निगदितं क्वचिदन्यतोऽपि इति' , कालिदासादयः कवयोऽपि तेषां पूर्ववर्तिनां भास–सौमिल्ल–कविपुत्रादीनामुल्लेखं कृत्वा स्वेषां श्रेष्ठताम् अक्षुण्णरूपेण स्थापयामासुः। कवेः 'स्वान्तः सुखाय' इति रचितं काव्यं तत्कालिने समाजाय अपि च भवितव्याय समाजाय दिग्निर्देशकं चकार।

संस्कृतसाहित्ये कनिष्ठिकाधिष्ठतः कविः कालिदासः तस्य पूर्ववर्तिनां वाल्मीकि – व्यासादीनां कवीनां प्रभावेण प्रभावितो भूत्वा काव्यरचनायामस्यां प्रवृत्तो बभूव। यद्यपि कुमारसम्भवमहाकाव्ये स्पष्टरूपेण शिवपुराणस्य प्रभावः परिलक्ष्यते, परन्तु काव्यस्यास्य रचनायां कविः कालिदासो वाल्मीकिना प्रणीतात् रामायणाच्चापिप्रभावितोऽस्तीति परिलक्ष्यते।अस्माभिः स्पष्टरूपेणवक्तुमिदं शक्यते यत् महाकाव्यस्यास्य नामकरणमेव रामायणस्य प्रभावो दृश्यते, तद्यथा प्रमाणरूपेण श्लोकोऽयं दातुं शक्यः –

एष ते रामगङ्गायाः विस्तरोऽभिहितोमया।
कुमारसम्भवश्चैव धन्यः पुण्यस्तथैव च॥ [2]

वाल्मीकीयरामायणे कुमारकार्तिकेयस्य उत्पत्तिः अपि तस्य अङ्गीभूतयोः शिवपार्वत्योः विवाहः, तयोः सुरतक्रिया तथा च कामदेवस्य भस्मीभूतादीनि कार्याणि वर्णनारूपेण प्राप्यन्ते तेषां कार्याणां समासेन अधोलिख्यते मया –

महर्षिः विश्वामित्र एकदा सरयूगङ्गयोः नद्योः समीपे कस्मिंश्चित् आश्रमे रामलक्ष्मणाभ्यां सह विश्रामं कुर्वन्नासीत् अपि रामाय ऊवाच यत् आश्रमोऽयं महान् पुण्यप्रदोऽस्ति यतो हि भगवान् शिवो अत्र तपस्यां चकार। इतोऽपि तेन ऊचे यत् अधुना यः कामः कथ्यते सोऽयं कन्दर्पः प्राक् मूर्तिमान् बभूव परन्तु एकस्मिन् दिवसे समाधेः उत्थितोऽयं भगवतः शिवस्योपरि आक्रमणं चकार, तेन शिवः गर्जनपूर्वकंस्थगयामास परन्तु सः तु शिवस्यावहेलां चकार। कुद्धः शिवः तस्योपरि नेत्रविक्षेपं चकार तेन नेत्रविक्षेपेण तस्य दुर्बुद्धेः निखिलं शरीरं जीर्णशीर्णं बभूव। तस्य शरीरं शिवस्य क्रोधवशात् अङ्गरहितं जातं तस्माद्धेतोः तस्यापरा अभिधा भवति अनंगः इति तद्यथा –

कन्दर्पो मूर्तिमानासीत् काम इत्युच्यते बुधैः।
तपस्यन्तमिह स्थाणुं नियमेन समाहितम्॥

कृतोद्वाहं तु देवेशं गच्छन्तं समरुद्गणम्।
धर्षयामास दुर्मेधा हुंकृतश्च महात्मना॥
अवध्यातश्च रुद्रेण चक्षुषा रघुनन्दन।
व्यशीर्यन्त शरीरात् स्वात् सर्वगात्राणि दुर्मते॥
तत्र गात्रं हतं तस्य निर्दग्धस्य महात्मनः।
अशरीरः कृतः कामः क्रोधाद् देवेश्वरेण ह॥
अनङ्ग इति विख्यातस्तदाप्रभृति राघव॥[3]

कुमारसम्भवमहाकाव्यस्य मूलेन कथानकेन सम्बन्धितः कथानकः रामायणे प्राप्यते । तेन हिमवतो द्वे पुत्र्यौ आस्ताम् गङ्गोमे च। गङ्गां लोकहितार्थाय देवताः याचितवन्तः परन्तु उमया सह शिवस्य परिणयो जातः। शिवः विवाहानन्तरम् उमया सह रतिक्रीडां प्रारब्धवान् अपि च तस्यां क्रीडायां शिवः शतं वर्षात्मकं कालं यापितवान् —

दृष्ट्वा च भगवान् देवीं मैथुनायोपचक्रमे।
तस्य संक्रीडमानस्य महादेवस्य धीमतः।
शितिकण्ठस्य देवस्य दिव्यं वर्षशतं गतम्॥[4]

बहूनि वर्षाणि अतीतानि तथापि सुरतक्रिडायां कृतायां सत्यामपि पुत्रोत्पत्तिः न जाता इति दृष्ट्वा ब्रह्मणा सह सर्वेऽपि देवाः चिन्तामग्नाः जाताः, शिवं स्थगनाय सर्वेऽपि तस्य समीपे जग्मुः। तेषां मनसि एकैव चिन्ता जाता, यत् शिवस्य वीर्येण एवम् कस्यचित् प्राणिनः उत्पत्तिः न स्यात् येन तस्य प्राणिनः तापं सोढुं कोऽपि न शक्नुयादिति। ते शिवं प्रणम्य ऊचुः यत् लोकत्रयहिताय भवान् उमया सह तपस्यायां रतो भवत्विति अपि च तत् तेजः स्वयमेव धरतु इति। भगवान् शिवस्तु तेषां प्रार्थनां स्वीकृतवान् परन्तु पप्रच्छ यत् मम सर्वोत्तमस्य तेजसो यदि स्खलनं भवति तर्हि तत् तेजः को धारयिष्यतीति। तथा च देवाः ऊचुः यत् तत् तेजः पृथिव्या धरिष्यते। देवानाम् इमां वार्तां श्रुत्वा शिवेन तस्य तेजः त्यक्तं तेन पर्वतवनैः सह निखिला अपि पृथिवी व्याप्ता जाता। देवानाम् अनुरोधं स्वीकृत्य अग्निदेवः वायोः सहायतां नीत्वा शिवस्य तत् तेजः स्वस्मिन् स्थापयामास। अग्निना सह व्याप्तायां सत्यां तत् तेजः श्वेतपर्वतरूपेण परिणतं जातम्। तत्र शताधिकानां वनानामुत्पत्तिः जाता तेन तेजस्विना कार्तिकेयेन जनि लेभे। देवाः मनुष्याः सर्वेऽपि शिवस्य स्तुतिं चक्रुः परन्तु उमा क्रोधान्विता बभूव। उमा उवाच यत् पुत्रलाभाय आवां समागमं कुर्वन्तौ आस्तां परन्तु भवद्भिः अत्र व्यवधानः कृतो वर्तते एवञ्च तया देवेभ्यः शापः प्रदत्तो यत् भवतां या स्त्रियो भवन्ति ताः अपि निःसन्तानाः भविष्यन्तीति –

यस्मान्निवारिता चाहं संगता पुत्रकाम्यया।
अपत्यं स्वेषु दारेषु नोत्पादयितुमर्हथ।
अद्यप्रभृति युस्माकमप्रजाः सन्तु पत्नयः॥[5]

पृथिव्याः कृते अपि शापः प्रदत्तो यत् तव किमपि एकं रूपं न स्थास्यति बहूनां भार्या भविष्यति पृथिवी, यतो शिवस्यतेजःपृथिव्या स्वीकृतमासीत् –

अवने नैकरूपा त्वं बहुभार्या भविष्यसि॥[6]

उमा पृथिवीम् भर्त्सनां कुर्वन्ती एवञ्च उक्तवती यत् - तवेच्छा आसीत् मे सन्ततिः न स्यात् अधुना तवापि पुत्रसुखं न भविष्यति।

बालकाण्डस्य षट्त्रिंशत्तमेऽध्याये महर्षि वाल्मीकिः उमावृत्तान्तस्य क्रमे कार्तिकेयस्य जन्मवृत्तान्तं वर्णयामास, ततःपरस्मिन्अध्याये हिमवतोऽन्यायाः कन्यायाः गङ्गायाः प्रादुर्भावक्रमे कार्तिकेयस्य उत्पत्तिं प्रतिपादयामास। तदनुसारेण ब्रह्मणा देवतानां कृते ऊदे यत् उमायाः अग्रजायाः गङ्गायाः कृते अग्निदेवः शिवस्य तत् तेजः स्थापयिष्यति येन शिवस्य यः सूतो भविष्यति स तु सर्वान् शत्रून् विनाशयिष्यति एवञ्च शत्रुदमने सेनापतिः भविष्यति। यतो हि भगवती गङ्गा हिमवतः ज्येष्ठा पुत्री अस्ति, तस्माद्धेतोः अनुजायाः पुत्रं तु पुत्ररूपेण स्वीकरिष्यतीति। तेन उमायाः कोऽपि विशयो न भविष्यति –

इयमाकाशगङ्गा च यस्यां पुत्रं हुताशनः।
जनयिष्यति देवानां सेनापतिमरिंदमम्॥
ज्येष्ठा शैलेन्द्रदुहिता मानयिष्यति तं सुतम्।
उमायास्तद्बहुमतं भविष्यति न संशयः॥ [7]

पितामहस्य ब्रह्मणः योजनानुसारेण अग्निदेवः शिवस्य तत् तेजः धृत्वा गङ्गायै समर्पितवान् अपि च उक्तवान् यत् इदं देवानाम् अत्यन्तं प्रियं कार्यमस्ति। गङ्गादेवी अपि दिव्यरूपं धृत्वा तत् तेजः स्वीकृतवती, अपि च उक्तवती यत् अग्निदेवं भवतो वचनानुसारेण मया इदं स्वीकृतमस्ति परन्तु अस्य तेजसो धारणे तु अहम् असमर्था अस्मि। तस्य तापेन अहं ज्वलिता भवामि, चेतना मे व्यथिता भवतीति। तदा अग्निदेवः कथितवान् यत् इदं तेजस्तु हिमालयस्य पार्श्ववतिनः स्थाने स्थापयतु। गङ्गा अपि तथैव कृतवती, तेन हिमालयस्य सोऽयं भागस्तु सुवर्णमयो जातः। तेजसः योऽशंस्तु मलरूप आसीत् सोऽयम् अंशस्तु पृथिव्यां नानाभिः धातुभिः संयुक्तः सन् कुमारस्य उत्पत्तिः जाता। कुमाराय क्षीरपानाय देवाः षट्कृत्तिकाः नियोजयामासुः। ताः कृत्तिकाः अपि शर्तं प्रतिपादयामासुः यत् – अयं कार्तिकेयः अस्माकमपि पुत्रो भविष्यतीति –

ताः क्षीरं जातमात्रस्य कृत्वा समयमुत्तमम्।
ददुः पुत्रोऽयमस्माकं सर्वासामिति निश्चिताः॥ [8]

देवाः अपि कृत्तिकानां शर्तं स्वीकुर्वन्तः आहुः यत् त्रैलोक्येषु प्रख्यातोऽयं सुतः युष्माकमपि पुत्रत्वात् कार्तिकेयः इति अभिधाभवति –

ततस्तु देवता सर्वाः कार्तिकेय इति ब्रुवन्।
पुत्रस्त्रैलोक्यविख्यातो भविष्यति न संशयः॥ [9]

इतोऽपि उक्तमस्ति यत् महाबाहुः कार्तिकेयस्तु अग्नितुल्येन तेजसा सह संयुक्तः सन् गर्भावस्थायां स्कन्दितो जातः तस्माद्धेतोः तस्याभिधा भवति स्कन्दः इति –

स्कन्द इत्यब्रुवन् देवाः स्कन्नं गर्भपरिस्रवे।
कार्तिकेयं महबाहुं काकुत्स्थ ज्वलनोपमम्॥ [10]

अस्य कार्तिकेयस्य अपरा अभिधा भवति षडाननः इति यतो हि षट्कृत्तिकाभ्यः क्षीरं पीतवान् षन्मुखैः –

प्रादुर्भूतं ततः क्षीरं कृत्तिकानामनुत्तमम्।
षण्णां षडाननो भूत्वा जग्राह स्तनजं पयः॥ [11]

कुमारसम्भवस्य कथानकस्तु अपेक्षाकृतोऽधिको ख्यातोऽस्ति, अतः विस्तरभयात् केवलं द्वयोः कथानकयोः तुलनात्मकम् अनुशीलनम् अपेक्षितमस्ति।

महाकवेः कालिदासस्य लेखन्याः कुमारोत्पत्तेः योऽयं वृत्तान्तः परिलक्ष्यते तस्मिन् तुयद्यपि शिवपुराणस्य स्कन्दपुराणस्य रामायणस्य वा प्रभावो परिलक्ष्यते तथापि काव्यप्रणयने तेन यादृशी माधुरी प्रदर्शिता अस्ति सा तु अन्यत्र दुर्लभा दरीदृश्यते। केचन समालोचकाः कथयन्ति यत् कालिदासात्परमेव शिवस्कन्दपुराणयोः रचना बभूव परन्तु रामायणं तु निश्चितपूर्वकमेव कालिदासात् प्रागेव अस्ति एवञ्च तस्य प्रभावोऽपि कुमारसम्भवकथानके दृश्यते। द्वयोः कथानकयोः यद्यपि पर्याप्तरूपेण वैषम्यं विद्यते परन्तु साम्यमपि पर्याप्तरूपेण दृश्यते।

पावर्तीशिवयोः परिणयात्परं यादृशी सुरतक्रीडा कालिदासेन विस्तृततरूपेण कामशास्त्रानुदिततया वर्णयामासाञ्चक्रे तस्य लेशमात्रोऽपि रामायणे न दृश्यते। रामायणे केवलं तु द्वाभ्यां श्लोकाभ्याम् अस्या सुरतक्रीडायाः वर्णनं दृश्यत इति अपि च द्वयोः रतिक्रीडा तु सहस्रवर्षात्मककालो वर्णितोऽस्तिपरन्तु कुमारसम्भवे तु निखिलेऽस्मिन् अष्टमसर्गे सविस्तारपूर्वकं वर्णनमस्ति।

रामायणे उक्तमस्ति यत्देवाः शिवस्यसमीपं गम्य रतिक्रीडायाः विरतं चक्रुः अपि तत् तेजस्तु पृथिव्याः कृते ग्रहणाय ऊचुः। पृथिव्यां त्यक्तस्य तेजसः ग्रहणं तु अग्निदेवेन कृतमस्ति। अग्निदेवो यदा तत् तेजः ग्रहीतुं न शक्तवान् तदा गङ्गायैः समर्पितवान्। गङ्गा यदा तत् सोढुम् असमर्था जाता तदा तत् तेजस्तु हिमालयस्य प्रान्तभागे समर्पितवती, अपि च तस्मात् तेजसो विविधैः धातुभिः सह कुमारेण जनि लेभे अपि तस्मै कुमाराय क्षीरपानाय षट्कृत्तिकाः नियोजयामासुः देवाः।

कुमारसम्भवे उक्तमस्ति यत् शिवेन कृतायां रतिक्रीडायां बाधां प्रदातुम् अग्निदेवः पक्षीरूपं धृत्वा सुरतकक्षायां जगाम। तौ द्वौ दम्पती तमग्निदेवं दृष्ट्वा रतिक्रीडायाः विरतं भूत्वा क्रोधितौ बभूवतुः। परन्तु यदा अग्निदेवेन उदे यत् देवैः प्रेषितोऽहमिति, तदा शिवस्य क्रोधः शान्तो जातः, ततःपरं भगवता शिवेन तत्तेजः अग्निदेवाय स्थापयाञ्चक्रे। अग्निदेवो तत्तेजः सोढुम् असमर्थः सन् देवराजस्येन्द्रस्य तत्तेजो गङ्गायै स्थापयामास। भगवती गङ्गा अपि तत्तेजः सोढुम् असमर्था सती स्नाननिमित्तं आगताभ्यः षट्कृत्तिकाभ्यो ददौ, तेन ताः गर्भवत्यो बभूवुः। ताः कृत्तिकाः अपि तत्तेजः सोढुम् असमर्थाः सत्यः लोकलज्जाभयात् सरकंडस्य अरण्ये गर्भपातं चक्रुः। तस्मिन्नेव काले तौ द्वौ विमानेनगच्छन्तौआस्ताम् एवञ्चतयोः वीर्योत्पन्नं कुमारं दृष्ट्वा आवासं प्रति आनीतवन्तौ।

पर्यालोचनम्

अनेन पर्योलोचनेन इदं बोद्धुं शक्यते यत् बहुषु क्षेत्रेषु समानतायां सत्यामपि अनेकेषु क्षेत्रेषु असमानताः अपि परिलक्ष्यन्ते। रामायणे शिवस्य रतिक्रीडायाः विरतकरणाय देवाः सर्वेऽपि शिवस्य समीपे जग्मुः परन्तु कुमारसम्भवे तु अग्निदेवः पक्षिरूपं धृत्वा आगतवान्। कुमारसम्भवे कृत्तिकानां गर्भात् कुमारस्योत्पत्तिः परिलक्ष्यते परन्तु रामायणे जन्मने प्राप्तवते कुमाराय दुग्धं पाययन्ति ताः कृत्तिकाः। कुमारसम्भवे कामदेवस्य परं रतेः यो विलापो दृश्यते, रामायणेऽपि ताराविलापस्य प्रभावो दृष्टिगतो भवति। कालिदासेन हिमालयस्य वर्णनप्रसङ्गे ऊचे – 'पृथिव्या इव मानदण्डः'[12] , अपरस्मिन् पक्षे तु महर्षयो वाल्मीकयो भणन्ति यत् चित्रकूटस्य विषये – 'भित्वेव वसुधां भाति चित्रकूटः समुत्थितः'[13] । समासेन वक्तुमत्र शक्यते यत् कुमारसम्भवस्य नामकरणाद् आरभ्य तस्य कथावस्तुनि वर्णनायाञ्च यत्र तत्र वाल्मीकीयस्य रामायणस्य प्रभावो दरीदृश्यते। विषयेऽस्ति नास्ति काचिदपि विशयो विदुषांमनसि।

**उल्लेखपञ्जि:**

[1] रामचरितमानस, १ .७ ।

[2] रामायणम्, १ .३७ .३१ ।

[3] तदेव, १.२३.१० – १४ ।

[4] तदेव, १.३६.५-६ ।

[5] तदेव, १.३६.२१-२२ ।

[6] तदेव, १.३६.२३ ।

[7] तदेव, १.३७.७-८ ।

[8] तदेव, १.३७.२४ ।

[9] तदेव, १.३७.२४ ।

[10] तदेव, १.३७.२५ ।

[11] तदेव, १.३७.२८ ।

[12] कुमारसम्भवम्, १.१ ।

[13] रामायणम्, २.९४.२३ ।

**निर्वाचितग्रन्थपञ्जि:**

कालिदासः। कुमारसम्भवम् । संपा. रामपदभट्टाचार्य्यः। कोलकाता : दि-संस्कृत-वुक-डिपो-प्राइभेट-लिमिटेड्, १९७० ।

तुलसीदासः। रामचरितमानस । हनुमानप्रसादपोद्दारकृतटीकासंवलित । गीताप्रेस, गोरखपुर ।

त्रिपाठी, राधावल्लभः। संस्कृत साहित्य का अभिनव इतिहास । वाराणसी : विश्वविद्यालयप्रकाशनम्, २००७ । (द्वितीयसंस्करणम्) ।

वन्द्योपाध्यायः, धीरेन्द्रनाथः। संस्कृत साहित्येर इतिहास । कोलकाता : पश्चिमबङ्ग-राज्य–पुस्तक-पर्षद्, २०१५। (द्वितीयसंस्करणम्) ।

वरोला, वाचस्पतिः। संस्कृतसाहित्य का इतिहास । वाराणसी : चौखाम्बा-संस्कृत-सीरिज-आफिस, १९७५। (द्वितीयसंस्करणम्) ।

वाल्मीकिः। रामायणम् । संपा. पञ्चानन-तर्करत्नः। कोलकाता : वेणीमाधवशीललाइब्रेरी, १४२४ वङ्गाब्दः। (पुनर्मुद्रणम्) ।

——। द्वितीयखण्डः । संपा. ध्यानेशनारायणचक्रवर्ती । कोलकाता, १९९७ ।

# পাণিনি ব্যাকরণে সমাসশক্তি নির্ণয়

শ্রাবন্তী হালদার

**সারসংক্ষেপ :** আচার্য পাণিনি সমাস প্রকরণের প্রথমসূত্র করেছেন — 'সমর্থঃ পদবিধিঃ'। এই সূত্রের বৃত্তিতে দীক্ষিত বলেছেন — 'পদসম্বন্ধী যো বিধিঃ স সমর্থাশ্রিতো বোধ্যঃ'। অর্থাৎ, পদ অথবা পদসমূহকে অবলম্বন করে যে সকল ব্যাকরণের বিধি প্রযুক্ত হয় তারা সমর্থ অর্থাৎ সামর্থ্যকে আশ্রয় করে ঘটে থাকে। এই সামর্থ্য দ্বিবিধ — ব্যপেক্ষা এবং একার্থীভাব। এই দ্বিবিধ সামর্থ্য বা শক্তির স্বরূপ এবং এই দুই প্রকার সামর্থ্য স্বীকার করার প্রয়োজনীয়তা কী? — তা আলোচ্য প্রবন্ধের মাধ্যমে তুলে ধরা হয়েছে।

**শব্দসংকেত :** সামর্থ্য, তাদাত্ম্য, অধ্যাস, যোগশক্তি, জহৎস্বার্থাবৃত্তি, একার্থীভাব, পঙ্কজ, রাজপুরুষ, হিরণ্যগর্ভঃ, শব্দমাধুর্য্য।

**ভূমিকা :** সমাসের শক্তি সম্বন্ধে ভিন্ন ভিন্ন মত দৃষ্ট হয়ে থাকে। কেউ কেউ সমাসের অবয়বীভূত পদে এবং কেউ বা তার সমুদায় শক্তি স্বীকার করে থাকেন। সাধারণ 'শক্তি' বলতে সামর্থ্যকে বোঝায়। মূলতঃ এই শক্তি শব্দার্থের মধ্যে তাদাত্ম্যসম্বন্ধে বিদ্যমান। বৈয়াকরণগণ সমাসে শক্তির উপস্থিতিকে স্বীকার করেছেন। সাধারণ ভাবে শক্তি হল পদ-পদার্থের মধ্যে ইতরেতর-অধ্যাসমূলক তাদাত্ম্য। এই শক্তির স্বরূপ বিষয়ে বৈয়াকরণ ভর্তৃহরি বাক্যপদীয় গ্রন্থে বলেছেন —

ইন্দ্রিয়ানাং স্ববিষয়েষ্বানাদির্যোগ্যতা যথা।

অনাদিরর্থৈঃ শব্দানাং সম্বন্ধোযোগ্যতা তথা।।[১]

সুতরাং চক্ষুরাদি ইন্দ্রিয়ের সঙ্গে বিষয়ের সংযোগ হলে যেরূপ বিষয়ের জ্ঞান হয় এবং এই জ্ঞানজনকত্ব অনাদি সেরূপ শব্দার্থের সম্বন্ধও হল অনাদি। এই শব্দার্থের সম্বন্ধই হল শক্তি।

**১) সমাসে শক্তি স্বীকার করার প্রয়োজনীয়তা :** কিন্তু এখানে একটি প্রশ্নের উত্থাপন ঘটে যে, শক্তি স্বীকার করার প্রয়োজনীয়তা কোথায়? এই প্রশ্নের সমাধানহেতু বলা যায়, শক্তি স্বীকার না করলে যে কোনও শব্দের দ্বারা যে কোনও অর্থের বোধ হবে। যেমন — 'পট' এই শব্দ বললে 'ঘট' রূপ পদার্থের জ্ঞান হবে। ঘটরূপ পদের দ্বারা কলসরূপ পদার্থের সম্বন্ধ হল শক্তি। সুতরাং শক্তি হল কোন বিষয়ের প্রতি জ্ঞান উৎপাদনের উপকারক। কিন্তু আচার্য নাগেশকৃত বৈয়াকরণসিদ্ধান্তলঘুমঞ্জূষা গ্রন্থে শক্তির লক্ষ্মণ বলা হয়েছে —

তস্মাৎ পদপদার্থয়োঃ সম্বন্ধান্তরমেব শক্তিঃ বাচ্যবাচক-

ভাবাপরপর্যায়া। তদ্গ্রাহকশ্চেতরেতরাধ্যাসমূলকং তাদাত্ম্যম্।। তচ্চ সংকেতঃ।।[২]

তেমনি এখানেও 'ঘট' শব্দটি কলসরূপ অর্থে অপ্রযুক্ত হলেও অধ্যাসমূলক হওয়ায় শব্দার্থের সম্বন্ধ হয়েছে। যা শক্তির দ্বারাই হয়ে থাকে। এখানে যে অধ্যাস হয়েছে তার ব্যবহার অনাদি। শব্দ বললে যা বুঝি, অর্থ বললেও তারই বোধ হবে। যেমন – 'ঘট' শব্দের দ্বারা যে অর্থের বোধ হয়, কলসরূপ অর্থের দ্বারাও তার বোধ হয়। এখানে ঘট ও কলসের ন্যায় শব্দার্থের মধ্যে অভিন্নরূপে আরোপ হওয়া ইতরেতর অধ্যাসরূপে খ্যাত। এই তাদাত্ম্য নানা প্রকার হয়। যেমন – 'ঘটে ঘট' এখানে প্রামাণিক তাদাত্ম্য বর্তমান। অন্যদিকে রজ্জুতে সর্পের আরোপ – এটি ভ্রমতাদাত্ম্যের উদাহরণ। শব্দার্থ এর ব্যবহার হল আরোপিত তাদাত্ম্য। ব্যবহারিকদৃষ্টিতে শব্দ হল ব্যাকৃত, প্রকৃতি প্রত্যয়নিষ্পন্ন এবং নিত্য। অনাদিকাল থেকে ব্যবহারে প্রসিদ্ধ হওয়ায় নিত্য ব্যবহারের অনুরোধে শব্দ নিত্য। এই শব্দগুলি যথানির্দিষ্ট অর্থে নিত্য প্রযুক্ত হওয়ায় বর্ণাত্মক ধ্বনিশব্দও নিত্যরূপে অভিহিত। শব্দ অর্থের বাচক এবং অর্থ হল শব্দের বাচ্য। সুতরাং, শব্দ ও অর্থের মধ্যে বাচ্যবাচক সম্বন্ধই হল শক্তি। অতএব, সমাসে শক্তি স্বীকার অবশ্য কর্তব্য।

২) বৈয়াকরণ মতে শক্তির ভেদসমূহ : বৈয়াকরণ মতে, শক্তি মূলতঃ ত্রিবিধ। যথা – যোগ, রূঢ়ি এবং যোগরূঢ়ি। এই বিষয়ে পরমলঘুমঞ্জূষা গ্রন্থে বলেছেন – 'সা চ শক্তিস্ত্রিধা রূঢ়ির্যোগযোগরূঢ়িশ্চ।।'[৩] রূঢ়ি শক্তি বলতে বোঝায় – 'শাস্ত্রকল্পিতাবয়বার্থভানাভাবে সমুদায়ার্থনিরূপিতা শক্তিঃ রূঢ়িঃ । যথা – মণিনূপুরাদৌ।।'[৪] অর্থাৎ, শাস্ত্রবিহিত নিয়ম দ্বারা অবয়বের অর্থকে বিশ্লেষণ না করে সমুদায়ার্থকে নিরূপণ করা হয় যে শক্তি দ্বারা, তাকে রূঢ়িশক্তি রূপে অভিহিত করা হয়। যেমন – মণি, নুপূর ইত্যাদি। এখানে মণি, নুপূর প্রভৃতি শব্দের অবয়বার্থের বিশ্লেষণের অভাবে সমগ্র পদটির একটি বিশেষ শক্তি স্বীকৃত হয়।

আবার 'যোগশক্তি' বলতে বোঝায় – 'শাস্ত্রকল্পিতাবয়বার্থ নিরূপিতাশক্তির্যোগঃ, যথা – পাচকাদৌ।।'[৫] অর্থাৎ, যেখানে শাস্ত্রবিহিত নিয়মের দ্বারা অবয়বার্থের বিশ্লেষণপূর্বক শব্দের শক্তি নিরূপিত হয়, তাকে 'যোগশক্তি' বলা হয়। যেমন – 'পাচক' প্রভৃতি। এখানে 'পাচক' শব্দের অবয়বার্থের বিশ্লেষণপূর্বক পাককর্তা এইরূপ অর্থের জ্ঞাপন ঘটে।

আবার যোগরূঢ়ি শক্তির লক্ষণরূপে উক্ত হয়েছে – 'শাস্ত্রকল্পিতাবয়বার্থান্বিতাবিশেষ্যভূতার্থনিরূপিতা শক্তির্যোগরূঢ়িঃ, যথা – পঙ্কজপদে তত্র পঙ্কজনিকর্তৃঃ পদ্মমিতিবোধাৎ।।'[৬] অর্থাৎ, শাস্ত্রবিহিত নিয়মের দ্বারা অবয়বার্থের বিশ্লেষণপূর্বক বিশিষ্টার্থের জ্ঞাপন ঘটে যে শক্তির দ্বারা, তাকে যোগরূঢ়ি শক্তি বলে। যেমন – 'পঙ্কজ' এখানে 'পঙ্কে জায়তে যত্ তত্' এই বিগ্রহবাক্যস্থিত অবয়বগুলির বিশ্লেষণপূর্বক বিশিষ্টার্থ পদ্ম বা কমলরূপ পুষ্পের জ্ঞান হয়। সুতরাং, 'পঙ্কজ' এই পদটির যোগরূঢ়ি শক্তির দ্বারাই জ্ঞান হয়। এইরূপে শক্তির গুরুত্ব দৃষ্ট হয়।

৩) সমাসে শক্তি স্বীকারে নৈয়ায়িক ও মীমাংসকদের মত খণ্ডনপূর্বক বৈয়াকরণদের মত প্রতিষ্ঠা : নৈয়ায়িকগণ, মীমাংসকগণ ও বৈয়াকরণগণের মধ্যে পদের শক্তি বিষয়ে মতভেদ দৃষ্ট হয়। যেমন – নৈয়ায়িকগণ ও মীমাংসকগণ সমাসে শব্দের শক্তি স্বীকার করেন না। সমাসঘটিত যে শব্দ তাতেই তাঁরা শক্তি স্বীকার করেন। যেমন – 'রাজপুরুষঃ' একটি সমাসযুক্ত শব্দ। এই সমাসযুক্ত শব্দের মধ্যে বিগ্রহের দ্বারা 'রাজন্' এবং 'পুরুষ' এই দুইটি শব্দের দ্বারা 'রাজসম্বন্ধি পুরুষ' বা 'রাজার পুরুষ' এইরূপ অর্থই তাঁরা স্বীকার করেন।

কিন্তু বৈয়াকরণগণ সমাসযুক্ত শব্দের শক্তি স্বীকার করেন। তাঁর প্রমাণ হল — কৌণ্ডভট্ট বৈয়াকরণভূষণসারে বলেন —

সমাসে খলু ভিন্নৈব শক্তিঃ পঙ্কজশব্দবৎ।

বহূনাং বৃত্তিধর্মানাং বচনৈরেব-সাধনে।

স্যান্মহদ্, গৌরবং তস্মাদেকার্থীভাব আশ্রিতঃ।।[৭]

অর্থাৎ, সমাসে ভিন্নশক্তি বিদ্যমান যা বিশিষ্ট শক্তিরূপেই অভিহিত। যেরূপ পঙ্কজ এই শব্দে আছে। সমাসাদি বৃত্তির দ্বারা বোধক অর্থ সমগ্ররূপে বাক্যে প্রকাশ করতে গেলে গৌরব ঘটে (অর্থাৎ, অনেক কথা বলতে হয়)। এইজন্যই বৈয়াকরণগণ যে সমাসে শক্তি স্বীকার করেন এবং কেবলমাত্র যে তা স্বীকার করেন তাই নয়, সমুদায়ে শক্তি স্বীকরণীয় তা আলোচনার মাধ্যমে বুঝিয়েছেন। সুতরাং, বৈয়াকরণগণ সমাসশক্তিবাদী বা সমাসে শক্তির উপস্থিতিকে স্বীকার করেছেন। 'শক্তি' বলতে বোঝায় সামর্থ্য । মূলতঃ এই শক্তি শব্দার্থের মধ্যে তাদাত্ম্যসম্বন্ধে বিদ্যমান। কিন্তু নৈয়ায়িকগণ মূলতঃ ব্যাপেক্ষাবাদী। অর্থাৎ, তারা সমাসের অবয়বে শক্তি স্বীকার করেছেন। কিন্তু সমাসে যে একটি বিশিষ্ট শক্তি আছে অথবা শক্তির দ্বারাই সমাস নিষ্পন্ন হয়, এ বিষয়ে প্রায় সকলেই একই মত পোষণ করেন।

৪) সমাসে ব্যপেক্ষা ও একার্থীভাব রূপ শক্তি স্বীকারে যৌক্তিকতা নিরূপণ : সমাসের সমুদায়ে শক্তি স্বীকার বিষয়ে একটি প্রশ্নের উদ্ভব দৃষ্ট হয় — 'রাজ্ঞঃ পুরুষো গচ্ছতি' — এই বাক্যে ব্যপেক্ষার দ্বারাই অর্থের জ্ঞাপন ঘটে। তাহলে 'রাজপুরুষো গচ্ছতি' এইরূপ এখানে একার্থীভাব স্বীকারের প্রয়োজনে হয় কিভাবে ? এই প্রশ্নের সমাধানকল্পে বলা যায় যে —

ক) 'রাজ্ঞঃ পুরুষো গচ্ছতি' — এই বাক্যে ব্যপেক্ষার দ্বারা পৃথক্ পৃথক্ অবয়বের অর্থ বিশ্লেষণপূর্বক সম্পূর্ণ বাক্যের অর্থের জ্ঞাপন ঘটে। অর্থাৎ, বাক্যে পদশক্তির দ্বারা পৃথক্ পৃথক্‌ভাবে উপস্থিত অর্থের আকাঙ্ক্ষা যোগ্যতা, সন্নিধিবশতঃ পরস্পর সংসর্গ হয় এবং একার্থীভাবের অভাব পক্ষে রাজার পুরুষ এইরূপ অর্থভেদ ঘটে। কিন্তু 'রাজপুরুষঃ' এই সমাসবদ্ধ পদে পৃথক্ অর্থ একার্থে পরিণত হয়। এখানে একার্থীভাবের দ্বারা বিশিষ্ট অর্থরূপে বা রাজা ভিন্ন পুরুষার্থরূপে অর্থভেদ ঘটে। যেহেতু পৃথক্ অর্থের একার্থীভাব হল সামর্থ্য।

খ) তাছাড়া 'রাজ্ঞঃ পুরুষো গচ্ছতি' — এই বাক্যে উদ্দেশ্য বিধেয়ত্ব দৃষ্ট হয়। কিন্তু একার্থীভাববশতঃ বৃত্তিতে বা সমাসবৃত্তিতে এরূপ দৃষ্ট হয় না। ব্যাপেক্ষাবাদিগণের মতে, সমাসে শক্তি নেই। 'রাজপুরুষঃ' ইত্যাদিতে রাজপদাদির সম্বন্ধি লক্ষণার দ্বারা রাজসম্বন্ধি ভিন্ন পুরুষের আপত্তি হবে। এই বিষয়ে বৈয়াকরণভূষণসার গ্রন্থে কৌণ্ডভট্ট বলেছেন — 'যত্তু ব্যপেক্ষাবাদিনো নৈয়ায়িকমীমাংসকাদয়ঃ ন সমাসে শক্তিঃ, রাজপুরুষ' ইত্যাদৌ রাজপদাদেঃ সম্বন্ধিলক্ষণয়ৈব রাজসম্বন্ধ্যভিন্নঃ পুরুষ ইতি বোধোপপত্তেঃ।।'[৮]

গ) তাছাড়া 'রাজ্ঞঃ পুরুষঃ' এই বাক্যে পদগুলি বিভক্তিযুক্ত থাকায় এবং পৃথক পৃথকরূপে পদের

অর্থগ্রহণপূর্বক সংখ্যাবিশেষের, দ্বিত্ব-বহুত্বাদির প্রকাশ ঘটে। কিন্তু 'রাজপুরুষ' এই সমাসবদ্ধপদে বিভক্তির লুকে একার্থীভাব সামর্থ্যের দ্বারা একাত্বাদি সংখ্যার প্রকাশ হয়, সংখ্যাবিশেষের নয়।

ঘ) পুনরায় ব্যপেক্ষাবাদিগণ প্রশ্ন উথাপন করে যে, প্রতিপদে শক্তিগ্রহ না হলে সমুদায়ার্থের জ্ঞাপন সম্ভব নয়। যেমন — 'রাজপুরুষঃ' এই সমাসবদ্ধ পদটির 'রাজা' পদে শক্তি গৃহীত না হলে 'রাজপুরুষঃ' বা অরাজকীয়ভিন্ন পুরুষরূপে জ্ঞাপিত হওয়া সম্ভব নয়। এই মতের খণ্ডনপূর্বক নাগেশাচার্য তাঁর পরমলঘুমঞ্জুষা গ্রন্থে বলেছেন — 'সমাসে শক্ত্যস্বীকারে বিশিষ্টস্যার্থবত্ত্বাভাবেন প্রাতিপদিকত্বং ন স্যাৎ।।'[৯] অর্থাৎ, সমাসের শক্তি স্বীকৃত হলে বিশিষ্ট অর্থের ও জ্ঞাপন ঘটে। সুতরাং, 'রাজপুরুষ' এই সমাসবদ্ধ পদটির সমুদায়ে শক্তি স্বীকৃত হওয়ায় রাজা ভিন্ন পুরুষার্থরূপবিশিষ্ট অর্থের বোধ হচ্ছে এবং এই শক্তি অস্বীকৃত হলে প্রাতিপদিকত্ব ব্যাহত হত। সুতরাং, বিশেষভাবে লক্ষ্যণীয় যে, সমস্ত ব্যপেক্ষাযুক্ত পদ সমাসপদবাচ্য নয়। কিন্তু সমাসবদ্ধ পদের ক্ষেত্রে ব্যপেক্ষা এবং একার্থীভাব এই দ্বিবিধ সামর্থ্য অবশ্যই থাকতে হবে। যেমন — 'বালকঃ গ্রামং গচ্ছতি' — এই বাক্যে ব্যপেক্ষা থাকলেও একার্থীভাবে অভাব থাকায় সমাস হয়নি। কিন্তু 'মদ্রাণাং সমৃদ্ধিঃ' — 'সমুদ্রম্' — এই বৃত্তিতে ব্যপেক্ষা এবং একার্থীভাবের অর্থাৎ উভয়ের যুগপৎ সামর্থ্য বিদ্যমান থাকায় সমাস হয়েছে।

ঙ) কিন্তু পুনরায় প্রশ্ন ওঠে — ব্যপেক্ষাতে যদি শক্তি অগ্রহনীয় হয়, তাহলে 'পঙ্কজ' এই পদের কিভাবে একার্থীভাবে শক্তি গ্রহণীয় হবে ? যেহেতু 'পঙ্কজম্' এই পদের বিগ্রহবাক্যটি হল — 'পঙ্কে জায়তে যত্ তত্' অর্থাৎ যা পঙ্কে উৎপন্ন হয় তাই পঙ্কজ। সুতরাং, এইরূপ প্রতিপদ ব্যাবৃত্তি বা অবয়বার্থের দ্বারা পঙ্কজরূপে যে পদ্মকেই বোঝানো হচ্ছে তা বোধগম্য হয়। সমুদায়ে শক্তি ভিন্নই যখন কার্যসিদ্ধি অর্থাৎ অর্থের বোধ ঘটে, তখন এইরূপ বিশিষ্টার্থে শক্তি স্বীকার অপ্রয়োজনীয়।

এই প্রশ্নের সমাধানপূর্বক নাগেশাচার্য পরমলঘুমঞ্জূষা গ্রন্থে বলেছেন — 'জহৎস্বার্থ তু তত্রৈব যত্ররূঢ়ির্বিরোধিনী ইত্যাভিযুক্তোক্তেঃ অবয়বার্থসংবলিত সমুদায়ার্থেপদ্মে শক্তিস্বীকারৎ।।'[১০] অর্থাৎ, যে শব্দার্থ নিষ্পন্ন হতে গেলে অবয়বার্থের অনপেক্ষাবশতঃ সমুদায়শক্তির দ্বারাই জ্ঞানগম্য হয়, তা অবয়বার্থ থেকে সর্বদা বিপক্ষে অবস্থান করে এবং সেখানে জহৎস্বার্থবৃত্তি হয়ে থাকে। অতএব, এখানেও 'পঙ্কজ' এইপদের ব্যপেক্ষা সামর্থ্যসহ বা পৃথক্ পৃথক্ অবয়বার্থ সহ সমুদায়ার্থরূপে, পদ্মফুলেই শক্তি গৃহীত হবে, পৃথক্ অবয়বার্থে নয়। তাই কৌণ্ডভট্ট বৈয়াকরণভূষণসার গ্রন্থে বলেছেন —

সমাসে খলু ভিন্নৈব শক্তিঃ পঙ্কজশব্দবৎ।

বহূনাং বৃত্তিধর্মানাং বচনৈরেব সাধনে

স্যান্মহদ্, গৌরবং তস্মাদেকার্থীভাব আশ্রিতঃ।।[১১]

অর্থাৎ, এই সমাসে ভিন্নশক্তি বিদ্যমান যা বিশিষ্টশক্তি রূপেই অভিহিত, যেরূপ 'পঙ্কজ' এই শব্দে আছে।

চ) বৈয়াকরণ মতে, সমাসের একপদতা স্বীকার করলেও সমস্ত পদের একটি পদেরই স্বর বিদ্যমান থাকে যেমন — 'ইন্দ্রাগ্নী' এই সমস্ত পদটি অনুদাত্ত স্বরবিশিষ্ট। তাছাড়া একপদতা স্বীকার করলে সমস্ত

পদগুলির অর্থের ঐক্যবশতঃ বিশিষ্টার্থ সাধিত হয়। যেমন — 'হিরণ্যগর্ভঃ', এই সমস্ত পদের বিগ্রহবাক্য হল — 'হিরণ্যস্য গর্ভঃ'। হিরণ্যগর্ভঃ পদটি ষষ্ঠী তৎপুরুষসমাস নিষ্পন্ন হলে, এই পদটির অর্থ হয়, ব্রহ্মাণ্ডের মধ্যে গর্ভরূপে যিনি অবস্থিত তিনিই হিরণ্যগর্ভঃ। আবার 'হিরণ্যগর্ভঃ' পদটি 'হিরণ্যং গর্ভে যস্য যঃ' এইরূপে বহুব্রীহি সমাসদ্বারা নিষ্পন্ন হলে এই পদটির অর্থ হয় — ব্রহ্মাণ্ড গর্ভের মত যাঁর উদরে অবস্থিত তিনিই 'হিরণ্যগর্ভঃ' অর্থাৎ, এখানে 'হিরণ্যগর্ভঃ' পদের অর্থ হল পরমাত্মা — এইরূপ অর্থের ঐক্যবশতঃ বিশিষ্ট অর্থের জ্ঞাপক হয়।

ছ) ব্যাপেক্ষাবাদিগণ মতে, 'হরিঃ চ হরশ্চ' এই বিগ্রহবাক্যে ব্যপেক্ষার দ্বারাই তো অর্থের বোধ হয়ে যায়। এক্ষেত্রে একপদীভাববিশিষ্ট 'হরিহরৌ' পদ স্বীকারের প্রাসঙ্গিকতা কোথায়?

এর উত্তরে বলা হয় যে, 'হরিঃ চ হরশ্চ' এই বিগ্রহ বাক্যের দ্বারা 'হরি' এবং 'হর' এরূপ অর্থের বোধ হলেও যে হরি সেই হর এরূপে একত্বাদিসংখ্যার অবগতির অভাববশতঃ সমুদায়ার্থক হরিহর এই পদটি সিদ্ধ হয়। যা একার্থীভাববিশিষ্ট একপদতার প্রয়োজনকে সিদ্ধ করে।

জ) তাছাড়া, সমাসের একপদতা কাব্যসৌন্দর্য্যের বিধান করে এবং এই সমাসযুক্তপদ শব্দমাধুর্য্যের সৃষ্টি করে। যেমন — কালিদাস তাঁর মেঘদূত খণ্ডকাব্যে বলেছেন —

কশ্চিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারপ্রমত্তঃ।

শাপেনাস্তং গমিত-মহিমা বর্ষভোগ্যেণ ভর্ত্তুঃ।।

যক্ষশ্চক্রে জনকতনয়া স্নানপুণ্যোদকেষু।

স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্যাশ্রমেষু।।[১২]

এই শ্লোকে 'অস্তমিতম্' এই পদটিতে 'দ্বিতীয়াশ্রিতাতীতপতিতগতাত্যস্তপ্রাপ্তাপন্নৈঃ' এই সূত্রদ্বারা যোগবিভাগবশতঃ সমাস হয়েছে। আবার 'ছায়াতরুষু' এই পদটির বিগ্রহবাক্য হল — 'ছায়াপ্রধানাঃ তরবঃ' —এখানে শাকপার্থিবাদিবৎ সমাস হযে 'ছায়াতরবঃ' এই পদটি সিদ্ধ হয়েছে এবং এর সপ্তমীর বহুবচন করে 'ছায়াতরুষু' এই পদটি জাত হয়েছে।

**উপসংহার :** সুতরাং, সমাসে শক্তি স্বীকার না করলে অর্থাৎ সমাসে পৃথক্ শক্তি স্বীকার না করলে একার্থীভাবরূপ যে বিশেষ অর্থ তার উপলব্ধি হয় না। অতএব, বৈয়াকরণ স্বীকৃত একার্থীভাবসামর্থ্য সমাসে অর্থাৎ সমাসযুক্তপদে স্বীকরণীয়। বৈয়াকরণগণ যে সমাসে শক্তি স্বীকার করেন এবং শুধুমাত্র যে তা স্বীকার করেন তাই নয়, সমুদায়ে শক্তি স্বীকরণীয় তা উপযুক্ত আলোচনার মাধ্যমে নিষ্পন্ন হয়।

সংকেতসূচি

বাক্য. = বাক্যপদীয়

বৈয়া. সি. লঘু. = বৈয়াকরণসিদ্ধান্তলঘুমঞ্জূষা

প. ল. ম. = পরমলঘুমঞ্জূষা

বৈয়া. ভূ. = বৈয়াকরণভূষণসার

মেঘ. প. = মেঘদূত পরিচয়

উল্লেখপঞ্জি :

১. বাক্য. কারিকা ২৯।

২. বৈয়া. সি. লঘু., পৃ. ২৬।

৩. প. ল. ম., পৃ. ৪৮।

৪. তত্রৈব।

৫. তত্রৈব।

৬. তত্রৈব।

৭. বৈয়া. ভূ., কারিকা ৩১-৩২।

৮. তদেব, পৃ. ৩৬৭।

৯. প. ল. ম., পৃ. ৩১১।

১০. তত্রৈব, পৃ. ৩১৭।

১১. বৈয়া. ভূ., কারিকা ৩১-৩২।

১২. মেঘ. প. (পূর্বমেঘ), শ্লোক ১।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি :

কালিদাস। মেঘদূত। সম্পা. পার্বতীচরণ ভট্টাচার্য্য। মেঘদূত পরিচয়। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৮৯ বঙ্গাব্দ।

কৌণ্ডভট্ট। বৈয়াকরণভূষণসার। সম্পা. নন্দকিশোর শাস্ত্রী, সীতানাথ শাস্ত্রী। বারাণসী : চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০০৬ ।

নাগেশভট্ট। পরমলঘুমঞ্জূষা। সম্পা. লোকমণি দাহাল। বারানসী : চৌখম্বা সুরভারতী প্রকাশন, ১৯৯১।

——। বৈয়াকরণসিদ্ধান্তলঘুমঞ্জূষা। সম্পা. নন্দিতা মুখোপাধ্যায়। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৪।

পতঞ্জলি। মহাভাষ্য (= ব্যাকরণমহাভাষ্য)। সম্পা. শিবদত্ত শর্মা । দিল্লী : চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০০০।

ভট্টোজিদীক্ষিত। বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী। সম্পা. গিরিধর শর্ম্মা, পরমেশ্বরানন্দ শর্মা। বালমনোরমা ও তত্ত্ববোধিনী সহিত। বারানসী/পুনা : মোতিলাল বনারসী দাস, ২০০৮।

ভর্তৃহরি। বাক্যপদীয়। সম্পা. বিষ্ণুপদ ভট্টাচার্য্য। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্, ২০০৭ (দ্বিতীয় মুদ্রণ)।

# বৈশেষিক দর্শনে কণাদসূত্র থেকে বিংশ শতাব্দী পর্যন্ত সময়ে লিখিত টীকা ভাষ্য গ্রন্থসমূহের সংক্ষিপ্ত পর্যালোচনা

স্বাগত বিশ্বাস

**প্রবন্ধসংক্ষেপ :** যে দর্শন শাস্ত্রসমূহের প্রভাবে ভারতবর্ষ এখনও পৃথিবীর সমুচ্চ আসনে আসীন বৈশেষিক দর্শন সেই ষড়্দর্শনের অন্যতম প্রধান দর্শন শাস্ত্র। ভারতীয় আস্তিক দর্শনের মধ্যে বৈশেষিক সম্প্রদায়ের স্থান ন্যায়দর্শনের পরেই একথা সর্বজনবিদিত, কণাদ এই দর্শনের রচয়িতা। ভারতীয় দর্শনকোষ গ্রন্থে কণাদ মুনির সময়কাল বলা হয়েছে খ্রিস্টপূর্ব চতুর্থ শতাব্দী। বৈশেষিক দর্শন আবার 'কণাদদর্শন', ঔলূক্যদর্শন', কাশ্যপীয় দর্শন প্রভৃতি নামেও পরিচিত। কণাদ আবার নানান নামেও পরিচিত, যেমন 'কণভুক্', কণভক্ষ, যোগী, উলূক, কাশ্যপ প্রভৃতি। যদিও এই নামগুলির পশ্চাতে অনেক প্রবাদ প্রচলিত আছে। কোনো এক সৃষ্টির শেষে এক তীর্থকের আবির্ভাব হয় এবং তিনি দিনের বেলায় গভীর অরণ্যে ধ্যান করতেন। রাত্রি বেলায় আহার অন্বেষণে বার হতেন। এই বৃত্তি উলূক বা পেচার সাথে তুলনা করা হয়েছে বলে তাঁকে উলূক নামে অভিহিত করা হয়। অপর এক প্রবাদে বলা হয়েছে – কণাদ কঠোর তপস্যার দ্বারা শিবের সন্তুষ্টি লাভ করেন এবং উলূকের রূপ ধারণ করে কণাদ মুনিকে ষট্ পদার্থের উপদেশ দান করেন। আবার অনেকে বলেন যে তিনি পড়ে থাকা শস্যকণার দ্বারা ক্ষুধার নিবৃত্তি করতেন বলে তাঁর কণভক্ষ নামকরণ। মাধবাচার্য তাঁর সর্বদর্শনসংগ্রহ গ্রন্থে বৈশেষিক দর্শনকে 'ঔলুক্য দর্শন' বলে অভিহিত করেছেন।

যাইহোক ন্যায় ও বৈশেষিক দর্শনের যথার্থ পরিচয় পেতে হলে দুই সম্প্রদায়ের ঐতিহাসিক পটভূমির প্রতি দৃষ্টিপাত করতে হয়। আর এই পটভূমির প্রধান সাক্ষী হল তাঁর সমৃদ্ধ গ্রন্থসমূহ। সেই সূত্র যুগ থেকে ন্যায় দর্শনের মত বৈশেষিক দর্শন বেশ সমৃদ্ধ হয়েছে তাঁর স্বকীয় টীকা, ভাষ্য, উপটীকা প্রভৃতি গ্রন্থ রচনার মাধ্যমে। নানান মৌলিক তত্ত্বের হদিশ মিলেছে বৈশেষিক প্রমেয়প্রধান শাস্ত্র আলোচনার মাধ্যমে। বৈশেষিক দর্শনের ধারা অব্যাহত থেকেছে পরবর্তীকালের বিভিন্ন গ্রন্থ রচনার মধ্য দিয়ে। যদিও সমানতন্ত্র হবার কারণে এই দর্শনে মিলেছে ন্যায় দর্শনের মতাদর্শ, তথাপি অদ্যাবধি স্বতন্ত্রভাবে যে বৈশেষিক দর্শন চর্চা হয়ে চলেছে তা বিংশ শতাব্দীতে লিখিত টীকা গ্রন্থগুলি দেখলে সহজেই বোঝা যায়। তবে বলা বাহুল্য অনেক বৈশেষিক দর্শন গ্রন্থ বিলুপ্ত, যেগুলি উপলব্ধ হলে অনেক বৈশেষিক তত্ত্ব প্রকাশ করা আরও সহজ হত । পঞ্চানন-তর্করত্ন শংকর মিশ্র কৃত উপস্কার ও স্বকীয় পরিষ্কার টীকাসহ বৈশেষিক দর্শন সম্পাদনা করেছেন। সেই গ্রন্থের ভূমিকা অংশে বলেছেন – 'এ পর্যন্ত বৈশেষিক সূত্রাবলম্বনে যে কত ভাষ্য, টীকা, টিপ্পনী হয়েছে, তাঁর ইয়ত্তা নাই, নামে তাঁদের সাময়িক সত্তা অনুভূত হলেও এক্ষণে অনেক গ্রন্থ দুর্লভ'।

**সূচকশব্দ :** বৈশেষিকদর্শন, কণাদসূত্র, বিংশশতাব্দী।

**বৈশেষিকসূত্রের রচনাকাল :** বৈশেষিকসূত্রের রচনাকাল নিয়ে পণ্ডিতদের মধ্যে বিতর্ক বিদ্যমান। গৌরীনাথ শাস্ত্রী এ বিষয়ে বলেছেন — ন্যায় ও বৈশেষিক দর্শনের উত্‌পত্তির ইতিহাস ঘন কুজ্ঝটিকাজালে আবৃত হয়ে আছে। তবে বৈদিক সাহিত্যের মধ্যে প্রথম অস্পষ্ট আভাস পাওয়া যায়। বৃহদারণ্যক-উপনিষদে ঋষি বলেছেন — হে মৈত্রেয়ি, আত্মদর্শন করতে হবে, আত্মশ্রবণ করতে হবে , আত্মমনন করতে হবে।[২] এই আত্মমনন থেকেই আত্মজ্ঞানের বিষয়টি পরবর্তীকালে ভারতীয় তত্ত্বসাধনশাস্ত্র অর্থাত্‌ দর্শনের আবির্ভাব।[৩]

তবে অধিকাংশ পণ্ডিত বৈশেষিকদর্শনের প্রাচীনত্ব দাবী করেন । যেহেতু বৈশেষিক-সূত্রে আত্মার অস্তিত্ব সম্বন্ধে কোন সূত্রের উল্লেখ নেই, আত্মা অনুমানের বিষয় বা 'অহং প্রত্যয়গম্য' এই বক্তব্য আলোচনা হয়েছে মাত্র। তার কোন প্রত্যক্ষ উল্লেখ সূত্রে অনুপস্থিত। তাই সুরেন্দ্রনাথ দাশগুপ্ত মনে করেন প্রচলিত বৈশেষিক সূত্রগুলি বৌদ্ধদর্শনের আবির্ভাব বা প্রতিষ্ঠার পূর্ববর্তী।[৪] অনেকে মনে করেন প্রশস্তপাদভাষ্য ও কণাদসূত্রে ন্যায়দর্শনের কোন প্রভাব পরিলক্ষিত হয় না, অপরদিকে গৌতমীয় ন্যায়সূত্রে ও বাত্‌স্যায়নভাষ্যে বৈশেষিক দর্শনের প্রভাব সুস্পষ্ট । সুতরাং বৈশেষিক দর্শন প্রাচীন। বৌদ্ধদর্শন, জৈনদর্শন, ব্রহ্মসূত্রের ভাষ্যকার ও শবরস্বামী নানান প্রসঙ্গে বৈশেষিক মতের উল্লেখ করেছেন। এছাড়াও সুরেন্দ্রনাথ দাশগুপ্ত আরও বলেছেন বৈশেষিকের সূত্রগুলি চরকের (৮০ খ্রিস্টাব্দ) গ্রন্থের পূর্ববর্তী, চরক তাঁর গ্রন্থে বৈশেষিক সূত্রের উল্লেখমাত্র করেন, চরকের গ্রন্থে পদার্থতত্ত্ব বৈশেষিক পদার্থতত্ত্বের উপর ভিত্তি করে গড়ে উঠেছে।

গৌরীনাথ শাস্ত্রী তাঁর সম্পাদিত কিরণাবলী গ্রন্থের ভূমিকা অংশে বলেছেন 'বৈশেষিক দর্শন অতিশয় প্রাচীন হলেও বর্তমান সময়ে বৈশেষিক দর্শনের সিদ্ধান্ত যে সূত্রগুলির মধ্যে সংগৃহীত হয়েছে, সেগুলি অতি প্রাচীন নয়। গৌতমের সূত্রগুলির মধ্যে যেমন পরিপাটী লক্ষ্য করা যায়, বৈশেষিক সূত্রে তা নেই।'[৫]

**বৈশেষিক নামকরণের তাতপর্য্য ও বিশেষ শব্দের অর্থ :** বৈশেষিক দর্শনে এই 'বৈশেষিক' নামের ব্যুত্‌পত্তি নিয়ে নানান ব্যাখ্যা দেখা যায় তা আলোচনা করা হল – ১. 'বিশেষ' থেকে বৈশেষিক নামকরণ হয়েছে। এই 'বিশেষ' শব্দটি নানা অর্থে প্রযুক্ত হয়েছে। বিশেষ শব্দের উত্তর 'ঠক্‌' প্রত্যয় যোগে যে বৈশেষিক শব্দটি নিষ্পন্ন হয়েছে তার অর্থ হল 'বিশেষ-সংসৃষ্ট' বা 'বিশেষ-সংক্রান্ত'। 'অন্‌' প্রত্যয় যোগে যে বৈশেষিক শব্দ সিদ্ধ হয় তার অর্থ হল 'বৈশেষিক শাস্ত্রজ্ঞ' বা যিনি বৈশেষিক শাস্ত্র জানেন ।বিশেষ শব্দের সাথে স্বার্থে 'ইকন্‌' প্রত্যয় করে যে বৈশেষিক শব্দ নিষ্পন্ন হয় তার অর্থ হল ' বৈশেষিক শাস্ত্র'।

২. বিশেষ হল 'নিত্যদ্রব্যবৃত্তয়ো বিশেষাস্ত্বনন্তাঃ'[৬]। বিশেষ হল নিত্য, নিত্যদ্রব্যবৃত্তি, অনন্ত। বৈশেষিক দর্শনে বিশেষ হল নতুন পদার্থ , যা কেবলমাত্র এই দর্শনে আলোচিত হয়েছে।

৩.'বিশেষ' শব্দের অর্থ হল 'নিরবশেষ'। যা আলোচিত হবার পর কিছু বাকী থাকে না তাই হল বিশেষ।

৪. 'সংযুক্তসমবায়াদগ্নের্বৈশেষিকম্‌'[৭], অর্থাত্‌ যেখানে এর অর্থ হল যা পৃথক করে, বিশেষিত করে তাই বৈশেষিক। আবার বিশেষ শব্দের অপর অর্থ হল বিশেষণ। এখানে বিশেষণ বলতে যা লক্ষণ ও পরীক্ষার দ্বারা পদার্থের প্রতিপাদন করে।

৫. বিশেষ শব্দের আর এক অর্থ হল 'বিশেষগুণ'। জ্ঞান, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, ধর্ম, অধর্ম ও

সংস্কার এই নয়টি আত্মার বিশেষগুণ। এই বিশেষের দ্বারা সংসৃষ্ট দর্শনকে বৈশেষিক বলা হয়।

৬. তত্ত্বনিশ্চয়পূর্বক ব্যবহার করা হল বিশেষ পদের অর্থ। এই শাস্ত্র তত্ত্বনিশ্চয়পূর্বক বিধান দেয় বলে এই বৈশেষিক নামকরণ।

৭. 'অন্যত্র অন্যেভ্যো বিশেষেভ্যঃ'৮। অর্থাত্ বিশেষ পদার্থ একমাত্র এই শাস্ত্রে আলোচিত ও বিশ্লেষিত, অন্য কোন গ্রন্থে তা হয় না বলে এই শাস্ত্রের বৈশেষিক নামে অভিহিত করা হয়।

৮. পাণিনি তার অষ্টাধ্যায়ীতে বিশেষ পদের অর্থ করেছেন 'বিশেষপ্রকারকগ্রন্থ'।[৯]

কণাদ প্রণীত বৈশেষিক দর্শনের মূল পদার্থই হল বিশেষ তাই এই বৈশেষিক নাম। বিশেষ শব্দের অর্থ হল 'ব্যবচ্ছেদক'। 'বিশিষ্যতে সর্বতো ব্যবচ্ছিদ্যতে, যেন স বিশেষঃ'।

**বৈশেষিক দর্শনের গ্রন্থসমূহ :** বৈশেষিক গ্রন্থসমূহের মধ্যে প্রাচীনতম হল কণাদের সূত্রাবলী। তবে অনেক বৈশেষিক গ্রন্থ কালের করাল গ্রাসে হারিয়ে গেছে তা বোঝা যায়, কারণ কণাদের সূত্রের থেকে প্রশস্তপাদভাষ্যের সময়ের ব্যবধান বিস্তর। এই সময়ের ব্যবধানে অনেক গ্রন্থ হারিয়ে যাওয়া স্বাভাবিক। কণাদের সূত্রের সর্বাপেক্ষা প্রাচীন ভাষ্য রাবণভাষ্য। এই ভাষ্য গ্রন্থটি নাকি কণাদের প্রত্যেক সূত্রের ব্যাখ্যাস্বরূপ ছিল। তারপর ভরদ্বাজবৃত্তি নামে একটি বৃত্তি গ্রন্থ ছিল বলে মনে করা হয়। কিন্তু দুঃখের বিষয় উপরিউক্ত গ্রন্থ দুটি বর্তমানে পাওয়া যায় না। এছাড়া বাক্য, শ্রায়স্ককৃতব্যাখ্যা এবং আত্রেয়ভাষ্য প্রভৃতি গ্রন্থগুলিও অধুনা লুপ্ত। বর্তমানে দুটি ব্যাখ্যা গ্রন্থ পাওয়া যায়, একটি হল চন্দ্রানন্দবৃত্তি ও অপরটি হল আনুমানিক ১৪০০ খ্রিস্টাব্দে রচিত শঙ্কর মিশ্র কৃত উপস্কার টীকা, যেখানে কণাদের প্রতি সূত্রের ব্যাখ্যা করা হয়েছে। মূল কণাদের সূত্রের ব্যাখ্যা গ্রন্থ হিসেবে এটি বেশ জনপ্রিয়। এই উপস্কার টীকা গ্রন্থটি বৈশেষিক তত্ত্বের বোধের জন্য বিশেষ উপযোগী। 'উপস্কার' শব্দের অর্থ হল 'উপকার'। এই উপস্কারের উপর ১৯০৬ খ্রিস্টাব্দে পঞ্চানন-তর্করত্ন মহাশয়ের পরিস্কার নামক টীকা গ্রন্থ পাওয়া যায়।

উপস্কারের পরবর্তী ব্যাখ্যা গ্রন্থ হল ১৮৬৭ খ্রিস্টাব্দে রচিত জয়নারায়ণ-তর্কপঞ্চাননের বিবৃতি। এছাড়া চন্দ্রকান্তভাষ্য ও বৈদিকবৃত্তি নামে গ্রন্থ দুটিতে মূল কণাদসূত্রের ব্যাখ্যা আছে। রাবণভাষ্য ও ভরদ্বাজ বৃত্তি ছাড়া বৈশেষিক দর্শনের প্রাচীন ভাষ্য গ্রন্থ হল পদার্থধর্মসংগ্রহ। প্রশস্তপাদ রচিত এই গ্রন্থখানি প্রশস্তপাদভাষ্য নামে জনপ্রিয়। এই ভাষ্যের প্রথমে কণাদ মুনিকে প্রণাম জানানো হয়েছে –

প্রণম্য হেতুমীশ্বরং মুনিং কণাদমন্বতঃ।
পদার্থধর্মসংগ্রহঃ প্রবক্ষ্যতে মহোদয়ঃ ।।[১০]

বৈশেষিক দর্শনের প্রতিপাদ্য সারবস্তুকে গ্রহণ করে প্রশস্তপাদ তার ভাষ্য গ্রন্থটি রচনা করেন। অনেকে আবার বলেছেন পদার্থধর্মসংগ্রহ গ্রন্থ বৈশেষিক সূত্রের তাত্পর্য্য গ্রহণ করেছে মাত্র। এটি ভাষ্য গ্রন্থ নয়। প্রশস্তপাদাচার্য্য তার গ্রন্থকে সংগ্রহ গ্রন্থ বলেছেন, এই জন্য পদার্থধর্মসংগ্রহ নামে অভিহিত করেছেন। এই গ্রন্থের জনপ্রিয়তা এত বেশি যে পরবর্তীকালে বহু টীকা ভাষ্য গ্রন্থ তাঁর প্রমাণ। প্রশস্তপাদভাষ্য গ্রন্থের পর যেন কণাদসূত্রের ব্যাখ্যা গ্রন্থের প্রতি পণ্ডিতদের আগ্রহ কমে গেল। এই গ্রন্থের অনুশীলনে সকলে মনোনিবেশ করল। বলা বাহুল্য পরবর্তী বৈশেষিক ব্যাখ্যা গ্রন্থগুলি প্রায় সব পদার্থধর্মসংগ্রহকে ভিত্তি করে রচিত হয়েছে। এছাড়া বৈশেষিক সূত্রে যে সমস্ত বিষয় মুখ্যরূপে গণ্য করা হত না, পদার্থধর্মসংগ্রহ গ্রন্থে তা প্রাধান্য পেয়েছে, যেমন সৃষ্টি ও সংহার প্রক্রিয়ার বর্ণনা, ঈশ্বরবাদ, পরার্থানুমান নিরূপণ, পাকজোত্পত্তি

বিভাগজবিভাগ প্রভৃতি । সর্বদর্শনসংগ্রহ গ্রন্থে মাধবাচার্য্য বৈশেষিক দর্শনের বিষয় প্রসঙ্গে বলেছেন –

দ্বিত্বে চ পাকজোত্পত্তৌ বিভাগে চ বিভাগজে ।
যস্য ন স্খলিতা বুদ্ধিস্তং বৈ বৈশেষিকং বিদুঃ ।।[১১]

প্রশস্তপাদভাষ্যের অবলম্বনে শ্রীধরভট্ট রচিত ন্যায়কন্দলী এবং উদয়নাচার্য্যের কিরণাবলী টীকা সমধিক প্রসিদ্ধ। বৈশেষিক তত্ত্ববোধে এই দুটি টীকা পণ্ডিত সমাজে বিশেষ আদৃত এ কথা বলা যায়। কিরণাবলীর উপর বর্ধমান উপাধ্যায়ের প্রকাশ টীকা ও প্রকাশ টীকার উপর রুচিদত্তের প্রকাশবিবৃতি টীকা গ্রন্থ দুটি পাওয়া যায়।

এছাড়াও প্রশস্তপাদভাষ্যের উপর বল্লভাচার্য্যের বিরচিত ন্যায়লীলাবতী, ন্যায়লীলাবতীর উপর শঙ্করমিশ্র রচিত ন্যায়লীলাবতীকণ্ঠাভরণ, কণ্ঠাভরণের উপর বর্ধমান উপাধ্যায়ের প্রকাশ, প্রকাশের উপর ভগীরথঠাকুর রচিত বিবৃতি, আবার এই প্রকাশের উপরই রঘুনাথ শিরোমণির দীধিতি, মথুরানাথ-তর্কবাগীশ রচিত লীলাবতীপ্রকাশ, দীধিতি রহস্য এগুলি সবই প্রসিদ্ধ টীকা গ্রন্থ। আবার প্রশস্তপাদভাষ্যের উপর স্বতন্ত্রভাবে বেশ কিছু টীকাও ভাষ্য গ্রন্থ পাওয়া যায় যেগুলি অত্যন্ত তত্ত্বসমৃদ্ধ। এই স্বতন্ত্র গ্রন্থের মধ্যে ব্যোমশিবাচার্য্যের ব্যোমবতী টীকা, জগদীশ-তর্কালংকারকৃত সূক্তি নামক ভাষ্য, শ্রীবত্সাচার্য্য রচিত লীলাবতীবৃত্তি, শঙ্করমিশ্র রচিত কণাদরহস্য, মল্লিনাথ সূরি রচিত ভাষ্যনিকর্ষ, পদ্মনাভ মিশ্র রচিত সেতু প্রভৃতি উল্লেখযোগ্য গ্রন্থ বৈশেষিক দর্শনের কলেবর বৃদ্ধি করেছে। এছাড়াও টীকার টীকা গ্রন্থ দেখতে পাওয়া যায়। উদয়নাচার্য্যের কিরণাবলীর উপর জয়দেব মিশ্র রচিত প্রকাশ এবং পদ্মনাভ মিশ্র রচিত কিরণাবলীভাস্কর এই ধরনের গ্রন্থ।

নব্যন্যায়শাস্ত্রে অনন্যসাধারণ প্রতিভার অধিকারী রঘুনাথ-শিরোমণি বৈশেষিক দর্শনে অভিনব গ্রন্থ রচনা করেছেন। দ্রব্যকিরণাবলীপ্রকাশ, গুণকিরণাবলীপ্রকাশ, ন্যায়লীলাবতীপ্রকাশের উপর তাঁর রচিত দীধিতি গ্রন্থ বৈশেষিক সাহিত্যে অমূল্য সম্পদ। রুচিদত্তের অল্পকাল পরেই বলভদ্রের আবির্ভাব হয়েছিল। তিনি শিবাদিত্যের সপ্তপদার্থীর উপর সন্দর্ভটীকা, সর্বদেবের প্রমাণমঞ্জরীর উপর একখানি টীকা, দ্রব্যপ্রকাশবিমল নামে দ্রব্যপ্রকাশের উপর একটি পাণ্ডিত্যপূর্ণ টীকা প্রণয়ন করেন ।এর পরবর্তী আচার্য্য হল পদ্মনাভ মিশ্র। তিনি পণ্ডিত সমাজে 'সকলশাস্ত্রারবিন্দপ্রদ্যোতনভট্টাচার্য্য' এই নামে পরিচিত ছিলেন। তিনি ন্যায়কন্দলীসার ও দ্রব্যকিরণাবলীপ্রকাশের উপর বর্ধমানেন্দু টীকা প্রণয়ন করেন'।[১২]

বৈশেষিক দর্শন অবলম্বনে জগদীশ-তর্কালংকারের তর্কামৃত, রঘুনাথ-শিরোমণির পদার্থতত্ত্বনিরূপণ ও শিবাদিত্যের সপ্তপদার্থী নামে পৃথক্ প্রকরণ গ্রন্থ আছে । দ্বাদশ শতকের মধ্যভাগে শিবাদিত্য সপ্তপদার্থী গ্রন্থ রচনা করেন। তিনি উদয়নাচার্য্যের মত ন্যায়-বৈশেষিক প্রস্থানদ্বয়কে সমন্বয়সাধন করেছিলেন। শিবাদিত্যের সমসাময়িক বৈশেষিক ধুরন্ধর আর একজন পণ্ডিত হলেন বাদিবাগীশ্বর । তিনি মানমনোহর নামে একটি বৈশেষিক গ্রন্থ রচনা করেন। এছাড়াও ন্যায় ও বৈশেষিক দর্শনের অন্নংভট্ট রচিত তর্কসংগ্রহ ও তর্কসংগ্রহের টীকা দীপিকা এবং দীপিকার উপর বহু টীকা টীপ্পনী, বিশ্বনাথ-ন্যায়পঞ্চাননের ভাষাপরিচ্ছেদ ও সিদ্ধান্তমুক্তাবলী, তার উপর রচিত দিনকরী ও রামরুদ্রী টীকা, সর্বদেবসূরি প্রমাণমঞ্জরী, উদয়নাচার্য্যের রচিত লক্ষণাবলী লৌগাক্ষিভাস্করের তর্ককৌমুদী, বেণীদত্তের পদার্থমণ্ডন প্রভৃতি প্রকরণ গ্রন্থগুলি বৈশেষিক দর্শনের অমূল্য রত্নসম্পদ্ একথা নিঃসন্দেহে বলা যায়।

তর্কসংগ্রহ হল ন্যায়-বৈশেষিক দর্শনের সবথেকে একটি জনপ্রিয় গ্রন্থ। এই গ্রন্থের মঙ্গলাচরণের

পর দীপিকা টীকায় তর্কসংগ্রহ পদের ব্যুত্পত্তি প্রসঙ্গে বলেছেন — 'তর্ক্যন্তে প্রতিপাদ্যন্তে ইতি তর্কাঃ দ্রব্যাদিসপ্তপদার্থাঃ, তেষাং তর্কাণাং সংগ্রহঃ ইতি তর্কসংগ্রহঃ'।[১৩] অর্থাত্ এখানে বৈশেষিক দর্শন সম্মত দ্রব্যাদি সপ্ত পদার্থের আলোচনা করা হয়েছে। এছাড়া তর্কসংগ্রহ গ্রন্থে সমন্বয়সাধনের বিশেষ প্রয়াস করা হয়েছে। ন্যায় ও বৈশেষিক মতের সমন্বয় পরবর্তীকালের ন্যায়-বৈশেষিক ধারার অন্যতম বৈশিষ্ট্য । অন্নংভট্ট তাই ন্যায়দর্শনের ষোড়শ পদার্থকে বৈশেষিক সম্মত সপ্ত পদার্থের অন্তর্গত করেছেন — 'সর্বেষাং পদার্থানাং যথাযথমুক্তেষ্বন্তর্ভাবাত্ সপ্তৈব পদার্থা ইতি সিদ্ধম্'। অর্থাত্ পদার্থ সাতটি, এর অতিরিক্ত কোন পদার্থ নেই। এখানে বৈশেষিক মতেরই প্রাধান্য প্রতিষ্ঠা পেয়েছে। এই গ্রন্থের অন্তিম শ্লোকে পরম শ্রদ্ধার সাথে বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা কণাদ মুনির নাম স্মরণ করা হয়েছে, অর্থাত্ এ থেকে প্রমাণিত হয় যে পরবর্তীকালের সমানতান্ত্রিক ন্যায়-বৈশেষিক দর্শন কণাদ মুনির কাছে ঋণী —

> কণাদন্যায়মতয়োর্বালব্যুত্পত্তিসিদ্ধয়ে।
> অন্নংভট্টেন বিদুষা রচিতস্তর্কসংগ্রহঃ ।।[১৪]

ভারতীয় দর্শনে কণাদের বৈশেষিকসূত্র ও পরবর্তী অসংখ্য টীকা, তট্টীকা গ্রন্থগুলি যেমন বৈশেষিক দর্শনের সমৃদ্ধির পরাকাষ্ঠাকে বৃদ্ধি করেছে, তেমনি ন্যায় দর্শন অত্যন্ত সমৃদ্ধ হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য কণাদসূত্র ও প্রশস্তপাদভাষ্যের উপর যে সমস্ত টীকা গ্রন্থ লিখিত হয়েছে তার অনেক গ্রন্থ নব্য নৈয়ায়িকদের দ্বারা রচিত। সুতরাং নব্য ন্যায়ের ভাষার প্রবেশ ঘটেছে টীকা গ্রন্থের ভাষার মধ্যে। সুতরাং কণাদ দর্শনের ভাষার বিশ্লেষণ করতে গিয়ে নব্যন্যায় দর্শন যেমন আলোকিত হয়েছে পক্ষান্তরে বৈশেষিক দর্শনও যথেষ্ট সমৃদ্ধ হয়েছে একথা নিঃসন্দেহে বলা যায়।

বিংশ শতাব্দীতেরচিত বৈশেষিকসূত্রের উপর টীকা ও ভাষ্য গ্রন্থসমূহ : বৈশেষিকসূত্রের উপর বহুল পরিমাণে টীকা গ্রন্থ রচিত হয়েছে তা উপরের আলোচনা থেকে সহজেই বোঝা যায় । বৈশেষিক সূত্রের অবধারণে উপরিউক্ত টীকা গ্রন্থগুলি খুবই উপযোগী । শঙ্কর মিশ্রের উপস্কারটীকা, জয়নারায়ণ-তর্কপঞ্চাননের কণাদসূত্রবিবৃতি, মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালংকারের বৈশেষিকভাষ্য প্রভৃতি অত্যন্ত তথ্যসমৃদ্ধ টীকা গ্রন্থের পর এবার বিংশ শতাব্দীর কয়েকটি উল্লেখযোগ্য বৈশেষিক টীকাগ্রন্থের নামোল্লেখপূর্বক আলোচনা করা হল —

১. রসায়ন-ব্যাখ্যা : বিংশ শতাব্দীতে যে সমস্ত বৈশেষিক সূত্র ব্যাখ্যা ও টীকা গ্রন্থ রচিত হয়েছিল তাঁর মধ্যে এই রসায়ন-ব্যাখ্যা নামাত্মক বৈশেষিক টীকা গ্রন্থটি প্রাচীনতম ও সর্বপ্রথম। এই টীকাটি রচনা করেন তর্কার্ণব-পণ্ডিতরত্ন উত্তমূর বীররাঘবাচার্য। এই টীকা গ্রন্থের প্রথম সংস্করণ ১৯৫৮ সালে মাদ্রাজ থেকে বেঙ্কটেশ্বর শোধ-সংস্থান পত্রিকা থেকে প্রথম প্রকাশিত হয়। টীকাকার এই গ্রন্থে প্রশস্তপাদভাষ্য, ব্যোমবতী, ন্যায়কন্দলী, কিরণাবলী প্রভৃতি গ্রন্থ গভীরভাবে অধ্যয়ণ পূর্বক তাঁর কৃতি এই রসায়ন-ব্যাখ্যাত্মক টীকার মাধ্যমে স্পষ্টীকরণ করেছেন । বীররাঘবাচার্য বৈশেষিক সূত্রপাঠের সংশোধন করে অনেক সময় সূত্রের লুপ্ত অংশ প্রকাশিত করেছেন। এই রসায়ন ব্যাখ্যায় বৈশেষিক সূত্রের অসাধারণতা প্রতিপাদিত করা হয়েছে সূত্রের গাম্ভীর্য যথাসম্ভব রক্ষা করে।

২. বৈশেষিকসূত্রবৈদিকবৃত্তি[১৫] : 'রসায়ন' বৈশেষিক টীকার পর আর একটি উল্লেখযোগ্য টীকা গ্রন্থ হল

বৈশেষিকসূত্রবৈদিকবৃত্তি । এই টীকার রচয়িতা হলেন নিখিলশাস্ত্রনিষ্ণাত প্রফেসর স্বামী হরিপ্রসাদ । এই বৃত্তি গ্রন্থ হল কণাদকৃত সূত্রের বেদানুসারিণী বৃত্তি ।এই বৃত্তি গ্রন্থটির ব্যাখ্যা শঙ্করমিশ্রের উপস্কার টীকার অনুসরণে করা হয়েছে। বৈশেষিক দর্শনের এই বৈদিক বৃত্তিতে শ্রুতি, উপনিষদ্, স্মৃতি ও অন্য দর্শনশাস্ত্রের প্রাসঙ্গিক বিষয় এনে ব্যাখ্যা করা হয়েছে। বৈশেষিক দর্শনের অনেক সূক্ষ্মতত্ত্ব এখানে প্রকাশিত হয়েছে। কণাদসূত্রের প্রতি আহ্নিকের বিষয় এই বৃত্তি গ্রন্থে প্রথমেই খুব সুন্দরভাবে আলোচনা করা হয়েছে।

৩. বৈশেষিকদর্শন ব্রহ্মমুনি ভাষ্য : এই ভাষ্যের রচয়িতা হলেন স্বামী ব্রহ্মমুনি পরিব্রাজক বিদ্যামার্তণ্ড, যিনি অনেক গ্রন্থের রচয়িতা । এই ভাষ্য অনুসারে বৈশেষিক সূত্রসংখ্যা ৩৭৩ । এই ব্রহ্মমুনি ভাষ্য উপস্কার টীকা অনুসরণ করে ব্যাখ্যা করা হয়েছে। উপস্কার টীকার বক্তব্যকে এখানে প্রতিপাদন করা হয়েছে টীকাকারের স্বকীয় দৃষ্টিতে। এই ভাষ্যের আরম্ভে টীকাকারের পূর্বের বিষয়ের নির্দেশ ও প্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করা হয়েছে যা অত্যন্ত অপরিহার্য্য বৈশেষিক দর্শনের বিষয়বস্তু প্রতিপাদনে। এছাড়াও সূত্রক্রমানুসারে নির্দেশ করে একটি প্রয়োজনীয় বিষয়সূচী এই ভাষ্যের অন্যতম বৈশিষ্ট্য। বৈশেষিক দর্শনের মান্য আচার্যের মত এখানে ব্যাখ্যা করে বৈশেষিক সিদ্ধান্ত বলবত্ করা হয়েছে।

৪. বৈশেষিকদর্শন বেদভাস্কর ভাষ্য : এই তথ্যসমৃদ্ধ বৈশেষিক ভাষ্যের রচয়িতা হলেন অধ্যাপক কাশীনাথ শর্মা। এই ভাষ্যের প্রারম্ভে বৈশেষিক দর্শনের মাহাত্ম্য প্রতিপাদন করা হয়েছে। বেদান্ত দর্শনের মত এই ভাষ্যে প্রথম অধ্যায়ে আরম্ভিক চতুঃসূত্রীর বিস্তৃত ব্যাখ্যা এখানে খুব সুন্দরভাবে করা হয়েছে, যেখানে সমস্ত দর্শনের বিষয় ভাষ্যকার স্বকীয় দৃষ্টিকোণ থেকে বিচার করেছেন। বৈশেষিক দর্শনের আলোচনা করতে গিয়ে অন্য দর্শনের সিদ্ধান্ত যথাস্থানে সমাবিষ্ট করা হয়েছে । বৈশেষিক সূত্রের উপলব্ধ প্রাচীন ভাষ্য ও টীকার পরম্পরাগত শাস্ত্রীয় পদ্ধতি এখানে অনুসরণ করে সূত্রের অর্থ স্পষ্টীকরণ করা হয়েছে। কণাদ দর্শনের ব্যাখ্যা এখানে বিজ্ঞানের সাথে সমন্বয়সাধন করে ব্যাখ্যা করা হয়েছে। বৈশেষিক প্রাচীন ব্যাখ্যার সাথে এখানে সমন্বয়সাধন করে বিষয়বস্তুর প্রতিপাদন করা হয়েছে । উদাহরণ হিসেবে বলা যেতে পারে বিশেষ এবং বৈশেষিক এই দুই পদের বৈজ্ঞানিক ব্যাখ্যা দিতে গিয়ে বলা হয়েছে বিশেষ = Physical Elements, বৈশেষিক = Physical Science। যাইহোক বৈশেষিক দর্শনের মতামত এখানে খুব সুন্দরভাবে সরলীকরণ করা হয়েছে। সেদিক থেকে বলা যেতে পারে বেদভাস্কর এই ভাষ্য গ্রন্থটি বেশ তাৎপর্য্যপূর্ণ।

৫. সুগমা বৈশেষিকসূত্রবৃত্তি : এই বৈশেষিক বৃত্তি গ্রন্থের রচয়িতা হলেন তাতাচার্য্য শিরোমণি । গঙ্গানাথ ঝা কেন্দ্রীয় সংস্কৃত বিদ্যাপীঠ, প্রয়াগ থেকে এটি প্রকাশিত হয়। তবে এটি বৃত্তিকার প্রকাশ করে যেতে পারেন নি, পরবর্তীকালে শ্রী রঙ্গনাথাচার্য্য এটি সম্পাদনা করেন । এই বৃত্তি গ্রন্থের ব্যাখ্যা রসায়ন ব্যাখ্যা অনুসারে করা হয়েছে । এই বৈশেষিক বৃত্তি গ্রন্থের প্রারম্ভে সূত্রাণ্তর্গত বিষয়ের বিশদ বিবরণ দেওয়া হয়েছে । সুগমা এই ব্যাখ্যা গ্রন্থের প্রধান বৈশিষ্ট্যই হল বৈশেষিক সূক্ষ্ম তত্ত্বের সরলীকরণ, অর্থাত্ এখানে সূত্রের বক্তব্য সরল আকারে উপস্থাপন করা হয়েছে । এছাড়াও আহ্নিকগত বিষয় এখানে পৃথক্ ভাবে ব্যাখ্যা করা হয়েছে । বৃত্তিকারের ভাষা এখানে সরল ও স্পষ্ট। এখানে আর একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল এই যে এখানে বৈশেষিক সূত্রের প্রতিপদের অন্বয়, সমাসবিগ্রহ, অর্থসংকেত এইভাবে ব্যাখ্যা করা হয়েছে ।

এইভাবে কণাদসূত্র থেকে আরম্ভ করে বিংশ শতাব্দী পর্যন্ত বৈশেষিক গ্রন্থাবলীর সংক্ষিপ্ত আলোচনা

করা হল । তবে প্রশস্তপাদভাষ্যের পরবর্তীকালে বৈশেষিক টীকা ও ভাষ্য গ্রন্থের আধিক্য দেখা যায়। সুতরাং ন্যায় দর্শনের মত বৈশেষিক দর্শন চর্চার ইতিহাস বেশ সমৃদ্ধ তা নিঃসন্দেহে বলা যায়।

## উল্লেখপঞ্জি :

১. ভারতীয় দর্শন কোষ, প্রথম খণ্ড, পৃ. ১৯২।
২. বৃহদারণ্যক-উপনিষদ্, ৪/৫।
৩. কিরণাবলী, ভূমিকা অংশ।
8. History of Indian Philosophy, vol. 1, p. 281.
৫. কিরণাবলী, ভূমিকা অংশ।
৬. তর্কসংগ্রহ, পৃ. ১৯।
৭. বৈশেষিকসূত্র, ১০.২.১।
৮. তদেব, ১.২.৬।
৯. অষ্টাধ্যায়ী, ৪.১.১১৬।
১০. প্রশস্তপাদভাষ্য, পৃ. ১।
১১. সর্বদর্শনসংগ্রহ, পৃ. ২২০।
১২. কিরণাবলী, ভূমিকা অংশ।
১৩. তর্কসংগ্রহ, পৃ. ১।
১৪. তদেব, পৃ. ২২৫।
১৫. ১৯১৬ সালে নির্ণয় সাগর প্রেস থেকে এটি প্রকাশিত।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি :

অন্নংভট্ট ।তর্কসংগ্রহ । সম্পা. নিরঞ্জনস্বরূপ ব্রহ্মচারী । কোলকাতা : সংস্কৃত বুক ডিপোস, ২০১৮ (প্রথম প্রকাশ, ২০০৫)।

—। সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী । কোলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৩ ।

উদয়নাচার্য । কিরণাবলী । সম্পা. গৌরীনাথ শাস্ত্রী । কোলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৯০।

—। সম্পা. জিতেন্দ্র. এস . জেটলি । বরোদা : ওরিয়েন্টাল ইস্টিটিউট বরোদা, ১৯৭১।

কণাদ । বৈশেষিকসূত্র । সম্পা. পঞ্চানন-তর্করত্ন। শঙ্করমিশ্রকৃত উপস্কার ও সম্পাদককৃত পরিষ্কারটীকা সহিত । বৈশেষিক-দর্শনম্ । কলিকাতা : বঙ্গবাসী ইলেকট্রোমেসিন প্রেস, ১৯০৬।

কুমার, শশিপ্রভা। বৈশেষিক দর্শন পরিশীলন । দিল্লী : বিদ্যানিধি প্রকাশন, ২০১০।

গঙ্গোপাধ্যায়, মৃণালকান্তি। ভারতীয় দর্শনে তত্ত্ববিদ্যা ওজ্ঞানতত্ত্ব । কোলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০১৯।

চক্রবর্তী, সত্যজ্যোতি । সায়ন মাধবীয় সর্বদর্শনসংগ্রহ । কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৩।

পাণিনি । অষ্টাধ্যায়ী । সম্পা. তপনশঙ্কর ভট্টাচার্য্য । কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৪।

প্রশস্তপাদাচার্য্য । প্রশস্তপাদভাষ্য । সম্পা. দীননাথ ত্রিপাঠী । কোলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১৭ (দ্বিতীয় মুদ্রণ, প্রথম প্রকাশ ২০০০)।

—। সম্পা. কালিপদ তর্কাচার্য্য । জগদীশ-তর্কালংকারকৃত সূক্তিভাষ্য সহ। কলিকাতা: সংস্কৃত সাহিত্য পরিষদ্, ১৯৬৪।

বন্দ্যোপাধ্যায়, হরিচরণ । বঙ্গীয় শব্দকোষ । খণ্ড প্রথম ও দ্বিতীয় । নিউ দিল্লী : সাহিত্য একাডেমী, ২০১৬ (নবম মুদ্রণ, প্রথমপ্রকাশ ১৯৪৭)।

বিশ্বনাথ-ন্যায়পঞ্চানন । ভাষাপরিচ্ছেদ । সম্পা. আশুতোষ ভট্টাচার্য্য । কোলকাতা : বিজয়ায়ন, ২০০৬।

ভট্টাচার্য্য, করুণা । ন্যায়-বৈশেষিক দর্শন । কোলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্ষদ, ১৯৯০ (প্রথম প্রকাশ ১৯৮৪)।

ভট্টাচার্য, শ্রীমোহন ও ভট্টাচার্য, দীনেশচন্দ্র। ভারতীয়দর্শনকোষ । কোলকাতা: সংস্কৃতকলেজ, ১৯৫৮।

মণ্ডল, প্রদ্যোত । প্রশস্তপাদের দর্শন । কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০১২।

মহানামব্রত ব্রহ্মচারী । ভারতীয় দর্শনের তুলনামূলক আলোচনা । কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫৯ (তৃতীয় সং, প্রথম সং ১৯২২)।

যোগেন্দ্রনাথ-তর্কসাংখ্যবেদান্ততীর্থ । ভারতীয় দর্শনশাস্ত্রের সমন্বয় । কলিকাতা: কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০১৩ (পুনর্মুদ্রণ, প্রথম প্রকাশ ১৯৫৮)।

শঙ্করমিশ্র । বৈশেষিকসূত্রোপস্কার । প্রথম অধ্যায় । সম্পা. সেখ সাবীর আলী । কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০১৩।

## ইংরেজী পুস্তকমালা :

Dasgupta, Surendranath. A History of Indian Philosophy. Vol. 1. Delhi, Varanasi, Patna, Bangalore: MLBD, 1991 (rpt., 1st ed. 1922).

Jhalkikar, Bhimacarya (comp.). Nyāyakośa (Dictionary of Technical Terms of Indian Philosophy). Poona (now Pune): The Bhandarkar Oriental Research Institute, 1958.

Potter, Karl H. Encyclopedia of Indian Philosophy. Vol. 2. Indian Metaphysics and Epistemology: The Tradition of Nyaya-Vaisesika Up To Gangesa. Delhi, Varanasi, Patna: MLBD, 1977.

# আধুনিকসংস্কৃতগীতিকাব্যের ক্রমবিবর্তনে বঙ্গের অবদান

জয়শ্রী দে

**সারসংক্ষেপ :**

আমরা জানি যে খ্রীষ্টজন্মের প্রায় কয়েক শতাব্দী আগে থেকেই সংস্কৃত কাব্য – দৃশ্য ও শ্রব্য ভেদে দুটি ধারাতে প্রচলিত ছিল। শ্রব্যকাব্যের বিবিধ ধারার মধ্যে আমার আলোচ্য বিষয় হল – খণ্ডকাব্য বা গীতিকাব্য (Lyric)। সংস্কৃত গীতিকবিতার উপাদান ঋগ্বেদের ঊষাসূক্ত থেকেই লক্ষ্য করা যায়। এরপর রামায়ণ, মহাভারত, পুরাণাদির পথ ধরে অশ্বঘোষ, কালিদাস, জয়দেব প্রভৃতি কবিদের রচনায় গীতিকাব্যের মাধুর্য ও সঙ্গীতময়তা পরিপুষ্টি এবং পরিপূর্ণতা লাভ করেছে। শুধুমাত্র গীতিকাব্যই নয়, সংস্কৃত সাহিত্যের বিবিধ শাখায় মৌলিক রচনার ক্ষেত্রে আধুনিক সময়ে অর্থাৎ ঊনবিংশ-বিংশ শতকে যে সকল আচার্যগণের উল্লেখযোগ্য অবদান রয়েছে, তাঁদের মধ্যে আমি মূলত আধুনিক (ঊনবিংশ-বিংশ শতকের) গীতিকাব্যের উপর বঙ্গীয়পণ্ডিতদের জীবনী ও কৃতিত্ব বিষয়ে আলোচনা করেছি এবং সেগুলির কিছু কিছু সামাজিক গুরুত্বও তুলে ধরার চেষ্টা করেছি । যেমন – বাংলার যাদবেশ্বর তর্করত্ন, হরিদাস সিদ্ধান্তবাগীশ, হেমচন্দ্র রায় কবিভূষণ, কালীপদ তর্কাচার্য, শ্রীজীব ন্যায়তীর্থ, বিশ্বেশ্বর বিদ্যাভূষণ, সীতানাথ আচার্য, দীপক ঘোষ, জয়শ্রী চট্টোপাধ্যায় প্রমুখ পন্ডিতগণ বাংলার গীতিকবিতার ধারাকে অক্ষত রেখেছিলেন।

**সূচকশব্দ :**

কাব্য, খন্ডকাব্য বা গীতিকাব্য, আধুনিক, আধুনিককাব্য, বঙ্গীয়পণ্ডিত, শিক্ষাজীবন, কর্মজীবন, সাহিত্যচর্চা, সামাজিক অবদান ।

ভারতবর্ষরূপ এই মহামানবের মিলনক্ষেত্রে বাঙালি জাতি তার নিজস্ব বৈশিষ্ট্যের দ্বারা সমগ্র বিশ্বে উল্লেখযোগ্য ভূমিকা লাভ করেছে। প্রাচীনকাল থেকেই বাঙালি জাতি তাঁর জন্মভূমি তথা পুণ্যভূমি এই বঙ্গদেশে বাংলা ভাষার পাশাপাশি সুপ্রাচীন জননীস্বরূপা সংস্কৃত ভাষারও চর্চা করে আসছে এবং বর্তমান যুগে এই সংস্কৃতভাষা চর্চার সঙ্গে ইংরাজি, হিন্দি, ফরাসি প্রভৃতি ভাষার চর্চাকেও অব্যাহত রেখে চলেছে। তবে এপ্রসঙ্গে সবথেকে গুরুত্বপূর্ণ কথা হল, বাংলা ভাষায় বাংলাসাহিত্য চর্চা করার বহুপূর্ব থেকেই বাঙালিরা সংস্কৃত ভাষা ও সাহিত্যের চর্চা করেছে। সুপ্রাচীনা, অক্ষতরূপা, জননীস্বরূপা এই সংস্কৃত ভাষার সাহিত্য,

ব্যাকরণ, দর্শন প্রভৃতি বিবিধ শাখার মধ্যে সাহিত্যই পূর্ববর্তী হিসাবে অগ্রগণ্য। ফলে বৈদিক সাহিত্যের শেষভাগ থেকে প্রায় দু'হাজার বছর ধরে ভারতীয় মনীষা তার প্রকাশের পথ খুঁজেছে এই বিবিধ সাহিত্যের মাধ্যমে। ভারতবর্ষের চিন্তা-ভাবনা, ধর্ম, দর্শন, সভ্যতা, সংস্কৃতি ইত্যাদি আরও অনেক বিষয় প্রকাশিত ও বিকশিত হয়েছে এই ভাষার বিবিধ সাহিত্যচর্চার মধ্য দিয়ে। তাই আমরা পেয়েছি রামায়ণ, মহাভারতের মতো কালজয়ী মহাকাব্য, অষ্টাদশ মহাপুরাণ ও উপপুরাণ। আবার অশ্বঘোষের বুদ্ধচরিত, সৌন্দরনন্দ, ভাসের স্বপ্নবাসবদত্তার মতো আরও তেরোখানি নাট্যকর্ম, কালিদাসের রঘুবংশ ও কুমারসম্ভব মহাকাব্য, মেঘদূতে'র ন্যায় গীতিকাব্য ও জনপ্রিয় অভিজ্ঞান-শকুন্তলার মতো নাটক, ভবভূতির উত্তররামচরিতের মতো প্রতিভাদীপ্ত নাটক, শূদ্রকের মৃচ্ছকটিক, ভারবি, মাঘ, শ্রীহর্ষ, ভর্তৃহরির কাব্য; বাণভট্ট, সুবন্ধু ও দণ্ডীর গদ্যরচনা; বিশাখদত্ত, ভট্টনারায়ণ প্রভৃতির নাটক, বিবিধ ঐতিহাসিক কাব্য, কান্তকোমল পদাবলী জয়দেবের গীতগোবিন্দ, পঞ্চতন্ত্র, হিতোপদেশ, কথাসরিৎসাগরের ন্যায় গল্পগ্রন্থ, ছন্দোশাস্ত্র, সাহিত্যতত্ত্ব ও অলংকারশাস্ত্রের গ্রন্থ প্রভৃতি যা বলে শেষ করা যায় না।

তাই সংস্কৃত সাহিত্যের উক্ত বিবিধ ধারার মধ্যে কাব্য-সাহিত্য যে অন্যতম তা আমাদের বুঝতে অসুবিধা হয় না। 'কবি'-শব্দের সঙ্গে 'ষ্যঞ্'-প্রত্যয় যোগে 'কাব্য' শব্দটি নিষ্পন্ন হয়, যার অর্থ হয় – কবিত্ব। আবার এই 'কবি'-শব্দের ব্যুৎপত্তি করলে হয় – কু + ইন্, যার অর্থ হয় – কাব্য-রচয়িতা বা পণ্ডিত। অর্থাৎ কবির কবিত্ব শক্তির দ্বারা সৃষ্ট বিষয় হল 'কাব্য'। কাব্যের স্বরূপ সম্বন্ধে একাদশ-শতকের আলংকারিক মম্মটাচার্য তাঁর কাব্যপ্রকাশ-গ্রন্থের প্রথমোল্লাসে বলেছেন – 'তদদোষৌ শব্দার্থৌ সগুণাবনলংকৃতী পুনঃ ক্বাপি'। 'তৎ' পদের দ্বারা এখানে 'কাব্য'কে বোঝানো হয়েছে। অর্থাৎ দোষবিহীন, গুণযুক্ত, আবার কখনও কখনও অলংকারশূন্য শব্দ ও অর্থ হল কাব্য। এখানে শব্দ ও অর্থ মিলিতভাবে কাব্য পদবাচ্য হয়। কাব্যে আস্বাদ ও ব্যঞ্জকত্ব শব্দ ও অর্থ উভয়ক্ষেত্রে একই প্রকারের হয়। উভয়ের মধ্যে পার্থক্য না থাকায় শব্দার্থযুগলকে কাব্য বলা হয়েছে। এবিষয়ে উদ্দ্যোতকার বলেছেন – 'কাব্যং পঠিতং শ্রুতং গীতং রচিতং, কাব্যং বুদ্ধম্' এই ভাবে উভয়বিধ ব্যবহার দেখলেই বোঝা যায় যে, শব্দার্থের মিলনকে অর্থাৎ শব্দার্থযুগলকে 'কাব্য' বলা হয়েছে। আর 'শব্দ' অর্থের আশ্রয় বলে শব্দ-পদটির প্রথমে এবং 'অর্থ'-পদটির পরে প্রয়োগ করা হয়েছে। যদিও খ্রিষ্টীয় চতুর্দশ-শতকে সাহিত্যদর্পণকার বিশ্বনাথ-কবিরাজ, মম্মটাচার্যের 'কাব্য'লক্ষণে 'অদোষৌ' পদের প্রয়োগ নিয়ে আপত্তি করেছেন। তিনি বলেছেন 'কাব্য'লক্ষণে 'অদোষৌ' পদের ব্যবহার করলে – দোষের দুর্বারতাবশতঃ কাব্যরচনা পাওয়া যাবে না, কিংবা খুবই কম কাব্যের উদ্ভব হবে। আর সেই কারণেই তিনি, রসাত্মক বাক্যমাত্রই কাব্য পদবাচ্য হবে বলে উল্লেখ করেছেন।[২] এখন প্রশ্ন হল, কবির যা কিছু সৃষ্টি তার সবই কি তাহলে কাব্য পদবাচ্য ? সেই প্রসঙ্গে আমরা মম্মটাচার্যের মত উল্লেখ করে বলতে পারি – যশ, ধনলাভ, আচারশিক্ষা, অমঙ্গল নাশ, শ্রবণের সঙ্গে সঙ্গেই পরমানন্দ প্রাপ্তি এবং কান্তাতুল্য উপদেশ দানের উদ্দেশ্যে যা রচিত হয়, তাই হল 'কাব্য'[৩]। এ প্রসঙ্গে আচার্য বিশ্বনাথ বলেছেন –

ভাষাবিভাষানিয়মাৎ কাব্যং সর্গসমুজ্ঝিতম্ ।
একার্থপ্রবণৈঃ পদ্যৈঃ সন্ধিসামগ্র্যবর্জিতম্ ।।[৪]

অর্থাৎ সংস্কৃত ভাষা ও প্রাকৃতাদি বিভাষার নিয়মানুসারে রচিত, একার্থপ্রবণ, সর্গ ও সন্ধিসমূহ-বিবর্জিত

পদ্যময় রচনাকে 'কাব্য' বলে। আর এই সকল প্রয়োজনের মধ্যে প্রধানভূত প্রয়োজন হল — কাব্যপাঠ বা শ্রবনের সঙ্গে সঙ্গেই রসাস্বাদজাত অন্যজ্ঞেয়পদার্থরহিত আনন্দ; কারণ কোন কিছুর রসাস্বাদ হলে তবেই তার আনন্দোপলব্ধি সম্ভব। সেই জন্যই আচার্য বিশ্বনাথের মতোল্লেখ করে বলা যায়— 'বাক্যং রসাত্মকং কাব্যম্'[৫] ।

আমরা জানি যে খ্রীষ্টজন্মের প্রায় কয়েক শতাব্দী আগে থেকেই এই সংস্কৃত কাব্য — 'দৃশ্য' ও 'শ্রব্য' ভেদে দুটি ধারাতে প্রচলিত ছিল। 'দৃশ্যকাব্য' (যার অপর নাম 'নাট্য') আবার রূপক ও উপরূপক ভেদে দু'প্রকার। এই রূপকের নাটক, প্রকরণ প্রভৃতি দশবিধ প্রকার বর্তমান। আর 'শ্রব্যকাব্য' মূলতঃ তিন প্রকার — গদ্য, পদ্য ও মিশ্র বা চম্পূ কাব্য। এগুলি আবার মহাকাব্য, খণ্ডকাব্য বা গীতিকাব্য, কথা, আখ্যায়িকা ইত্যাদি বিভিন্নভাগে বিভক্ত। শ্রব্যকাব্যের এই বিবিধ ধারার মধ্যে আমার আলোচ্য বিষয় হল— 'খণ্ডকাব্য' বা 'গীতিকাব্য' (Lyric)।

অতীতকালে দেখা যেতো ব্যক্তিগত হৃদয়ের আনন্দ বা দুঃখাত্মক অনুভূতির বাঙ্ময় আবেগ, যা বীণার মতো তারযন্ত্র লায়ারের (Lyre) সহযোগে গাওয়া হতো, তাকেই সেই সময় ইংরেজিতে 'লিরিক্' (Lyric) আখ্যায় অভিহিত করা হতো। অর্থাৎ লিরিক্ শব্দটি প্রথম প্রযুক্ত হয়েছে এক বিশেষ অর্থের দ্যোতকরূপে। কিন্তু বর্তমানে অর্থের প্রসার ঘটেছে, সেই বিশেষ অর্থ এখন আর নেই। কবির ব্যক্তিগত কোনও বিশেষ ভাবনা লিরিকের বিষয়বস্তু হলেও পাঠক কিন্তু তার মধ্যে আপন ভাবনারই প্রতিচ্ছবি দেখতে পায়। আধুনিক ভারতীয় সাহিত্যে লিরিকের নামান্তর 'গীতিকবিতা'। বস্তুতঃ বক্তার ভাবোচ্ছ্বাসের ঐকান্তিকতা যখন ছন্দের দোলায় দোলায়িত এবং কল্পনায় কমনীয়, তখন অগেয় কবিতার মধ্যেও গীতিময়তা পরিস্ফুট হয়ে ওঠে। কবির ভাবাবেগের মূর্ছনা পাঠকের মনের তন্ত্রীতেও অনুরণন তোলে। ফলে কবির সুর ও পাঠকের সুর মিলেমিশে একাকার হয়ে যায়। সুতরাং কবিহৃদয়ের আত্মগত ভাবানুভূতির অন্তরঙ্গ এবং ঐকান্তিক ক্ষুদ্ররূপই হল গীতিকাব্য। তবে সংস্কৃত সাহিত্যের আলঙ্কারিকগণ 'গীতিকাব্য' নামে কাব্যের কোনও বিভাগ স্বীকার করেননি। সেখানে 'খন্ডকাব্যে' গীতিকবিতার বৈশিষ্ট্যের সন্ধান মেলে। কবিরাজ বিশ্বনাথ তাঁর সাহিত্যদর্পণ গ্রন্থে খণ্ডকাব্যের উল্লেখ করে বলেছেন - 'খণ্ডকাব্যং ভবেৎ কাব্যস্যৈকদেশানুসারি চ।'[৬] অর্থাৎ মহাকাব্যের লক্ষণসমূহকে অংশতঃ অনুসরণ করে রচিত পদ্যময় কাব্যকে খণ্ডকাব্য বলে। যেমন - মেঘদূত প্রভৃতি। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর বিবিধ প্রবন্ধে বলেছেন - খণ্ডকাব্যের মধ্যে এক প্রকার কাব্য প্রাধান্য লাভ করে ইউরোপে 'গীতিকাব্য' নামে খ্যাত হয়েছে।

মহাকাব্যের ছোট অংশরূপ এই খন্ডকাব্য। এখানে মহাকাব্যের ব্যাপকতা থাকে না, থাকে না মহাকাব্যের নব নব বৈচিত্র্য ও ভাবৈশ্বর্য। তবে এতো স্বল্পপরিসরে একটি মূলভাবের কাব্যিক অভিব্যক্তি ঘটে। এই দৃষ্টিকোণ থেকে গীতিকাব্য ও সংস্কৃত খণ্ডকাব্যের মিল অবশ্যই লক্ষ্য করা যায়। এই প্রসঙ্গে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর বিবিধ প্রবন্ধে গীতিকাব্যের স্বরূপ আলোচনা প্রসঙ্গে বলেছেন — 'একজন গীত রচনা করেন, আর একজন গান করেন। এইরূপে গীত হইতে গীতিকাব্যের পার্থক্য জন্মে। গীত হওয়াই গীতিকাব্যের আদিম উদ্দেশ্য; কিন্তু যখন দেখা গেল যে, গীত না হইলেও কেবল ছন্দোবিশিষ্ট রচনাই আনন্দদায়ক এবং সম্পূর্ণ চিত্তভাবব্যঞ্জক, তখন গীতোদ্দেশ্য দূরে রহিল; অগেয় গীতিকাব্য রচিত হইতে লাগিল। অতএব গীতের

যে উদ্দেশ্য, আর যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই 'গীতিকাব্য'[৭]। তাই বলা যায় বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটতামাত্রই গীতিকাব্যের উদ্দেশ্য সিদ্ধ হয়। পাশ্চাত্য গীতিকাব্য বিশেষ করে ইংরেজী সাহিত্যের লিরিক্ নর-নারীর দেহজ প্রেমকে কেন্দ্র করেই প্রধানত আবর্তিত। আমাদের এই বর্তমান সমাজে মানুষের যে জীবনধারা প্রবাহিত, সেই জীবনের সৌন্দর্য ও সম্ভোগের বিষয়ই সেখানকার একমাত্র অবলম্বন। মানবীয় প্রেমের সহায়িকারূপে প্রকৃতিও সেখানে হাজির। সংস্কৃত গীতিকাব্য কিন্তু এই বিষয়েই কেবল সীমাবদ্ধ থাকে না, এর সীমা বিস্তৃত ও ব্যাপক। উক্ত খণ্ডকাব্য বা গীতিকাব্যগুলির আবার বেশ কয়েকটি ধারা লক্ষ্য করা যায়। যেমন – দূতকাব্য, শতককাব্য, বিলাপকাব্য, বন্দনা/স্তুতি/প্রশস্তি কাব্য, সনেট প্রভৃতি।

সংস্কৃত গীতিকবিতার উপাদান ঋগ্বেদের ঊষাসূক্ত থেকেই লক্ষ্য করা যায়। এর পর রামায়ণ, মহাভারত, পুরাণাদির পথ ধরে অশ্বঘোষ, কালিদাস প্রভৃতি কবিদের রচনায় গীতিকাব্যের মাধুর্য ও সঙ্গীতময়তা পরিপুষ্টি এবং পরিপূর্ণতা লাভ করেছে। তবে যাই হোক প্রাচীনকালে এই খণ্ডকাব্য বা গীতিকাব্য সার্থকরূপ লাভকরে মহাকবি কালিদাসের হাতে। এই ভাবে সংস্কৃত গীতিকাব্যের স্রোতস্বিনী ধারা সেই প্রাচীন যুগ থেকেই বয়ে চলেছে। আর এই বর্তমান বিশ-শতকেও কিন্তু সেই স্রোতস্বিনী ধারা এতটুকুও কমেনি। স্বাধীনতোত্তর ভারতেও অনেক সংস্কৃতপ্রেমী পণ্ডিত রয়েছেন, যাঁরা তাঁদের অক্লান্ত পরিশ্রম, মনন এবং সংস্কৃতের প্রতি অনুরাগ বশতঃ সেই স্রোতস্বিনী ধারাকে প্রবাহিত রাখার চেষ্টা করে চলেছেন। শুধুমাত্র গীতিকাব্যই নয়, সংস্কৃত সাহিত্যের বিবিধ শাখার মৌলিক রচনার ক্ষেত্রে এই আধুনিক সময়ে অর্থাৎ ঊনবিংশ-বিংশ শতকে যে সকল আচার্যগণের উল্লেখযোগ্য অবদান রয়েছে, তাঁরা হলেন – উত্তরপ্রদেশের মথুরাপ্রসাদ দীক্ষিত, উমাশঙ্কর শর্মা, হরিদত্ত শর্মা; মধ্যপ্রদেশের রাধাবল্লভ ত্রিপাঠী; মহারাষ্ট্রের এস্. বি. ভারনেকর, জি. বি. পলসুলে; কর্ণাটকের ক্ষমা রাও, লীলা রাও দয়ালু; বিহারের জগন্নাথ পাঠক, জানকীনাথ শাস্ত্রী; ওড়িশার রমাকান্ত মিশ্র, কেশব চন্দ্র দাস, প্রফুল্ল মিশ্র, অরুণ রঞ্জন মিশ্র; দিল্লীর রামকৃষ্ণ শর্মা, রামকরণ শর্মা; আসামের বিশ্বনারায়ণ শাস্ত্রী; এবং সর্বোপরি বাংলার চন্দ্রকান্ত তর্কালঙ্কার, পঞ্চানন তর্করত্ন, প্রমথনাথ তর্কভূষণ, হরিদাস সিদ্ধান্তবাগীশ, কালীপদ তর্কাচার্য, বিশ্বেশ্বর বিদ্যাভূষণ, শ্রীজীব ন্যায়তীর্থ, যতীন্দ্র বিমল চৌধুরী, রমা চৌধুরী, পঞ্চানন রায়, বীরেন্দ্রকুমার ভট্টাচার্য, তারাপদ ভট্টাচার্য, নিত্যানন্দ স্মৃতিতীর্থ, সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায়, দীপক ঘোষ, সীতানাথ আচার্য প্রমুখ।

এখন সংস্কৃত গীতিকাব্যের যে ধারাটি প্রাচীনকাল থেকে অর্থাৎ রামায়ণ, মহাভারত, পুরাণাদির পথ ধরে অশ্বঘোষ, কালিদাস প্রভৃতি কবিদের বিভিন্ন রচনা থেকে শুরু করে বর্তমানকাল পর্যন্ত চলে আসছে, তার মধ্যে আমি মূলতঃ আধুনিক সময়ের অর্থাৎ ঊনবিংশ-বিংশ শতকে যে সকল বঙ্গীয় আচার্যগণ উল্লেখযোগ্য ভূমিকা লাভ করেছিলেন তাঁদের বিষয়ে আলোকপাত করছি।

সংস্কৃত সাহিত্যে আধুনিক গীতিকাব্য বিষয়ে আলোকপাত করার পূর্বে 'আধুনিক' বলতে কি বোঝায় তা জেনে নেওয়া প্রয়োজন। 'অধুনা'শব্দ থেকে 'আধুনিক' কথাটি এসেছে। অধুনা + ঠঞ্ = আধুনিক, যার অর্থ – এখন যেটি আছে। এই প্রসঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন – 'নদী সামনের দিকে সোজা চলতে চলতে হঠাৎ বাঁক ফেরে। সাহিত্যও তেমনি বরাবর সিধে চলে না। যখন সে বাঁক নেয় তখন সেই বাঁকটাকেই বলতে হবে মডার্ণ। বাংলায় বলা যায় আধুনিক।'[৮] যেমন, ১৯৪৭ সালের যা সমস্যা ছিল, ১৯৬০

সালের সমস্যা তার থেকে অন্য ধরনের হবে। আবার ২০০০ বা ২০২০ সালের সমস্যা আরও অন্য রকমের হবে। তাই পূর্বের থেকে তার পরবর্তী সময় সর্বদা আধুনিক। কিন্তু কিছু কিছু সমস্যা আছে যা চিরকালের সমস্যা, তাই তারা সব সময়ই আধুনিক। তাই বলা যেতে পারে আধুনিকতা মনোভাবের ওপর নির্ভরশীল। অর্থাৎ আধুনিকতার ধারা সর্বদাই গতিশীল। সংস্কৃত সাহিত্যে আধুনিকতার বিচারে সময়ের গুরুত্বও কম নয়, ঊনবিংশ শতকের নবজাগরণের পর থেকেই মোটামুটিভাবে আধুনিক সংস্কৃত সাহিত্যের পথ চলা শুরু বলা যেতে পারে।

আধুনিক সংস্কৃত সাহিত্যে গীতিকাব্যের ক্রমবিবর্তন লক্ষ্য করলে দেখা যায় বাঙালি ছাড়াও বেশ কিছু অবাঙালি পণ্ডিত, আধুনিক গীতিকাব্যের উপর বেশকিছু গ্রন্থ রচনা করেছেন, কিন্তু আমি যেহেতু বঙ্গের অবদান বিষয়ে আলোচনা করছি, সেই জন্য সমগ্র অবাঙালি পণ্ডিতদের অবদান এখানে অলোচিত হয়নি। কালিদাসোত্তর যুগের খণ্ডকাব্য বা গীতিকাব্য নিয়ে বঙ্গীয়পণ্ডিতদের অবদান আলোচনা করতে গেলে প্রথমেই বলতে হয় - দ্বাদশ শতাব্দীতে সন্ধ্যাকর নন্দীর রামচরিত কাব্য এবং জয়দেবের গীতগোবিন্দের কথা। তবে আধুনিক গীতিকাব্য বিষয়ক আলোচনার পূর্বে আমাদের বঙ্গদেশে বহুলপ্রচলিত বাঙালি কবি জয়দেবের গীতগোবিন্দের অবদান সম্পর্কিত কিছু কথা না বললে আলোচনা অসম্পূর্ণ থেকে যায়। জয়দেবের এই কাব্যটি বিষয়বস্তু ও গীতিমাধুর্য্যতার কারণে বঙ্গদেশ তথা সারা ভারতবর্ষে সমাজ, ধর্ম, শিল্প, সাহিত্য প্রভৃতি বিষয়ে বিশেষ প্রভাব বিস্তার করেছিল। জয়দেব তাঁর গ্রন্থের শুরুতেই[৯] বলেছেন যদি হরিস্মরণের মাধ্যমে মনকে সরস রাখতে চাও, যদি রাধা-কৃষ্ণের লীলার বিলাসকলা অর্থাৎ রসচাতুর্য্য জানার কৌতূহল থাকে তাহলে জয়দেবরচিত এই মধুর-কোমল-কান্ত পদাবলী শ্রবণ করুন। শ্রীরাধা-কৃষ্ণকে কেবল নায়িকা-নায়করূপে নয়, নিজের উপাস্য দেবতারূপে গ্রহণ করে কবি জয়দেব এক নতুন পথের প্রবর্তন করেছিলেন। সেই সময় প্রকাশ্য দিবালোকে নদীয়ার রাজপথ বারাঙ্গনাগণের নূপুরের ঝঙ্কারে ধ্বনিত হত। নরনারীগণের মুখে সর্বদা কামকথা শোনা যেত। এর থেকে বুঝতে পারা যায় ইন্দ্রিয়বিলাসের এই সর্বনাশিনী আসক্তি হতে মানুষজনকে মুক্তিদানের আশাতেই দেশে জয়দেব এই সঙ্গীতের ধ্বনি তুলেছিলেন। কবির এই প্রয়াস সফল হয়েছিল বলে মনে করা হয়। তার প্রমাণ আমরা বর্তমানে পাই – বঙ্গ তথা ভারতবর্ষ তথা পৃথিবীর বিভিন্ন প্রান্তের মানুষ শ্রীরাধা-কৃষ্ণের প্রেমে ব্যাকুল হয়ে একটু শান্তির খোঁজে আজও ছুটে যায় মায়াপুর ইস্কন্ মন্দিরে, আর সারাদিন ঈশ্বর নিয়ে চিন্তা করে, যাতে বাইরের কোনো কুচিন্তা তাদেরকে গ্রাস করতে না পারে। সঙ্গীতের ক্ষত্রেও গীতগোবিন্দের প্রভাব কম নয়। উত্তর ও দক্ষিণ ভারতের বহু মন্দিরে গীতগোবিন্দের গান গাওয়া হয় এবং গানের চর্চার মধ্য দিয়ে বহু বৈচিত্র্যের সৃষ্টি হয়ে চলেছে। বর্তমানেও এই গীতগোবিন্দ পুরীর জগন্নাথ মন্দিরে গেয়রূপে উপলব্ধ। গীতগোবিন্দের প্রভাব বিশেষভাবে পড়েছে কীর্ত্তনগানেও। বর্তমানকালে জয়দেবের গীতগোবিন্দকে অনুকরণ করে 'চন্দ্রবিন্দু' নামক পশ্চিমবঙ্গের একটি বাংলা ব্যাণ্ডও গান রচনা করেছেন। বাংলা সাহিত্যের উপর জয়দেবের উল্লেখযোগ্য প্রভাব লক্ষ্য করা যায়। বৌদ্ধ চর্য্যাপদ, বৈষ্ণব মহাজনপদ, সহজিয়াপদ, দেহতত্ত্বের গান, রামপ্রসাদ প্রভৃতি শাক্ত সাধকদের পদ, শ্যামাসঙ্গীত, বাউল প্রভৃতি এই পদসাহিত্যের অন্তর্গত। জয়দেবের গীতগোবিন্দের পদাবলীগুলি মধ্যযুগীয় বাংলা পদসাহিত্যের সূত্রপাত-স্বরূপ, চর্যাপদের চেয়েও জয়দেবের পদ বাংলা পদ-সাহিত্যের সঙ্গে ঘনিষ্টভাবে সম্পৃক্ত। গীতগোবিন্দের সঙ্গে বাংলা সাহিত্যের ছন্দোগত বেশ অনেকটাই মিল পাওয়া যায়। অনেকে মনে

করেন গীতগোবিন্দ বাংলা পয়ার ও ত্রিপদী ছন্দের আকর। মধ্যযুগীয় ভারতীয় চিত্রকলার বিভিন্ন রীতিতে বিষয়বস্তুর ভাণ্ডার হিসাবে গীতগোবিন্দের প্রভাব লক্ষ্য করা যায়। নর-নারীর বিলাসপূর্ণ উত্তর ভারতীয় ভাস্কর্য, পূর্বভারতে পাল ও সেন যুগের ভাস্কর্য, ভুবনেশ্বর, পুরী ও কোনারকের ভাস্কর্য, খাজিরাহোর যুগল মূর্তি সম্বলিত ভাস্কর্য, দক্ষিণাত্যের রাষ্ট্রকূট ও চালুক্য রীতিতে চিত্রকলা প্রভৃতির মধ্যে গীতগোবিন্দে বর্ণিত ঘটনাবলী ও দৃশ্যাবলীর সব থেকে ভালো নিদর্শন পাওয়া যায়।

বাঙালি কবি জয়দেবের পরবর্তী কালে আধুনিক সংস্কৃত সাহিত্যে বঙ্গীয়পণ্ডিতদের বেশ কিছু খণ্ডকাব্য বা গীতিকাব্য উল্লেখযোগ্য ভূমিকা লাভ করেছিল, যেমন – অশ্রুবিসর্জন, বিয়োগবৈভব, সত্যভামাপরিগ্রহ, মন্দাক্রান্তাবৃত্ত, আলোকতিমিরবৈভব, সারস্বতশতক, কাব্যকুসুমাঞ্জলি, ঋতুমঙ্গল, শিশুযুবদুর্দৈববিলসিত, কা ত্বং শুভে, বিলাপপঞ্চিকা, রাজনীতিলীলামৃত, নিঃসঙ্গ প্রণয় প্রভৃতি। এখন জানা প্রয়োজন এই রচনাগুলি গীতিকাব্যের বৈশিষ্ট্য বহন করছে কিনা? এপ্রসঙ্গে বলা যেতে পারে যে, ছন্দবদ্ধ রচনার মাধ্যমে কবির স্বতঃস্ফূর্ত হৃদয়াবেগ যখন গীতিময়তা লাভ করে, তখনই তা গীতিকাব্য পদবাচ্য হয়ে থাকে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় আবার একটু অন্য ভাবে বলেছেন – 'বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটতামাত্র যাহার উদ্দেশ্য, সেই কাব্যই গীতিকাব্য।'[১০] আর একজন কবির চৈতন্যে আবেগ ও অনুভূতির সরল সাবলীল ধারা এবং সংগীতমুখর জীবন উপলব্ধির এক নান্দনিক অনুধ্যায় হচ্ছে গীতিকবিতা। তাই আলোচ্য রচনাগুলির মধ্যেও বঙ্গীয়কবিদের স্বতঃস্ফূর্ত হৃদয়াবেগ কখনও সাধারণভাবে, কখনও গীতিরূপে, আবার কখনও প্রেমমূলক, ভক্তিমূলক বা নীতিমূলকরূপে প্রকাশিত হয়েছে, সেই জন্য আমরা উক্ত রচনাগুলিকে গীতিকাব্যের বা গীতিকবিতার অন্তর্ভূক্ত করতে পারি।

- **যাদবেশ্বর তর্করত্ন (জন্ম ১৮৪৯, মৃত্যু ১৯২৪)** — অশ্রুবিসর্জনন

তিনি ১৮৪৯ খ্রিস্টাব্দে রংপুরের ইটাকুমারীতে জন্মগ্রহণ করেন। কাশীতে কৈলাসচন্দ্র শিরোমণির কাছে ন্যায় ও বৈশেষিক দর্শন অধ্যয়ন করে তিনি তর্করত্ন উপাধি লাভ করেন। তিনি পণ্ডিত কেশরী, কবি সম্রাট ও ১৯০৫ সালে মহামহোপাধ্যায় উত্তপাধিতে ভূষিত হয়েছিলেন। তাঁর কর্মজীবন শুরু হয় প্রথমে গ্রামের বিদ্যালয়ে শিক্ষকতা করে এবং তার পরবর্তীকালে তিনি চতুষ্পাঠীতে অধ্যয়ন করতেন।

প্রাচীন বারাণসীর মহিমাকে অবলম্বন করে তিনি ২৯৩ টি শ্লোকে মন্দাক্রান্তা ছন্দে অশ্রুবিসর্জন নামক খণ্ডকাব্যটি রচনা করেছিলেন, আর তাড়াও উৎপ্রেক্ষা প্রভৃতি সাদৃশ্যাত্মক অলংকার প্রয়োগের দ্বারা কাব্যটি উৎকৃষ্টতম হয়ে উঠেছে। এই কাব্যটিতে যেমন প্রাচীন বারাণসীর গরিমা বর্ণিত হয়েছে, ঠিক তেমনি বারাণসীর গরিমাক্ষয়ের বেদনাও লিপিবদ্ধ হয়েছে। আবার অন্য ভাবে দেখলে, কবি তাঁর অশ্রুবিসর্জন নামক খণ্ডকাব্যটির মাধ্যমে প্রাচীন বারাণসীর ভৌগোলিক ও ঐতিহাসিক অবস্থার স্বরূপও তুলে ধরেছিলেন।

- **হরিদাস সিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য (জন্ম ১৮৭৬, মৃত্যু ১৯৬১ )** — বিয়োগবৈভব

তিনি ১৮৭৬ খ্রিস্টাব্দে বাংলাদেশের ফরিদপুর জেলার কোটালিপাড়া পরগণার উনশিয়া নামে একটি গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম গঙ্গাধর বিদ্যালংকার এবং মাতার নাম বিধুমুখী দেবী। তিনি প্রায় ১৫ বছর বয়সেই ব্যাকরণের কঠিন কঠিন বিষয় আয়ত্ত্ব করে ফেলেছিলেন, তিনি ব্যাকরণতীর্থ, পুরাণশাস্ত্রী,

সাংখ্যরত্ন, স্মৃতিতীর্থ প্রভৃতি উপাধিতে ভূষিত ছিলেন। বিয়োগবৈভব গীতিকাব্যটি ছাড়াও তাঁর রচিত মৌলিক গ্রন্থের সংখ্যা প্রচুর। মহাভারতের উপর রচিত ভারতকৌমুদী টীকাটি বর্তমানে বহুলপ্রচলিত এবং সর্বাপেক্ষা জনপ্রিয়।

তাঁর বিয়োগবৈভব কাব্যটির নামকরণ অন্বর্থসংজ্ঞক। এই বিপ্রলম্ভ শৃঙ্গার রসের গীতিকাব্যটি দুইটি সর্গে বিভক্ত। এই কাব্যটিতে বাস্তবিকভাবে যুবক-যুবতীর সম্ভোগলীলা বর্ণিত হলেও নায়ক নায়িকার বিচ্ছেদের অপার ঐশ্বর্য বর্ণিত হয়েছে, যার দ্বারা কবি বিচ্ছেদজনিত যন্ত্রণাময় অভিব্যক্তির প্রকাশ ঘটিয়েছেন।

- **হেমচন্দ্র রায় কবিভূষণ (জন্ম ১৮৮২, মৃত্যু -- )** — সত্যভামাপরিগ্রহ

তিনি ১৮৮২ সালে অবিভক্ত বঙ্গেদশের পাবনা জেলার রামনগরে জন্মগ্রহণ করেন। ঊনবিংশ-বিংশ শতাব্দীর অন্যতম মহাকবি হলেন হেমচন্দ্ররায় কবিভূষণ। তিনি বাল্যশিক্ষা সমাপনান্তে উচ্চশিক্ষার জন্য কলিকাতা এসে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাত্তকোত্তরের পাঠ শেষ করে পুনরায় বাংলাদেশে গিয়ে পাবনার এডওয়ার্ড কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপকপদে যোগ দেন।

তিনি সত্যভামাপরিগ্রহ নামে খণ্ডকাব্যটি রচনা করলেও তাঁর নামে দশাবতারস্তোত্র ও পতিদানব্রত নামে দুটি কবিতা উপলব্ধ হয়। এগুলি ছাড়াও তিনি পাঁচটি মহাকাব্য রচনা করেছিলেন। তবে ওনার কাব্যগুলি সম্বন্ধে তেমন বিস্তারিত তথ্য উপলব্ধ হয় না।

- **কালীপদ তর্কাচার্য (জন্ম ১৮৮৮, মৃত্যু ১৯৭২)** — মন্দাক্রান্তাবৃত্ত, আলোকতিমিরবৈভব, আশুতোষাবদান

তিনি ১৮৮৮ সালে পূর্ববঙ্গের ফরিদপুর জেলার কোটালিপাড়াতে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন হরিদাস তর্কতীর্থ ও মাতা সীতাসুন্দরী দেবী। ছোট থেকেই তিনি অত্যন্ত মেধাবী ছিলেন। ন্যায়াচার্য শিবচন্দ্র মহাশয়ের কাছে বিদ্যাগ্রহণ করে তিনি তর্কাচার্য উপাধি লাভ করেন। তিনি ১৯১৮ খ্রিস্টাব্দে কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদের টোলবিভাগের অধ্যাপক রূপে যোগ দেন। তার পর ১৯৩১ খ্রিস্টাব্দে তিনি কলকাতার সংস্কৃত কলেজের ন্যায়শাস্ত্রের অধ্যাপকরূপে নিয়জিত হন।

তিনি মন্দাক্রান্তাবৃত্ত, আশুতোষাবদান, আলোকতিমিরবৈভব নামক খণ্ডকাব্যগুলি রচনা করে সংস্কৃত সাহিত্য জগতে বিশেষ খ্যাতি অর্জন করেছিলেন। এছাড়াও দুটি মহাকাব্য ও মাণবকগৌরব, নলদময়ন্তীয় নামক শতককাব্য রচনা করে তাঁর মৌলিক কাব্যকৃতিকে খ্যাতির চরম শিখরে পৌঁছে দিয়েছিলেন। সর্বোপরি অনুবাদসাহিত্যে কালীপদ তর্কাচার্যের অবদান অনস্বীকার্য। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলির সংস্কৃত অনুবাদ করেছিলেন।

তাঁর আলোকতিমিরবৈভব নামক কাব্যে আলোকের জবানীতে প্রথমে নব্যনৈয়ায়িকদের বচোভঙ্গীতে ও যুক্তির দ্বারা নিজ (আলোক) শ্রেষ্ঠত্ব প্রতিপাদিত হওয়ার পর তিমিরের দ্বারা আলোকের শ্রেষ্ঠত্ব যুক্তিপূর্বক খণ্ডন করে স্বমাহাত্ম্য কীর্তিত হয়েছে। সর্বোপরি এই কাব্যটির দ্বারা দার্শনিকজ্ঞানের প্রসার হয়।

- **শ্রীজীব ন্যায়তীর্থ (জন্ম ১৮৯৪, মৃত্যু ১৯৯৩)** — সারস্বতশতক, ঋতুচক্রচঙ্ক্রমণ

পণ্ডিত শ্রীজীব ন্যায়তীর্থ ১৮৯৪ খ্রিস্টাব্দে পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগণা জেলার ভট্টপল্লী নামক স্থানে জন্মগ্রহণ করেন। পিতা ছিলেন পণ্ডিত পঞ্চানন তর্করত্ন। পরম্পরাগত শিক্ষালাভের পর তিনি কাশীতে গিয়ে ন্যায়শাস্ত্র অধ্যয়ন করেছিলেন। তার পর তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগে দীর্ঘকাল অধ্যাপনা করেন এবং অবসর গ্রহণের পর তিনি ভট্টপল্লীতে সংস্কৃত কলেজের অধ্যক্ষ হয়েছিলেন। সাহিত্যসাধনার জন্য তিনি অতিবিরল রাষ্ট্রপতি পুরস্কারও লাভ করেছিলেন।

তিনি মহাকাব্য, চিত্রকাব্য, খণ্ডকাব্য সহ একাধিক দৃশ্যকাব্যও রচনা করেছিলেন। তাঁর সারস্বতশতক, ঋতুচক্রচঙ্ক্রমণ নামক গীতিকাব্য দুটি আধুনিক সংস্কৃত সাহিত্য জগতে বিশেষভাবে উল্লেখযোগ্য। সারস্বতশতক কাব্যের মাধ্যমে শ্রীজীব ন্যায়তীর্থের সারস্বত চিন্তাধারা ব্যক্ত হয়েছে, তিনি এই গীতিকাব্য দুটি ছাড়া একাধিক মহাকাব্য ও দৃশ্যকাব্য রচনার দ্বারা আমাদের আধুনিক সংস্কৃত সাহিত্যের জগতকে সমৃদ্ধ করে তুলেছেন।

- **বিশ্বেশ্বর বিদ্যাভূষণ (জন্ম ১৯০৩, মৃত্যু ১৯৮৫ )** — কাব্যকুসুমাঞ্জলি, ঋতুমঙ্গল, সমর্পণ

তিনি ১৯০৯ খ্রিস্টাব্দে বাংলাদেশের চট্টগ্রাম জেলার এক বিশিষ্ট পণ্ডিত বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ছিল কৃষ্ণকান্ত কৃতিরত্ন। তিনি প্রথম জীবনে পিতার কাছেই সংস্কৃত শাস্ত্রে পাণ্ডিত্য অর্জন করেন এবং পরবর্তী কালে কলকাতায় এসে রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণের কাছে বিদ্যাগ্রহণ করেন। তার পর তিনি প্রথম কর্মজীবন শুরু করেন একজন অধ্যাপক হিসাবে বাংলাদেশের চট্টগ্রাম সংস্কৃত কলেজে এবং তার পর পশ্চিমবঙ্গ সরকারী শিক্ষা বিভাগে।

তিনি কাব্যকুসুমাঞ্জলি, ঋতুমঙ্গল, সমর্পণ, গঙ্গাসুরতরঙ্গিণী, বনরেণু নামক বেশ কিছু গীতিকাব্য রচনা করেন। তবে তিনি গীতিকাব্য ছাড়াও চাণক্যবিজয়, দস্যুরত্নাকর - এর মতো বেশকিছু দৃশ্যকাব্যও রচনা করেছিলেন। তাঁর কাব্যকুসুমাঞ্জলি বা ঋতুমঙ্গল এর মতো গীতিকাব্যগুলির সহজ-সরল ও প্রাঞ্জল ভাষার ব্যবহার এবং ভারতীয় সংস্কৃতি ও দেশমাতৃকার প্রতি ভালোবাসা আমাদের পাঠককুলকে সদা সাহিত্যচর্চার প্রতি অনুপ্রাণিত করে তোলে।

- **সীতানাথ আচার্য (জন্ম ১৯৩৯)** — শিশু-যুব-দুর্দৈব-বিলসিত, কা ত্বং শুভে

তিনি ১৯৩৯ খ্রিস্টাব্দে পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার রাসন গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম জয়নারায়ণ আচার্য ও মাতার নাম স্বর্ণকুমারী দেবী। তাঁর প্রাথমিক শিক্ষাজীবন কেটেছে মেদিনীপুরেরই এক চতুষ্পাঠীতে। তার পর তিনি বঙ্গীয় সংস্কৃত শিক্ষা পরিষদ থেকে উপাধি ডিগ্রী এবং সংস্কৃত কলেজ থেকে স্নাতক ও কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে স্নাতকোত্তর উত্তীর্ণ হন। মূলত তিনি কাব্য-শাস্ত্রের সুপণ্ডিত হলেও কাব্য-শাস্ত্রের পশাপাশি ব্যাকরণ, ন্যায় ও বৈশেষিক দর্শনে সমান ভাবে পারদর্শী ছিলেন। তিনি প্রথম জীবনে মেদিনীপুরের বাজকুল মিলনী মহাবিদ্যালয়ে এবং তার পর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক রূপে নিয়োজিত হন। প্রসঙ্গতঃ উল্লেখ্য ১৯৯৮ খ্রিস্টাব্দে থেকে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত বিভাগের সম্মানীয় 'গোপীনাথ কবিরাজ অধ্যাপক'-এর পদে আসীন হন। অর্থাৎ তিনি যে সংস্কৃতশাস্ত্রের একজন সুপণ্ডিত ছিলেন, সে বিষয়ে কোন দ্বিমত নেই। আর ওনার অবসর গ্রহণের পর

উক্ত গৌরবোজ্জ্বল পদ অলংকৃত করার মতো এখনো ওনার সমতুল্য তেমন কারোর সন্ধান মেলেনি। এর থেকে বোঝা যায় ওনার মতো জ্ঞানী এবং সুপণ্ডিত বর্তমান সময়ে বিরল।

সীতানাথ আচার্যের লেখা অতিজনপ্রিয় মৌলিক গীতিকাব্যটি হল - শিশু-যুব-দুর্দৈব-বিলসিত । তাছাড়াও তাঁর কা ত্বং শুভে, ঈশ হে দুঃখশতং দীয়তাম্, বর্ষাসমাপন শীর্ষক গীতিকাব্যগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া তিনি জয়দেব ও লোকনাথস্তোত্র নামক দুটি বন্দনা গাথা রচনা করেছিলেন। শুধু আধুনিক গীতিকাব্যই নয় তিনি মৌলিক কাব্যগ্রন্থ রচনা করেও বিশেষ খ্যাতি লাভ করেছিলেন, যেমন – ভাববিলসিত । তবে শিশু-যুব-দুর্দৈব-বিলসিত নামক মৌলিক গীতিকাব্যটি আধুনিক গীতিকাব্যের জগতে বিশেষ গুরুত্বপূর্ণ। ১৯৯৫ সালে নদীয়া জেলার দেবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে পোলিও প্রতিষেধক ঔষধ খাওয়ানোর একদিনের মধ্যে বেশ কিছু শিশুর মৃত্যু হয়। সেই শিশুমৃত্যুর ঘটনায় শোকাচ্ছন্ন কবির হৃদয়, সমাজের প্রশাসক গোষ্ঠীর কর্তব্যহীনতা ও অকর্মণ্যতাকে তুলে ধরার জন্য জাগরিত হয়ে উঠেছিল। যার ফলস্বরূপ নদীয়া জেলার উক্ত ঘটনাকে কেন্দ্র করে ১২৭ টি শ্লোকে রচিত হয়েছিল শিশু-যুব-দুর্দৈব-বিলসিত নামক গীতিকাব্যটি।[১১] সংস্কৃত সাহিত্যে এরূপ মৌলিক এবং ব্যতিক্রমধর্মী গীতিকাব্য সত্যই বিরল। তবে যাই হোক প্রাচীন কাল থেকে আধুনিক কাল পর্যন্ত গীতিকাব্যের ক্রমবিবর্তনের ধারাটি লক্ষ্য করলে দেখা যায় প্রেম, বিরহ, আকাঙ্ক্ষা, বিচ্ছেদ, মিলন – এই সমস্ত কিছুর ঊর্ধ্বে উঠে সমাজের ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে আদিকবি বাল্মীকির ন্যায় শোকাতুর কবি সীতানাথ আচার্যের এরূপ অনন্য সৃষ্টি সত্যই প্রশংসার এবং অনুকরণযোগ্য।

- **দীপক ঘোষ (জন্ম ১৯৪১, মৃত্যু ২০০৫)** — বিলাপপঞ্জিকা, রাজনীতিলীলামৃত

তিনি ১৯৪১ সালে পূর্ববঙ্গের বরিশাল নামক গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সুখরঞ্জন ঘোষ ও মাতার নাম প্রফুল্লনলিনী দেবী। তিনি পূর্ববঙ্গের বরিশালে জন্মগ্রহণ করার কয়েক বছর পর কলকাতাতে চলে আসেন এবং সেখানেই পড়াশুনা শুরু করেন। তারপর সংস্কৃত কলেজ থেকে স্নাতকোত্তর উত্তীর্ণ হন এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট উপাধি লাভ করেন। তিনি প্রথম জীবনে সিটি কলেজে সংস্কৃত বিভাগের অধ্যাপকরূপে যোগ দেন এবং পরবর্তীকালে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হয়েছিলেন।

সংস্কৃত সাহিত্যে তাঁর বিলাপপঞ্জিকা ও রাজনীতিলীলামৃত নামক গীতিকাব্যদুটি বিশেষ উল্লেখযোগ্য। তিনি বেশকিছু রবীন্দ্রসংগীতের সংস্কৃতভাষায় অনুবাদও করেন। তাঁর বিলাপপঞ্জিকা নামক গীতিকাব্যটি সম্বন্ধে বিশেষ কিছু তথ্য পাওয়া যায় না, তবে তাঁর রাজনীতিলীলামৃত নামক গীতিকাব্যটি আধুনিক সংস্কৃত গীতিকাব্যজগতে বিশেষ প্রশংসার দাবী রাখে। তিনি সেই সময়ে সমাজের খারাপ রাজনীতির বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ ৪৫৭ টি শ্লোক সমন্বিত গীতিকাব্যটি রচনা করেন।

- **জয়শ্রী চট্টোপাধ্যায় (জন্ম ১৯৪৫)** — নিঃসঙ্গ প্রণয়

জয়শ্রী চট্টোপাধ্যায় ১৯৪৫ খ্রিস্টাব্দে পশ্চিমবঙ্গে জন্মগ্রহণ করেন। তিনি একজন নারী হয়েও সংস্কৃত সাহিত্য জগতে কবি ও সাহিত্যিক হিসাবে বর্তমান সময়ে বিভিন্ন সংস্কৃত পণ্ডিতদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য স্থান লাভ করেছেন। তিনি Ph.D. উপাধি লাভের পর D.Lit. উপাধিও অর্জন করেন। তিনি কলকাতার Women's Christian College – এ দীর্ঘদিন অধ্যাপনা করেছেন, তাছাড়াও সংস্কৃত কলেজ, যাদবপুর

বিশ্ববিদ্যালয় প্রভৃতি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অতিথি অধ্যাপকরূপে সংস্কৃত কাব্যশাস্ত্রের বিভিন্ন বিষয়ে পাঠদান করেছেন। তিনি রাষ্ট্রীয় সংস্কৃত সংস্থান থেকে 'শাস্ত্র-চুড়ামণি' উপাধিতে ভূষিতা হয়েছেন।[১২]

তাঁর আধুনিক সংস্কৃত গীতিকাব্যের জগতে নিঃসঙ্গ প্রণয় নামক গীতিকাব্যটি অতি জনপ্রিয় একটি গীতিকাব্য। ১৯৯৯ সালে এই অসাধারণ গীতিকাব্যটি প্রকাশিত হয়। পরবর্তীকালে এই গ্রন্থটির তিনি ইংরাজীতে অনুবাদও করেন – 'Love without attachment'। কুড়িটি সংস্কৃত কবিতা এই কাব্যগ্রন্থটিতে স্থান পয়েছে, যেগুলি প্রতিটি বিষয়বস্তুগত দিক থেকে অনন্য ও গভীর ব্যঞ্জনার দ্বারা পরিপুষ্ট। তিনি এই গীতিকাব্যটি ছাড়াও অসংখ্য গীতিকবিতা বা বিভিন্ন বন্দনাকাব্য আমাদেরকে উপহার দিয়েছেন। তাঁর উৎকৃষ্ট একটি বন্দনাকাব্য - সারদামঙ্গল নামক কবিতাটি, যেখানে মা সারদাদেবীর অপূর্ব বন্দনা সমগ্র পাঠকহৃদয়কে মোহিত করে তোলে।

উপর্যুক্ত গীতিকাব্যগুলির সামাজিক গুরুত্ব নিয়ে আলোচনা করলে দেখা যায়, সীতানাথ আচার্য তাঁর শিশু-যুব-দুর্দৈব-বিলসিত নামক মৌলিক গীতিকাব্যটির মাধ্যমে সেই সময়ে সমাজের বিভিন্ন ব্যভিচারের চিত্র তুলেধরেছেন। যেমন –

সোঢুং জ্বরং ক্ষমবলা ন হি কোমলাঙ্গী।
মা-মেতি রোদনপরা সুচিরায় সোমা।
মাতুঃ প্রিয়াঙ্কশয়নে সুখসুপ্তিমাপ্তা
পাষাণমূর্তিরভবজ্জননী চ শোকাত্ ।।[১৩]

এই শ্লোকটিতে কবি বসন্ততিলক ছন্দের প্রয়োগের মাধ্যমে করুণরস ফুটিয়ে তুলেছেন, যার দ্বারা সেই সময়ে সমাজের পীড়িত মানুষদের জন্য কবি যে ব্যথিত হয়েছিলেন তা আমরা বুঝতে পারি। উক্ত গীতিকাব্যটির মাধ্যমে তিনি সেই সময়ের সমাজে ভ্রূণহত্যা, শিশুর অপুষ্টিজনিত সমস্যা, দরিদ্র শিশুদের ভিক্ষাবৃত্তি করে জীবনধারনের ঘটনা বা শিশুশ্রম প্রভৃতি বিষয়গুলি তুলেধরেছেন যা এখনকার সময়েও দেখা যায়। এর থেকে বোঝা যায় বর্তমান সময়ে আমরা আইন প্রণয়নের মাধ্যমে যতই শিশু শ্রমিক রোধ করার চেষ্টা করিনা কেন, তা সেই সময়কার সমাজ থেকেই নিত্য বহমান। আবার এই গীতিকাব্যটির ১৯ নং শ্লোকটির লক্ষ্য করলে দেখা যায় সেখানে 'পঙ্কাপঙ্কি' (কাদা ছোড়াছুড়ি) শব্দের ব্যবহারের মাধ্যমে প্রশাসকগোষ্ঠী তাদের কর্তব্যহীনতা ও অকর্মণ্যতাকে স্বীকার না করে পারস্পরিক দোষারোপে লিপ্ত হয়েছে, যেমন বর্তমানে সর্বত্রই এরকম পারস্পরিক দোষারোপের চিত্র আমাদের দৃষ্টিগোচর হয়ে থাকে। তাছাড়া সেই সময়ে মেয়ে শিশুরাও যে বিপদগ্রস্থ ছিল, তাদেরকে জোর করে কুকর্মে লিপ্ত করা হত, সেই সম্পর্কিত ইঙ্গিতও আমরা এই গীতিকাব্যে লক্ষ্য করি। যেমন –

কাশ্চিত্ ক্রীতাঃ পরবশংগতাঃ কন্যকাঃ শুদ্ধশীলাঃ
পাপে মার্গে ক্রমনিপতিতা জীবনং যাপয়ন্তি ।
কৃত্বা পণ্যং নিজনিজতনুং লব্ধপণ্যাঙ্গনাখ্যা
নারীসত্তা চরণমথিতা মুঞ্চতীবাশ্রু তাসাম্ ।। [১৪]

এর থেকে বোঝা যায়, শিশু শ্রমিক বা যে সকল শিশুরা শিক্ষার অধিকার, স্নেহের অধিকার, বা ভালোভাবে বাঁচার অধিকার থেকে সর্বতোভাবে বঞ্চিত, তাদের জীবনযন্ত্রণা কবিকে খুবই ব্যথিত করে তুলেছিল। অর্থাৎ

এই গীতিকাব্যটিতে মানুষের অনৈতিক ও অমানবিক বোধের পরিচয় ফুটে উঠেছে। এছাড়াও আমাদের সংস্কৃত শাস্ত্রের একটি প্রচলিত নীতিকথা আছে – 'বসুধৈব কুটুম্বকম্' অর্থাৎ জগতের সবাইকে আমাদের আত্মীয় মনে করা উচিত, কিন্তু দুঃখের বিষয় সবাইকে আত্মীয় মনে করা তো দুরের কথা আমাদের একান্নবর্তী পরিবারই এখন আর তেমন দেখা যায় না, সবাই কাজের জন্য পিতা-মাতা, পরিবারকে ছেড়ে গৃহত্যাগী হয়ে জীবনযাপন করছে, যার ফলস্বরূপ শিশুরা তাদের পরিবারের আদর থেকে বঞ্চিত হচ্ছে। নিঃসঙ্গ শিশুদের সময় কাটছে পরিচারক প্রভৃতির সান্নিধ্যে, যার ফলে শিশুরা যান্ত্রিক রোবটের মতো হয়ে যাচ্ছে। এই বিষয়গুলিও কবির লেখনীতে খুবই সুন্দর ভাবে উল্লিখিত হয়েছে – 'স্নেহাদিভিঃ সৎসুকুমারবৃত্তিভিঃ সন্ত্যাজিতাঃ কেবল রোবটো'পমাঃ।'[১৫] শিশুরা যে বিভিন্ন সামাজিক অবস্থার শিকার বা রাষ্ট্রনায়কদের লোভ ও অকর্মণ্যতার বলি, তা এই গীতিকাব্যটির মধ্য দিয়ে কবি তুলে ধরেছিলেন।

আবার দীপক ঘোষের রাজনীতিলীলামৃত নামক গীতিকাব্যটি লক্ষ্য করলে দেখতে পাওয়া যায়, তিনি খুবই দক্ষতার সঙ্গে সেই সময়কার রাজনীতির স্বরূপ তুলে ধরেছিলেন। আমরা যেমন বর্তমানে সর্বত্রই রাজনীতির বিধ্বংসী রূপ দেখতে পাচ্ছি, সমস্তকিছুই রাজনৈতিক নেতাদের দ্বারা নিয়ন্ত্রিত, ঠিক তেমনই সেই সময়কার সমাজও ছিল এরূপ রাজনৈতিক নেতাদের দ্বারা নিয়ন্ত্রিত। দীপক ঘোষ তাঁর এই ব্যাতিক্রমী রাজনীতি বিষয়ক গীতিকাব্যটির মধ্য দিয়ে রাজনীতির কুপ্রভাবের চিত্র তুলে ধরেছিলেন। সেখানে নির্বাচনের আগে এবং পরে প্রার্থীদের বিচিত্র ব্যবহার, অনশনের নাটক, সংসদভবনের চিত্র, মন্ত্রী নির্বাচন, শিশুদের মগজ ধোলাই প্রভৃতি বিভিন্ন বিষয় রাজনীতির দ্বারা কিভাবে নিয়ন্ত্রিত হয় আমরা এই গীতিকাব্যটির মাধ্যমে জানতে পারি। গীতিকাব্যটির ১৯ নং শ্লোকে তিনি দেখিয়েছেন রাজনীতির ছত্রছায়ায় এসে ছাত্রদের গৃহছাড়ার কথা, যুবকদের মায়ের কোল বা প্রেয়সীর বুক খালি করার কথা। আবার বর্তমান সময়ের উল্লেখযোগ্য শ্রমিক আন্দোলন, বেকার সমস্যা, শিক্ষাজগতের নৈরাজ্য, দলতন্ত্র প্রভৃতি বিষয়ও সেই সময় কবির লেখনীতে সুস্পষ্ট হয়ে উঠেছিল, যার দ্বারা আমরা বর্তমানের ন্যায় সেই সময়কার সমাজের কুৎসিত রাজনৈতিক প্রতিচ্ছবিও দেখতে পাই। এছাড়াও উপর্যুক্ত গীতিকাব্যগুলিতে সামাজিক অবক্ষয়ের সাথে সাথে জনমানবের তথা নগরীর গরীমাক্ষয়ের কাহিনী, প্রেমোন্মুক্ত নায়ক-নায়িকা তথা যুবক-যুবতির বিরহক্লিষ্ট হৃদয়বিদারক অবস্থার করুণপরিণতির প্রতিচ্ছবি, বিভিন্ন আখ্যানলব্ধ কাহিনীর প্রতিফলন প্রভৃতি তদানীন্তন সমাজে খুবই সুন্দর ভাবে চিত্রায়িত হয়েছে। আবার সামাজিক ও রাজনৈতিক অবস্থার বর্ণনার পাশাপাশি কবির লেখনীতে প্রকৃতির এবং প্রকৃতির বিভিন্ন ঋতুর বর্ণনাও আলোচিত হয়েছে। এই ভাবে উক্ত গীতিকাব্যগুলি পর্যালোচনা করলে আমরা সেই সময়কার সমাজের ও প্রকৃতির বিভিন্ন বিষয় সম্পর্কে অবগত হতে পারি।

ঊনবিংশ ও বিংশ শতক ছিল বাংলায় গীতিকবিতার স্বর্ণযুগ। যেমন – বাঙালি পণ্ডিত সীতানাথ আচার্য লিখেছিলেন বদ হে কবীন্দ্র, জয়শ্রী চট্টোপাধ্যায় লিখেছিলেন সারদামঙ্গল, পার্বতী, বাসন্তী শূন্যতা, জননী, স্ত্রী-শিক্ষার বিস্তার নিয়ে লিখেছিলেন নারীজাগরণ, বর্ষা, বর্ষারজনী প্রভৃতি। এছাড়াও বিহারীলাল চক্রবর্তী, সুরেন্দ্রনাথ মজুমদার, অক্ষয় কুমার বড়াল প্রমুখ পণ্ডিতগণ তাঁদের লেখনী প্রতিভার যাদুস্পর্শে বাংলার গীতিকবিতার ধারাকে অক্ষত রেখেছিলেন। এই ভাবে মহাকবি কালিদাস এবং তৎপরবর্তী কালিদাসোত্তর যুগ থেকে শুরু করে বর্তমানকাল পর্যন্ত আমাদের এই বঙ্গদেশে গীতিকাব্যের ক্রমবিকাশ লক্ষ্য করলে দেখা

যায় যে, আধুনিক সংস্কৃত গীতিকাব্যের প্রবহমানধারা সগৌরবে এবং স্বমহিমায় প্রবাহিত হয়ে চলেছে। তবে কালিদাসের মেঘদূত বা কালিদাসোত্তর যুগে ভক্তকবি জয়দেবের গীতগোবিন্দের মতো গীতিকাব্যগুলি লক্ষ্য করলে দেখা যায়, সেখানে প্রেমের বিভিন্ন দিক যেমন - হতাশা, বিচ্ছেদ, আকাঙ্ক্ষা, মিলন প্রভৃতি বিষয় উপস্থাপিত হয়েছে, ঠিক তেমনই আধুনিক সংস্কৃত পণ্ডিতদের রচিত দূতকাব্য, বিলাপকাব্য অথবা বন্দনা, স্তুতি বা প্রশস্তির দ্বারা গীতিকাব্যের বেশ কিছু নতুন ধারা সৃষ্টি হওয়ায় প্রাচীনের থেকে তা কিছুটা ভিন্নতা প্রাপ্ত হলেও গীতিকাব্যের গৌরব কোন অংশে কমেনি বা এই কাব্যের প্রবহমানধারা একটুও ক্ষীণতাপ্রাপ্ত হয়নি।

## উল্লেখপঞ্জি :

১. বঙ্গদেশ বলতে মূলত স্বাধীনতার পূর্বের অবিভক্তব বঙ্গপ্রদেশকেই বোঝানো হয়েছে। স্বাধীনতার পূর্বে সংস্কৃত চর্চার প্রাণকেন্দ্র হিসাবে নবদ্বীপ, নৈহাটী, ভট্টপল্লী (ভাটপাড়া), বর্ধমান, কলিকাতা, সপ্তগ্রাম (হুগলী), কামালপুর, কোটালিপাড়া, বিক্রমপুর, ময়মনসিংহ, নোয়াখালি, যশোহর, খুলনা, ঢাকা, চট্টগ্রাম প্রভৃতি উল্লেখযোগ্য ছিল।

২. 'বাক্যং রসাত্মকং কাব্যম্' – সাহিত্যদর্পণ ।

৩. "কাব্যং যশসেঽর্থকৃতে ব্যবহারবিদে শিবেতরক্ষতয়ে ।
সদ্যঃ পরনির্বৃতয়ে কান্তাসম্মিততয়োপদেশযুজে ।।" – কাব্যপ্রকাশ, প্রথম উল্লাস।

৪. সাহিত্যদর্পণ, ষষ্ঠ পরিচ্ছেদ, শ্লোক ৩২৮।

৫. সাহিত্যদর্পণ, প্রথম পরিচ্ছেদ।

৬. সাহিত্যদর্পণ, ষষ্ঠ পরিচ্ছেদ।

৭. বঙ্কিম রচনাবলী ২ (প্রবন্ধ) - বিবিধ প্রবন্ধ (প্রথম ভাগ), পৃ. ৫১৩ ।

৮. রবীন্দ্র রচনাবলী (দশম খণ্ড), আধুনিক কাব্য, পৃ. ৪৯৭-৪৯৮।

৯. "যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তথা জয়দেবসরস্বতীম্।।" – গীতগোবিন্দ ।

১০. বঙ্কিম রচনাবলী ২ (প্রবন্ধ) - বিবিধ প্রবন্ধ (প্রথম ভাগ), পৃ. ৫১৩ ।

১১. ঋতা চট্টোপাধ্যায় (সম্পা.), আধুনিক সংস্কৃত কাব্য : বাঙালী মনীষা ।

১২. https://en.m.wikipedia.org/wiki/Jayasri_Chattopadhyay

১৩. শিশুযুবদুর্দৈববিলসিতম্, শ্লোক – ১৩ ।

১৪. তদেব, শ্লোক – ৪৩ ।

১৫. তদেব, শ্লোক – ৬৪ ।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


### বাংলা গ্রন্থ :

কাঞ্জিলাল, দিলীপ কুমার। সংস্কৃত কলেজের পাঁচ দশক। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১০।

চট্টোপাধ্যায়, ঋতা (সম্পা.)। আধুনিক সংস্কৃত কাব্য : বাঙালী মনীষা শতবর্ষের আলোকে। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০২০। (পুনর্মুদ্রণ), ২০১৮ (প্রথম প্রকাশ)।

—. আধুনিক সংস্কৃত সাহিত্য (১৯১০-২০১০) ছোটগল্প ও নাটক। কলকাতা : প্রগ্রেসিভ পাবলিশার্স, ২০১২।

—. সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায় (বুড়োদা) [১৯১৮-১৯৯৩]। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৭ ।

—. সীতানাথ আচার্য : কবি ও প্রাবন্ধিক। কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৮।

চট্টোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র। বঙ্কিম রচনাবলী ২ (প্রবন্ধ): বিবিধ প্রবন্ধ (প্রথম ভাগ)। কলকাতা : দে'জ পাবলিশিং, ২০০৬ ।

চৌধুরী, সজল। বঙ্গের পাশ্চাত্ত্য বৈদিক রত্নমালা। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৬ বঙ্গাব্দ ।

দাস, করুণাসিন্ধু। কাব্যজিজ্ঞাসার রূপরেখা। কলিকাতা (বর্তমান কলকাতা) : রত্নাবলী, ১৯৯৪ ।

মম্মট। কাব্যপ্রকাশ। সম্পা. বিপদভঞ্জন পাল। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৭ বঙ্গাব্দ ।

মুখোপাধ্যায়, হরেকৃষ্ণ। কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ। কলকাতা : দে'জ পাবলিশিং, ১৪২৩ বঙ্গাব্দ। (পুনর্মুদ্রণ), ১৩৩৬ বঙ্গাব্দ (প্রথম প্রকাশ)।

বন্দ্যোপাধ্যায়, ধীরেন্দ্রনাথ। সংস্কৃত সাহিত্যের ইতিহাস। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০০৫ (দ্বিতীয় সংস্করণ)।

বিশ্বনাথ। সাহিত্যদর্পণ। সম্পা. বিমলাকান্ত মুখোপাধ্যায়। রামচরণ তর্কবাগীশ-কৃত টীকা সহ। কলিকাতা (বর্তমান কলকাতা) : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৩ (দ্বিতীয় সংস্করণ), ২০০৮ (নূতন সংস্করণ)।

### সংস্কৃত গ্রন্থ :

আচার্যঃ, সীতানাথঃ। শিশুযুবদুর্দৈববিলসিতম্। কলকাতা: সংস্কৃত-পুস্তক-ভাণ্ডার, ২০১৯ (দ্বিতীয়সংস্করণম্)।

ঘোষঃ, দীপকঃ। রাজনীতিলীলামৃতম্। দিল্লী : রাষ্ট্রীয়-সংস্কৃতসংস্থানম্, ১৯৯৩।

চট্টোপাধ্যায়ঃ, জয়শ্রী। নিঃসঙ্গঃ প্রণয়ঃ। কলিকাতা : সংস্কৃত-পুস্তক-ভাণ্ডার, ১৯৯৯।

দাশঃ, নারায়ণঃ। সংস্কৃতসাহিত্যে পশ্চিমবঙ্গস্যাবদানম্। কলিকাতা : কথাভারতী, ২০১৩।

বিদ্যাভূষণঃ, বিশ্বেশ্বরঃ। কাব্য-কুসুমাঞ্জলিঃ। কলিকাতা : ঋষি-ধাম, ১৯৮০।

### English Books

Banerjee, Manabendu. Contributions of the Traditional Paṇḍits of Bengal. Kolkata: Sanskrit Sahitya Parishat, 2012.

Chattopadhyay, Rita. G.B. Palsule (1921-2005). Kolkata: Sanskrit Pustak Bhandar, 2020.


---------------

# Contributors

## Part- III

1. Arup Ghosh, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
2. Niladri Ghara, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
3. Debarshi Bhadra, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
4. Aditya Narayan Barman, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
5. Mahadeb Das, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
6. Debasish Patra, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
7. Debasish Naskar, Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
8. Samit Chandra Chanda, Research Scholar, Department of Sanskrit, Pali and Prakrit, Visva-Bharati.
9. Joy Das, Research Scholar, Department of Sanskrit, Vidyasagar University.
10. Anurima Gupta, Ex- Research Scholar, Department of Sanskrit, University of Gour Banga.
11. Shruti,Sen, Research Scholar, Department of Instrumental Music, Rabindra Bharati University.
12. Suvankar,Samanta, Research Scholar, Department of Grammar, Rastriya Sanskrit Visvavidyalaya.
13. Arghya Gupta, Research Scholar, Ramakrishna Mission Vidyamandir.
14. Abhijit Roy, Research Scholar, Kendriya Sanskrit Visvavidyalaya.
15. Srabanti Haldar, M. Phil Scholar, Department of Sanskrit, The University of Burdwan.
16. Swagata Biswas, M. Phil. Scholar, Department of Sanskrit, Jadavpur University.
17. Joyshree Dey, Ex- Student, Department of Sanskrit, Jadavpur University.

Published by Registrar, Jadavpur University, Kolkata-700 032
Printed by Abhinaba Mudrani, 77/1 Simla Street, Kolkata-700 006,
with arrangement to Sanskrit Pustak Bhandar, 38, Bidhan Sarani, Kolkata-700 006